অপরাধ-বিভান

शक्षम पशु

শ্রীপঞ্চানন ঘোষাল এম, এস,-দি

ু গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড স্ক্ ২০৬-১-১ ক্লেওয়ালিস স্থাট ••• কলিক্জা • ৬

इव छाका

ষিতীর সংস্করণ মাধ—১৩৬৬

BC799

পূজ্যপাদ জ্যেষ্ঠভাভ

৺কালিসদয় ঘোষাল রায়সাহেব, মহোদয়কে **শুদ্ধার সহিত**

-পঞ্চাননঃ

শ্রীপঞ্চানন ঘোষাল প্রণীত

অন্যান্য বই

অপরাধ-বিজ্ঞান	১ম খণ্ড	& _
ক্র	২য় খণ্ড	8_
ঐ	৩য় খণ্ড	8
<u>.</u>	৪র্থ খণ্ড	8
ত্র	৬ষ্ঠ খণ্ড	8_
ঐ	৭ম খণ্ড	8
ঐ	৮ম খণ্ড	8
छूरे भक्क	(উপস্থাস)	₹ °¢•
মুভহীন দেহ		0
অন্ধকারের দেশে	Q.G •	

অশ্বাধ-বিজ্ঞান

পঞ্চম খণ্ড

অপরাধ—অগ্লীলতা

কোনও এক মামলার বিচারের পর রায় দান কালে কলিকাডার ফৌজদারী আদালতের কোনও এক প্রাক্তন প্রধানতম বিচারপতি মন্তব্য প্রকাশ করেছিলেন, "প্রস্টিটিউসন্ অব্পেন ইজ্ ওয়াষ্ঠ ভান দি প্রস্টিটিউসন্ অব্ বডি" অর্ধাৎ কি'না "দেহের বেখাবুত্তি অপেক্ষা কলমের বেশাবৃত্তি অধিকতর জঘন্ত।" কথাটী অতীব সত্য। "কলম তরবারি অপেকা অধিক শক্তিশালী" প্রবাদটী সর্ব্বজনবিদিত। সাহিত্যের শক্তি যে অসামাত তা' জ্ঞানী ব্যক্তিমাত্রেই স্বীকার করেছেন। সাহিত্য ব্যক্তিগত এবং জাতীয় জীবনে অত্যন্ত প্রভাব বিস্তার ক'রে থাকে। সং সাহিত্য সমাজকে সং এবং অসং সাহিত্য সমগ্র ভাবে উহাকে অসৎ করে দিতে সক্ষম—এই সত্যটী আমাদের ভূলে গেলে চলবে না। বস্তুত:পক্ষে সাহিত্য, চলচ্চিত্ৰ, কথকতা প্ৰভৃতি বাকু-প্ৰয়োগ (Suggestion) ধারা মহয় চরিত্র গঠন করে। এই কারণে রাজসরকার নাগরিকদের কলম তথা লিখন-শক্তিকে সংযত রাখবার জন্ম আইন প্রণয়ন করেছেন। এই লিখন-শক্তি কখনও ৰাহ্যের ছুল বৃদ্ধিসমূহ ছারা পরিচালিত হওরা উচিত হবে না। উহা বাতে মাহুষের স্থূল বুজিসমূহ উদ্বেশিত করবার জন্ত ব্যবহৃত না হয় তা' সভ্য মাহুষ মাত্রেরই দেখা উচিত।

যাহা কিছু মুখে বলা যায় তা'র সবটুকুই লেখা যায় না। তার কারণ, মুখে আমরা যা বলি তা' সমান ভাবে সকল মাছুবের সম্মুখে বলতে পারি না। এক ভরের মাছুবের নিকট যা বলা যায় তা অফ্র ভরের মাছুবের নিকট বলা সম্ভব হয় না। বন্ধুবাদ্ধবদের সহিত যেক্রপ ভাষার আমরা আলোচনা করি—সেক্রপ ভাষায় অপরিচিত ব্যক্তি, শুরুজনবর্গ এবং আছুস্থানীয় ব্যক্তিদের সহিত আলোচনা করি না। এমন কি, আমরা এক শ্রেণীর বন্ধুবাদ্ধবদের সহিত যে ভাষায় কথা বলি, অপর আর এক শ্রেণীর বন্ধুবাদ্ধবদের সহিত দেইক্রপ ভাষায় কথোপকথন করতে দিখা বোধ করি। কিন্তু আমরা কথা-সাহিত্য রচনা করি পৃথিবীর সর্ব্ধ যুগের মাছুষদের পঠনের জন্ম। এজন্ম যা কিছু মুখে বলা যায় ভা' কলমের মুখে লেখা উচিত নয়, এমন কি ব্যক্তিগত পত্রাদির মধ্যেও আমাদের সংযত ভাবে আলাপ আলোচনা * করা উচিত।

তবে নীতিবাগীশ ব্যক্তিদের অল্পীলতা, বৈজ্ঞানিক অল্পীলতা রূপে সকল ক্ষেত্রে বিবেচিত হয় না। অল্পীলতার রূপ যুগে যুগে মাছুষের রুচি অন্থায়ী পরিবর্ত্তিত হয়েছে। এই সত্য প্রাচীন এবং আধুনিক সাহিত্য তুলনামূলক ভাবে পাঠ করলে সম্যকরূপে বুঝা যাবে। তবে এই প্রাচীন সাহিত্যের সবগুলিই যে অল্পীলতা-দোষে ছুই ছিল ভা নয়। ঐ যুগের বহু সাহিত্য উৎসাহ সহকারে এ যুগেও পঠিত হয়। কারণ ঐগুলি সর্বজ্জন-পাঠ্যক্রপে রচিত হয়েছিল, কিছ ঐ যুগে এমন সব সাহিত্যও রচিত হয়েছিল যেগুলি কেবল মাত্র প্রোচ

শাসার মতে খানী-ব্রীর চিঠি-পত্রাদিও সর্বজন-পাঠ্য রূপে লিখিত হওরা ভালো।

এবং বৃদ্ধদের সভাতে আবৃত্তি করার রীতি ছিল।—এ সকল সভা ,বা জল্সায় যুবক এবং নারীদের প্রবেশ নিষিদ্ধ ছিল; এমন কি, কোনও বয়োজ্যেষ্ঠ বা শুরুজন ব্যক্তি ঐ খলে উপস্থিত থাকুলে বছ প্রেট ব্যক্তিও ঐ সভায় প্রবেশ করতে পারতেন না। বার্দ্ধক্যের কারণে ঐক্লপ বিক্বত উপায়ে যৌন-স্থৃপ্তি লাভ করবার জন্মই হয়তো ঐ সকল জলুসা, সভা বা আসরে বৃদ্ধদেরই সমাগম হ'ত সর্বাপেকা বেশী। দৃষ্টান্ত স্বরূপ বছ সেকেলে তর্জা-গানের কথা বলা যেতে পারে। অনেক সাহেব-স্থবোও ঐ সময় ঐ তর্জা-গানের প্রতি আরুষ্ট হয়ে পডেছিলেন। কলিকাতা নগরীতে ঐ যুগে এণ্টনী সাহেব এবং ভোলা ময়রা তৰ্জার লড়াইতে বিশেষরূপে নাম করেছিলেন। কোন ভর্জার আসরে এন্টনী সাহেব হিন্দু-শান্ত্র হ'তে দেবাদিদের মহাদেব সম্বন্ধে কয়েকটি তথ্য উদ্ধত ক'রে ভোলা ময়রাকে ঐ সকল বিষয়ে কয়েকটি প্রশ্ন কবিভায় জিজ্ঞাসা করলেন, "তুমি যদি ভোলানাথ (মহাদেব) হও, তা'হলে এই সকল প্রশ্নের যথারীতি উত্তর দাও দেখি।" ভোলা মররার সংস্কৃত শান্ত-জ্ঞান তো ছিলই না, এমন কি বাংলা লেখাপড়াও তিনি কম জানতেন। বিপদে প'ড়ে তিনি নিয়োজক্ষণ অল্লীল বাক্যযুক্ত কবিতায় তাঁর প্রশ্নের উত্তর দিয়েছিলেন। অস্লীলতা বিধায় এই কবিতার কয়েকটি বাক্য ইচ্ছা পূৰ্ব্বক বাদ দেওয়া হয়েছে।

"ওরে—

আমি সে ভোলানাথ নই।

যদি সে ভোলানাথ হই,

তবে ভোলার ·····প্জে সবাই।

আমার ·····পুজে ক'ই।"

কবিতাটী শিবলিলের সৃহিত তুলনা ক'রে লিখিত। কিছ অল্লীলভা-

प्तारम पृष्ठे थाकाव এই ধরণের গান বা কবিভার সং সাহিজ্যে । দান হর নি।

অশ্লীলতার সহিত ক্লচি-দোব-অপরাধের প্রভেদ আছে। ক্লচি-দোব-অপরাধ অশ্লীলতা-অপরাধের ভায় অসহনীর নয়। এজন্ত কালেরও মধ্যে রুচি-দোষ দেখলে আমরা তাদের নিন্দা করি। কিন্তু এজন্ম তাদের আমরা কোনওক্লপ শান্তি বিধান করি না। পূর্ব্বকালীন কোনও কোনও নাহিত্যের মধ্যে আমরা রুচি-দোষের আধিক্য দেখি। দৃষ্টান্ত স্বন্ধপ "স্প্নথা দ্বস্থ ড়াঁড়ী, ভাত খেতো হাঁড়ী হাঁড়ী" এইন্ধপ বাক্য সমষ্টির কথা বলা যেতে পারে। কোনও এক স্থূলকায় কথক-ঠাকুরকে সভাস্থলে প্রবেশ করতে দেখে ঐ স্থানে উপস্থিত অপর এক জন এক-চক্ষ্হীন কথক-ঠাকুর বলে উঠেছিলেন, "আহ্মন পাচ পনে ঠাকুর।" স্থূলকায় কথক-ঠাকুর একবার তাঁর অপরিচিত প্রতিঘন্দীর চক্ষুর দিকে কণেকের জন্ত দৃষ্টিপাত ক'রে চীৎকার ক'রে উঠেছিলেন,"থামরে বেটা এক চোখো।" এরপর এই শটকে পুনকে প্রভৃতি নামতার সাহায্যে উভরের মধ্যে স্কর হর এক অপূর্ব তর্জার লড়াই, কিন্তু এর মধ্যে বাপান্ত চোদপুরুষান্ত প্রভৃতি এতো বেশী করা হয়েছিল যে ঐ অপূর্ব্ব কথা সমষ্টিও রুচি-দোষের কারণে কথা-সাহিত্যের মধ্যে স্থায়ী স্থান করে নিতে পারে নি।

এইরূপ রুচি-দোষের কারণে এই যুগেরও বছ কথা সমষ্টি সাহিত্যে স্বায়ী স্থান করে নিতে অপারক হয়েছে। এ সম্বন্ধে তরুণ সাহিত্যিক মাত্রেরই অবহিত হওয়া উচিত।

অল্লীলতা এবং ক্লচি-দোষের প্রভেদ সম্বন্ধে বুঝিয়ে বলা হয়েছে।
এবার কোন্টী অল্লীলতা এবং কোন্টী বা তা নয়, সে সম্বন্ধে ব্লা যাক্।
অপরাধ্যাত্রেরই মধ্যে একটা অসৎ উদ্দেশ্য থাকা চাই। অর্থাৎ
বে অপকার্যাটী অসৎ উদ্দেশ্যে করা হয়, তা'কেই আইনতঃ আমরা

বঁলি, অপরাধ। এই উদ্ধেশ্ত বা 'ষোটিড' প্রমাণ করতে না পারলে কোনও অপরাধই আদালতে প্রমাণিত হর না।

বাদি কেহ বৈজ্ঞানিক তথ্যসমূহ সম্বন্ধে আলোচনা করবার জন্তে বৌদ সম্বন্ধীয় বিত্তারিত বিবরণ দেন, তা'হলে তাঁর সেই কার্য্যকে অপকার্য্য বলা হবে না, কারণ তিনি বিজ্ঞানের ক্রুমোন্নতি তথা সমাজের উপকারের অন্ত এরূপ আলোচনা করেছেন। কিন্ত অপর দিকে যদি কেহ অপরিণীত বালক-বালিকা বা যুবক-যুবতীদের সহজাত যৌন-বুজি উদ্বেলিত করবার উদ্দেশ্যে অল্লীল পৃস্তকাদি রচনা করেন তা'হলে তাঁর ঐ কার্য্যকে আমরা অপকার্য্য বা অপরাধ বলে অভিহিত করবো। কিন্তু এমন লোকও আছেন যাঁরা বিজ্ঞানের নামে অল্লীলতা প্রচার করতে প্রশ্নাস পেয়েছেন। আমি কোনও একটা যৌনজ-হর্ক্তেকে বলতে শুনেছিলাম, "আমি একটার পর একটা কন্তার সহিত প্রেমাভিনয় করেছি, এ কথা সত্য; কিন্তু তা' আমি করেছি আম্ব-ভৃপ্তির জন্ত নয়, বিজ্ঞানের ক্রমোন্নতি তথা জগতের কল্যাণের জন্ত্য, কারণ আমার উদ্দেশ্য ছিল, নারীর ছল্জের্য্য মন, যা নারীরা নিজেরাই অবহিত নয়—সেই সম্বন্ধে সম্যুক্তরূপে অবহিত হওয়া।"

এইরূপ আ**দ্ধ সমর্থ**নের দৃষ্টাস্ক স্বরূপ অপর আর একটী বিবৃতি নিমে উদ্ধৃত কর্লাম।

"আমি কোনও এক কবিরাজের গৃহ তল্পাস করে বহু কদর্য্য ও জ্বালি থৌন-ক্রিয়া সম্বন্ধীয় পৃস্তকাদি উদ্ধার করেছিলাম। এই পৃস্তক-শুলি অসং উদ্দেশ্যে সংগৃহীত করার জন্মে আমরা তাঁর নামে একটী ফৌজদারী মামলাও আদালতে দায়ের করতে মদন্থ করি। এই সময় এ কবিরাজ দশ হাজার টাকা ক্ষতি প্রণের জন্ম মামলা দায়ের করার ভয় দেখিরে একটী প্রাধাত করলেন। তাঁর মতে

*

তিনি একজন যৌন-শক্তিহীনতার চিকিৎসক। ঐ সকল প্তকাদি তিনি ঐক্প রোগীদের পড়তে দিয়ে তাঁদের এই ছক্ক রোগসমূহের চিকিৎসা করে থাকেন, অর্থাৎ কি'না তিনি সমাজের কল্যাণের জন্তই ঐ পুত্তক সকল সংগ্রহ করেছেন। এর পর কবিরাজের নামে মামলা আমরা প্রত্যাহার করতে বাধ্য হই।"

শহর অঞ্জে হটযোগ প্রভৃতি নামে বছ মুদ্রিত বা হস্তলিখিত পুস্তকাদি যুবক সমাজে গোপনে প্রচারিত হ'তে দেখা গিয়েছে— এই সকল পুগুকের কাহিনীর একমাত্র উদ্দেশ্য যুবকদের যৌনবৃত্তি উদ্বেলিত করে তাদের বিপথে নিয়ে যেতে সাহায্য করা। এই সকল পুত্তক পড়ে যুবকদের ধারণা হয় যে, যে কোনও কন্সার সহিতই পুততে বর্ণিত পদ্ধতি অমুযায়ী অসৎ ব্যবহার করা সম্ভব। কেহ কেহ কার্য্য-ক্ষেত্রে উহা পরীক্ষা করতে গিয়ে অপমানিত, প্রহাত, এমন কি ক্ষেত্র বিশেষে ফৌজদারীতেও সোপার্দ্ধ হয়েছেন। বহু লোভী ব্যবদায়ী আছেন যার। গোপনে এই দকল পুত্তক বিক্রম ক'রে বহু অর্ধ উপার্জন করেন। দেশের আইনামুযায়ী এরূপ ক্রেয়-বিক্রয় এক অমার্জ্জনীয় অপরাধ। এই পুত্তিকার কাহিনীসমূহ ঘারা যৌনবৃত্তি উদ্বেলিত করতে হ'ল শক্তিশালী কলমের সাহায্যে এগুলি রচনা করার প্রয়োজন হয়। এই কারণে মুর্ব্যন্ত-পুত্তক-প্রচারকরা বহু নামকরা সাহিত্যিকদের প্রচুর অর্থ প্রদান করে এই জঘ্য কাহিনীগুলি লিখিয়ে নেন। লোভের কারণে দরিদ্র সাহিত্যিকগণ তাঁদের এ বিষয়ে গোপনে সাহাষ্য করেছেন, কিন্তু এই পুত্তকসমূহে তাঁদের নাম উল্লেখ করতে তাঁরা কখনও সাহসী হন নি। তবে শক্তিশালী কলমের এক্লপ অপব্যবহার এ দেশের কম সাহিত্যিকই ক'রে থাকেন। এঁদের সংখ্যা ছই তিম करनत (रनी हरत वर्ल आबि बरन कति ना।

অনেক সাহিত্যিক আছেন বাঁরা আইন বাঁচিয়ে ক্লচি-বিগহিত ক্লপে দর-দারীর যৌন দিকটা চরিত্র স্ষ্টির মধ্যে অভ্যধিকরূপে স্টিরে তুলতে সচেষ্ট হয়েছেন। স্বামী-স্তীর দৈহিক সমন্ধ যে কি, এবং তাদের দৈনন্দিন ব্যবহারের যৌনজ দিকটা যে কিরূপ তা' সংসার সম্বন্ধে অভিজ্ঞ এবং অনভিজ্ঞ উভয় শ্রেণীর ব্যক্তিরাই অবহিত আছেন। এই বিশেষ দিকটা সাহিত্যের মধ্যে ফুটিয়ে তুলবার কোনও প্রব্যোজন আছে বলে আমি মনে করি না। এই বিশেষ দিকটার জন্ত কলমের অপব্যবহার না ক'রে সাহিত্যিকদের উচিত নর-নারীর আচার ব্যবহার, স্থপ ছু:খ, অভাব অভিযোগ এবং উহাদের যথার্থ কারণ নির্ণন্ধ ক'রে দেওরা, সামাজিক চিত্র সঠিক ভাবে ফুটিয়ে তুলা এবং মনতত্ত্ব সম্বন্ধে বিস্তারিত ভাবে আলোচনা করা। কোনও শ্রেণীবিশেষের সত্যকার সমাজচিত্র ফুটিয়ে তুলবার জন্ম ঐ সমাজ বিশেষে প্রচলিত আচার ব্যবহার সম্বন্ধে বর্ণনা দিবার সময় যদি কিছু কিছু রুচি-দোষ বা অস্ত্রীলতা কল্মের মুধে এসে যায় তা'হলে উহাকে কেহ অল্লীলতাক্সপে অভিহিত করবে না। তবে ঐক্নপ কোনও বর্ণনা সংঘত ভাবে এবং সৎউদ্দেশ্যে লিপিবদ্ধ করার প্রয়োজন আছে। কিন্তু ঐ কার্য্য একমাত্র শক্তিশালী কলমের সাহায্যে চাতুর্য্যের সহিত করা যেতে পারে।

শ্লীলতা ও অশ্লীলতার প্রকৃত স্বন্ধণ না ব্যুতে পারার জন্ম বহু ভদ্র-ব্যক্তি ও পরিবার বৈজ্ঞানিক পুস্তকসমূহ পর্যন্ত বর্জন ক'রে থাকেন। এই জন্ম বহু বিবাহিত দম্পতির বিবাহিত জীবন মুর্বাহ হয়ে উঠেছে। কিছ যৌন সম্পর্কীয় জ্ঞানের অভাবে তাদের এই প্রতিকারের জন্ম কেহ কোন্ত ঔষধের সন্ধান পর্যন্ত দিতে পারেন নি।

ি যৌন-শক্তিহীনত। বা ইম্পোটেন্সি প্রায় শতকরা ১০ ভাগ ক্ষেত্রেই থাকে মনের, দৈহিক যৌন-শক্তিহীনতা রোগ প্রায়শ: ক্ষেত্রেই দেখা যার না। কোনও এক ব্যক্তি একজন বা ততোধিক কন্সার পক্ষে হরতো ইন্পোটেন্ট বা যৌন-শক্তিহীনরপে প্রমাণিত হবেন, কিছ লপর কোনও এক মেরের পক্ষে তিনি হরতো একেবারেই বৌন-শক্তিহীন বা ইন্পোটেন্ট রূপে প্রমাণিত হবেন না। বহুক্ষেত্রে শিরার বিক্তির কারণে ব্যক্তিবিশেষ যৌন-সঙ্গমে অপারক হয়েছেন, এইরূপ ক্ষেত্রে সামান্তরূপ অস্ত্রোপচার ঘারা তিনি নিরাময় হতে পারতেন, কিছ অহেতুক সক্ষার কারণে তিনি একথা কারও কাছে প্রকাশ না ক'রে জীবন হুর্বহ ক'রে তুলেছেন।

ইংরাজীতে এক প্রবাদ আছে, 'টু কিল এ বুক, ইজ ওয়াষ্ট আন্
কিলিঙ এ ম্যান্'। এই কারণে অল্লীলতা বা রাজদ্যোহের অজুহাতে
পুত্তকের প্রকাশ নিষিদ্ধ করতে হ'লে প্রচুর সাবধানতা অবলম্বন করার
প্রয়োজন আছে। এই সম্বন্ধে কোনও সিদ্ধান্তে উপনীত হবার পুর্বেধ
দেশের পণ্ডিত এবং বিশেষজ্ঞদের সহিত প্রামর্শ করা উচিত। নিমের
গল্পটি হ'তে এই বিষয়ে বিশেষজ্ঞানে শিক্ষা লাভ করা যাবে।

"এক সময় রোম সাম্রাজ্যে সর্বাপেক্ষা বৃহৎ এক প্রদর্শনীর বন্দোবন্ত হয়েছিল। দেশ বিদেশের বছ শিল্পী তাদের শিল্পসন্তার এখানে জড় করেছিল। সহস্র সহস্র নর-নারী এই প্রদর্শনী সাগ্রহে দর্শন করছে। একদিন রোমক সম্রাট শুনতে পেলেন যে, কোনও এক তরুণ চিত্রশিল্পী প্রখানে একটী নগ্ন স্ত্রী-মৃত্তি প্রদর্শন করছেন। এই তৈলচিত্রটী দর্শন করবার জন্ম প্রখানে সহস্র সহস্র লোকের সমাবেশ হচ্ছে এবং এতে ক'রে প্রজাসাধারণের চরিত্রের হানি হ'তে পারে—দৃত মুখে এই সংবাদ পেয়ে রোমক সম্রাট ঐ অল্পীল চিত্রসহ চিত্রকরকে বন্দী ক'রে রাজসভার আনবার হকুম দিলেন।

পরদিন ঐ যুবক চিত্রকর এবং তার স্বষ্ট ঐ চিত্রটীকে রাজসভার

হাজির করা মাত্র পাত্রমিত্রগণ সমন্বরে বলে উঠলেন—ছি: ছি: ছি: ! कि जनलार मन्याग महकारत हिन्दी चवरनाकन कत्रा नागरनन। কখনও দূর হ'তে কখনও বা নিকট হ'তে রোমক সম্রাট বারে বারে চিত্রটী পরিদর্শন করলেন এবং তাঁর সঙ্গে যোগ দিলেন মন্ত্রীসহ সভাত্তম সকলেই। দেখা যেন আর তাদের শেষই হর না। ঘণ্টার পর ঘণ্টা অতিবাহিত হয়ে চলেছে কিন্তু দেখার বিরাম নেই। কখনও পার্য, কখনও বা সম্মুখ থেকে এই চিত্রটী তারা দেখছিলেন। কিন্ত এঁদের কেহই ঐ চিত্রটী হ'তে চোথ ফিরাতে পাচ্ছিলেন না। এইভাবে বহুক্ষণ ধরে পরিদর্শন করার পর সম্রাট এবং সভাসদগণ পুনরায় নিন্দা-মুখর হরে উঠলেন। ক্রন্ধ ও বিরক্ত হয়ে রোমক সম্রাট আদেশ করলেন. 'এ কে আছিল, একে নিয়ে যা। এর আমি প্রাণদণ্ডের আদেশ मिलाम। युवक हिज्जब शीत हिए अरे चारम अने म्याहेरक जानात्ना, 'মহামহিম সমাট। এ আদেশ শিরোধার্য্য, কিন্তু একটা কথা আপনাকে আমি বলবো। আপনি এক অবিচার করলেন। আপনি আমাকে শান্তি দিলেন বিচার না ক'রে।' ক্রন্ধ হয়ে রোমক সম্রাট বললেন, 'কেন ? আমি কি তোমার বিচার করি নি ?'—'আতে, হাঁ,' যুৰক চিত্রকর বললে, 'এ হচ্ছে, চিত্রের ব্যাপার। আপনি তো চিত্রকর নন। শান্তিদান করার পূর্ব্বে আপনার উচিত এ বিষয়ে চিত্র-সম্বন্ধে-বিশেষজ্ঞ গুণী চিত্রকরের সাক্ষ্য গ্রহণ করা। আজ যদি আমার কোনও দৈহিক ব্যাধি হয় তা'হলে আপনি কি বিধান দিতে সক্ষম 📍 আপনি কি বলতে পারেন আমার রোগ হয়েছে, কিংবা হয় নি ? তেমনি এই চিত্তের গুণাগুণ সম্বন্ধে কোনও বিশেষজ্ঞের সাক্ষ্য গ্রহণ না ক'রে আপনারা কেউই বলতে পারেন না, সভাই এই চিত্র অল্লীলভা-দোষে ছাই বা তা নয়।'

চিত্রকরের এই সওয়াল বা জবানবন্দী ধীর ভাবে শুনে রোমক সম্রাট আদেশ জানালেন, 'ভা' বেশ ! ভা'হলে রাজ-চিত্রকরকে এইখানে ডাকা ছোক।' সম্রাটের আদেশে দূতগণ তৎক্ষণাৎ রাজ-চিত্রকর, অতি বুদ্ধ অমুক্কে সভাস্থল এনে হাজির করলে রোমক সম্রাট বললেন,'দেপুন তো এই চিত্রটীকে অখ্লীল বলা যায় কি'না ?' অতি বৃদ্ধ রাজ-চিত্রকর চিত্রের দিকে দৃষ্টি প্রসারিত করে মুগ্ধ হয়ে চেম্বে রইলেন, চোখ যেন তিনি আর ফিরাতে পারেন না। অক্ট স্বরে রাজ-চিত্রকর বলে উঠলেন, 'মহারাজ, এই চিত্রের চিত্রকর কে । এ সাম্রাজ্যের এক অন্তুত ও শ্রেষ্ঠতর সৃষ্টি।' হত-বিহ্বল হয়ে রোমক সম্রাট বললেন, 'এ কি বলছেন আপনি ? অশ্লীলতা স্টির জন্ম তাকে যে আমি প্রাণদণ্ড দিয়েছি।'—'এঁটা করেছেন কি ?' রাজ-চিত্রকর ত্রস্তভাবে উত্তর করলেন, 'এ আদেশ ত্রায় প্রত্যাহার করুন সমাট। আমার মৃত্যুর পর একেই আপনাকে রাজ-চিত্রকরেব পদ দিতে হবে। এর চেয়ে উপযুক্ত ব্যক্তি আপনি পাবেন না। এ ছবি অল্লীল নয়, তবে একে আমি একুণি অল্লীল ক'রে আপনাদের বুঝিয়ে দিচ্ছি, অশ্লীলতা কি. । দিন একটা তুলি ও কিছু কালো রঙ্। এর পর রাজ-চিত্রকর রঙ, ভূলি ও এই চিত্রটী নিয়ে পার্শ্বের এক কক্ষে চলে গেলেন। অর্দ্ধঘণ্টা পর রাজ-চিত্রকর যথন এই চিত্র পুনরায় সভাস্থলে রেখে দিলেন তথন সভার কেউই আর ঐ চিত্রের দিকে তাকাকে পারে না। সকলেই চোখ বুজে তারম্বরে চীৎকার ক'রে উঠলেন, 'নিয়ে যান, নিয়ে যান। স্থাকার আসছে।' মৃত্ হেসে রাজ-চিত্রকর বললেন, 'এইবার বুঝতে পারলেন আপনারা, অল্লীলতা কি ? সতাই এই ছবি এখন জঘন্তরূপ অদ্লীল।"

রাজ-চিত্রকর চিত্রের নশ্প নারী-মুর্ভির নশ্প পা ছটীতে মাত্র এক জোড়া মোজা পরিশ্বে দিয়েছিলেন, ফলে সেই নশ্প মুর্ভিটি তার সকল সৌঠব হারিমে বীভৎসরূপে ফুটে উঠেছিল। তাই একত্রে সকলে এই ছবিটীকে দেখে আর আনন্দ পায় নি। 'Sense of undress' বা বিবসনা-বেযধ না থাকলে উহাকে অল্লীল বলা হয় না। ইচ্ছাক্বত নপ্লকরণ যদি কোনও নগ্ল নারীর চিত্রে প্রকাশ পায় তা'হলে উহাকে অল্লীল বলা হয়। কোনও এক নগ্ল নারী-মৃত্তির দেহে যদি অলক্ষার থাকে অথচ বস্ত্র না থাকে তা'হলে তা' নিশ্চয়ই বীভৎসক্রপে প্রকট হবে। উহাকে তথন শিল্পকলা বা Art বলা হবে না। অর্দ্ধ-বিবসনা নারী-মৃত্তি অল্লীল কিছ নগ্ল নারীমৃত্তি অল্লীল নয। আসলে প্রতিটী বিষয় শিল্পীর উদ্দেশ্য বা তাব স্থান্টির উপর নির্ভর করে, তবে আলো এবং ছায়া (Light and Shed) নগ্ল দেহের অংশ বিশেষের উপর সাবধানে ব্যবহার করা উচিত, যাতে কি'না চিত্রটী ফ্লচি বিগ্রিছিত না হয়।

কথা এবং রূপ শিল্পিণ যে উদ্দেশ্যেই কাহিনী বা চিত্রের স্থান্টি কর্মন না কেন, রাজ-পুরুষদের বিবেচনা করতে হবে ঐ চিত্র বা কাহিনী জনসাধারণ কি ভাবে গ্রহণ করছে বা উহা তাদের মনের উপর কিরূপ পরিমাণে প্রভাব বিস্তার করছে। যদি প্রভীত হয় যে জনসাধারণ উহাকে অসংরূপে গ্রহণ করছে, তা'হলে শিল্পীর অন্তর্নিহিত উদ্দেশ্য মহৎ হলেও ঐ চিত্র বা কাহিনীর বহুল প্রচার নিষিদ্ধ করা উচিত। তবে উহাদের বহুল প্রচার নিষিদ্ধ করা হ'লেও বিনষ্ট করা উচিত হবে না। এই গুলিকে পুন্তকাগারসমূহে নিষিদ্ধ পুন্তকের তালিকা ভূক্ত ক'রে সিল-মোহর যুক্ত বাক্সে রক্ষা করা উচিত, যাতে করে স্থান্থিরমনা স্থাী ও গবেষক ছাত্ররা প্রযোজন বোধে উহা পাঠ করতে পাবে।

বহু ক্ষেত্রে ব্যাখ্যা এবং অভ্যাসের উপর শিল্পের অল্লীলতা নির্জন্তর ক'রে থাকে। কোন কোন মন্দির গাত্তে এখনও বহু অল্লীল মৃত্তি দেখা যায়। কিন্তু ধর্মীর ব্যাশ্যার কারণে ঐশুলি অল্লীলক্সপে জনসাধারণ কর্তৃক স্বীকৃত হয়

নি। কিন্তুমন্দিরের বহির্দেশে অল্পীল মৃতিসমূহ খোদিত থাকলেও মন্দিরের তিতরে ঐক্বপ যৌনমৃতি দেখা যার না। এইক্বপ ব্যাখ্যা করা হয় বে, যা কিছু অশুটি তা' বাহিরের, ভিতরের নয়। উহাদের পরিহার ক'রে যারা ভিতরে আসবে তারাই সত্যকার পূজারী ও ভক্ত। কেহ কেহ এইক্বপও বলেন যে, ঐশুলি জীবনের স্পন্দন ও স্থাইর প্রতীক। সত্যকে সত্যক্রপে স্বীকার করা অল্পীলতা নয়। প্ন:পুন: এই মৃতিশুলি সন্দর্শন করার পর কলুষতার কোনও মাহ বা আগ্রহ পূজারীদের মনে স্থান পাবে না। এবং এরা চাঞ্চল্যবিহীন অভ্যন্ত মনসহ মূল মন্দিরে প্রবেশ করবে; এই উদ্দেশ্যেই না'কি ঐমৃতিশুলিমন্দিরের বহির্গাত্তেশ্বান পেরেছে।

দেশ বিদেশে এমন অনেক মাহ্য আছে যারা আজও নল্ল ভাবে বা মাত্র নেঙট পরে বসবাস করে। কোনও কোনও সভ্য মাহ্রবের নিকট এইরূপ ব্যবহার অল্পীল, কিন্তু সংশ্লিষ্ট মহ্যু সমাজে উহা অল্পীল নয়। ভারতীযগণ কাপড ও ইজের ব্যবহার করায় মুরোপীয়গণ উহাকে নল্লভার আখ্যায় ভূষিত করতে দিখা বোধ করেন নি। অপরপক্ষে এদেশের লোকেরা মুরোপীয় নারীদের স্বাট্স পরিধান করাকে নশ্লভার সামিল বিবেচনা করেন।

কোনও কোনও স্থানত্য হিন্দু লুঙ্গী এবং প্যান্টকৈ সমভাবে অক্সীল মনে করেন; বিশেষ করে প্যান্টুলেন এদের নিকট অত্যন্ত অকচিকর। পারের সহিত লেপ্টে থাকার উহা নগ্নতার পরিচয় দেয়। কেহ কেহ ঘরে লুঙ্গী পরলেও উহা পরিধান ক'রে বাইরে বার হওয়া অসভ্যতা মনে করেন। অপর দিকে মুরোপীয়গণের নিকট ইজের পরে বার হওয়া এক অমার্জনীয় অপরাধ। উহা তাদের নিকট আভার-ওয়ার মাত্র; বা অর্দ্ধনশ্বতার সামিল। ঐ পরিচ্ছদ পরে মেয়েদের সম্মুখে গৃহের মধ্যেও বার হওয়া চলে না।

এই ভারতবর্ষে বহু জাতির ও কৃষ্টির লোকের বাস। তারা পরস্পর পরস্পরের বসন ভূবণ পছন্দ না করলেও তা' তারা সন্থ করে। ইহার একমাত্র কারণ সহত্যবস্থানের অভ্যাস। এই সহনশীলতা ভারা অভ্যাস হারা অর্জন করেছে। তাই সহনশীলতাকে অবলম্বন ক'রে বর্তমান ভারতীয় কৃষ্টি গ'ড়ে উঠেছে।

কিছুদিন পুর্ব্বে পর্যান্ত জাপানে নরনারীরা একত্রে নয় হয়ে স্থান করতো। য়ুরোপীয়গণের চক্ষে এই আচরণ বীভংস রূপে প্রতীত হয়েছে, কিন্ত জাপানীদের চক্ষে উহা বহুদিন পর্যান্ত অল্পীল ছিল না। পরে জাপানীদের নিকটও উহা জল্পীলক্ষপে ধরা পড়ে। বর্জমানে আইন দারা এই প্রধা জাপানে রহিত করা হয়েছে।

একমাত্র সমাজ ও মনোবিজ্ঞানবিদ্ পণ্ডিতরাই অল্লীল এবং ল্লীলের প্রভেদ সম্বন্ধে অবহিত হতে সক্ষম। সাধারণ ব্যক্তির হাতে এর বিচারের ভার রাখা অমূচিত, বিপজ্জনকও বটে; বিশেষ ক'রে এই দেশে। এদেশে এমন একদিন ছিল, যে সময় বর বধুর সর্ব্বসমক্ষে কথোপকথন পর্যন্ত অস্থায়রূপে বিবেচিত হয়েছে; পাশাপাশি বসলেও দোষ হয় না। কিন্তু এরা যদি সর্ব্বসমক্ষে পরস্পারকে চুম্বন করে তা'হলে উহাতে দোষ হবে। কিন্তু যুরোপীয়গণের নিকট চুম্বন একটী নির্দোষ আচরণ। একদিন ভারতীয়রাও এই প্রকাশ্য চুম্বনকে নির্দোষ আচরণ। একদিন ভারতীয়রাও এই প্রকাশ্য চুম্বনকে নির্দোষ আচরণ মনে করবে। এই ভাবে দেখতে পাবো যে, অল্লীলতা বলতে প্রকৃত অল্লীলতার সহিত কদর্য্যতা, ক্লিচি বহির্গত এবং অসামাজিক আচরণ সমুহকেও যুক্ত করা হয়, কিন্তু তা অমূচিত।

অবৈজ্ঞানিক ব্যক্তিদের উপর অল্লীগতার পরিমাপ করতে দেওয়। যে কিক্নপ বিপক্ষনক তা নিমের বিবৃতি হতে বুঝা যাবে।

"আমরা তিনজন অফিসার কোনও একটা নাটক পূথক পূথক ভাবে পরিদর্শন ক'রে রিপোর্ট দেবার জন্তে আদিষ্ট হই। অনেকের মতে না'কি নাটকটা অল্লীলতা-দোবে তুই ছিল। নাটকের এক जायगात **এकजन जुलकाय महिला इ**टि चानहिलन। এই ভাবে **ছ**টে সাসায় তার সঙ্গে জনৈক ভদ্রলোকের সংঘর্ষ ঘটে। ভদ্রলোকটা বিরক্ত হয়ে বলে উঠেছিলেন, 'বাবারে বাবা, যেন ডবল-ডেকার বাস।' আমার রিপোর্টে এই উক্তিকে আমি নির্দোষরূপে ব্যাখ্যা করলেও অন্তান্ত অফিসারগণ এর বহু প্রকার কদর্য্য ব্যাখ্যা করেন। মহিলাটীকে বাসের সহিত তুলন। করার অর্থ ছিল যে তিনি বাসের মতন বেপরোয়া ও স্থলকায়; কিন্তু অন্থ অফিসারগণ তাদের ব্যাগ্যায় বলেন যে লেখক ঐ উক্তি ছারা বলেছেন যে ভবল-ভেকার বাস যেমন বছ ব্যক্তিকে বহন করে তেমনি ঐ মহিলাটীরও বহু উপপতি আছে, অতএব এই উক্তি অল্লীল। আমি এঁদের এবমিধ ব্যাখ্যার হততত্ত হয়ে গিয়েছিলাম। ভবে এও ছিল ভালো, পরে ভনেছি অপর একজন এই উক্তির আরও ক্রম্যতর ব্যাখ্যা করেছিলেন। তাঁর মতে ডবল-ডেকার বাসে থেমন উপরে ও নিয়ে ছুইটা কক্ষ আছে, তেমনি এই মহিলাটা স্বাভাবিক এবং বিক্বত এই উভয়বিধ ভাবে যৌনবোধে অভ্যন্ত। এই কথাই না'কি লেখক এই কদর্য্য উক্তির দারা জনসাধারণকে বুঝাতে (চযেছেন, हेल्यामि।"

যে সকল অফিসারগণের মন আধুনিক ভাষাপন্ন নন, গাঁদের মধ্যে কুসংস্কার এখনও বদ্ধমূল আছে বা গাঁদের সমাজ এবং মনোবিজ্ঞান এবং দেশ বিদেশের সামাজিক এবং রাষ্ট্রীয় ইতিহাস সম্বন্ধে সম্যক জ্ঞান নেই তাঁদের উপর অল্লীলভার বিচার করার ভার দেওয়া আদপেই নিরাপদ নয়।

এদেশে এমন অনেক গোঁড়া লোক আছে যারা প্রেমের সঙ্গীতকে অঙ্গীল মনে করেন। কিন্তু রাধাক্তকের প্রেমের কাহিনীকে অঙ্গীল মনে করেন না। এমন কি ইংরাজী এবং সংস্কৃত সাহিত্যে যা অঙ্গীল নয়, তা বাজলা সাহিত্যে স্থান পেলে অঙ্গীল হয়ে উঠে। এর একমাত্র কারণ পারিবারিক এবং সামাজিক সংস্থার। এজন্য জ্ঞানী ব্যক্তিমাত্রেই মনকে সংস্থার-মুক্ত রেখে থাকেন।

বিক্ত যৌনবোধের কারণেও মাহ্ব অশ্লীলতার আশ্রয় নেয়, এতদ্বারা এরা যৌনজ শিহরণ ও পুলক লাভ করে। কারো কারো আবচেতন মনও এতদ্বারা ভৃপ্ত হয়েছে। এনন অনেক বৃদ্ধ ও বৃদ্ধা আছেন বারা অশ্লীল ঠাট্টা তামাসা পছন্দ করেন। অনেকের মতে, পরোক্ষ যৌন-ভৃপ্তির কারণে তা' তাঁরা ক'রে থাকেন।

য়ুরোপে বছ গোপন থিয়েটার আছে। এইথানে পাত্র পাত্রীদের
হারা সর্ব্ধ সমক্ষে যৌন সঙ্গম দেখানো হয়। এই নিষিদ্ধ থিয়েটারের
দর্শকদের মধ্যে কদাচারী বৃদ্ধা ও বৃদ্ধদের সংখ্যাই অধিক দেখা
গিয়েছে। যৌন অক্ষমতার কারণে এরা এই ভাবে যৌন ভৃপ্তি লাভ
করেন। আমাদের দেশের অঙ্গীল তর্জ্জা লড়াইও ধনী বৃদ্ধদের হারা এই
একই কারণে পোষকতা লাভ করতো।

কেউ কেউ বলে থাকে, ভদ্রঘরের কন্যাদের অবচেতন মন অশ্লীল বাক্য শুনতে তালোবাদে। এই কারণে অট্টালিকাসমূহের পার্ষে অবন্ধিত বন্তিসমূহে অশ্লীল গালিগালাজ স্থক হ'লে এঁরা গোপন কক্ষের খড়খড়ি খুলে তা উপভোগ করেন। এর কারণ, নিক্ষন্ধতা বা 'গাপ্রেসন্' কোনও একটী বৃদ্ধি জোর করে অবনমিত করে রাখলে আথেরে মনের মধ্যে উহা প্রতিক্রিয়া আনে। এই অবনমনের কারণে তদ্র ঘরের কন্যাদের মধ্যে বহু বিসদৃশ ব্যবহারের স্ষষ্টি হয়। অভিরক্তি শ্লীলভা- জ্ঞান বছন্থলে সমাজের ক্ষতি সাধন করেছে। এইক্সপ মনোবিকারের কারণে আমরা শিক্ষিতা কৃষ্টিসম্পন্না কন্যাকগণকেও পানওলার সঙ্গে বেরিয়ে যেতে দেখেছি। তবে এই রোগ একান্তরূপেই সাময়িক থাকে।

ি এদেশে বহু উলঙ্গ সাধ্ও সন্ন্যাসী দেখা গিয়াছে, এদের কেউ কেউ বৌনদেশে শলাকা বিদ্ধ করে রাখেন, কিন্তু এত সত্ত্বেও ভক্তরা এঁদের অল্লীল মনে করেন নি।

নির্মিকার চিন্তে উলঙ্গ থাক্লে সমাজ তা' সহ করে, কিন্তু কেউ যদি উহা হত্তবারা স্পর্শ বা উত্তোলন করেন তা'হলে তা' ক্ষমার অ্যোগ্য অপরাধ হয়। অর্থাৎ সব কিছু নির্ভর করে উদ্দেশের উপর।]

এদেশে হটবোগ নামক বহু খণ্ড যুক্ত এক পৃস্তক গোপনে ভদ্র ব্বকদের পাঠ করতে দেখা গিয়েছে। পূর্ব্বে ইহা হস্ত লিখিত পূঁথিরূপে হাতে হাতে প্রচারিত হতো একণে বহুল প্রচারের জক্ত ইহা গোপনে মৃদ্রিতও হয়েছে। একটি যুবক বা যুবতীর নিকট হ'তে অপর যুবক-যুবতীগণ গোপনে ইহা সংগ্রহ করে। বহু অপরিণত বালক-বালিকারাও ইহা গোপনে পাঠ ক'রে অকালপকতা লাভ করেছে। যৌনরুত্তি ক্লিম উপায়ে উব্দেলিত করবার জন্যে এই পুস্তক সকল লেখা হয়েছে। বিভিন্ন প্রকার যৌন সঙ্গমের বিষয় তো এতে লিপিবদ্ধ আছেই, তা' ছাড়া ভাই, ভারা, আছুজায়া, কাকিমাতা, বন্ধুপদ্ধী প্রভৃতিও ইহাতে জঘন্য ভাবে চিত্রিত হয়েছে। শেষোক্ত বিষয়টীই সর্ব্বাপেকা ক্ষতিকর, কারণ ইহা বালিকা ও বালকদের মন পদ্ধিল ক'রে তুলে এবং সমাজ ব্যবস্থা ভেঙে দেয়। কেউ কেউ পুস্তক-বর্ণিত পদ্বাম্বামী বাস্তব জগতে পরীক্ষা ক'রে প্রহৃত ও আদালতে সোপর্দ্ধিকত হয়েছে।

এই পুত্তক পঠনকালে স্বভাবত: ভাবেই রেত: পাত হয়। এতে

বালক-বালিকাদের স্বাস্থ্যও ভেঙে পড়ে,কারো কারো মুখ বিবর্ণরূপ ধারণ করে এবং চক্ষের কোণে কালি পড়ে যায়। এছাড়া উহা পাঠের সময় অহেতৃক উত্তেজনা তাদের শরীরে তাপ বর্দ্ধিত ক'রে তাদের অসুস্থ করেও তুলে থাকে।

এইরূপ বাঙালা পুত্তকের ন্যায় মুদ্তিত এবং টাইপ কর। ইংরাজী পুত্তকও আছে, বহু অর্থ ব্যয়ে অসং প্রকৃতির বালক-বালিকারা এই-ভুলি সংগ্রহ ক'রে থাকে।

যৌন বিষয় বিকৃতভাবে পরিজ্ঞাত হওয়ায় নারী এদের অবচেতন মনে ঘুণার উদ্রেক করেছে। এর অবশুম্ভাবী ফল স্বন্ধপ এদের বিবাহিত জীবন স্থথের হয় নি। বহুক্ষেত্রে এদের মনে হয়েছে নারী মাত্রেই বুঝিবা কুলটা বা অবিশ্বাদী। এই কারণে তারা আপন স্ত্রীকেও বিশ্বাস করতে পারে না। এছাড়া অজানা দ্রব্যের প্রতি মাসুষ মাত্রেরই একটা মোহ থাকে, কিন্তু পুর্বাচ্ছেই যৌন বিষ্যে জ্ঞাত হওয়ায় বিবাহের প্রাথমিক আনন্দ থেকে তারা বঞ্চিত হয়। (क्ट (क्ट वलन एव, यूवक-यूवणीएनत श्रृक्वाटक्ट एयोन-भिका एम अया উচিত, কিন্তু আমার মতে এই শিক্ষা তাদের বিবাহের সময় বা পরে দেওয়া ভালো। স্বাভাবিক ভাবে যৌন-জ্ঞানই শ্রেয়স্কর জ্ঞান; প্রকৃতিরাণীর বরে স্বাভাবিক ভাবে এই জ্ঞান এরা পেয়ে থাকে—এইজন্ম এই ব্যাপারে বিশেষ শিক্ষার প্রয়োজন নেই। বহুক্ষেত্রে যৌন-শিক্ষার নামে অশিক্ষাই এরা পেরেছে। স্বাভাবিক ভাবে যৌন-জ্ঞান লাভ না ক'রে বন্ধ-বান্ধবের নিকট পুঁথিগত ভাবে এরা এই শিক্ষা লাভ করে। ফলে নানাত্রপ ভূল আন্তি এদের মনে শিকড় গাড়ে। একমাত্র এইজন্ত বিবাহের পুর্বের এদের প্রকৃত যৌন-জ্ঞান প্রদান করা ভালো।

অত্যধিক শ্লীলতাবোধ ৰহক্ষেত্রে মাহুষের ক্ষতির কারণ হয়েছে।

"আমি অল্লীলতা পছন্দ করি না, আমি ভালো, আমি ল্লীল,"—বারে বারে এইরূপ এরা চিস্তা করে এবং দর্অদমক্ষে তা প্রমাণ করতে সচেষ্ট হয়। ক্ষেত্র-বিশেবে ইহা "বাই" (Mania) রূপে এদের মধ্যে প্রকট হয়ে উঠেছে। এরা "পোনদে লেগো না" বলা পছন্দ করবে না। এই ক্ষেত্রে এরা বলবে "পিছনে লেগো না।"

শারী সম্বন্ধে কোনও আলোচনা এরা পছন্দ করে না। অপচ প্রাকৃতিক কারণে এদের অবচেতন মন নারী সম্বন্ধে আলোচনা সর্বদাই পছন্দ করেছে। এইরূপ অন্তর্ধ দ্বের কারণে ভয় বা আঘাত পেলে এরা মানসিক রোগগ্রন্থ হয়ে পড়ে। এই সময় এদের মনের আধারভূত কক্ষ স্বায়ু ক্ষতিগ্রন্থ হয়ে পড়ার এদের প্রতিরোধ শক্তির হানি ঘটে। এইজন্ম মনের মধ্যে কোনও অহেতৃক ইচ্ছা উপন্থিত হলে এরা সহজ্বে তা তাড়াতে পারে না। প্রায়শঃক্ষেত্রে দেখা গিয়েছে যে, অল্লীল বাক্য বা কার্যাঘারা এদের এই মনোবিকৃতির উপশম ঘটেছে। কোনও অবিখাস্থা কিছু বিখাস্তর্মণে প্রতীত হলে বহুক্ষেত্রে উহা মাহুষের মনের মধ্যে এক আলোড়ন আনে। এই আলোড়নের ফলে ঐ বিখাস্থা বা অবিখান্থ বস্তু তাদের মনে চিন্তা রোগের ক্ষ্টি করে। অনেকে বলেন, জ্যোর করে যৌন সম্বন্ধীয় বিষয় হতে বিরত থাকলে এই রোগ হতে সহজে মুক্ত হওয়া যায় না। বহুক্ষেত্রে যৌন-সঙ্গম, অল্লীল বাক্য ও কার্য্য ঘারা এরা নিরাময় হতে পেরেছে।

বিক্বত যৌনবোধও এইক্লপ বহু মানসিক রোগের স্বষ্টি করে। নিমের বিবৃতি হতে বক্তব্য বিষয়টি সম্যক্রপে বুঝা যাবে।

"অমুক রাজ পরিবারের ছোট তরফের অমুকবাবু মধ্যে মধ্যে বিকৃতমনা হয়ে উঠতেন। এই সময় কোনও এক কর্ম্মচারী এঁকে উাদের উন্থান বাটীকায় নিয়ে যেতেন এবং চোখের জল ফেলতে ফেলতে

ইনি ঐ রাজার সমক্ষে এক কুলটা নারীর সহিত যৌন-সঙ্গম করতেন।
এই যৌন-সঙ্গম পরিদর্শন মাত্র তিনি পুনরায় স্মুস্থতা লাভ করেছেন।
ভীষণক্রপে বিক্বত-মনা হওয়ামাত্র বাধ্য হয়ে এর স্ত্রী ও মাতা নিজেরাই
কর্ম্মচারীদের তাঁকে উত্থান বাটীতে নিয়ে যেতে বলেছেন।"

অল্লীলতা বিকৃত যৌনবোধের নামান্তর মাত্র। নিম্নে এই সম্বন্ধে অপর আর একটি বিবৃতি দেওয়া হলো।

"উড়িয়ার কোনও এক রাজা অন্তুত উপায়ে তাঁর যৌনবোধের উপশম ঘটাতেন। তিনি উপরে জানালায় দাঁড়িয়ে থাকতেন। এবং এঁর পরিদর্শনের জন্ম এক নারীকে উলঙ্গ অবস্থায় নিয়ে দাঁড় করিয়ে রাখা হতো। বহু মুদ্রা ব্যয়ে নারীদের এইজন্ম সংগ্রহ করা হতো, কিন্তু তা সত্ত্বেও তিনি কখনও তাদের দেহ পর্যান্ত স্পর্শ করেন নি।"

নিয়ে এই সম্বন্ধে অপর একটি বিবৃতি উদ্ধৃত করা হলো। শান্তি-রক্ষকদের মধ্যে মধ্যে এইরূপ বহু ঘটনার বা মামলার তদস্ত করতে হয়েছে।

"আমি রক্ষীজীবনে বহু অল্লীল ব্যক্তির সংস্পর্শে এসেছি। একজনকে আমি জানতাম, যে নারী দেখলেই তার বাম হন্ত ধরে ডান হন্তে হন্তমৈথুন স্থক করেছে। কিন্তু সে ঐ নারীর গাত্র কথন ভূলক্রমেও স্পর্শ করে
নি। অপর একজন দ্র হতে নারী দেখলে ঐভাবে যৌন-ভৃপ্তি লাভ করতো।
বারে বারে ফৌজদারীতে সোপর্দ হ্যেও এরা শোধরাতে পারে নি।
কোনও কোনও ব্যক্তিকে নারীকে দেখামাত্র অগুকোষ চূলকাতেও দেখা
গিয়েছে। তবে ইহা বদ্ অভ্যাস, দাদ প্রভৃতি রোগ এবং অসাবধানতার
কারণেও হয়ে থাকে। আমার মতে এই প্রত্যেকটি বিসদৃশ ব্যবহারই
মানসিক রোগপ্রস্ত হয়ে থাকে এবং চিকিৎসা দারা ইহাদের নিরাময়ও
করা যায়।"

এই বিক্বত যৌনবোধের জন্ম বহু ব্যক্তি অল্লীল কথা বলে ও অল্লীল কার্য্য করে। বহু ব্যক্তি আছে যারা নারীদের দিকে যৌনঅল দেখাতে অভ্যন্ত। মাত্র এইরূপে এরা তাদের বিকৃত যৌন-স্পৃহার উপশম ঘটিয়েছে। কামশাস্ত্র প্রণতা ঋষি বাৎস্থায়ন এইরূপ ব্যবহারের নাম দিয়েছেন প্রদর্শনবাদ। তিনিও ইহাকে এক প্রকার মানসিক রোগরূপে শ্বীকার করেছেন।

এমন বহু ব্যক্তি আছেন বাঁরা দেওয়ালে, বাষ্প্যান সমূহের কক্ষণাত্তে, প্রস্রাব ঘরের মধ্যে 'অমূকে অমুক' প্রভৃতি বহু অল্লীল অপ্রাব্য বাক্য লিখে রাখতে অভ্যন্ত। বলা বাহুল্য যে, এইগুলিও রোগপ্রস্ত হয়ে থাকে। বহু বালক এক্লপ মানসিক রোগে ভূগেছে। ইহা কারো মধ্যে সাময়িক ভাবে কারো মধ্যে বা বহুদিন পর্যান্ত স্থায়ী হতে দেখা গিয়েছে। তবে বহুক্তেত্তে অভ্যাস, কুসঙ্গ এবং কু-বাক্-প্রয়োগ প্রভৃতি এদের এইক্লপ ব্যবহারের জন্ত দায়ী হয়ে থাকে।

বিক্তরূপ যৌন-সঙ্গম বা বিক্ত যৌন ব্যবহারও অল্লীলব্ধপে প্রতীত হয়। আপন স্ত্রীর প্রতি প্রযুক্ত হলেও উহা অল্লীল। যৌন-সঙ্গমের মধ্যেও সৌষ্ঠবতা থাকা উচিত। এই কারণে সভ্য মানবী স্বামীর সন্মুখেও বিবসনা হন না। অন্ধকার ব্যতীত যৌন-সঙ্গমেও এঁরা রাজী হন নি। এইগুলিকে মনে প্রাণে অপমানকর এবং এঁরা অল্লীলক্সপে মনে করেছেন।

িরোম ও গ্রীক দেশে প্রাচীনকালে পাত্রী মনোনয়ের জন্ম এক অন্তুত রীতি ছিল। পাত্র কোনও এক স্থানে দণ্ডায়মান থাকতো। কুমারী কন্সাগণকে তাঁর সমুখ দিয়ে নয় দেহে হেঁটে যেতে বলা হতো। এদের মধ্যে যার নয় অঙ্গ-সেচিব পাত্রের পছন্দ হতো তাকে সে বিবাহ করতো। এই রীতিকে তারা কখনও অল্পীল মনে করে নি। বস্তুত-

পক্ষে বস্তাচ্ছাদিত কম্পাদের প্রকৃত রূপ-লাবণ্য জ্ঞাত হওয়া অসম্ভব। একমাত্র বাটীর অপর নারীগণই এই সম্বন্ধে জ্ঞাত হতে সক্ষম। এই কারণে স্ত্রীলোকদের সাহায্যে পাত্রী পছন্দ করার রীতি আছে।

পৃথিবীর শ্রেষ্ঠ চিত্রশিল্পীদের শ্রেষ্ঠ চিত্র অধিক ক্ষেত্রেই নয় নারীকে কেন্দ্র করে স্বষ্ট হয়েছে। স্থবিখ্যাত করাসী ভাস্কর Rodin Auguste এ যুগেও নয় নারী ও পুরুষ মুর্ভি স্বষ্টি করেই নাম করেছেন। সাহিত্যিক ভিক্টর হিগোর মুর্ভিও তিনি নয়য়পে স্বষ্টি করেছেন। এমন কি ঐ মুর্ভিতে তার যৌনাঙ্গও প্রকটিত করেছেন।

অল্লীলতা সম্বন্ধে যারা চর্চ্চা করবেন, তাদের আমি D. H. Lawrence-এর "Apropos Lady Chatterley's Lover" পৃস্তক পড়ে দেখতে বলবো। তাঁর পৃস্তকের কিছু অংশ অল্লীলতার জন্ম বিচারকদের বিচারে বাদ দেওয়া হলে তিনি আত্মসমর্থনে এই বিতীয় পুস্তকটি প্রণয়ন করেছিলেন।

অল্লীল প্তক ও গোপন থিষেটারের ভাষ অল্লীল সিনেমা ছবির ছারাও লোকে বিরুত যৌনবোধের উপশম ঘটিয়েছে। এই সিনেমা ছবিকে "রু পিকচার" বলা হয়। এইরূপ প্যাথি-পিকচারের ছই এক কপি ছই একজন এদেশীর যুবক ছারা এদেশে নীত হয়েছে। এই ছবিতে জহন্তরূপ বহু যৌন-সঙ্গম দেখানো হয়েছে। এই ছবি প্যাথি-মেসিনের সাহায্যে ধনী যুবকেরা গোপনে রুদ্ধ কক্ষে বন্ধু-বাদ্ধবসহ উপভোগ করে থাকে। এইরূপ কয়েকটি প্যাথি-পিকচার বহু গৃহ হতে সংগৃহীত ক'রে আনা হয়েছে। আদালতে এদের কারুর কারুর সাজাও হয়ে

বালক-বালিকাদের এক্কপ অস্ক্রীল চিত্রদর্শন এবং ঐ প্রকার আলাপন হতে বিরত থাকা শ্রের। এইক্রপ আলোচনা দ্বারা এদের দৈহিক ও মানসিক ক্ষতি হয়েছে। যে বালক অল্পীল কথা বলতে পারে নি ভাকে ভার বন্ধুবান্ধবেরা বোকা বলে অবজ্ঞা করে। এই ভাবে এরা নিজেদের স্থায় অপরেরও বহুবিধ ক্ষতি সাধন ক'রে থাকে।

হস্তমৈপুন একটি অল্লীল কার্যা। বৈজ্ঞানিকরা বলে থাকেন যে, হস্তমৈপুন ক্ষতিকর নয় কিছ উহা যে ক্ষতিকর এই চিস্তাই ক্ষতির কারণ হর্ম। কিছু আমার মতে এই উভয়বিধ বিষয়ই সমানরূপে ক্ষতিকর।

শুক্রপলিতে অনবরত শুক্র জমে এবং উহা স্বাভাবিক ভাবে বার না হ'লে তা উপচে পড়ে বার হয়। জাগ্রত বা সুমস্ত—এই উভয় অবস্থাতে ইহা সম্ভব। কিন্তু তা না হলে ইহা স্বাস্থ্যের পক্ষে হানিকর হয়। এইজন্তু পশুতিগণ বলেছেন যে স্বাভাবিক উপায়ে না বার করলে তা অস্বাভাবিক উপায়েও বার করা ভাল। তবে অতি কোনও কিছুই ভালো নয়, উহা অপচয় মাত্র। আমার মতে এইরূপ অস্বাভাবিক ব্যবস্থা সকল ক্ষেত্রেই ক্ষতিকর। আমি খনে করি যে এই বিষয়ে স্বাভাবিক ব্যবস্থাই শ্রেমুস্কর ব্যবস্থা।

এই দিক হতে বিচার করলে প্রমাণিত হবে যে সময়ে বিবাহ না করলে দেহ ও মনকে প্রস্থ রাখা যায় না। এছাড়া এমন অনেক যুবক আছে, যাদের যৌনঅঙ্গ বিহৃত থাকে। সামান্তমাত্র চিকিৎসা বা অপারেশন এদের নিরাময় করতে সক্ষম। কিছু অঙ্গীলতা বোধের কারণে এ কথা কারো কাছে প্রকাশ করতে এরা লজ্জা বা ভয় প্রেয়েছে। এই অহেতুক লজ্জা যে কির্মুপ অহিতকর তা নিম্নের বিবৃতি হতে বুঝা যাবে।

"অমুক ভদ্রলোক তার কন্তা সহ থানায় এসে এজাহার দিলেন ফে তাঁর নববিবাহিত জামাতা যৌন-সঙ্গমে অক্ষম। তাঁর কন্তা এইজন্ত স্বামীর সহিত বসবাস করতে একান্তই অনিচ্চুক। তিনি ঐ কন্তার পুনবিবাহ দিতে বদ্ধ পরিকর, কিন্তু জামাতার পিতা এতে বিশেব আপন্তি জানিয়েছেন এবং মারধাের করারও তয় দেখাচ্ছেন। শান্তিভদের আশন্তার তিনি পুলিশের নিকট এজাহার দিতে এসেছেন। আমি এর পর ঐ জামাতাকে গোপনে ডাকিয়ে জিল্ঞাসাবাদ করি। প্রথমে সে লক্ষায় প্রকৃত তথ্য প্রকাশ করতে চায় নি। পরে জানতে পারি যে, যৌন-সঙ্গমের সময় সে কোনও এক কারণে অত্যন্ত ব্যথা পায়। এর পর আমি তাকে আমার এক বন্ধু ডাক্ডারের কাছে নিয়ে যাই। ডাক্ডার তাকে বলেন যে, যৌনঅঙ্গের মুখে একটু মাংসখণ্ড যুক্ত থাকায় উহা তাকে ব্যথা দেয়। এইজয় সে যৌন-সঙ্গমে অকম হয়েছে। ডাক্ডার ঐ মাংসের মুখটা একটু চীরে দিয়ে আয়োডিন লাগিয়ে দেয়। এর পর যুবকটি সম্পূর্ণরূপে নিরাময় হয়ে উঠেছিল। এবং তাদের বিবাহিত জীবন প্রথের হয়েছিল। বিবাহ বিচেছদের আর প্রয়োজন হয় নি।"

যুবকদের স্থায় যুবতীরাও সামান্তরূপ চিকিৎসা দারা এই সকল রোগ হতে নিরাময় হতে পারেন কিন্তু অল্লীলতা বোধের কারণে এরা আপন আপন ব্যাধির কথা কারে। নিকট প্রকাশ করেন না।

বহু দাম্পত্য কলহের বা অবনি-বনার মূল কারণ থাকে এই সকল ব্যাধি, যা সামাম্ম চিকিৎসা দারা নিরাময় হতে পারে। এইজম্ম বিবাহের পুর্বেবর ও বধুর ডাক্তারী পরীক্ষার প্রয়োজন আছে।

অনেকে কন্থাদের প্রতি তাকিয়ে দেখাও অন্থায় বা অল্লীল মনে করেন। কোনও এক ব্যক্তি আমায় বলেছিলেন, "মশাই, আমার পুত্র অমুক বড় ভালো ছেলে। ২৪ বছর বয়স হলেও সে কোনও মেয়ের প্রতি তাকিয়েও দেখে না।" উত্তরে আমি তাঁকে এইরূপ বলেছিলাম, "এঁয়া, বলেন কি মশাই! তাহলে দেহাভ্যন্তরের স্ল্যাণ্ডের তারতম্য ঘটেছে। সময় মত এজন্ম এর চিকিৎসার ব্যক্ষা করা উচিত ছিল।" এইরপ বাহাছ্রী থেকে বিরত হয়ে অভিভাবকদের বান্তব জগতে নেমে এসে আপন পুত্র কল্পা সম্বন্ধে প্রয়োজনীর ব্যবস্থা অবলম্বন করা উচিত। সত্যকে সত্যরূপে স্বীকার না করলে দশ ও দেশের প্রকৃত মঙ্গল সাধন কোনও দিনই হবে না। নানারূপ বৈচিত্রময় ঘটনার পরিপ্রেক্ষিতে ইহা আমি অন্তরের সঙ্গে বিখাস করি।

ধর্মের কারণেও এদেশে কেহ কেহ অদ্ধীলতার প্রশ্রম দিয়েছেন। তৈরব চক্র নামক এদেশের প্রাচীন ধর্মিয় ব্যবস্থা ইহার একটি প্রকৃষ্ট উদাহরণ। এই ধর্মাষ্ট্রানামুসারে সাধক উলঙ্গ অবস্থায় রুদ্ধ কক্ষেউলঙ্গ এক নারীকে ক্রোড়ে নিয়ে কালী মৃত্তির সমূথে বসে উপাসনা করেন। এই সাধন-পদ্ধতিতে মহা মাংস এবং নারী নিষিদ্ধ নয়। ভারতীয়রা এই উপাসনা পদ্ধতি কোনও যুগেই পছন্দ করেন নি।

এই উপাসনার সাধক-সাধিকার। অত্যন্তুত মনোবল এবং সংযমের পরিচর দিয়েছেন। এই অবস্থায় এদের রেতঃপাত পর্য্যন্ত হয় নি— যৌন-সঙ্গম তো দ্রের কথা। কিন্তু এমন অনেক ছুর্কৃত্ত আছে যারা বছ সরলমনা নারীদের ধর্ম্মের অছিলায় ভূলিয়ে মিথ্যা ভৈরব চক্র ছারা বিজ্ঞান্ত করে তাদের উপভোগ করেছে।

কোনও কোনও যোগবিভাতেও অল্লীলতা দেখা যায়। এমন অনেক যোগীর কথা শুনেছি যারা পুরুষাঙ্গ ছারা এক বাল্তী জল শোষণ ক'রে নিতে পেরেছেন। অভ্যাস ছারা পেশী সঙ্কোচন ক'রে এইরূপ করা অসম্ভব নয়—এইরূপ অনেকে মনে করেন।

এদেশে পৃজিত শিবলিঙ্গও যৌন ক্রীড়ার প্রতীক। কুমারীগণ এই কথা না ব্ঝে, না জেনেও এই মৃত্তির পৃজা করে থাকেন। কিন্তু স্ষ্টি বা জীব গঠনের পূজা অপেক্ষা শ্রেষ্ঠ পূজা কি-ইবা আর থাকতে পারে ?

বিদেশে স্বাস্থ্যের অন্ধ্রাতে অল্লীলতা প্রশ্রম পেয়েছে। অধুনা-দৃষ্ট

"নেকেড্ ক্লাব" সমূহ ইহার দৃষ্টান্ত। এই ক্লাবে নর-নারীরা নয় দেহে পরিভ্রমণ ক'রে হর্ষ্য স্থান করেন। এর দারা না'কি তাদের স্থাস্থ্য ভালো থাকবে।

বেশ্যাপল্লীতে উপপতিকে বাংলায় "বাবু" এবং ইংরাজীতে "ভিসিটার" বলা হয়। এসোসিয়েশনের কারণে অনেকে এই ছুইটা বাক্যকেও অল্লীল মনে করেছেন। এই সকল ধারণা ক্ষমতায় অসীন ব্যক্তিদের ম্যানিয়াগ্রন্থ ক'রে বহু অঘটন পর্য্যন্ত ঘটাতে পেরেছে। এই সম্বন্ধে চিম্বাকর্ষক একটা ঘটনা নিয়ে উদ্ধৃত করলাম।

"অমুক বালিকা হোষ্টেলে কয়েকটা বখা ছোকরা প্রায়ই উৎপাত করতো। তবে এই হোষ্টেলেরও যে বদলাম ছিল না তা'ও নয়। আমি একজন কর্ম্মচারীকে এইখানে ওয়াচ রাখতে বললাম। এই সময় এক ভদ্রলোককে চ্যালেঞ্জ করায় সে উত্তর দিলে যে সে বেলারাণীর ভিসিটার। প্রত্যেক হোষ্টেলেই যে ভিসিটিং বুক থাকে, এবং পূর্ব্ব হতেই ভিসিটারস্দের নাম লেখা থাকে এবং বাবা, কাকা, মামা ও দাদারাও যে ভিসিটার হতে পারে তা এঁর ধারণার বাইরে ছিল। ভদ্রলোক ক্ষেপে উঠে এই নির্ম্বজ্জউক্তির জক্ষ ঐ ভিসিটারকে অপমান করেছিলেন। পরে প্রকাশ পায় যে ঐ ভদ্রলোক ছিলেন বেলারাণীর মাতুল।"

কেহ কেহ যৌনরোগ সমূহকে অশ্লীল রোগ মনে ক'রে কারো নিকট উহা প্রকাশ করেন নি। তাঁরা এজন্ম অহরহ: নানাবিধ যন্ত্রণা ভোগ করেছেন। এমন কি তাঁরা এজন্ম তাঁর নির্দেষ ভবিয়ত বংশীয়দের ক্ষতির কারণ হয়েছেন। কিছ্ক লক্ষার কারণে কোনদিনই এঁরা এঁদের চিকিৎসার বন্দোবস্ত করেন নি। অপচ এই যুগে কোনও ব্যাধিই আর ছ্রারোগ্য নয়। এঁদের বুঝা উচিত ব্যাধি

ব্যাধিমাত্র, ভূপ—ভূপ ছাড়া আর কিছু নয়, ছর্ব্বপতা—ছর্ব্বপতাই—এই—ত্তিলি মাহ্ব মাত্রের মধ্যেই বিভ্যমান। ভূপকে ভূপ বৃবে তা তথরে নেওরার মধ্যেই থাকে প্রকৃত মহয়ত্ব। একমাত্র ভ্রেয়াগ ভ্রেথা, সংস্কার, সাহসের অভাব এবং ক্লপ্টি ও ইচ্ছেৎ হানির ভয়ই মহয়কে বহু কার্য্য হতে বিরক্ত রাখে। পৃথিবীর বহু ভাষ ও অভায় মাহ্রুবের মনের বিকার মাত্র। এই ত্তিলিকে অল্পীল বা অভায় বিবেচনা না ক'রে এঁলের উচিত প্রকাশ্য বা গোপন চিকিৎসা হারা যথা সভ্র নিরাময় হওয়া।

এমন অনেক বিকারগ্রন্ত যুবক আছেন বাঁরা স্ত্রীর সহিত আশু যৌন-সঙ্গম পর্য্যন্ত অঙ্গীল কার্য্য মনে করেছেন। এর ফল কিন্ধপ বিষমন্ত্র হয়ে উঠে তা নিম্নের বিশ্বত হ'তে বুঝা যাবে।

"আমি বিবাহের কিছুদিন পরও স্ত্রীর সহিত থেন-সঙ্গমে লিপ্ত হই নি। এত শীঘ্র এই কার্য্যে লিপ্ত হলে আমার স্ত্রীর ধারণা হয়তো আমার উপর থারাপ হয়ে যাবে এবং সে হয়তো ভাববে যে আমি ভালো ছেলে ছিলাম না, তাই এত শীঘ্র এই কার্য্য করতে চাইছি—এইরূপ এক চিন্তার কারণে আমি কয়েকদিন তার সহিত সংযত আচরণ করেছিলাম। কিন্তু আমার স্ত্রী এতে ভুল বুঝে পিত্রালয়ে গিয়ে আমার নামে বহু অপবাদ দিতে ত্বরু করলেন। তার মতে আমি নাকি একজন থোন শক্তি-হীন, অপদার্থ প্রুষ ইত্যাদি। কন্তার পিতা এই মিধ্যায় বিশ্বাস করে আমাদের বাড়ীতে এসে এজন্ত বহু অমুযোগও ক'রে গেলেন। এই ব্যাপারে আমি লক্ষায় ক্লোভে আধ্যর। হয়ে যাই। কারণ, সকলেই আমার যৌনশক্তিহীনতা সন্থন্ধে সন্দেহ করছিল। আমার বারে বারে মদে পড়িছল শশুর মহাশয়ের তীক্ষ্ণ ৰাণী—'হি ক্যান নট ফাঙ্, সন্ এ্যাজ্ হাজব্যগু' এই দিন আমি প্রথমে বুঝতে পারি প্রুষ্থের আসল লক্ষা, অপমান বা শ্লীলভাবোধ কোথায়।"

বিবাহের পর যৌন-সঙ্গমে অত্মবিধা ঘটলে যুবক-যুবতীদের যৌন বিজ্ঞান বা কামশাল্র অধ্যায়ন করা উচিত। এর দারা তাদের প্রভূত উপকার হয়। এর মধ্যে অল্লীলতার সন্ধান করা নিরর্থক। অনেক নারী আছে যাদের বৃহৎ যোনির কারণে পুরুষ যৌন-স্থলাজে বঞ্চিত হয়। এই অবস্থায় সে অভ নারীতে সহজেই অমুরক্ত হতে পারে। এই বিষয়ে তাকে দোষারোপও করা যায় না। কারণ জীবনকে উপভোগ করার অধিকার সকলেরই আছে। কিছ ঐ নারীর যদি কামশাস্ত্র পড়া থাকে তা'হলে সে পেশীর সঙ্কোচন পদ্ধতি আয়ন্ত করে স্বামীকে অনয়াসে স্থা করতে পারে। মানসিক কারণে যে সকল স্বামীর উত্তেজনা আসে না তারাও এই শাস্তের রীতিগুলি অহধাবন ক'রে জ্রীকে স্থা করতে দক্ষম। দৃষ্টান্ত স্বরূপ বলা বেতে পারে যে বাৎস্থায়ন ঋষি বলেছেন যে স্ত্রী যদি বুঝে যে স্থামীর রেতঃপাত শীঘ্রই হবে, তা'হলে তা বুঝামাত্র তার উচিত স্বামীর পৃষ্ঠে ও পুষ্ঠনিমে চপেটাঘাত করা। এইক্সপে দে নিজেকে ও স্বামীকে ত্বখী করতে পারবেন। অপরদিকে পুরুষদেরও উচিত অন্সমনস্ক থাকা, যেন সে কিছুই করে নি বা কর্চেছ না।

এইরূপ যৌন সত্য অহধাবন করার মধ্যে অস্লীলতা নেই বরং উপকার আছে। মহাপুরুষ শঙ্করার্য্য সর্ব্ধ শাস্ত্র অধ্যয়ন করে দিখিজয়ে বার হয়ে তৎকালীন পণ্ডিত প্রবরা সরস্বতী দেবীর সহিত তর্ক করতে এলে তাঁকে প্রশ্ন করা হয়েছিল তুমি কি কামশাস্ত্র অধ্যয়ন করেছো ? উন্তরে 'না' বললে তাঁকে বলা হয়েছিল—বৎস, তা'হলে তোমার সলে তর্ক করা র্থা। তোমার শাস্ত্র জ্ঞান সম্পূর্ণ হয় নি। জীব জগতের মূল মন্ত্র ঐ কামশাস্ত্র। উহার অধ্যয়ন শেষ করে তর্ক করতে এলো।" এই বিশেষ উপদেশটীর মধ্যে যে বৈজ্ঞানিক সত্য আছে তাহা স্বীকার করা উচিত হবে।

বহু ব্রহ্মচারী বিবাহের পর নিজেকে অসহায় মনে করে মনোকষ্ট পেরেছেন। কিন্তু কামশাস্ত্র অধ্যয়ন করলে তাঁর। বুবতে পারতেন যে ভাদের অত্মবিধার মূল কারণ অনভ্যাস। কিছুদিন অভ্যাসের পর মনের যৌনম্প্রাও উন্তেজনা ফিরে এসে থাকে। কিন্তু অন্তেত্ক দ্বীলভা-বোধের কারণে তাঁরা এ সম্বন্ধে কারো পরামর্শ গ্রহণ করেন নি। কেন্তু কেন্তু এজন্ত অকারণে আত্মহত্যাও করেছেন। অতি ব্যবহারের স্থায় কোনও অঙ্গ বিশেষের অব্যবহার বা অপব্যবহারও ক্ষতির কারণ হয়। কিন্তু অভ্যাসের হারা পুনরায় নিরাময় হয়ে স্বাভাবিক হওয়া সম্ভব। কামশাস্ত্র যৌন বিজ্ঞান সম্বন্ধে এস্থলে আমি আলোচনা করবো না। দৃষ্টাস্ত স্বন্ধপ করেছি মাত্র। আমি বুঝাতে চেয়েছি যে সৎ উদ্দেশ্য এইরূপ বৈজ্ঞানিক আলোচনার মধ্যে অস্ক্রীলভা নেই।

এই পৃত্তকে এই সকল যৌন সম্বন্ধীয় বিষয় অবতারণার অপর কারণ হচ্ছে এই যে বিবিধ যৌন সম্বন্ধীয় নিগুঢ় বিষয়গুলি শব্দ-সঙ্কলন এবং বর্ণবিক্যাসের ম্বারা যে নির্দ্ধোষরূপে বলা যেতে পারে তা প্রমাণ করা। তবে এর সবটুকুই নির্ভর করে লিখন বা রচনা ভলির উপর। উপরের তথ্যগুলির লিখনভঙ্গি হ'তে বিষয়টা বুঝা যাবে। এই ক্ষেত্রে সাধু ভাষার সহিত বৈজ্ঞানিক শব্দ বা পরিভাষা ব্যবহারই প্রক্ষষ্ট। প্রোজনবোধে অল্লীলতম অংশ মাত্র ইঙ্গিত ম্বারা প্রণ করা ভালো। কিন্তু এই একই তথ্য কথ্যভাষার লিখিত হলে অল্লীলক্সপে প্রতীত হবে।

এছাড়া যে সত্য প্রবদ্ধাকারে লেখা যেতে পারে তা উপস্থাদের পাত্র-পাত্রীদের মুখে অল্প্রীল শুনায়। উপস্থাস, কাহিনী এবং কবিতায় যৌন আলোচনার স্থান নেই। কারণ এইগুলির লেখা হয়ে থাকে বিভিন্ন যুগের কচি ও বিভিন্ন বয়দের মাসুষের চিন্তবিনোদনের জন্ম এবং এইখানে মাহ্বকে বান্তবতার সন্মুখীন হতে হয়। যে পুত্তক পিতা-পুত্রে বা ল্রাতা-ভন্নীতে একত্রে পাঠ করতে অপারক তা অল্লীন্স পুত্তক।

এমন অনেক শব্দ আছে যা এক দেশে অল্লীল কিন্তু অন্ত দেশে উহা শীল এবং ভিন্নরূপ অর্থবাধক। শব্দ হচ্ছে ব্রহ্ম, শব্দের কোনও অর্থ হয় না—এ কথা সত্য। উহা দেশে দেশে ভিন্নরূপে প্রকট হয়। দৃষ্টাস্ত স্বরূপ টিটাগড় রেল ষ্টেশনের কথা বলা চলে। দেশবালীরা উহাকে ইটাগড় বলে, কারণ টিটা উহাদের নিকট অল্লীল শব্দ।

সাহিত্যে অল্লীলতার স্থান নেই। এ কথা পূর্ব্বেই বলা হয়েছে।
সাহিত্য হচ্ছে—সত্যম, শিবম, স্থলরম্। কিন্তু এমন বছ সমাজ আছে।
যে সমাজের ব্যক্তি মাত্রেই দৈনন্দিন জীবনে অল্লীল বাক্য ব্যবহার করে।
কেহ কেহ বলে থাকেন যে, এ সমাজকে চিত্রিত করতে হলে উহাদের ঐ
বাক্যপ্তলিও ব্যবহার করা উচিত; কিন্তু আমার মতে তা করা উচিত
নয়। কারণ, এতম্বারা ঐ সমাজের দোষ গুণ শোষরানো তো যাবেই
না, অধিকন্ত সভ্য সমাজও এরদারা পঙ্কিল হয়ে উঠবে। এমন অনেক
মানব গোষ্ঠি আছে যারা অল্লীল বাক্য কথার মাত্রাল্পে ব্যবহার করে।
যথা, ভূমি—কিচ্ছু নয়, তোমার—এ বৃদ্ধি নেই, you are a—man,
ইত্যাদি। ইংরাজ উমি এবং নিয় শ্রেণীর ব্যক্তিরা এইরূপ কথোপকথনে
অভ্যন্ত। জাতি-শোধন-সভার সাহায্যে এই অভ্যাস তালের ত্যাগ করা
উচিত। এই যৌন সম্বন্ধীয় অল্লীল শব্দ তারা গালাগালিও মনে করে
না। "তেরি, ভুরি" করা তাদের নিকট অধিকারের সামিল।

বেখা সমাজে অল্লীল শব্দের ব্যবহার কম হয়। অনেকের নিকট ইহা আশ্চর্য্য মনে হবে; কিন্তু ইহা সত্য। অল্লীলতার মধ্যে বাস করে বলে হয়তো অল্লীলতা এরা পরিহার করে। বাহিরের চাকচিক্য দারা ভিত্তরের দৈন্ত এরা ঢেকে নেয়। তবে নিমুশ্রেণীর বেখাদের সম্বন্ধে এ কথা প্রযোজ্য নর। এদের পাড়ায় অন্নীল কথা কখনও কখনও শোনা গিরেছে।

সাহিত্যে এই বেখা পল্লীর চিত্র চিত্রিত করার নিয়ম আছে। কিন্তু তা বলে এই পাড়ায় অল্লীল উক্তিসমূহ সাহিত্যে স্থান পেতে পারে না। এমন অনেক কথোপকথন এ পাড়ায় হয় যা বাক্য বিস্থানের দিক হ'তে অপূর্ব্ব। কিন্তু তা বলে উহা সাধারণ্যে প্রচার করা চলে না। নিমের বিবৃতিটী হতে বিষয়টী বুঝা যাবে।

"আমি আমার উপভাবে বেশু। পদ্লীর চিত্র চিত্রিত করবার জন্ম এক বেশু। পাড়ার যাই। রা।ত্র তখন দশ ঘটিকা। কোনও এক বাড়ীওরালী চীৎকার ক'রে শোনাচ্ছিলেন, 'জানিস! এই কোমরে আমি—' এর পর চীৎকার করতে করতে তিনি বাক্যটী এই বলে শেষ করলেন, 'সম্ভর হাজার পুরুষ ঝুলিমেছি।' আমি শুনেছিলাম, বেশ্যারা অল্লীল কথা কম বলে এবং বললেও তা সংযতভাবে বলে। জঘন্ত অল্লীল বাক্যও যে সাধ্যমত লীলক্ষপে বলা যায় তা এই দিন আমি ব্রুতে পারলাম, কিন্তু তা সন্ত্রেও উহাকে আমি সাহিত্যের উপযোগী মনে করি নি। সৎ সাহিত্যে ঐক্রপ উক্তিও রুচিলোয-ত্ত্রও ও অচল।"

অল্লীল গালিগালাজ এদেশে শোনা গিয়েছে। মান্ন্য রাগে দিশেহারা হলে তার অবচেতন মনের যা কিছু পাঁক তা বার হয়ে আগে। এইজন্ম মান্ন্য না রাগলে প্রায়ই অল্লীল গালিগালাজ করে না। "তোর ই'য়ে করি, তোর উয়ো করি বা তোর অমুক্তের এই করি—" ইত্যাদি গালিগালাজ নিয় শ্রেণীর মান্ন্যরা এদেশে প্রায়ই ব্যবহার করে। পানোন্মন্ত অবস্থায় ভদ্রসন্তানরাও এইরূপ অল্লীল শব্দ ব্যবহার করে। কারণ তাদের অবচেতন মনে এই শব্দগুলি নিহিত আছে। মন্থপান-জনিত প্রতিরোধ-শক্তির অভাব ঘটায় তারা এই

কদর্য্য বাক্য উচ্চারণ করতে সক্ষম হয়। অসৎ পরিবেশ, কুসঙ্গ এবং কুশিক্ষাই এজস্থ দায়ী। এই কারণে কদাচারী ভৃত্যদের নিকট শিশু প্রদের ভার দেওয়া উচিত নয়। বহুক্তেরে এরা এই ভৃত্যদের নিকট হতে কদাচার ও বহু অল্লীল বাক্য উহার অর্থ না ব্রেও শিক্ষা করে।

বৈদিক যুগেও বহু অল্লীল বাক্য অল্লীলক্সপে স্বীকৃত হরেছিল। কিন্ধ কিক্সপ সাবধানতার সহিত উহা সাহিত্যে স্থান পেতো তা বৈদিক যুগের নিমোক্ত ল্লোকটী হ'তে বুঝা যাবে।

> "যকাহসকৌ শকুন্তিকা হলগিতি বঞ্চতি। আহন্তি গভে পসো, নিগল্গলীতি ধারকা॥"

লোকটা শুক্ল যজুর্বেদ ২৩।২২ অশ্বয়েধ পর্বে, নিহত অশ্ব সম্পর্কে উক্ত হয়েছে। শ্লোকটাতে 'গভে' রূপ একটা শব্দ দেখা যায়। আসলে ঐ শব্দটা 'গভে' নয়, উহার আসল রূপ 'ভগে'। 'ভগে' শব্দ দারা ঐ যুগে স্ত্রী-যোনি বুঝাতো। অশ্লীলতা বিধায় ঐ 'ভগে' শব্দটী মন্ত্র উচ্চারণের সময় 'গভে' বলিয়া উচ্চারিত হতো। এই মন্ত্রটী একটা যাছ মন্ত্র। অশ্বের কন্তিত লিঙ্গটী মন্ত্রপুতঃ করে বন্ধ্যা স্ত্রীগণ যোনির মধ্যে স্থাপন করে ঐ মন্ত্র উচ্চারণ করলে না'কি সহজ্বেই সন্তান সন্তাবনা হতে পারতেন।

বৈদিক ঋষিগণ এইগুলিকে 'বর্ণবিপর্য্যয়' নামে অভিহিত করেছেন। এই বর্ণবিপর্য্যয় বা উন্টা থেউড় আমরা বিভিন্ন বৈদিক গ্রন্থের বহু শ্লোকে দেখতে পাই। অপরিহার্য্য অশ্লীলতা পরিহার করবার জন্মই এইরূপ উন্টা লিখনের প্রয়োজন হরেছে।

এদেশে মেয়েদের ভূতে পেয়েছে—এমন কথা শোনা গিয়েছে। এই
অবস্থায় ওঝা বা রোঝা নামক গ্রাম্য গুণীণদের ডেকে এই ভূত ঝাড়ানো

বা নামানো হয়। এই সকল ওঝাদের মন্ত্রে বহু অল্লীল কথা থাকে ।
কিন্তু এই মন্ত্র উচ্চারণ ছারা কন্থাদের (কুমারী, বিধবা প্রভৃতি)
নিরামর হতেও দেখা যার। আসলে ওদের ভূতে পায় না। ভূত বলে
কোনও বস্তু বা ব্যক্তি পৃথিবীতে নেই। আসলে ঐ কন্থাগণ এক
প্রকার হিষ্ট্রীয়া বা মানসিক রোগে ভূগে থাকেন। যৌন অবনমনের
(Sex Supression) কারণে এই রোগের উৎপত্তি হয়েছে। এই
অল্লীল বাক্-প্রয়োগ পরোক্ষে যৌন-ভৃত্তি (Sublimation) আনয়ন
করে। মাত্র এই কারণেই এরা এইক্সপে নিরাময় হয়েছে। অল্লীল
বাক্য রোগীদের অন্থমনস্ক করতেও (Diversional Theropy)
সক্ষম। চিন্তার গতি ভিলমুখী হওয়ার জন্মেও বহু মানসিক রোগী
নিরাময় হতে পেরেছে। এইজন্থ পাগলামীর চিক্ষ্ প্রকাশ পাওয়ামাত্র
পূর্বের্ব পাগলকে প্রহার করার রীতি ছিল।

সাপে কামড়ানোর মন্ত্রের মধ্যেও বহু অল্লীল শব্দ শোনা যায়। বহু ক্ষেত্রে সাপ কামড়ার না বা কামড়ালেও তারা বিষ নির্গত করে না। ছুটে পালাবার সময়ও বহু লোকের পা ক্ষত বিক্ষত হয়েছে। কিন্তু অন্ধকারে তা না বুঝে লোকে ভীত হয়ে পড়ে। তার মনে হয় এই বুঝি সে শেষ হয়ে এলো, ভয়ে বিক্ষতমনা হয়ে সে ঝিমিয়ে পড়ে। অল্লীল বাক্য তার অচেতন মনকে অন্থমনন্ত করে দেয়। কিছুক্ষণ পরে সে সত্যই আর যন্ত্রণাহুভব করে না। আঘাত সামান্ত হলে তার যন্ত্রণা এমনিই দ্র হয়ে যায়। মনের ভয় চলে গেলে সে সহজেই নিরাময় হয়ে উঠে।

কোনও কোনও ঝাড়ফুঁককারিগণ এই অল্লীল মন্ত্র উচ্চারণের সময় কুমারী কভাদের সম্মুখে বসে থাকতে বলেছেন। এই মন্ত্র কুমারীদের সম্মুখে উচ্চারিত না হ'লে না'কি তা কার্য্যকরী হবে না। কিন্তু বিষয়টী ষতই বিসদৃশ হোক, উহাতে বৈজ্ঞানিক সত্য নিহিত আছে। পুর্কেই

বলেছি যৌন অবনমনের কারণে মানসিক রোগসমূই জন্মে থাকে।
এই অবস্থায় কুমারী কন্তা দর্শন এবং অল্লীলতা শ্রবণ একত্রে অবচেতন
মনকে ভৃপ্ত ক'রে রোগীকে নিরাময় করে। বিজ্ঞা ওঝারা মস্ত্রের এই
অল্লীল বাক্যের কার্য্যকারিতা সম্বন্ধে সচেতন থাকে। এইজন্ত
উচ্চারণের সময় রোগী ব্যতীত [কুমারী কন্তাগণ সহ] অপর সকলকে
কানে আঙ্ল দিতে বলা হয়ে থাকে।

সাধারণতঃ দেখা গিয়েছে, যে ছেলেদের পেত্নীতে এবং মেয়েদের ভূতে পার। ধর্মপ্রাণা বিধবাদের তর করে ব্রহ্মদৈত্য। আমার মতে এই রোগের একমাত্র কারণ Sex Supression বা বিবিধ প্রকার যৌন অবন্মন। নিয়ের বিবৃতি হতে বক্তব্য বিষয়টি বুঝা যাবে।

"আমি অমুক বিধবা নারীকে ভূতে পেয়েছে শুনে অকুস্থলে এসে হাজির হই। এই সময় একজন গ্রাম্য গুণীণ বা ওঝা তাকে ঝাঁড়-কুঁক করছিল। আমি লক্ষ্য করলাম, মস্ত্রের অল্লীল কিথা উচ্চারিত হওয়ার সঙ্গে একটু একটু করে কঞাটি নিরাময় হয়ে উঠছে। বুঝলাম থোন অবনমনই এর একমাত্র কারণ। সাধারণভাবে অল্লীল কথা কাউকে শোনানো সন্তব নয়। কিন্তু মস্ত্রের ভান করলে তাতে কেউ আপত্তি করে না। অজ্ঞ ওঝারা এই বৈজ্ঞানিক সত্য কির্মণে অবগত হলো তা ভেবে আমি অবাক হই।"

বছ ব্যক্তি মনো হৈথুনের দ্বারাও মানসিক রোগ হতে নিরাময় হয়েছে। আবার এমন রোগীও দেখেছি যে গোপন খৌন বিষয় একটু একটু করে প্রকাশ করে নিরাময় হয়েছে। একমাত্র অন্তরঙ্গ বন্ধুদের নিকটই এরা এই সকল গোপন ইচ্ছা প্রকাশ করে—এই কারণে সহাত্মভূতিশীল অন্তরঙ্গ বন্ধুরাই বহু পাগলকেও ভালো করতে পেরেছেন। কথোপথনের মধ্যে অন্তয়নক পাকাকালে কেউ যদি

হঠাৎ অল্লীল বাক্য উচ্চারণ করে, তা'হলে উহা যত সহজে আমাদের কর্ণগোচর হয় তত সহজে কোনও ল্লীল বাক্য আমাদের কর্ণগোচর হয় নি। এই বিশেষ মতবাদের ইহা একটা প্রকৃষ্ট উদাহরণ। বহু ক্লেত্রে অহেতৃক অল্লীলতাবোধ মান্থবের কিরূপ ক্ষতির কারণ হয় তা নিয়ের বিবৃতি মূলক দৃষ্টান্তটি হতে প্রণিধানযোগ্য।

"আমাদের থামে এক বৃদ্ধ ভদ্রলোক থাকতেন। তাঁর বহু বিদদৃশ ব্যবহার আমাদের আশ্চর্য্যান্থিত করেছে। তিনি প্রায়ই ঘুমিয়ে ঘুমিয়ে ভয় পেয়ে চীৎকার করে উঠতেন। কিন্তু তিনি ভূত বিশ্বাস করলেও জাগ্রত অবস্থায় কখনও ভয় পান নি। আমি তাঁর এই বিসদৃশ ব্যবহারসমূহের কারণ জানবার জন্ম তাঁর মনোবিশ্লেষণে প্রবৃত্ত হই।

এই উদ্দেশ্যে আমি তাঁকে জিজ্ঞাদা করি—'আছা দাদানশাই, আপনি
ভূত বিশ্বাস করেন; সত্যই কি ভূত আছে ?' দাদানশাই বিরক্ত হ'য়ে
উত্তর করলেন, 'নেই মানে ইংরাজী শিথেছো, তাই বিশ্বাস করো না। শোন
তবে বলি। এ আমার জীবনের এক হারানো অধ্যায়।' দাদানশাই এর
পর তাঁর জীবনের এক কাহিনী বলতে স্থক্ষ করলেন—"দেখ, আমি তখন
বালক। সিপাহী যুদ্ধ শেষ হয়ে গিয়েছে। পাটনা থেকে হালিসহরের নিজ
বাড়ীতে আমরা ফিরে এসেছি। প্রকাণ্ড হ'মহলা বাড়ীটাতে আমাকে
ও পিদিমাকে রেখে বাবা কর্ম্মন্তে চলে গেলেন। এর পর আমি গ্রামের
এক স্কুলে ভর্তি হয়ে পড়লাম। আমাদের বাড়ীর বার মহলটা ভেঙে
পড়েছিল। এবং তার প্রাঙ্গণটা পেখারা ও আতা গাছে ভরে গিয়েছে।
একদিন পিদিমা ওবাড়ীর উঠান থেকে চীৎকার করে উঠলেন—'ওমাআ!' আমি ছুটে গিয়ে দেখি পিদিমার হাতের আঙনী হাতেই আছে। তার
একটাও পেয়ারা পাড়া হয় নি। তিনি মাথা নীচু করে অজ্ঞান হয়ে পড়ছেন।
আমি ভাড়াভাড়ি উাকে অন্দর মহলে এদে বুড়ী বি'মার কাছে রেখে ঐ

মহলে ফিরে গিয়ে যা দেখি তাতে অবাক হয়ে যাই। পাশের বাডীর ছোট্ট মেয়ে পুঁটী লাল পেড়ে শাড়ী প'রে ঐ গাছটার দাঁড়িয়ে দাঁড়িয়ে হাসছে। এই পুটা ছিল আমার বাল্য সাথী। কাঁচা সোনার মত তার গায়ের রঙ। তার গড়নও তেমনি স্থলর। এর সঙ্গে আমার বিশ্বের কথা-বার্তা চলছিল; এমনি সময় আমরা নৌকা করে পাটনায় চলে যাই। এর এক বছর পর আমি গুনতে পাই পুঁটী মারা গিয়েছে। পুঁটীকে এখানে সশরীরে অবস্থান করতে দেখে আমি ভীত হয়ে পড়ি। পুঁটী নেমে এসে ২প করে আমার হাতটা ধরে জিজ্ঞেদ করলো, 'কি-ই গো, ছুই ছেলে! তালে। আছো १ ' এর পর আমরা ছজনে বাঁকা দিঁড়ি দিয়ে ত্রিতলের চাতালে উঠি। এইথানে একটা পুরাণো কাঠের দিন্দুক রাখা ছিল। এই সিন্দুকের উপরে ছজনে পাশাপাশি বসে কত গল্প করলাম। সেও আমাকে কত আদর করলে, আমিও তাকে বুকের মধ্যে টেনে নিলাম। তুজনায় এতো ঘনিষ্ঠতা সত্ত্বেও এই কথা কাউকে আমি প্রকাশ করিনি। স্থল থেকে ফিরেই খাবারের থালা হাতে নিয়ে আমি উপরে উঠে এসেছি। ভারপর ভাগাভাগি করে এই খাবার খেয়েছি। **ছুজনে কতো গল্প** করেছি, চুম্বন, আদর, সোহাগও। তার পর আমরা নিচে নেমে এসেছি। निनश्रान। चामारनत चर्यारे कार्जे हिन। किन्न मान जिन भत भूँ ही वनातन, এইবার তার ডাক এসেছে, তাকে চলে থেতে হবে। যাবার আগে সে नथ निरंश व्यामात वाम वाष्ट्रो हित्त निरंश मिथारन ছत्तात मक करसकहै। কি পুরে দিলে।"

ভিদ্রলোক উৎসাহের সহিত গল্প বলছিলেন। কিন্তু যৌন-সম্ভোগের বিষয় বলবার সময় তাঁর স্থার কিছুটা তিনিত হয়ে এল। তিনি যোন একটু লচ্ছিত হলেন; এতক্ষণ যা তিনি মনেপ্রাণে সভ্য বলে উপলব্ধি করছিলেন, এইবার তার মনে হলো যে এইগুলি মিধ্যা গল্প। তাঁর এ'ও মনে হলো বে আমরা তার এই গল্প বিশ্বাস করছি না। অর্থাৎ এই যৌন সম্বন্ধীয় উক্তির সহিত তিনি আত্মস্থ হয়ে মিথ্যা ভাষণ রোগ হ'তে নিরামর হচ্ছিলেন। তিনি অপ্রস্তু হরে তাড়াতাড়ি গল্পটী শেষ করলেন।

এই পর্যান্ত শুনে আমি জিজ্ঞাসা করলাম, "সে কি দাদামশাই! লাগলো না আপনার!"—'না লাগেনি', দাদামশাই বললেন, 'হাতের প্রেলেপ দিয়ে সে ভালো করে দিলে।' তাতে মনে হলো যেন কিছুই হয় নি। এর পর সে মিলিয়ে যেতে যেতে বললে, 'ঐ ঔষধ থাকাকালীন আমাকে ভূতে কিছু করতে পারবে না।' পুঁটী চলে যাওয়ার সঙ্গে সঙ্গে ঈশান কোণের তালগাছটাও মড় মড় করে ভেঙে পড়লো। সেই গাছটা ঐ ভাবে এখনও সেখানে আছে।"

বাল্যকালে দাদামশায়ের বাহতে ছর্রার গুলি লেগেছিল। সবগুলি ভাকার বার করতে পারে নি। তদ্রলোক ঐগুলি স্পর্শ করে আমাদের বিষয়টী বিশ্বাস করতে অহুরোধ করলেন। দাদামশাই যে মিথ্যে বললেন তাও নয়। ঐ অলীক কাহিনীটী তাঁর জীবনে সত্যই ঘটেছিল বলে তিনি বিশ্বাস করতেন। পুনঃ পুনঃ চিস্তা দ্বারা এইরূপ মানসিক রোগে আক্রাস্ত হওয়া অসম্ভব নয়।

ি এক্ষণে আমার বক্তব্য বিষয় হচ্ছে এই যে, বাল্যে ও যৌবনে যে আশা ও আকাজ্জা তিনি অল্লীলতার ভয়ে কথনও ব্যক্ত করতে পারেন নি, তা বার্দ্ধক্যের ত্য়ারে এসে মিথ্যা ভাষণের ছারা তিনি বার করে দিতে চাইছিলেন। ঐ বৃদ্ধ ভদ্রলোকের এক বৃদ্ধা ভল্লীর মুখে শুনেছিলাম যে, পুঁটী নামে একটী মেয়ের সহিত সত্যই তাঁর বিবাহের কথা হয়েছিল, কিন্তু সে মারা যাওয়ার পর তিনি আর বিবাহ করতে রাজী হন নি। এর পর হতে তিনি অভ্যন্ত বদ্যেজাজী হয়ে উঠেন। এবং তাঁর মধ্যে

বহু বিসদৃশ ব্যবহার দৃষ্ট হতে থাকে। আমরাও তাঁর মধ্যে বহু অত্যস্কৃত ব্যবহার পরিলক্ষ্য করেছি। এই থেকে বুঝা যাবে যে আমরা যদি আমাদের কোনও স্বাভাবিক স্পৃহা বহিছার না করে প্রদমিত করি তা হলে তা ভলকাণিক পদার্থের মত একদিন বহির্গত হয়ে আমাদের ক্ষতির কারণ হয়।

আমি এমন ছই একজন হিষ্ট্রিক রোগীর সংস্পর্শে এসেছি, যাদের ধারণা ছিল কোনও বালিকা-ভূত রাত্রিকালে মহুয়াকারে তাদের সহিত সহবাস করে থাকে। এই প্রকার মনোমৈথুনের দৃষ্টান্ত মহুয় সমাজে বিরল নয। কোনও কোনও হুর্ক্ত ঘুমন্ত রোগিণীদের এই প্রযোগে ধর্ষণও করেছে। সন্তান সন্তাবনা হলে এরা এই ছুর্ক্তদের দোষী নাকরে ব্রহ্মদৈত্য, দেবতা আদিকে এজন্ত দায়ী ক'রে বিবৃতি দিয়েছে। মনের বিচ্ছিন্নতার জন্ত এই সকল রোগ জন্মে থাকে। যৌন অবনমনই যে এই রোগের মূল হেতু তা পণ্ডিতগণ স্বীকার করেছেন।

প্রাম্য ওঝাগণ অগ্লীল বাক্য যুক্ত মন্ত্র ছারা এই মনোরোগ সহজ্ঞেই
নিরাময় করেছেন। হিষ্টীয়া রোগ এবং বাই ও নিউরেটীক রোগও
এই মন্ত্র ছারা সমভাবে সারানো সম্ভব। বাত্তবক্ষেত্রে দেখা গিয়েছে
যে কর্ম্বব্যন্ত মাহুষের কর্নে কোনও শব্দ বা বাক্য প্রবেশ করে না।
কিন্তু ঐ শব্দ বা উক্তি অগ্লীল হলে উহা তৎক্ষণাৎ শ্রুত হয়ে থাকে।
উহা ম্মেলিঙ সন্ট শিশির আঘাণের বা চাবুকের ঘাএর স্থায় কার্য্যুকরী
হয়। মাহুষের কৃষ্টির তারতম্য অহুযায়ী কম বা বেশী অগ্লীল শব্দ
প্রয়োগের রীতি আছে। সেই জন্ম ওঝাগণ একটী মন্ত্র কার্য্যুকরী না
হ'লে অপর একটী মন্ত্র উচ্চারণ করেন। এমন বছ অবুম ও অলস ব্যক্তি
আছেন, যাদের কাঞ্চকর্মের রত করা যায় নি। কিন্তু অগ্লীল গালাগালি
এদের মধ্যে সাড়া এনে দিয়েছে। ক্ষেত্র বিশেষে ইহা উত্তেজনক

আরকের কাজ করেছে। মানসিক রোগগ্রন্ত ব্যক্তিদের মন বিচ্ছিম্ন হলে বাহিরের কোনও বাক্য বা শব্দ তাদের নিকট শ্রুত হয় না। ভরের বা ভক্তির পাত্রদের ছই একটা কথা এরা শুনলেও প্রিয়জনদের কোনও কথাই শুনেনি। কিন্তু তা সড়েও প্রতিটী অল্পীল বাক্য তাদের অবচেতন মন শুনতে পায়। এবং ইহা তাদের জাগ্রত ক'রে আত্মন্থ ক'রে দেয়। এইভাবে তারা তাদের প্রকৃত সন্ত্বা বা আ্মা (Normal Self) ফিরে পেয়েছে।

এদেশ তন্ত্র মন্ত্রের দেশ। বহুবিধ মন্ত্র এদেশে প্রচলিত আছে। দৈহিক রোগ নিরাময়ের জন্তও মন্ত্র ব্যবহাত হয়। কিন্তু একমাত্র সাপ, ভূত এবং মানসিক রোগের মন্ত্র ব্যতীত কুত্রাপি অল্লীল শব্দ দেখা যায় নি। অনিসন্ধিৎস্কক ছাত্রদের এই সম্বন্ধে বিশেব অবহিত হওয়া উচিত।

কিন্ত ভূতে পাওয়া রোগীদের এই ভাবে নিরাম্য করা হলেও যাদের উপর দেবতার ভর করেছে তাদের ঐভাবে নিরাম্য করা হয় নি। এই সকল রোগীরা বছকাল ধরে অকারণে ভূগে এসেছে। এই "পাওয়া" "ভর করা" প্রভৃতি মানসিক রোগ এবং উহার কারণ সম্বন্ধে পুশুকের প্রথম খণ্ডে আলোচনা করেছি। একেত্তে উহার পুনরুল্লেখ নিপ্রয়োজন।

প্রায়শঃক্ষেত্রে দেখা গিয়াছে, জ্ঞাল বাক্য প্রযোগে অভ্যন্ত ব্যক্তিরা কার্যাক্ষেত্রে উহা কথনও প্রয়োগ করেন নি, বরং তারা নারী দর্শন মাত্র বিশেষরূপে সংযত হয়ে তাদের অতীব সম্মান দেখিয়েছে। তাদের অভাব চরিত্রও ভালো হয়। এবং তাদের আভাবিক (Narmal) মাহ্যরূপে দেখা যায়। তবে এ কথাও ঠিক যে তাদের দ্বারা উচ্চ ধরণের কোনও কর্মা এ পর্যান্ত সাধিত হয় নি। প্রায়শঃক্ষেত্রে এরা এক প্রকারের অলস প্রকৃতির মাহ্যুষ হয়েছে।

. [আমি এই অল্লীল শব্দযুক্ত সাপের ও ভূতের মন্ত্র সকল অতি কণ্টে

সংগ্রহ করেছি। আমার বিশাস, এর দারা উগ্র মানসিক রোগসমূহ
সারানো সম্ভব। এই শব্দগুলি যে স্মচিন্তিত ভাবে সঙ্কলিত হয়েছে তা
নি:সন্দেহে বলা যায়। এ সম্বন্ধে কারো আগ্রহ থাকলে আমার সহিত
সংযোগ স্থাপন করতে পারেন। তল্লীল দোষ দুই হওয়ায় এইগুলি
সাধারণের মধ্যে প্রচার করা সম্ভব হলো না।

বিজ্ঞানের ক্রমোন্নতি অবিখাসী মামুষ্ট করেছে, বিখাসী মামুষ্ এই সম্বন্ধ কিছুই করতে পারে নি। সকলে যা বিখাস করে সে তা করে না। এইজন্মই মনে সে একপ্রার অশান্তি অমুভব করে। সে আবিদ্ধার করতে চায় প্রকৃত সত্য। সন্দেহের সে নিরাময় করতে চায়। এইভাবে বৈজ্ঞানিক সত্যসমূহ গড়ে উঠে। এবং এই সত্য বহু ক্ষেত্রে নিরক্ষর বা অজ্ঞ ব্যক্তির হারাও উদ্বাটিত হয়েছে।

কামশান্ত প্রণেতা ঋষি বাৎস্থায়ন নিজে বিবাহ করেন নি—স্ত্রী সংসর্গও করেন নি তিনি। অথচ তিনি কামশান্ত লিখেছেন। বিবাহ বা স্ত্রী সংসর্গ করলে তিনি এমনি মশগুল হয়ে যেতেন যে এই সকল চিস্তা তাঁর মনে উদযই হতো না। এডিসন সাহেব প্রামোকোন আবিষ্কার করেছিলেন। কিন্তু তুনা যায় যে, তিনি নিজে ছিলেন বধির। এইজন্ম তিনি কর্ণের চিকিৎসা পর্যান্ত করাতে রাজী ছিলেন না। এর দ্বারা তাঁর একাগ্রতা হ্রাসের সন্তাবনা ছিল। এই কারণেই হয়তো মন্ত্র সম্বন্ধীয় এই সম্প্রসমূহ এদেশের কোনও অজ্ঞ ও অবিশাসী ব্যক্তি প্রথম আবিদ্ধার করেছে। বস্তুত:পক্ষে এদেশের ঝাড়-ফুক-কারী ওঝারা নিজেরা ভূত বিশ্বাস করে না। তাহারা বাহিরে যাই বলুক নিজেরা উহাকে রোগ বলে স্বীকার করেছে। আমি কোনও এক দেশীয় ওঝাকে জিজ্ঞাসা করি, 'বাপু, ভূত আমাকে দেখাতে পারো !'— 'নিশ্চয়ই পারি', বলে সে আমাকে নিয়ে বনে বাদাড়ে ও শ্বাণানে শ্বাণানে

ক্রেক রাত্রি ঘুরে শেষে নাচার হয়ে বলেছিল, 'বাবুজী, আপনি যদি ভূত না বিশ্বাস করেন, তা'হলে কি তা কেউ আপনাকে দেখাতে পারে ? ওসব নিয়ে মাথা ঘামাবেন না আমার কাছ শুমুন—ও সব মিথ্যে।'

অল্লীল বাক্যের স্থায় অল্লীল ব্যবহারও কার্য্যকরী হয়ে থাকে। দৃষ্টান্ত সক্ষপ নিমে একটী য়ুরোপীয় উদাহরণ উদ্ধৃত করলাম।

"কোনও এক ষোড়ণী কুমারী কন্সার দক্ষিণ হস্তটি অসাড় হয়ে যায়। সে চেষ্টা ক'রেও হাতটি আর উঠাতে পারে নি। চিকিৎসাতেও কোন ফল হয় নি। এর পর এঁকে মানসিক রোগের হাসপাতালে আনা হয়। একজন যুবক ডান্ডনার এগিয়ে এসে হঠাৎ তাকে আলিঙ্গন ক'রে চুম্বন দিয়ে দিলেন। কন্সাটী কুন্ধ হয়ে তার ঐ ডান হাতটি তুলেই ঐ ডান্ডারের গণ্ডে এক চড় বসিয়ে দিয়েছিল। এতদিন যে রোগ সারে নি, তা একদিনেই সারতে দেখে সকলে অবাক হয়। এর পর কন্সাটীর ঐ ডান্ডারের সহিতই বিবাহ হয়।"

মামুষ যত রোগে ভূগে ভার মধ্যে মনের রোগই বেশী। বছক্ষেত্রে মনের রোগই দৈছিক রোগরূপে চালু হয়েছে। বছ লোক অন্ধ হয়েছে দৈহিক কারণে নর। ভারা মানসিক কারণে দৃষ্টি স্থ্যে বঞ্চিত হয়েছে। এক প্রকার পক্ষাঘাত সম্বন্ধেও এই রূপ কথা বলা চলে।

এই সম্বন্ধে প্রখ্যাত চক্ষু চিকিৎসক শ্রীকালী বাগচীর একটি বির্তি প্রশিধানযোগ্য। কাহিনীটি আমি তাঁর পুত্র অপূর্ব্ব বাগচীর নিকট শুনেছি। তবে কিছুদিন পরে স্বাভাবিক কারণে চক্ষু সম্পর্কীয় স্ক্রমায়ু খীরে ধীরে পুনর্গঠিত হওয়াও অসম্ভব নয়।

"আমার নিকট এক চক্ষু রোগী আদে। সে একেবারেই অন্ধ হয়ে গিয়েছিল। আমি অভিমত জানাই ঈখরের দয়া ভিন্ন দৃষ্টি তার ফিরবে না। এর প্রায় পাঁচ বংসর পর সে আমার সঙ্গে দেখা ক'রে জানালো যে, সে নিরামর হয়ে গিয়েছে। সে বলে যে প্রায় তিন মাস পুর্বের এক রাত্রে চীৎকার শুনে সে জেগে উঠে। বার হতে একজন টেঁচিয়ে বলছিল, 'আন্তন আন্তন, শীঘ্র বার হয়ে আন্তন।' আমি ভীত অন্তভাবে বেরিয়ে এসে প্রথম লক্ষ্য করি যে ঘরের মটকাশুলো দাউ দাউ ক'রে জলছে। এই হতে আমি দৃষ্টি শক্তিও ফিরে পাই। দেখবার এক ছুর্দমনীয় ইচ্ছাই হয়তো আমাকে নিরাময় করেছে। কিংবা ঐ সময় আমার বিশ্বাস হয়েছিল যে আমার দৃষ্টি শক্তি অটুট আছে। আমি পূর্বের অবস্থা ভূলে গিয়ে তাই চোখ মেলে আশুন দেখেছি।"

অল্লীলতার সহিত বিষের তুলনা করা চলে। পৃথিবীতে নিরাবিল অমগলের জন্ম কোনও কিছু স্ষ্টি হয় নি। তাই উঠা বিষও ক্ষেত্র বিশেষে অমৃত হয়ে উঠে। ব্যবহারের গুণে অল্লীলতাও ঔষধের কার্য্য করে। এই অল্লীলতা পৃথিবীর আদিম স্ষ্টি। অভ্যাস দ্বারা সভ্যভার কারণে মাহ্র্য তাকে আজ গোপন করেছে; অল্লীলতা পরিহার ও বর্জ্জনের সহিত গড়ে উঠেছে ধর্ম, কলা, কৃষ্টি ও সংস্কৃতি, কিন্তু তার অবচেতন মন হ'তে সভ্য মাহ্র্য আজও পর্যান্ত একে দূর করতে পারে নি।

পণ্ডিতগণ অল্লীলতাকে স্থান্তির গোপনতম ডাক ব'লে অভিহিত করেন। কারণ অল্লীল হ'তে ল্লীলের, অস্কুন্দর হতে স্কুনরের উৎপত্তি হয়েছে। ত্যাগ যদি কোথাও থাকে তা ভোগের মধ্যেই আছে। তাই সাধ্গণ বলে থাকেন—অল্লীলের মধ্যেই ল্লীল এবং ভোগের মধ্যে ত্যাগ আছে।

আগ্রহত্যা

আত্মহত্যা অপরাধ কি'না এই সম্বন্ধে মত্তেদ আছে। এদেশে আত্মহত্যা অপরাধ নয়, কিন্তু আত্মহত্যার প্রচেষ্টা অপরাধ। দৈবক্রমে বেঁচে গেলে এই সকল ব্যক্তির শান্তি হয়। বিলাতে আত্মহন্তারকের সম্পত্তি সরকার বাহাত্বর বাজেয়াপ্ত করেন। জাপান প্রভৃতি কয়েকটী দেশে আত্মহত্যা অপরাধরূপে বিবেচিত হয় নি। আত্মহত্যা ত্বই প্রকারের হয়ে থাকে। যথা—(১) স্বরোগ বা রোগ প্রস্তুত, (২) নীরোগ বা রোগ প্রস্তুত নয়। নীরোগ আত্মহত্যার মধ্যে আদর্শ থাকে এবং উহা উদ্দেশ্য বিহীন হয় না। আত্মরক্ষার্থে এবং রাজনৈতিক ও ধর্মীয় ঝারণে এই নীরোগ আত্মহত্যা সাধিত হয়েছে।

প্রথমে নীরোগ বা আদর্শগত আত্মহত্যা সম্বন্ধে বলবো। এর দৃষ্টাপ্ত স্বন্ধপ জাপানে প্রচলিত "হারিকিরির" কথা বলা যেতে পারে। এই হারিকিরি-রূপ আত্মহত্যা ঐ দেশে গৌরবের বিষয়। রাজনৈতিক এবং অন্যান্ত কারণে ঐ দেশের সাহসী ব্যক্তিরা বহুক্ষেত্রে হারিকিরি করেছেন। আদর্শ জনিত আত্মহত্যাকে "হারিকিরি" বলা হয়। এইজন্তই বোধ হয় উহা ঐ দেশে অপরাধন্ধপে প্রতীত হয় নি। প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ ভাবে যে সকল কাজ দেশ তথা সমাজের ক্ষতি করে তা'কে বলা হয় অপরাধ। কিন্তু আদর্শ (Idealism) জনিত সকল কাজই প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে সমাজের উপকার করেছে। কোনও কারণে অবশ্য যদি এই আদর্শ—ভূল পথে পরিচালিত না হয়। হারিকিরির মধ্যে আদর্শ থাকায় ইহা নিশ্চয়ই জাপানের মঙ্গলকর হ্যেছে, তা না হলে ছর্ম্বর্ষ জাপানী সৈঠেন স্থির স্থি সন্তব্য হতো না। আজও পর্যান্ত জাপানে Suicide

৪০ আত্মহত্যা

Corps বা আত্মহন্তারক বাহিনীর জন্ম যুবকের অভাব হয় না। এর কারণ হারিকিরি জাপানে ধর্মীয় রূপপ্রাপ্ত হয়েছে। কিরূপ উৎসাহের সহিত এই আত্মহত্যা সমাধিত হয় তা ওয়াকিবহাল ব্যক্তিমাত্র অবগত আছেন। এবা সরল ভাবে দাঁড়িয়ে ছরী দিয়ে তাদের উদরে লতাপাতা পাৰী প্রভৃতি চিত্রিত করতে থাকে যতক্ষণ না তারা নিস্তেজ হয়ে পড়ে যায়। অনেক সময় ভাবপ্রবণতার জন্মেও এরা হারিকিরি করেছে। কোনও এক কৃষক অজ্ঞতা বশতঃ তার এক পুত্রের নাম রেখেছিল মিকাডো। একদিন সে জানলো যে তাদের সমাটের নামও মিকাডো। তখন সে ক্ষোভে ও প্লানিতে দগ্ধ হয়ে উঠলো। যে কোনও কারণে হোক ভার ধারণা হয়েছিল যে সে এতদারা তাদের প্রিয় সমাটের অবমাননা করেছে। সকলেই জানেন যে জাপানী মাত্রের নিকট জাপ-সমাট ঈশ্বরের অবতার। প্রাযশ্চিত স্বরূপ সে তক্ষ্ণি ঐ পুত্রকে নিহত করে নিজে হারিকিরি করেছিল। যদি কোনও জাপানী মনে করে যে দে সমাটের বিরক্তির কারণ হয়েছে, কিংবা তার কার্যান্থারা সামাজ্যের ক্ষতি করেছে তা হ'লে তারা এই হারিকিরির আশ্রয় নিতে কুণ্ঠা বোধ করে না। কোনও কোনও জাপ-সম্রাটের মৃত্যুর পর তাঁর মন্ত্রীরাও হারিকিরি ঘারা তাঁর অমুগমন করেছেন। কোনও কোনও জাপানী সৈন্ত যুদ্ধে বন্দী হওয়া অপেকা হারিকিরি করা শ্রেয় মনে করেছে। নিমের বিবৃতি হ'তে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।

"সিঙ্গাপুরের পথে একদল জাপানী সৈন্মের গোপন অবস্থানের সন্ধান পেয়ে আমরা তাদের অন্থারণ করি। এই সময় আমরা একজন সৈক্তকে আগ্নেয় অস্ত্রসহ একটা বুক্ষের উপর দেখতে পাই। আমরা তৎক্ষণাৎ ঐ বৃক্ষটী ঘেরাও করে তাকে নেমে আসতে বলি। ইতিমধ্যে তার টেনগান্তের শেষ গুলিটীও নিঃশেষিত হয়ে গিয়েছিল। উত্তরে জাপানী সৈঞ্চী আমাদের জানালো, দাঁড়ান, নামছি আমি। কিন্তু নেমে এসে সে একটী ছুরি বার করে সেটী তার উদরে প্রবেশ করিয়ে দিলে। দেখতে দেখতে তার প্রাণবায়ু বার হয়ে গেলো। আমরা স্তম্ভিত হয়ে তার এই মহাপ্রয়াণ লক্ষ্য করেছিলাম।"

আদর্শজনিত আত্মহত্যা ভারতের এই পুণ্যভূমিতেও নানারপে প্রচলিত ছিল। এবং নানা বিধি নিষেধ সত্ত্বেও আজও পর্যান্ত তা প্রচলিত আছে। ভারতে প্রচলিত আদর্শ জনিত আত্মহত্যা বহুপ্রকারে সমাধিত হয়েছে। দৃষ্টান্ত স্বরূপ—সতীদাহ, জহরত্রত, নিগমন প্রভৃতির কথা বলা যেতে পারে। এই সকল ঐতিহাসিক ঘটনা বাক্-প্রয়োগের স্থলাভিষিক্ত হয়ে এদেশের মেয়েদের সহজেই আত্মহত্যায় প্ররোচিত করে। এইজন্ম এদেশের মেয়েরো পুরুষ অপেক্ষা আরও সহজে আত্মহত্যা করেছে। এইজন্ম এই প্রবন্ধে এই প্রাচীন কালীন আত্মহত্যা সম্বন্ধে আমি বিশ্বরূপে আলোচনা করবো।

(>) জহরত্রত—ভারতের প্রচলিত এই রীতি ভারতের এক গৌরবের বস্তু। আত্মরক্ষার কারণে আপন আপন সতীত্ব ও সম্মান রক্ষার্থে, যুগে যুগে ভারতীয় সাধবী ললনারা এই ব্রত উদ্যাপন করেছেন। ভারতীয় নারীগণ তাঁদের সতীত্ব এবং সম্মানকে জীবনের বহু উদ্ধে স্থান দিয়ে থাকেন। নিজের, স্বামীর বা পুত্রের জীবন বিনিময়েও এরা সতীত্ব ও সম্মান হারাতে কখনও রাজী হন নি। ভারতীয় ইতিহাসে এর ভূরি প্রমাণ আছে। বর্কার বিদেশী আক্রমণকারিগণ বারে বারে এই পুণ্যদেশ আক্রমণ করেছে। এদেশীয় বীরপুরুষগণ নানাকারণে সকল ক্ষেত্রে এদের প্রতিরোধ করতে সক্ষম হয় নি। এই সকল নর-রাক্ষ্যণণ নগর ও জনপদ এবং প্রাদদাদি অধিকার ক'রে প্রথমেই নারীর উপর স্বত্যাচার স্বন্ধ করেছে। এই কারণে এদেশের সতীসাধবী ললনাদের

৪৫ আত্মহত্যা

পূর্ব্বাহ্নেই আত্মহত্যা করা ছাড়া উপায়ও ছিল না। স্বামী-প্রকে যুদ্ধে পাঠিয়ে এরা আকুল হৃদয়ে অপেকা করতেন। এবং পরাজয় অবশুস্তাবী বৃষলে এরা এই জহরত্রত উদ্যাপন করেছেন। এদের সকলে যে আত্মহত্যার পথ বেছে নিয়েছিলেন তা নয়, কেউ কেউ স্বামী-পুত্রের সাহায্যার্থে যুদ্ধে নেমে মৃত্যুবরণ করেছেন। কিন্তু একথা ঠিক যে তাঁরা কোনও ক্রমেই নিজেদের পুত দেহ শক্রকে স্পর্শ করতে দেন নি।

এইবার এই জহরত্রতের স্বরূপ সম্বন্ধে বলা যাক্। সাধারণতঃ প্রাসদ ব। গৃহ প্রাঙ্গণে একটা বিরাট কুগু বা শুহ নির্ম্মিত থাকতো। প্রয়োজনবাধে এই কুণ্ডে কার্চ স্থাপন করে অগ্নি সংযোগ করা হয়েছে। বিপদ বুনে সতীত্ব রক্ষার্থে দলে দলে ভারতীয় ললনারা এই অগ্নিকুণ্ডে ঝাঁপিয়ে পড়ে প্রাণ বিদর্জন দিয়েছেন। রামচরিত অহুসারে এইরূপ অগ্নিকুণ্ডে প্রথম প্রবেশ করেন রামাইণাক্ত সীতা দেবী আত্ম-পরীক্ষার্থে। পরবর্তী যুগে ভারতীয় ললনারা আত্মরক্ষার্থে এই রামায়ণোক্ত প্রথাই বেছে নিয়েছিলেন।

এদেশে বহু যুদ্ধ-ব্যবসাথী শ্রেণী ছিল যারা যুদ্ধস্থলে আপন আপন পরিবারবর্গকেও নিয়ে যেতেন। স্বল্প দ্রে নিরাপদ স্থানে শিবিরে আপন আপন স্ত্রী-পুত্রকে রেথে এরা যুদ্ধে যেতেন। নিজেদের বীরত্ব এবং সাহসের উপর আস্থা থাকার কারণে এই রীতি এদের মধ্যে প্রচলিত হয়েছে। এক রাজা অপর রাজার সহিত যুদ্ধে এদের প্রায়ই আহ্বান করতেন। ভারতের যুদ্ধে জয়পরাজয়ের জন্ম নারীর সম্মানের কখনও হানি ঘটেনি। এই ব্যাপারে ভারতের কৃষক শ্রেণীর এবং ব্যবসায়ীদেরও কোনও অস্থ্রিধা হয় নি। স্ত্রী-পুত্র সম্বন্ধে এজন্ম তাঁরা নিশ্বিস্ত ছিলেন। কিন্তু যবন আক্রেমণের সময় এই প্রথায় বিপদ ঘটে। এইজন্ম কোনও এক যুদ্ধে পরাজিত হওয়ার পর স্ত্রী-পুত্রকে এদের স্বহস্তে নিধন করতে

হয়েছিল। তা না হলে এদের অনেককেই অপহত বা ধর্ষিত হতে হতো। এই সকল বীর যোদ্ধদলের বহু নারী এই সময় অগ্নিকৃণ্ডে প্রবেশ করে প্রাণ ত্যাগ করেছিলেন।

চিতোর নগরীর পতনের পর মহারাণী পদ্মিনী দেবী তাঁর পরিবারবর্গ এবং সহচরীগণসহ এইরূপ জহরত্রত দারা আপন আপন সতীত্ব ও পারি-বারিক সম্মান অক্ষম্প রেখেছিলেন। ভারতীয় ইতিহাসের ইহা এক স্মরণীয় ঘটনা। উভ সাহেবের রাজস্থানে ইহার উল্লেখ আছে। বিদেশীয় কামলুর নুগতি ও সৈত্তগণ যখন ঐ প্রাসাদে প্রবেশ করলো, তখন সেখানে এক-খানি তরবারিও তাদের বাধা দেয় নি। কারণ বাধা দেবার জন্ম কেইই সেথানে অবশিষ্ট ছিল না। ঐ স্থানে পুরুষমাত্রই বহু শত্রু নিধন করে নিজেরাও একে একে নিহত হয়েছে। কিন্তু রমণীগণ গেল কোথায় ? বিদেশী সম্রাট জনমানৰ শৃত্য কক্ষগুলির মধ্য দিয়া অগ্রসর হতে থাকেন; खी ना शूक्ष, त्कान अ भाज्यहे जात्मत गिज्ताम करत नि। शतिरमत्य প্রাঙ্গণে এদে তাদের গতি সত্য সত্যই রুদ্ধ হয়ে যায়। তারা অবাক হয়ে পরিলক্ষ্য করেন যে বিরাট এক গহার হতে লকলকে অগ্নিশিখা ধুম নির্গত করে কুণ্ডলীকারে উপরে উঠেছে। এর পর তাঁর বুঝতে আর কিছু বাকী থাকে নি। শত শত ভারতীয় ললনার অগ্নিদ্যা দেহের মাত্র ঘাণ গ্রহণ করে তাঁকে ত্বরিত গতিতে ঐ স্থান ত্যাগ করতে হয়েছিল ৷

বঙ্গদেশে এইরূপ ত্ইটি ঐতিহাসিক জহরত্রত আজও পর্য্যন্ত স্মরণীয় হয়ে আছে। কোনও এক সামস্তরাজাকে একদা নবাব সরকার তলব করে পাঠান। ঐ সামস্তরাজের ধারণা হয় যে রাজধানীতে এলে তাঁকে অবাধ্যতার কারণে হয়তো নিহত করা হবে। এই কারণে তিনি একটা শিক্ষিত পারাবতকে সঙ্গে নিয়ে যান এবং মহিবীদের বলে যান যদি এই

৪৭ আত্মহত্যা

পারাবত ফিরে আদে তা'হলে তোমরা বুঝবে আমি নিহত হয়েছি। নবাব বাহাত্বর কিন্তু মহাসমাদরে এই বীর বালালী রাজার সহিত সন্ধি-স্থাপন করেছিলেন, কিন্তু তুর্ভাগ্যক্রমে ঐ পারাবভটী দৈবক্রমে মুক্ত হয়ে রাজবাড়ীতে ফিরে এসেছিল। পারাবতকে ফিরতে দেখে মহিষীরা বুঝে নিলেন যে রাজা নিহত হয়েছেন, ফলে তাঁরা সকলেই জহরত্রত দ্বারা প্রাণ বিসর্জন করেছিলেন। সামস্তরাজ ত্বরিত গতিতে বাড়ী ফিরে দেখলেন তাঁর প্রিয়তম মহিষীরা ইতিমধ্যেই তাঁকে ছেডে চলে গিয়েছে। এর পর তাঁর স্বাস্থ্য ভেঙে পড়ে এবং কিছুদিন পর তিনিও প্রাণত্যাগ করেন। দ্বিতীয় ঘটনাটী ছিল আরও চমকপ্রদ। বাঙ্গলা দেশের বহু অংশ মোদলেমগণ দারা বিজিত হলেও উহার কোনও কোনও অংশ তথনও স্বাধীন ছিল। পশ্চিম বঙ্গের কোনও এক অংশের রাজা বারে বারে এই বিদেশী শত্রুদের পরাজিত করে শেষ দিন পর্য্যস্ত श्वाधीन हिल्लन, किन्ह (य कान अ कातराई हाक अकिन जिन अक মুসলমান রমণীর প্রেমে পড়ে তার বাধ্য হয়ে উঠলেন। এমন কি তাঁর সমুদ্য প্রজাগণসহ একদিনেই গণধর্মান্তর (Mass-conversion) দারা মুদলমান ধর্ম অবলম্বন করতে তিনি বন্ধপরিকর হলেন। কিছুতেই তাঁকে এই অপকার্য্য হ'তে নিরস্ত করতে না পারে রাজমহিষী অতর্কিতে আপন স্বামীকে নিহত করে প্রজাদের রক্ষা করেছিলেন, কিন্তু পরে তিনি জহর-ব্রত পালন দ্বারা হাসতে হাসতে প্রাণ ত্যাগ ক'রে এই স্বামী ও রাজ-হত্যা রূপ পাপের প্রায়শ্চিত্ত করেছিলেন।

অপহাতা বা ধর্ষিতা নারীদের এইদেশে বেঁচে থাকা বা না থাকা সমান কথা। প্রায়শঃক্ষেত্রে এরা সমাজে তাদের পূর্বে প্রতিষ্ঠা ফিরে পায় নি। সমাজ তাদের কীটদষ্ট মনে করেছে। এমন কি, ঐ নারী নিজেকেও অপবিত্র মনে করে মৃত্যু যন্ত্রণা অমুভব করেছে। এদের কেউ কেউ ফিরে এসে স্বামীগৃহে দাদীবৃত্তি করেছে। কিন্তু তাদের স্বামীকে তার দেহ স্পর্শ করতে দেয় নি, এই ভেবে যে তার এই অপবিত্র দেহ স্পর্শ করলে স্বামীর অমঙ্গল হবে। অনেক অপহতা ও ধর্ষিতা নারী অনাহারে থেকে বা অভ্য কোনও প্রত্যক্ষ উপাক্ষে আত্মবিনাদ করেও মানদিক যন্ত্রণা হতে মুক্ত হয়েছে।

সামাজিক সংস্থার ও অশৈশব বাক্-প্রয়োগ বা শিক্ষাদীক্ষা এই অবস্থার জন্মে দায়ী। অত্যধিক সম্মান-জ্ঞান অনেক সময় মনো-বিকারেরও কারণ হয়। এই মনোবিকার হতে ব্যক্তি বিশেষের স্থায় সমাজ তথা জাতিও ভূগে থাকে। এই কারণে, সামান্থ অসম্মান বা তার সম্ভাবনা এদেশের বহু নরনারীকে আত্মহত্যা করতে প্রয়োচিত করে।

অন্তান্ত সমাজ বা জাতির চিন্তাধারা কিন্তু সম্পূর্ণক্রপ বিপরীত হয়ে থাকে। নারীর ইচ্ছাকৃত পদস্থলন এঁরা সাময়িক তুর্বলতা মনে করে বারে বারে ক্ষমা করেছেন। সামান্ত ভর্গনাই এজন্ত যথেষ্ট মনে করা হয়। বিধবা বিবাহ এই সকল সমাজে প্রচলিত থাকার কারণে এদের চিস্তাধারা ভিন্নক্রপ থাকে। এখানে দেহের অপবিত্রতার প্রশ্ন উঠে না, প্রশ্ন উঠে অধিকারের বা উচিত অন্তচিতের। ঐ দেশের বছ বধু বা কফা শুপ্তচরের কার্য্যে শক্রর সহিত সহবাস করতেও কুন্তিত হয় নি। কিন্তু এজন্ত তাদের কেন্ট ঘুণা করে নি বরং সন্মান করেছে।

এদেশের অনেকের ধারণ। অগ্নি সর্ক পাপ অপহারক। এইজন্ত অনেকে পাপস্থালেনর জন্তও এই জহরত্রত পালন করেছেন।

মধ্যযুগের বিদেশী যোদ্ধাদের রীতি ছিল যে কোনও এক যোদ্ধাকে নিহত করার পর তার রাজ্য দ্রব্যাদি সহ তার নারীদেরও অধিকার করা। এই রীতি ভারতীয়রা সর্ব্বকালেই ভরাবহ ও নীতিবিরুদ্ধ মদে করেছেন। এইরূপ অবস্থায় ভারতীয় নারীদের আত্মহত্যা করা ছাড়

৪৯ আত্মহত্যা

উপায়ও ছিল না। এই পাপ নীতি ভারতীরর। সর্ব্যুগই স্থা করে এসেছেন। রাজা শিবাজীর কাহিনী এর প্রকৃষ্ট উদাহরণ। কোনও এক মুদলমান রগনেতার নিধনের পর তাঁর পরমা স্করী বেগমকে মহারাজ শিবাজীর নিকট আনা হলে, তিনি মুন্ম হ'যে বলেছিলেন, 'মা! আমার মা যদি তোমার মত স্কর হ'তো তা'হলে আমিও স্কর হতাম। যাও মা, তোমার গৃহে ফিরে যাও, এই হিন্দু রাষ্ট্রে তুমি সম্পূর্ণ নিরাপদ।' এর পর মহা সম্মান সহকারে এই নারীকে দিল্লী নগরীতে পাঠিয়ে দেওয়া হয়েছিল। এই হচ্ছে ভারতীয় সভ্যতার মর্ম্ম কথা। তারা নারীর সম্মান বুঝে তাই কোন অবস্থাতেই তা তারা ক্ষুপ্প করে নি। হিন্দু বাহিনীর কোনও সৈম্ম নারীর উপর অত্যাচার করলে তাকে কঠোরতর সাজা দেওয়া হয়েছে। নারীর সম্মান হিন্দুদের প্রাণাপেকা প্রিয় ছিল। তাই এরা এজন্ম প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করে নি। সেই দিনও নোয়াথালির কোনও যুবক তার ভগ্নীকে রক্ষা করতে অপারক হয়ে সহস্তে তাকে হত্যা করতে বিশ্বমাত্রও ইতন্ততঃ করে নি।

িনোয়াখালির ব্যাপক সাম্প্রদায়িক হত্যাকাণ্ডের সময় এইরূপ বহু ঘটনা ঘটেছে। আপন পরিবারস্থ নারীদের রক্ষা করতে অপারক হরে পিতা প্রত্রীকে, প্রাতা ভল্লীকে এবং স্বামী স্ত্রীকে বধ করতে বাধ্য হয়েছে। কোনও পরিবার আপন আপন কুটিরে অল্লি সংযোগ করে পরিবারবর্গসহ অল্লিন্ম হয়েছিল, কিন্তু তা সভ্যেও তারা নারীর সন্মান অক্ল্প্র রেখেছিল। অন্ত দিকে প্রক্রগণ নিশ্চিত মৃত্যু বুঝেও সংখ্যাপ্তরু দম্যুদলকে প্রতিরোধ করতে ইতন্ততঃ করে নি।

মহারাজ শিবাজী বুদ্ধের কারণে শঠতা বা ধূর্ততার আশ্রের নিতে কুঠাবোধ করেন নি। কিন্ত যখনই তিনি বুঝেছেন যে তাঁর অধিকৃত সুর্বের পতন অবশ্রজ্ঞাবী এবং ঐ সুর্বের পতনের পার সুর্বের সামস্ত ও সেদাপতিদের পরিবারবর্গের সম্মানহায়ির সম্ভাবনা আছে,—তথনই মাত্র তিনি রাজা জয়সিংহের পরিচালিত মোসলেম বাহিনীর নিকট পরাজয় স্বীকার করে অকারণে নিজে আম্মসমর্শণ করেছেন, কিন্তু তা তিনি করেছেন এই সর্ভে যে তুর্গের কুলনারীদের নিরাপদে বার হয়ে যেতে দেওয়া হবে। এই ভাবে কুলনারীগণ নিরাপদে অন্তত্ত্ব অপরসারিত হবার পর স্থযোগমত পুনরায় তিনি অস্ত্রধারণ করেছেন।

अधीमा - अत्तर्भात विवाह विष्कृतमत अथा तनहे, कात्रन अत्मिश्तरमत ধারণা স্বামী-স্ত্রীর সম্পর্ক কেবল এ জন্মের নয় জন্মজন্মান্তরের; মৃত্যুর পরও এই সম্পর্ক অকুপ্প থাকবে—ভারতীয় মাত্রেই এই কথা বিশ্বাস করেন। নারীর পুন: বিবাহ এদেশীয়দের কল্পনার বাহিরে। অন্তান্ত দেশে কেবলমাত্র পতি-প্রীতি আছে, কিন্তু এদেশে এই প্রীতির সহিত আছে ভক্তি। পতিগত-প্রাণা ভারতীয় নারীরা স্বামীর অবর্তমানে বেঁচে পাকা প্রয়োজন মনে করেন না। এছাড়া বৈধব্য যন্ত্রণা, এদেশে সত্যই অসহনীয়। অনেকে আবার এ'ও বিশ্বাস করেন যে, মৃত্যু বরণ করে এরা মৃত স্বামীর দহিত পুনমিলিত হতে সক্ষম। এই সকল কারণে বছ পতিব্রতা সতী নারী স্বেচ্ছায় স্বামীর জ্বলম্ভ চিতায় আরোহণ করেছেন। সতীদাহের অপর নাম চিতারোহণ, সহমরণ ইত্যাদি। দাহ্যান শুদ কাষ্ট দ্বারা এই চিতা নিস্মিত হয়ে থাকে। সতী রমণীগণ স্বামীর মৃতদেহ ক্রোডে নিয়ে ঐ চিতার উপর উপবেশন করলে পড়শিগণ ঐ চিতার অগ্নি সংযোগ করতো। সতী রমণীগণ ধীর-স্থিরভাবে নিজেদের ঐক্সপে দথ করে মৃত্যুবরণ করেছেন। তাঁদের হৃদয় এজভ একটু মাত্র কম্পিত হয় নি।

যে পরিবারে সতীদাহ হয়েছে সেই পরিবার অপরের ঈর্ষার পাত্র হতো। সতীর পরণে^ই লাল চেলী, আল্তা এবং পারের ছাপ শুভ দ্রব্য- **৫১** আত্মহত্যা

রূপে এদেশে বিবেচিত হয়েছে। স্বর্গগতা এই সতী প্রপিতামহীদের চেলী বা পদচিছ স্পর্শ করে বহু পরিবারের অধন্তন প্রদেষে বালকেরা আজও পর্য্যস্ত ওভকার্য্যে বার হয়। এই সম্বন্ধে নিয়ের বির্তিটী প্রণিধানযোগ্য।

"আমাদের বংশের কোনও এক প্রপিতামহী ছ্'শ বংসর পুর্বের সতী হয়েছিলেন। সেই বিগত দিনের স্মৃতি স্বরূপ একটী পুরাতন জীর্ণ লাল চেলী ঠাকুরমাতার বাক্সে এতদিন পর্য্যন্ত রক্ষিত আছে। আমরা পরীক্ষার জন্ম বা চাকুরী প্রাপ্তির আশায় বাহির হলে ঠাকুরমাতা ঐ শাড়ীর একটু অংশ আমাদের পকেটে রেখে দিতেন। আমরা প্রতি কার্য্যে, মামলা-মকর্দ্মায় এই বস্ত্রখণ্ড শুভ দ্রব্য ও পাথেয়ক্সপে ব্যবহার করেছি, সফলতাও পেয়েছি।"

্রি ছাড়া অপর আর একটা বস্তর্থণ্ডও শুভদ্রব্যরূপে আমরা ব্যবহার কর তাম। আমানের বাস্ত ভিটার উঠানে গভীর রাত্রে মধ্যে মধ্যে গোখুরা সাপের শভ্র্ম লাগতো। সর্প জীবের যৌন-সঙ্গমকে সাধারণ ভাবে "শভ্র্ম লাগা" বলা হয়। এই সময় এরা খাড়া হয়ে বারেক বামে বারেক ডাইনে হেলে পরস্পারের গাত্র স্পর্শ করে। এই শভ্র্ম লাগা মাত্র ঠাকুরমাতা সিঁছর মাথা একখণ্ড বস্ত্র নিকটে ফেলে দিয়েছেন। এরা কিছুক্ষণ বস্ত্রটীর উপর গড়াগড়ি করে বা খেলা করে স্থান ত্যাগ করলে বস্ত্রটী তিনি উঠিয়ে এনেছেন শুভকার্য্যে ব্যবহারের জন্তে।

দল বেঁধে মরা অতি সহজ কিন্তু একাকী মরা সহজ নয়। এই দিক হ'তে বিচার করলে আমাদের পিতামহী, প্রপিতামহীরা অত্যন্ত সাহসী ছিল তা স্বীকার্য্য। এইরূপ আত্মদান সাহসী বীর জাতিয় রমণীরাই, প্রদর্শন করতে পারে। ভীক্ষরা পারে না।

এই সতীদাহ প্রথা প্রথমে কির্মণে প্রবর্ত্তিত হয় তা বলা শক্ত।

সম্ভবত: কোনও এক সময়ে কোনও এক নারী পতি শোকে বিহবলা হয়ে এই রূপে আত্মহত্যা করেছিলেন। এর পর এঁর প্রদর্শিত পছায় বোধ হয় আরও বছ নারী এইভাবে প্রাণত্যাগ করেন। পরে এই প্রথা ব্যাপকতা লাভ ক'রে সামাজিক মর্য্যাদা লাভ করেছিল। পুনবিবাহ সমাজে প্রচলিত না থাকায় এই প্রথার কেহ বিরুদ্ধাচরণ করে নি। বল্পত: বাল-বিধবাদের পক্ষে সারা জীবন বৈধব্য যন্ত্রণা ভোগ করা অপেকা এই পথ শ্রের ছিল। এই সময় জনহিতকর কার্য্যে আত্মনিয়োগ ক'রে ভূলে থাকার স্থযোগ স্থবিধা বিধবাদের ছিল না। ভারতে বিদেশী শাসন প্রবৃত্তিত হবার পর নারীগণ পর্দার মধ্যে আশ্রয় নিতে বাধ্য হয়। এইরূপ ব্যবস্থা প্রবৃত্তিত না হলে এদের অপহত হওয়ার সভাবনা हिन। পर्फा-अथात अवर्षन इखतात ज्ञाल नातीगण वोह्न अभगीतनत স্থার জনহিতকর কার্য্যে বাহির হতে পারে নি। শ্রীচৈতন্মের প্রাত্তাব হওয়ার পূর্ব্ব পর্যান্ত বাঙ্গালী নারীগণ জনহিতকর বা ধর্ম প্রচারের কার্য্যে পুনরায় বাড়ীর বার হওয়া কল্পনা করে নি। মোদলেম সৈনিকগণ সকলেই नातीमह এদেশে আদেন नि। এদের অনেকে এদেশ হতে নারী সংগ্রহ করেছেন। কিন্ত এঁরা ধর্মীয় শাসন অমুযায়ী সংবা नादीर्दित कम व्यवहान कर्तिष्ट्न। व्याक्तमनकादिशरगद विश्वा धवः क्यातीरात উপরই তাঁদের लक्ष्य हिल। এই ष्म्य এদেশে বাল্য-বিবাহের প্রচলন হয় এবং তৎসহ সতীদাহ প্রথাও উৎসাহ প্রাপ্ত হয়।

অল্প বয়ঝা বিধবাদের বাকি জীবনটুকু অতিবাহিত করা কটকর হতো। এমন কি এদের পদখলন হওয়াও অসম্ভব ছিল না। এই সকল কারণে অভিভাবকগণ এদের এই কার্য্যে বাধা ভো দেনই নি, বরং এই বিষয়ে তাঁরা উৎসাহই দিয়েছেন। দেশের রাণী ও সামস্ভরাজদের ব্ধুগণের পক্ষে সহ্মরণ অবশ্র কর্ত্ব্য ছিল। কারণ দেশের রাণীরঃ রাণীরূপেই প্রাণ ত্যাগ কর। অধিক পছন্দ করেছেন। কিছ সকল ক্ষেত্রেই নারী মাত্রেই যে স্বেচ্ছায় মৃত্যুবরণ করেছেন তা'ও নয়। অনেকে স্বেচ্চায় চিতায় আরোহণ ক'রে শেষ পর্য্যন্ত মনোবল অকুপ্ত রাথতে পারেন নি। কেহ কেহ আর্ডনাদ করে উঠে পালাতেও প্রয়াস পেয়েছেন, কিন্তু এই আত্মগ্রানিকর প্রচেষ্টা পারিবারিক অসম্মানরূপে বিবেচিত হতো। এইজন্ম এদের আছারক্ষার চেষ্টায় সর্বাদাই বাধা দেওয়া श्राह । ঢाक ঢान, ও করতালের উচ্চ निনাদের হারা তাঁদের পরিজনবর্গ ও প্রতিবেশিগণ তাদের এই মর্মতেদী আর্ডনাদ রুদ্ধ করে দিতেন। যাতে এদের মর্মান্তিক চীৎকার কেউ শুনতে না পায়. তার জন্ম ঢাক ঢোল প্রভৃতি বাত্মের ব্যবস্থা করা হতো। কখনও উচ্চবংশীয়াদের সহমরণের সময় হন্তী যুগ নিয়ে আসা হয়েছে উচ্চনাদ করবার জন্মে। বাছা স্থক্ষ হওয়া মাত্র হন্তীর উচ্চনাদে অশ্বের হেবা রবে ও জনতার উল্লসিত চীৎকারে অভাগিনীদের শেষ আর্ত্তনাদ চাপা পড়ে গিয়েছে। কোনও কোনও ক্লেত্রে প্লার্মান নারীদের জ্লন্ত চিতার উপর বাঁশ দিয়ে চেপে ধরে রাখাও হয়েছিল। তবে আভ্যন্তরিক ধাকা বা Shockএর কারণে অগ্নিদম্ম হওয়া মাত্র এদের অনেকেই উত্থান শক্তি রহিত হয়ে পড়তেন। এঁদের কেহ কেহ ভয়ে অজ্ঞান হয়েও পড়েছেন। এজন্ত সহজেই এদের দহন কার্য্য অসম্পাদিত হ'তে পেরেছ। বাধ্যতামূলক সহমরণের দৃষ্টাস্ত স্বরূপ নিম্নের ঐতিহাসিক ঘটনার কথা উল্লেখ করা যেতে পারে।

"কোনও এক মারাঠা সেনানায়ক বিবাহ আদরে বিবাহের জন্মে আদছিলেন। কিন্তু ইতি পূর্ব্বেই কোনও এক মুসলমান ওমরাহ কন্ধার বাড়ী চড়াও করে ঐ বাগদন্তা কন্থাকে বলপূর্ব্বক অপহরণ করে নিয়ে বায়। এর বহু পরে মারাঠা খন্তর ও জামাতা শক্তি সংগ্রহ

করে ঐ মুসলমান ওমরাহকে আক্রমণ করে তাঁকে নিধন করেছিলেন।
কিন্তু ছুর্ভাগ্যক্রমে এই যুদ্ধে ঐ মারাঠা বীরের বাক্দন্ত জামাতাও মারা
যায়। মারাঠা পিতা বাহুবলে ক্যাকে শক্রর কবল হতে উদ্ধার করতে
সমর্থ ছয়েছিলেন, কিন্তু ইতিমধ্যে ঐ মোসলেম ওমরাহ তাকে বলপুর্বক
বিবাহ করে ফেলেছিল এবং তার ওরুসে সে সন্তানসম্ভবাও হয়ে
পড়েছে। কিন্তু তা সন্ত্বেও ঐ ক্যাকে বাক্দন্ত স্বামীর চিতায় আরোহণ
করতে বাধ্য করা হয়েছিল। পিতা তার ঐ কীটদন্ত অন্তচি প্রাপ্তা
ক্যাকে জীবিত রাথতে পারেন নি। বাক্দানকেই প্রকৃত বিবাহের
মর্য্যাদা দিয়ে তিনি ক্যাকে এইভাবে হত্যা করেছিলেন।"

ইংরাজ শাসনের সময় ভারতের বড় লাট লর্ড বেন্টিছ বাংলাদেশ হতে এই সতীদাহ প্রথা প্রথম লুপ্ত করেন্। এজন্ম তাঁকে কঠোরতম আইন প্রণয়ন করতে হয়েছিল। এমন কি, যে পরিবারে সতীদাহ হবে সেই পরিবারের কোনও ব্যক্তিকে রাজ সরকারে কোনওচাকুরী দেওয়াও তিনি নিষিদ্ধ করেছিলেন। বহু চেষ্টার পর তিনি এই ব্যাপক প্রথা বাংলাদেশ হ'তে রহিত করতে পেরেছিলেন। সতীদাহ রহিত করবার জন্মে ক্লেত্রবিশেষে সৈন্ম ব্যবহারও করতে হয়েছিল। শোনা গিয়েছে যে, কোনও এক ইংরাজ এইভাবে একজন নারীকে জ্লেন্ত চিতা হতে উদ্ধার করে তাকে বিবাহ করেছিলেন। কলিকাতার সেন্ট জনস্ চার্চের প্রাঙ্গনে এই মহিলাটীর এবং তাঁর দিতীয় স্বামীর কবর আজ পর্যান্ত বর্ত্তমান আছে। কোনও কোনও ক্লেত্রে দারণ বৃষ্টিপাতও ঝঞ্চাবাত্যার কারণে লোকজন পলায়ন করলে বা দ্বে চলে গেলে বৃষ্টির কারণে নির্কাপিত চিতা হতে অর্দ্ধদ্ম অবস্থায় নেমে এদে কোনও কোনও নারী প্রায়নও করেছেন।

সতীদাহ প্রথা রহিত হওয়ার ফল ভালো বা মন্দ হয়েছে, সেই সম্বন্ধে

এদেশে বর্জমানকালে কোনও মতভেদ নাই। আমাদের বাড়ীতে ছই একজন অপুত্রক বিধবা পিসিমা বা মাসীমা না ধাকলে আমাদের অনেকেই স্মুষ্ঠভাবে মাস্থ্য হতে পারতাম না। এঁরাই আমাদের সমাজে অবৈতনিক ধাত্রীর কার্য্য করেছেন। মারের চেয়ে অধিক যত্ত্বে তাঁরা আমাদের লালন পালন করেছেন। এঁরা সর্কাকালেই এ দেশীয় পরিবারে সর্কাম্যী কর্ত্ত্রপে অবস্থান করেছেন। কেবলমাত্র কোনও একটা পরিবারের লোকজনের। নয়, গ্রামের সকল পরিবারই এঁদের মুখাপেক্ষী হয়ে থেকেছে। এদের পরামর্শে ও সাহায্যে সন্তান-প্রসব, সন্তান-পালন, কাজকর্ম্ম, পূজা, উৎসব, শ্রাদ্ধ, রোগ-শান্তি প্রভৃতি স্মূর্ভাবে তারা সমাধিত করেছে।

সতীলাহ প্রথা এদেশে একণে লুপ্ত হয়েছে কিন্তু তা সত্ত্বেও কোনও কোনও সময় এই অপকার্য্য আজও সাধিত হয়। নিম্নে এই সম্বন্ধে চিন্তাকর্ষক উল্লেখযোগ্য এক মামলার কাহিনী উদ্ধৃত করলাম।

"এই সতীদাহ মামলার ১৯২৮ সালে পাটনার দায়রা জজের আদালতে বিচার হয়েছিল। ২১শে নভেম্বর পাঁচটার সময় বিহার প্রদেশের বারার সন্নিকটস্থ ভার্ণা গ্রামের এক রাস্তায় একটা বিরাট মিছিল জনৈক শান্তিরক্ষকের দৃষ্টি গোচর হয়। জিজ্ঞাসাবাদ দারা ঐ শান্তিরক্ষকটা জানতে পারে যে, কেশ-পাণ্ডের বিংশতি বৎসর বয়স্বা কন্তা সাম্পতি সহমরণে চলেছে। এই মিছিলে পাণ্ডে আছ্গণ সহ ঐ কন্তার বহু আত্মীয় ও অনাত্মীয়—সর্ব্ব সমেত প্রায় দুই তিন শত ব্যক্তি যোগ দিয়েছিল।

অবস্থা গুরুতর বুঝে ঐ শান্তিরক্ষক নিকটস্থ কোতোয়ালীতে সংবাদ দেয়। পরে সে তাহার সহযোগীদের সাহায্যে তাদের এই আইন বিরুদ্ধ কার্য্য হতে নিরম্ভ করতে চেষ্টা করে। কিন্তু জনতা উত্তেজিত হয়ে তাদের কোনও কথাতেই কর্ণপাত করে না। কারণ ঐ কছাটীকে এবং জনতাকে বুঝানো হয়েছিল যে এক পুত: অগ্নি সহস। সতীর আসনের নিম হতে নির্গত হবে এবং ঐ অগ্নিলিখা সতীনারী এবং তার পতি সহ শৃষ্টে অন্তহিত হবে। এই অগ্নিজালাবে দেবতায়, মাহুবে নয়।

সংবাদ পেয়ে থানার দারোগার পরে ঐ সারকেলের ইনস্পেক্টার অকুন্থলে এসে জনতাকে তাড়িয়ে দিয়ে শবদেহ পুলিশের হেপাজতে গঙ্গার ঘাটে পাঠিয়ে দেয়। সাম্পতিকেও তারা বুঝায় যে, এই স্বয়ংক্রিয় পুত অয়ি সম্বদ্ধে তাকে যা বলা হয়েছে তা ভিত্তিহীন ও অসত্য। এর পর প্লিশের লোকেরা তাকে এক সহচরীর জিম্মায় একায় ত্লে বাড়ী পাঠিয়ে দেয়। কিন্তু পরে ঐ পাণ্ডে আভ্রন্থ পথিমধ্যে ঐ সতীরাণীকে পাকড়াও করে তাকে গঙ্গার তীরে নিয়ে আসে। এই সময় শ্মশানে প্রায় চার পাঁচ সহস্র লোক বিভিন্ন গ্রাম হতে এদে জড় হয়েছে। স্বয় সংখ্যক রক্ষীদল প্রাণপণ চেষ্টা করেও তাদের হটাতে পারে না। জনতা পুলিশকে রূপে সমস্বরে চীৎকার করছিল—'জয়, সতী মায়ী কি

এর পর সহস্রাতা সাম্পতি নৃতন লাল পেড়ে কাপড় পরে মৃত স্থামীর দেহ ক্রোড়ে করে চিতায় উঠে পৃত অগ্নির আবির্ভাবের অপেক্ষায় বঙ্গে রইলো। একথা সত্য যে কেহ কাহাকে ঐ চিতায় অগ্নি দিতে দেখে নি। বরং তারা সহসা সতীর বস্ত্রাভ্যন্তর হতে দাউ দাউ করে অগ্নি অলে উঠতে দেখেছে। কিছু অগ্নি যে ভাবেই অলুক না কেন । অগ্নি আগ্নই; দহনের জালায় অন্থির হয়ে সাম্পতি চিতা হতে লাফ দিয়ে পড়ে পার্শ্ববর্ত্তী গলায় ঝাঁগ দেয়। গলার স্রোতে বহুদ্র পর্য্যন্ত সাম্পতি অসহায় অবস্থায় তেনে গিয়েছিল। বিপাক বুঝে পাতে আতৃষয় চীৎকার করে বলেছিল, সাম্পতি গলায় ভূবে মরো, নইলে মহা পাপের ভাগী হবে। ইতিমধ্যে

আরও বহু পুলিশ বিভিন্ন ছান হতে সেখানে এসে গিরেছে। বহু চেষ্টা করে নৌকা যোগে তারা সাম্পতিকে ডাঙ্গার ঘাটে তুলে আনলো। কিছু ধর্মান্ধ কুশংস্কারছের জনতা পুলিশের এই আচরণ পছন্দ করে নি। তারা পুলিশকে আক্রমণ করে তাড়িয়ে দিয়েছিল। সংখ্যালঘু পুলিশ এই জনতার সহস্র সহস্র ব্যক্তিকে প্রতিরোধ করতে পারলো না। এর পর ছই রাত্রি ও ছই দিন অজ্ঞান অবস্থার সাম্পতি ঐ ঘাটে পড়ে রইলো। পরে মহকুমা হাকিম উপযুক্ত সংখ্যক শান্ত্রীসহ অকুছলে এসে তাকে সহরের হাসপাতালে স্থানান্তরিত করেন। এরও একদিন পর ২৫শে নভেম্বর সাম্পতি সকল যন্ত্রণা অভিক্রম করে ইহলোক ত্যাগ করে। এদিকে জনতা কিছু গঙ্গার ঘাট ত্যাগ করে নি। তারা ঐ স্থানে একটা সভী-বেদী তৈরী করে সাম্পতির উদ্দেশে পুসাঞ্জলি দিতে সুক্ষ করে দিলে।"

কিন্ত মহুশ্য-প্রচেষ্টা ব্যতিরেকে এই পৃত অগ্নি এলো কোণা হোতে ? এই সছদ্ধে দায়রা বিচারক স্থার কোরটণি টেরেল তাঁরে রায়ে এইরূপ মস্তব্য প্রকাশ করেছিলেন।

"পাণ্ডে ভ্রান্থয় নিজেরা অগ্নি সংযোগ নিশ্চয় করে নি, কারণ এরদ্বারা তার। কাঁদীর পথে এগিয়ে যেতো। তা ছাড়া নিজেরা অগ্নি প্রদান করলে সাম্পতি এবং জনতাকে বিশ্বাস করানো যেতো না ষে স্বয়ংক্রিয় পৃত অগ্নির আবির্ভাব হয়েছে। তবে এই অলৌকিক ঘটনা বিশ্বাস করবো এমন বোকা আমরা নই। নিশ্চয়ই এর মধ্যে এমন কোনও ট্রিকস্ ছিল। এই ট্রিকস্ সার্কাস আদিতে বা ম্যাজেসিয়ান কর্ত্ক হাটে ও মেলায় বছবার দেখানো হয়েছে। ঐ চিতার নিয়ে এক অগ্নি-দহন যন্ত্র যে গোপনে স্থাপিত হয়েছিল তাতে সন্দেহ নাই। কিন্তু বিশ্বীয়বার এই বিনষ্ট যন্ত্রটী চিতার মধ্যে পুনঃ স্থাপন করা সম্ভব হয় নি।

আমাদের মতে এইজগুই সাম্পতিকে তারা আত্ম নিমজ্জন করতে বলেছিল।"

[আমার মতে উত্তেজনা বশতঃ সাক্ষিগণ আয়ি আবির্ভাবের প্রকৃত কারণ সম্বন্ধ অবহিত হতে পারে নি। পূর্ব্ব হতেই তারা বিশ্বাস করেছিল যে অলৌকিক ভাবে অয়ির আবির্ভাব হবে। এই কারণে বছকার্য্য তারা দেখেও দেখতে পায় নি। যা তারা মনে প্রাণে বিশ্বাস করেছে তাদের মনে হয়েছে তারা বৃথি তাই দেখেছে। উত্তেজনা প্রায়ই মায়ুষের সহজ দৃষ্টি ও চিম্বা শক্তি অপহাত করে। এইজন্মে তারা যা ভেবেছিল পূনঃ পূনঃ চিম্বা হারা তাই তারা দেখেছে বলে বিশ্বাস করেছে। অপরের নিকট হতে শোনা কথাও পূনঃ পূনঃ চিম্বা হারা সত্যই ঘটেছে ব'লে বিশ্বাস করানও অসম্বন নয়। তা ছাড়া গোলমাল উত্তেজনা ও ভীড়ের মধ্যে বছ দ্রব্য দৃষ্টিগোচর হয়েও হয় না। এই পুত্তকের দ্বিতীয় থণ্ডে মিথাচরণ প্রেক্টি পাঠ করলে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।]

নিম্ন আদালতে আত্মহত্যার প্রচেষ্টায় সহযোগিতা করার অপরাধে পাণ্ডে ভ্রাতৃত্ব ও তাহাদের সহকারীদের ভারতীয় দণ্ড বিধির ১৪৯ এবং ৩০৬ ধারা মতে বিচার হয়েছিল।

পাটনার উচ্চ আদালতে মামলাটীর আপীল হলে মহামান্ত বিচারকদ্বয স্থার কোর্টলি টেবেল এবং জাস্টিস আগারি রায় দানের সময় এই সন্থায়ে মন্তব্য করেছিলেন।

"বলা হয়েছে যে এই আসামিগণ বিশ্বাস করেছিল যে, অলৌকিক ভাবে এই অগ্নির আবির্ভাব হবে। এইজন্তে তাদের অগ্নি সংযোগ সম্পর্কে ১০৭ ধারা মতে ভাঃ দঃ বিঃ-তে অভিযুক্ত করা যায় না। মসুযাকত অগ্নি-দহনের ব্যাপারে তারা নিশ্চয়ই যোগ দিতো না। কিন্তু এক্সেত্রে এই প্রশ্ন উঠে না। কারণ, তারা ঐ বালিকাটীকে আত্মহত্যায়

৫৯ আত্মহত্যা

সাহায্য করার জন্তে অভিযুক্ত হয়েছে। এই আত্মহত্যা অগ্নি সংযোগে কত হয়েছিল; তা এই অগ্নি লৌকিক বা অলৌকিক, যেরূপেই আবিভূতি হোক না কেন ? এইরূপ আত্মসমর্থন আসামীদের উপকারে আসে না।"

ইতিমধ্যে ঐ গঙ্গার তীর মহাতীর্থে পরিণত হয়ে পড়ে। পূর্ব্বাপর সকল কথা বিবেচনা না করে অন্ধ ভড়ের। ঐ সতী-বেদীতে পূজা দিতে থাকে, রৌপ্য মুক্তাও। এই সম্বন্ধেও মহামান্ত বিচারপতিষয় এইরূপ অভিমত প্রকাশ করেছিলেন।

"আমর। ইচ্ছা করি যে, প্রথমতঃ ছৃত্বুতকারীদের সাজা হোক, দিতীয়তঃ যারা এই অসহায়া বালিকাকে নির্য্যাতিত করেছে, তার কুফল তারাও ভোগ করুক, এবং ভৃতীয়তঃ যারা যুক্তি মানে না তারা অন্ততঃ ভয়েও অপকার্য্য হতে নিবৃত্ব হোক। আমরা কেবল ইহলোকের মাহুষকে সাজা দিতে পারি। পরলোক বলে কোনও বন্ধ আছে কি'না জানি না, কিন্তু যদি তা থাকে, তা'হলে যারা এই পার্থিব শান্তি (আইনের ফাঁকে) এড়িয়ে গেল, তারা এখন সাম্পতির ঐ সতী-বেদীতে পুপাঞ্জলি দিয়ে এই বলে প্রার্থনা করুক, সাম্পতি। তোমার অমর আত্মা যেন ভগবানের ছয়ারে আমাদের জন্ত করুণা ভিক্ষা করে।"

নিগমন—দেশপ্রেম ও ধর্মের কারণে আত্মহত্যার নাম 'নিগমন'।
পুরাকালে ভারতীয়দের মাত্র চারিটী ধর্ম ছিল; উহাদের যথাক্রমে বলা
হতো, ব্রহ্মচর্ম্য বা ছাত্রজীবন, গার্হস্থ ধর্ম, বাণপ্রস্থ এবং জ্যোতি। অতি
বৃদ্ধ অবস্থায় দেহ শক্তিহীন হলে হিন্দুগণ ধ্যানস্থ হয়ে বা নিরস্থ উপবাসে
দেহত্যাগ করতেন। ইহাকে আত্মহত্যা বলা যেতে পারে। মধ্যযুগে
কোনও কোনও হিন্দুর বিশ্বাস ছিল, প্রয়াগ তীর্থের অক্ষয় বট বৃক্ষ হতে
উল্লক্ষন স্থারা যমুনায় পড়ে আত্মহত্যা করলে খুনর্জন্ম হয় না। বহুলোক

এইভাবে আত্মহত্যা করেছিল। এইরূপ এক বিশ্বাসে জগরাথদেবের রণচক্রের তলায় মন্তক রেখে বহু লোক আত্মহত্যা করেছে। তবে এইরূপ বিশ্বাস ব্যাপক ভাবে হিন্দুছানে কথনও প্রকট হয় নাই। ধর্মের নামে উপবাস বা রুচ্ছু, সাধন করে যারা তিলে তিলে হুর্বল হয়ে পড়েন এবং তৎজনিত আথেরে অকাল-মৃত্যু বরণ করেন তারা আত্মহত্যাই করেন। এইরূপ অহেত্ক রুচ্ছু সাধনার ধর্মীয় বিধিগুলির বিরুদ্ধে ভগবান বুরুদেব প্রতিবাদ জ্ঞাপন করেছিলেন।

বৈনিকগণ দেশপ্রেমে উব্দ্ধ হয়ে নিশ্চিত মৃত্যু বরণ করতে যুদ্ধে যোগ দেয়। স্বদেশীয় নরনারীর ধন-প্রাণ, নারীর সম্মান বজায়, জীবন ও প্রতিপত্তি এবং সর্কোপরি স্বদেশের স্বাধীনতা রক্ষার জন্ম যুগে যুকেগণ স্বেচ্ছামৃত্যু বরণ করেছে। ক্ষেত্রবিশেষে বাধ্যতা মূলক ভাবেও (Conscription) লোকে যুদ্ধে যোগ দিয়েছে। এইরূপ আত্মদানকে আত্মহত্যা বলা যেতে পারে।

িকেহ কেহ বলেন যুদ্ধাগত প্রত্যেক দৈনিকই মনে করে যে সে ছাড়া আর সকলেই ঐ যুদ্ধে নিহত হবে এবং একমাত্র সে-ই বুক্তরা রিবন বা মেডেল ও বিজয়মাল্য নিয়ে ফিরে আসবে। এইরূপ এক মনোর্ভি ও আশা না থাকলে বহু সৈন্তই স্বেচ্ছায় যুদ্ধে যোগ দিতে। না। এই কারণে সাধারণ বাহিনীতে স্বেচ্ছায় যোগ দিলেও তাদের অনেকেই আত্মহন্তারক বাহিনীতে (Suicide Corps) যোগ দিয়ে নিশ্চিত মৃত্যু বরণ করতে রাজী হন নি।

মধ্যবুগে এই কারণে মোদলেম বাহিনীকে বুঝানো হতো যে মৃত্যু হলে সে স্বর্গে যাবে। স্বর্গ ও নরকে বিশ্বাসী সরলমনা বহু মামুষ মধ্যযুগে স্বর্গস্থ ভোগের জন্তে প্রাণ দিয়েছে। রাজ্য রক্ষার্থে বা স্বার্থের প্রয়োজনে রাজন্তবর্গ ও নেতাগণ প্রজাদের এইজন্ত স্বর্গ সম্বন্ধে বিশ্বাসী করে তুলতেন। মধ্যযুগীর ধর্ম-বিশ্বাস তাদের এই কার্য্যে সাহায্য করেছিল।

প্রাক্ঐতিহাসিক যুগের হিন্দু যোদ্ধ শ্রেণী বা ক্ষত্তিয়দেরও এইরূপ বুঝানো হতো। এমন কি এদের আনেকে যুদ্ধে প্রাণ দেবার জভে আকারণে যুদ্ধ আহ্বান করেছেন। রাজহ্য বা অখ্যেধ যজ্ঞের যুগের রণস্পহার ভিতর ছিল এইরূপ এক বিখাস।

ধর্ম বা স্বজাতি প্রীতি—যে কারণেই হোক যুদ্ধে আত্মদানের

মধ্যে উচ্চ আদর্শ থাকে। এইরূপ আত্মহত্যাকে আমরা আদর্শগত আত্মহত্যা বলবো। সাধারণতঃ হেলায় কেহ প্রাণ দিতে চায় না। অথচ এই মুগে অলীক বিশাস বারা কাহাকেও ভুলানো সম্ভব নয়। এইজন্তে এ যুগে সৈভদের যুদ্ধের প্রাক্তালে আরক ও মাদক পান করানোর রীতি আছে। বাক্-প্রয়োগও মাদকতার কার্য্য করে। এইজন্তে আলামনী বক্তৃতা বারাও স্বদেশপ্রীতি সঞ্চারিত করে রাষ্ট্রবিদগণ ইহাদের স্বেভামৃত্যু মেনে নিতে রাজী করিয়েছেন। এইরূপ আত্মদানের মধ্যে অভ্য আর এক প্রকার মনন্তাত্মিক কারণও থাকে। মাছ্যবের পক্ষে দল বেঁধে মৃত্যু বরণ করা যত সহজ, একক মৃত্যু বরণ করা তার পক্ষে তত সহজ নয়। বহুলোক একত্র থাকলে পরস্পার পরস্পারের মনে গণ-বাক্-প্রয়োগ (Mass suggestion) বারা সাহস সঞ্চার করে। এই ভাবে তারা নৈতিক শক্তি (Morale) অটুট রাখে। এই সময় তারা সংসারের স্থব বা চিন্তা বিবজ্জিত মানব দানবে পরিণত হয়। এই অবস্থায় শির দেওয়া বা নেওয়া তাদের নিকট অমূলক। নিশ্বম নিয়মতান্ত্রিকতাও এ বিষয়ে তাদের

সাহায্য করেছে। এইজন্মে বলা হরে থাকে যে অসহায় গুলি ছুঁড়ে, অসহায় মরে। কোনও কোনও ক্লেত্রে প্রাণভয়ে জীত সৈনিক পালাবাক উপক্রম করা মাত্র তাকে পিছন হ'তে গুলি করেও মারা হয়েছে।

এই অবস্থায় শত্রু নিধন করবার জন্তে অগ্রসর হওয়া ছাড়া তাদের

উপায়ও থাকে নি। উপরস্ক নিরক্ষর উপদলীয় (Tribal) মাস্থদের

চিন্তা শক্তি থাকে কম। এজন্তে তারা কথনও সহজে ভীত হয় না।
জীবন বা মরণ সম্বন্ধে তারা থাকে বেপরোয়া। এই কারশে রাষ্ট্রবিদগণ

সেনাবাহিনীতে এদেরই অধিক সংখ্যায় নিযুক্ত করেছেন। এছাড়া

এদের পরিবারবর্গের বা আহত হলে নিজেদের জন্ত পেনসন্, ভূমিদান,

স্র্যোগ স্থবিধা প্রভৃতিরও প্রতিশ্রুতি তারা এদের দিয়েছেন।

এই সকল কারণে থেয়ালের বা ঝোঁকের মাধার যুদ্ধে যোগ দিয়ে
ইচ্ছাসত্ত্বেও এরা ফিরতে পারেনি। সেনাবাহিনীর নিয়ম কাম্থন

এবং দলত্যাগীদের কঠোর শান্তিও এ বিষয়ে রাষ্ট্রকে সাহায্য

করেছে।

রাজনৈতিক আত্মহত্যার দৃষ্টান্ত স্বরূপ মধ্যবৃগীয় রাজস্থানের রাজকুমারী কৃষ্ণকুমারীর বিষপানের বিষয় উল্লেখ করা যেতে পারে। ছুইজন
পাণিপ্রার্থীর মধ্যে বিরোধের কারণে ঐ রাজ্য ধ্বংস হ্বার উপক্রম হলে
রাজকুমারী স্বরাজ্যের হিতার্থে নিজেকে এই স্বনর্থের মূল কারণ বুঝে
বিষপান করে আত্মহত্যা করেছিলেন।

রাজনৈতিক কারণে মধ্যযুগে বহু রাণী ও রাজকুমারীকে সম্মান রক্ষার্থে বিষপান করতে হয়েছিল। এই কারণে তাঁরা সকল সময়ে বিষাঙ্গুরী ধারণ করতেন। তাঁদের হীরক অঙ্গুরীর মধ্যে উগ্র বিষ ভরা থাকতো। বিপদ অবশুদ্ভাগী বুঝলে বা আকম্মিকভাবে বন্দীকৃত হলে এই বিষ তাঁরা পান করেছেন। মহামানব মহাত্মা গান্ধীও এই অবস্থায় নারীদের সম্মান ও সতীত্ব রক্ষার্থে বিষপানের উপদেশ দিয়েছিলেন। মিশরের মহারাণী ক্লিওপেটরার আন্ধনাশও ইছার অপর দৃষ্ঠান্ত। ৬৩ আত্মহত্যা

নিশ্চিত পরাজয় বুঝে বন্দীকৃত বিষধরকে হাতে তুলে তিনি মহাপ্রয়াণ করেছিলেন।

মহাবীর হিটলারের আত্মনাশও এই শ্রেণীর আত্মহত্যা। শুনা গিয়েছে যে অপরের সাহায্যে এই আত্মহত্যা তিনি করেছিলেন। প্রথম মহাযুদ্ধের সময় বছ রুশ সেনানায়ক জার্মানদের হত্তে রুশ সেনানীদের দলে দলে নিহত হতে দেখে ক্লান্তে অভিমানে আত্মহত্যা করেছিল। দিতীয় মহাযুদ্ধের সময় জার্মান পকেট ব্যাটেলসিপের অধিনায়কও তাঁর প্রিয় জাহাজকে রক্ষা করতে না পেরে আত্মহত্যা করেছিলেন।

স্বাং আত্মহত্যা না করে কাউকে যদি আঘাত করবার জস্তে
আদেশ বা অমুরোধ করা যায় তা'হলে তাকেও আত্মহত্যা বলা হবে।
এমন বহু ঘটনা পৃথিবীতে ঘটেছে যে স্থলে রোগী রোগ যন্ত্রণায়
অন্থির হয়ে আত্মীয় বা বন্ধুকে তাকে হত্যা করবার জ্বতে অমুরোধ
করেছেন।

রাজনৈতিক প্রায়োপবেশন দ্বারা আত্মহত্যার জ্বন্ত আয়ল্যাণ্ডের
ম্যাক্সুইনি সাহেব এবং ভারতবর্ষের যতীন দাস আজও পর্যান্ত অমর হয়ে
রয়েছেন। প্রায়োপবেশনের ত্ই তিন চার ছয় সাত দিন মাত্র মাত্র্য কষ্ট-বোধ করে। পরে দেহকোষগুলি বাহিরের খাত্বের অভাবে স্থকীয় মেদ ও
পরে মাংসের উপর নির্ভরশীল হয়। এইরূপ অবস্থাকে বলা হয় অটোভাইজেসন বা স্বয়ংক্রিয় আহার। এই সময় হতে মাত্র্য আর একটুও
কষ্ট ভোগ করে না। বহু মাত্র্য এই কারণে ৫০ ৬০ বা ১০ দিন বা
ভভোধিক পর্যান্ত অনাহারে বেঁচে থাকতে পেরেছে।

তেক ও দর্প জাতি সারা শীতকাল অনাহারে জীবনযাপন করে। এই পদ্ধতিতে পুরাকালে ভারতীয় যোগীরাও বছদিন পর্যন্ত অনাহারে বেকেছেন। ইহা কতকটা যে অত্যাস সাপেক, তাহাও বটে। অধিককণ
নিখাস বন্ধ করে থাকার অত্যাস করলে না'কি মাহুষও বহুদিন
বায়ুহীন অবস্থায় অনাহারে বেঁচে থাকতে সক্ষম। তেক সর্প আদি জীব
তাদের জিন্থা নাসিকার অন্তর্জ্ঞে প্রবেশ করিয়ে গর্জে বাস করে শীতকাল
অতিবাহিত করে। কোনও যোগী এদের প্রদর্শিত পদ্ধা আয়তে এনে
মৃত্তিকাতলে প্রোথিত অবস্থায় কিছুকাল বাস করতে পেরেছেন। তবে
এ বিষয়ে তাঁরা কতটা সফল হয়েছেন তা আমি বলতে অক্ষম।

স্বেচ্ছামৃত্যুর বহু কাহিনী এদেশে শোনা গিয়েছে। তবে ইচ্ছামত বেশী দিন বেঁচে থাকা সম্ভব না হলেও ইচ্ছাদ্বারা আত্মনাশ করা অসম্ভব নয়। তবে এইরূপ ইচ্ছা সকলে প্রকাশ করতে পারে না। পূৰ্ব্বকালে এমন বছ বৃদ্ধ বা বৃদ্ধা ছিলেন যাঁরা মৃত্যুর ছই বা তিনদিন পূৰ্ব্বে বুঝতে পারতেন যে তাঁরা মারা যাবেন। তিনদিন পুর্বের তাঁরা নিজেরাই তাড়াছড়া করে তে-রাত্র গঙ্গাবাসের জন্তে গঙ্গাঘাটে উপনীত হয়েছেন। এমন কি মৃত্যুর দিন সকালে তাঁরা নাতি নাতনীদের তাড়াতাড়ি খেয়ে নিতে বলেছেন, এই ভেবে যে তাঁর মৃত্যুজনিত যদি তাদের অনাহারে থাকতে হয়। এমন কি মৃত্যুর পুর্বক্ষণে তাঁরই আদেশে তাঁকে গঙ্গার জলে এনে তাঁর পাষের বৃদ্ধ অঙ্গুলীটী ঐ জলে ডুবিয়ে ধরা হয়েছে, বৃদ্ধ বা বৃদ্ধা হরিনাম করে অঙ্গুলী ঘুরাতে ঘুরাতে প্রাণত্যাগ করেছেন। কোনও কোনও বৃদ্ধ বা বৃদ্ধা মৃত্যুর প্রাক্তালে পুত্রবধুদের সাবধান করে तरलहिन, 'तोमा, आमात आत रमती रनहे। अकृषि निरा हरला आमारक। चात चत्रानातश्रामात्र চावि माध, नहेल मर्काच চूति हास यादा। चात আমার ইষ্টিকবচ ও হারটা আমার বড় মেরে অমুককে পাঠিয়ে দিও। সাবধানে থেকো সব,' ইত্যাদি। এইরূপ মৃত্যু দেখে বা উহা ওনে चনেকেই এই ইচ্ছাৰ্ড্য সম্বন্ধে বিখাসী। কিন্ত আমার মতে একে

ইচ্ছামৃত্যু বলা যায় না। বছ লোককে এই বৃদ্ধ ও বৃদ্ধারা স্বকীয় দীর্ঘ জীবনে মরতে দেখেছেন। এইজন্তে মৃত্যুর প্রাক্তালীন অস্থভূতি সম্বদ্ধে এরা একটী সহজাত জ্ঞানলাভ করতেন। এই সহজাত জ্ঞানের কারণে তাঁরা ছই বা তিনদিন পুর্বের বৃষতে পারতেন এইবার তাঁরা ঐ ভাবে মারা যাবেন।

কোনও কোনও কেত্রে স্বামীর মৃত্যুর অল্পন্দণ পরই তার স্থান্থ ও সবল স্ত্রীও অকারণে মারা গেছেন। এই সকল ঘটনা হ'তেও লোকে এই 'ইচ্ছামৃত্যু' বিখাস করেন। এদেশে নারীর কাছে তার স্বামী কি বস্তু, তা সকলেই জানেন। স্বামীহারা হয়ে বা স্বামী ত্যাগ করে বাস করা এরা কল্পনাও করেন না। এই অবস্থায় দারুণ শোক, ভয় ও ক্ষোভে মুহ্নান হয়ে নিদারণ 'শকের' কারণে হার্টফেল কর। খুবই স্বাভাবিক। যাদের স্বামী স্ত্রীকে নিঃম্ব ও অসহায় অবস্থায় রেখে মারা যান, তাদের শোকের বদলে ভয়ই হয় বেশী। 'আমি কোঝায় যাবো. এখন কি করবো', এই চিন্তাই তাকে অভিভূত করে দেয়—এবং এই ভয়ের সঙ্গে থাকে ভালোবাদা ও আগু বিরহ কাতরতা। এর উপর পূর্ব হতেই যদি ঐ স্ত্রীর হৃদরোগ থেকে থাকে তা'হলে হার্টফেল হয়ে তা'রা মারা যায়। এইজন্তে দেখা গিয়েছে যে, একমাত্র হিন্দু স্ত্রীগণ-- যাদের পুন্রিবাহের ব্যবস্থা নেই, তাঁরাই এইভাবে মৃত্যু বরণ करतरहन। এই कातरा हिन्दू याभी मार्जितरे कर्डवा नमस्य जीत जरा যথাসন্তব সংস্থান করে রাখা, যাতে করে তার মৃত্যুর পর সে অসহায় না হয়।

সরোগ আত্মহত্যা

নীরোগ বা আদর্শজনিত আত্মহত্যার কথা বলা হলো। এইবার সরোগ বা রোগজনিত আত্মহত্যার কথা বলবো। অনেকে রোগের যম্রণায় অন্থির হয়ে আত্মহত্যা করেছেন। অনেকে যৌন-রোগের কারণে বা উহা প্রকাশ হওয়ার আশহার ভয়ে আত্মহত্যা করেছেন। এইরূপ আত্মহত্যাকে আমরা সরোগ আত্মহত্যা বলি না। মন্তিক বিক্লতি, মানসিক রোগ ও অত্যধিক ভাবপ্রবণতার কারণে আত্মহত্যা করলে উহাকে আমরা সরোগ আত্মহত্যা বলি। এই আত্মহত্যার মূলে থাকে সাময়িক উন্মাদনা (Temporary Insanity) মনের প্রতিরোধ শক্তির অভাবে মামুষ শোক, তু:খ, লজ্জা ও কটে এমনিই অভিভূত হয় যে সহজেই সে আত্মবিনাশ করে। এই প্রতিরোধ শক্তির অভাব বহুক্ষেত্রে মানসিক বা স্নায়বিক দৌর্বল্যের কারণে ঘটে। এই দৌর্বল্যের সহিত ভাবপ্রবণতা সংযুক্ত হলে তুর্বলমনা মাতুষ সহজেই আল্লনাশ করে। তা না হলে সদা মৃত্যু ভয়ে ভীত মামুবের পক্ষে এই ভাবে আল্লহত্যা করা সম্ভব হতো না। আত্মহত্যা করতে হলে যে অসীম সাহসের প্রয়োজন তা সাধারণ মাফুষের মধ্যে থাকে না। এইজন্ম প্রায়ই দেখা গিয়েছে যে মাহুষ মনোবিকারের কারণে, খেয়ালের বশবভী হয়ে বা আত্মবিশ্বত হয়ে প্রায়ই আত্মহত্যা করে থাকে। মনোবিকার যথার্থই মাম্বকে হিভাহিত জ্ঞানশৃত করে দেয়। এই রোগ ছই প্রকারের হয়ে থাকে, যথা—(১) কারণ প্রস্তুত মনোবিকার এবং (২) অকারণ মনোবিকার। আমি প্রথমে কারণ প্রস্থত মনোবিকার সম্বন্ধে আলোচনা করবো।

কারণ প্রস্ত মনোবিকার মাম্বের বোধগম্য থাকে। ক্রোধ, আত্মাভিমান, লচ্ছা, তৃঃখ, ভর ও ব্যর্থ প্রেম প্রভৃতির কারণে এই রোগ জন্ম। উহা তাদের মধ্যে সামরিক উন্মাদনার স্পষ্টি করে। এই সময় মাম্ব ঝোঁকের মাথায় আত্মহত্যা করে বসেছে। কিছুটা সময় পেলে এরা আত্মন্থ হয়ে এইরূপ কার্য্য হতে বিরত থাকতো। কিছু উন্মাদনার কারণে এত তাড়াতাড়ি তারা এই কাজ করে বসে যে পরে আর তাদের বাঁচবার কোনও উপায়ই থাকে না। নিয়ের বিবৃত্তি হতে বিষয়ট বুঝা যাবে।

"আমার ছোট ভাই ছিল অত্যন্ত অভিমানী। একদিন অকারণে তাকে ভংসনা করায় সে আগ্রহত্যা করতে মনস্থ করে। সে সোজা চলে যায় এক আফিমের দোকানে এবং কিছু আফিম ক্রয় করতে ইচ্ছা করে। আফিম বিক্রেতা তার মুখ চোখ হতে বিষয়টী বুঝে নিতে পেরেছিল। এইজন্মে সে আফিমের বদলে পুরানো আমসক্ষের সহিত একটু তামাক গুঁড়ো মিশিয়ে গুলি তৈরী করে তাকে বিক্রী করে। বাড়ী ফিরে দরজা বন্ধ করে তা সে দেবন করে, কিন্তু উহা ভক্ষণ করার পরই সে আত্মন্থ হয়ে উঠে। বোধ হয় তার শেষ পরিণতি বুঝতে পেরে সে অত্যন্ত ভীত হয়ে উঠেছিল। ভয়ে ভাবনায় অন্থির হয়ে সে চীৎকার করে উঠলো, 'মাগো, আমি একি করলাম ? আমাকে বাঁচাও তোমরা, আমি যে মরে যাছি। ' আমরা তৎকণাৎ ছটে এদে তার মাথায় জল দিই। ইতিমধ্যে আমাদের একজন ডাক্তার ডাকতে বেরিয়ে যায়। এদিকে আফিম বিক্রেতাও এইখানে এসে হাজির হলেন। তার কাছে প্রকৃত সমাচার জ্ঞাত হয়ে আমরা নিশ্চিত্ত হই। সেই দঙ্গে আমাদের ঐ নির্বোধ ভাইটীকেও আখন্ত করে আমরা তাকে নীরব হতে বলি।"

বহুক্তে বিষপান করার পরক্ষণেই মাতুষ আত্মন্ত হয়ে এইভাবে না থাকায় তাদের আর বাঁচানো সম্ভব হয় নি। আত্মহত্যার জন্স যে মনোবলের প্রয়োজন তা আমি স্বীকার করি, কিন্ত প্রায়শংকেত্রে আত্মহস্তারকদের এই মনোবল কণন্থায়ী হয়ে থাকে। কোনও এক ভদ্রলোক আত্মহত্যা করবার জন্মে শরনকক্ষের কড়িতে দড়ি টাঙিয়ে ভেবেছিলেন যে এইখানে গলার দড়ি দিয়ে মরে ঘরটা নষ্ট করি কেন ? এর পর তিনি এই একই উদ্দেশ্যে তাঁদের বাগানে এনে একটা গাছের ভালে দভি বাঁধছিলেন, এমন সময় হঠাৎ তিনি দেখলেন গাছের গোড়ায় একটা গোণুরা সাপ ফণা তুলছে। এই দেখে প্রাণভয়ে ভীত হয়ে ঐ ভদ্রলোটী পালিয়ে এসেছিলেন। তবে ক্ষেত্র বিশেষে এই মনোবল ছুই তিন ঘণ্টা বা ছুই তিন দিনও কারুর কারুর মধ্যে দেখা গিয়েছে। কোনও কোনও ক্ষেত্রে এই স্পৃহা ধীরে ধীরে গড়ে উঠে এবং পরে উহা ধীরে ধীরে নেমে এদে অন্তর্হিত হয়। বছক্ষেত্রে বাহাছরি বা দান্তিকতা এবং ভাবপ্রবণতাও উন্মাদনার সহিত মিশ্রিত হয়ে আত্মহত্যার কারণ হয়েছে। এই সম্বন্ধে একটী চমকপ্রদ কাছিনী নিমে উদ্ধৃত করলাম।

"একদিন রাত্রি ছ্ইটায় থানায় বসে রেঁাদের রিপোর্ট লিখছি। এমন সময় টেলিফোনটা ক্রিং ক্রিং করে বেজে উঠলো। রিসিভারটী তুলে নিয়ে জিজ্ঞানা করলাম, 'কে ? কি চান আপনি!' ফোনের অপর দিক হতে বালকের গলায় একজন উত্তর করলো, 'আজ্ঞে; থানা ?' দেখুন, এইখানে একটা ছেলে গলায় দড়ি দিয়েছে। দয়া করে আসবেন একুনি। এতো নম্বরের বাড়ী বুরলেন ?' এতো রাত্রে অন্থ কোনও অফিসারকে না জাগিয়ে জমাদার অমুক্কে বললাম, 'জেগে তো আছিই আমরা, চলাং

তদস্তটা আমরাই শেষ করি।' এর পর জমাদার অমুককে নিরে আমরা ঐ কথিত রাম্ভার মোড়ে এসে হাজির হলাম। রাম্ভার মোড়ে একটী वानकरक माँ फिरा थाकरा प्राथमाय। आमारमा एपर राम वर्ग केंद्रमा 'এসে গিয়েছেন। যান গোজা গিয়ে বামে বেঁকবেন। সামনেই দেখবেন অতো নম্বরের বাড়ী।' বালকটীর গলা শুনে বুঝা গেল যে সেই আমাকে ফোন করেছিল। আমি এও বুঝলাম যে ছেলেটা বোধ হয় মৃতদেহটী দাহ করবার জন্মে লোকজনের অপেক্ষায় দাঁডিয়ে আছে। মান হাসি হেদে আমি তাকে বলেছিলাম, 'আজ রাত্রে আর লাস পাবে না, কারণ ঐ লাদ ময়না তদন্তে যাবে।' এর পর বালকটার নির্দেশিত পথে এগিয়ে এসে অত নম্বরের বাজীতে পৌছে দেখলাম, ভোঁ: ভাঁ:, কেউ কোথায় নেই। জানলা দরজা সবই বন্ধ। চারিদিকে শুধু অন্ধকার। কড়া নেড়ে নেড়ে চেঁচাচ্ছিলাম, 'ও মশাই, কে আছেন १' বহুক্ষণ পর উপর হতে উত্তর এলো, 'এতো রাত্রে কে আপনি, কি চাই ?'—'পুলিশ,' আমি উত্তর করলাম, 'এ বাড়ীতে গলায় দড়ির কেস হয়েছে !'--'এ বাড়ীতে ?' বিশ্বিত হয়ে উপরের ভদ্রলোক জানালেন, 'কে ইনফর্ম করলো ? ষাটু ষাটু, এ'কি অলক্ষণে কথা !' আমার হাঁক ডাকে বাড়ীর অন্ত সকলেও জেগে উঠলেন। রাস্তা হতেই দেখতে পেলাম যে ঘরে ঘরে আলো জলে উঠছে। আরো কিছুক্ষণ বোধ হয় তাঁর সঙ্গে এইরূপ তর্ক চলতো, কিন্তু মহিলা কণ্ঠে একজন চীৎকার করে উঠলেন, 'ওমা ! তাই তো । ওগো এ কি হলো গো-ও। ওগো শীঘ্র উপরে এসো, এখনো বোধ হয় বেঁচে আছে।' কিছুক্ষণ ছুটাছুটী হাঁকাহাঁকির পর এক প্রেট্ ভদ্রলোক নেমে এসে বললেন, 'সত্য সত্যই তার কনিষ্ঠ পুত্র গলায় দড়ি দিয়েছে, কিন্তু তা তারা এইমাত্র জানতে পারলেন। তবে এই সম্বন্ধে তাঁদের কেউই থানায় ফোন করেন নি। তা ছাড়া তাঁদের বাড়ীতে

কোনও কোনও নেই।' ত্রিতলের একটা ঘরে এসে যা দেখলাম তাতে আমার বাক্স্রণ হলো না। ইতিমধ্যে জমাদার রহমৎ খাঁ ভয়ে কাঁপতে সুরু করেছিলো। আমরা পরিলক্ষ্য করলাম যে বালককে আমরা किङ्क भ चारा तालाग्र प्रतथिह स-हे मिथान सून है। এक रात मन হলো তাই বা হয় কি করে ? কিন্তু, পায়ের জুতা, চোখের চশমা, এমন কি, ইজের ও ছিটের সার্টটী পর্য্যস্ত যে আমার চেনা! আধ ঘণ্টা আগে তাকে আমরা দেখেছি, নিজের চোথকে তো অবিশ্বাস করা যায় না। হঠাৎ সমস্তার এক সমাধান মনে এলো। এর পর যা কিছু ভয় বা চিন্তা তা বিদুরিত হলো এবং সেই সঙ্গে কাঁপুনিও গেল থেমে। মুর্থতার জন্তে লজ্জিত হয়ে বিজ্ঞের মত জিজ্ঞাসা করলাম, 'হুঁ, এরা তো তাহ'লে জমজ ভাই! এর আর এক ভাই কোথায় ?' বিশিত হযে সকলে জানালেন,—'জমজ ভাই । নাতো। এর তো জমজ ভাই নেই। ওর বড় ভাই ঐ দাঁড়িয়ে রয়েছে।' আবার আমি পুর্বের মত ভীত হয়ে পড়লাম এবং দেই সঙ্গে আমার কাঁপুনিও স্থরু হলো। আমি মুখ ঘুরিয়ে জনাদারকে আদেশ করলাম, 'তুম রহ যাও হিঁয়া, হাম আভি চল্তা, क्জीत्राय श्रम चार्यशा।' উত্তরে জমাদার সাহেব জানালো, 'নেহি হজুর মর যায়গা তভি নেহি রহেগা।' অগত্যা লাস বাড়ীর লোকের জিম্মা দিয়ে ছজনেই বেরিয়ে এলাম।' কিন্তু যতবার বাগ-বাজার খ্রীটে বেরুতে চেষ্টা করেছি, ততবার খাল ধারে এসে পড়েছি। এমনি ভয় পেয়ে গিয়েছিলাম যে এর পর কর্ণওয়ালিস খ্রীট, গ্যালিফ খ্রীট খুরে আমরা থানায় ফিরে আসি। পরদিন তদন্ত করে আমরা জানতে পারলাম যে ঐ বাড়ীর বাগানের দরজা দিয়ে বার হলে অল্পকণে রাস্তার মোড়ে পৌছানো যায়। খুব সম্ভবত: বালকটী আমাদের বাঁকা পথ দেখিয়ে সোজা পথে বাড়ী চুকে ছুই এক মিনিট পরেই আছহত্যা করেছিল। তদন্তে আরও প্রকাশ পায় যে, এক অজ্ঞাতনামা বালক অদ্রের এক দোকান হতে ডাব্রুনার ডাকার আছিলায় ফোনটী ঐ রাত্রে ব্যবহার করেছিল। খুবই সম্ভবতঃ ঐ বালকটী ফোনে প্রলিশকে খবর দিয়ে তার পর ঐ ভাবে আত্মহত্যা করেছে।

আত্মহত্যা এবং পর-হত্যা এক শ্রেণীর অপরাধ। তবে উহাদের গোত্র বিভিন্ন। একইরূপ মনোবৃত্তিসম্পন্ন ব্যক্তিরাই এই অপকার্য্য করে। এই কারণে প্রকৃত অপরাধীদের অপরাধ্যের জ্ঞার আত্মহন্ত্যারকদের আত্ম-হত্যা-রূপ কার্য্যও দাজ্তিকতা ও ভাবপ্রবণতা প্রস্তুত হয়ে থাকে। বাহাত্মরির নেশাও বহুক্ষেত্রে দাজ্তিকতা ও ভাবপ্রবণতার সহায়ক হয়েছে। বংশগত উন্মাদনার কারণেও এই আত্মহত্যার স্পৃহা মাহুষ্যের মনে স্থান পেয়েছে। বহুক্ষেত্রে দেখা গিয়েছে যে একই পরিবারে বংশায়ুক্তমে বহু ব্যক্তি আত্মহত্যা করেছে।

বিজ্ঞানের উন্নতির কারণে যারা আত্মহত্যা করে তারা তা আদর্শের কারণে করে থাকে। যেমন বছ ব্যক্তি বৈজ্ঞানিক পরীক্ষার্থে স্বদেহে অল্প আল্প বিষ প্রয়োগ করে আথেরে মৃত্যুবরণ করেছেন। যারা প্রেগ প্রভৃতি রোগের দেবার ভার নেন, তারাও আত্মহত্যার জন্তে প্রস্তুত্ত থাকেন। এমন অনেক ছাত্র দেখা গিয়েছে, যারা ভাবপ্রবণতার কারণে মিধ্যা আদর্শের জন্ত প্রাণত্যাগ করেছেন। কলিকাতার কোনও এক কলেজের ছাত্রাবাদে পর পর ছুইটা ছাত্র এইভাবে আত্মনাশ করেছিল। পোটাগিয়াম সাইনাইড একটা উগ্র বিষ, ইছা সেবন মাত্র ভ্রিত গতিতে মামুষের মৃত্যু ঘটে। কিন্তু ঐ বস্তুর প্রকৃত স্থাদ কি ? তা বৈজ্ঞানিকগণ বছদিন পর্যান্ত জানতে অক্ষম ছিলেন। একটা বালক বাম হাতে ঐ সাইনাইড মুথে পুরে ভান হাত দিয়ে লিখলেন ৪; কিন্তু দ্বিতীয় ক্ষের লিখবার পুর্বে তার মৃত্যু হয়। কিন্তু এই "৪"এর অর্থ ৪weetও

হয় এবং Sower'ও হয়। পর বংসর অপর এক ছাত্র পূর্বাফ্লে একটুকরা কাগজে লিখে রাখে So = Sower এবং S = Sweet; তারপর S এই অকরটা লিখে ঐ সাইনাইডের বিষে সে মারা যায়। বিজ্ঞানের কল্যাণে এইরূপ ভাবে আত্মহত্যা করলে তাদের নাম বিশ্বে চিরবরেণ্য হবে এইরূপ একটা বাহাছরির নেশা বোধ হয় তাদের পেয়ে বদে। এইজম্মই বোধ হয় তারা এইভাবে হেলায় প্রাণ হারিয়ে থাকেন।

তবে কয়েকটা ক্ষেত্রে ভূল পথে চিস্তাধার। প্রবাহিত হওয়ার জন্থেও কেহ কেহ আত্মহত্যা করেছে। নৃতন বৃহত্তর লেকটাতে জল উঠা মাত্র জনৈক বালক তাতে নিমজ্জিত হয়ে প্রাণত্যাগ করেছিল। ঐ বালকটার জামার পকেটে এক টুকরা কাগজে এইরূপ লেখা ছিল—"এই নৃতন লেকে আমিই যে প্রথম আত্মহত্যা করলাম ইতিহাসে যেন তা লেখা থাকে।"

এদেশে ছয় প্রকার উপায়ে মাতৃষ আত্মহত্যা করে থাকে। যথা—
(১) গলায় দড়ি, (২) জলে ডুবা, (৩) অয়ি প্রদান, (৪) বিষ পান, (৫)
উল্লম্কন, (৬) প্রতিঘাত।

গলায় দড়ি—কড়ি বা অন্ত কোনও জিনিষের সঙ্গে একটা দড়ি বা দড়ির মতন করে পাকিয়ে একটা কাপড়ের খুঁট বেঁধে উহার অপর খুঁটটা গলায় ফাঁসের আকারে বেঁধে দেওয়া হয়। সাধারণতঃ পার্শ্বের একটা তক্তপোষ বা উঁচু টুল বা বাক্সের উপর দাঁড়িয়ে এই কার্য্য সম্পন্ন করা হয়েছে। ঐ আত্মহস্তারক ঐ টুলটা পদাঘাতে দ্রে সরিয়ে দিয়ে বা ঐ উচ্চ স্থান হতে লাফ দিয়ে নীচের দিকে এমন ভাবে ঝুলে পড়ে, যাতে ভার পা ছটো মাটাতে না ঠেকে। কণ্ঠনলী ফাঁসের কারণে রুদ্ধ হয়ে দম আটকে মাহুষ মারা গিয়েছে, কখনও গ্রীবান্ধি (Medula oblongota)

তেঙে গিয়েও মাত্র্য মারা গিয়েছে। জানালার মধ্য-দণ্ডে দড়ি টাঙিয়ে বলে বসেও গলার দড়ি দিরে মরা সম্ভব। আনেকে এই অবস্থার মৃত ব্যক্তিদের দেখে উহাকে হত্যা মনে করেছেন। কণ্ঠনালী দড়ির চাপে রুদ্ধ হয়ে বা শকের কারণে এদের প্রাণবায়ু বহির্গত হয়ে থাকে।

জলে ড্বা—পল্লীবধ্রা প্রায়শংক্তেরে জলেড্বে আত্মহত্যা করেছে।
গৃহে আত্মীয়ন্ত্রজন পরিবৃত থাকায় আত্মহত্যার স্থযোগ তাদের কম, কিন্তু
একাকী জল তুলবার জন্তে ঘড়া নিয়ে পুকুরে যেতে এদের বাধা নেই।
কিন্তু জলে ড্বা এত সহজ নয়, বিশেষ করে সাঁতারুদের পক্ষে। তা ছাড়া
জীবিত অবস্থাতেই দেহ ভেসে উঠে এবং পড়শীরা তাকে উদ্ধার করতে
সমর্থ হয়। এইজন্তে এরা কলসী বা ঘড়াতে পূর্বান্থেই ইপ্টক ও প্রন্তর
পুরে রাখেন এবং ঐ ভারী ঘড়া বা কলসী তারা গলায় বেঁধে জলের
মধ্যে নিজেদের তলিয়ে দেন। স্রোতন্থিনী নদার স্রোত মাহ্ম্বকে এমনিই
ভাসিয়ে ভূলে। এইকারণে এই অপকার্য্যের জন্তে পুকুর ও দীঘিই বেছে
নেওয়া হয়েছে। কলিকাতা শহরে নিরালা প্রুরিণীর অভাব। তবে
এই অভাব ঢাকুরিয়ার বৃহৎ লেক বছল পরিমাণে পূরণ করেছে। কেহ
কেহ যোটরসহ বেগে জলের মধ্যে নিজেদের তলিয়ে দিয়ে আত্মহত্যা
করেছেন। শহরের আধুনিক ছেলেমেয়েরা নানাকারণে এই লেকে ড্বে

(৩) অগ্নি প্রদান—পল্লী অঞ্চলের নিরক্ষর মেয়েরাই এই পন্থার অধিক আত্মহত্যা করেছে। সাধারণতঃ ত্মার বন্ধ করে শাড়ীতে কেরোসিন তৈল বা শ্পিরিট দিয়ে উহাতে অগ্নি সংযোগ করা হয়েছে। বহু আত্মহস্তারক এই অবস্থায় চুটাছুটী করেছে, আত্মীয়-স্বজন ছুটে এসে এ আন্তন নিবিয়েও দিয়েছে। কিন্তু তার প্রেই দেহের কিছু অংশ পুড়ে যায়। প্রত্যক্ষভাবে না হলেও দগ্ম জনিত শিকে'র কারণে প্রায়শংক্ষেত্রে এই সকল অভাগিনীরা মারা গিয়েছে।

- (৪) বিষপান-পল্লী অঞ্লে আত্মহত্যার জন্ম বিষ সহজলক নয়, কিন্তু তা সত্ত্বেও বহু বধু বিষ পানে গত হয়েছে। সাধারণত: আত্মহত্যার কারণে এরা ভূঁতে ভক্ষণ করে থাকে। কেহ কেহ কলকে ফুলের বীচি শীলে বেটে তাই খেয়ে ইহলোক ত্যাগ করেছে। কলকে প্রভৃতি কয়েকটী ফুলের বীচি অত্যন্ত বিষাক্ত। শহরাঞ্চলে মাতুষ আত্মহত্যার কারণে অহিফেন ব্যবহার করে। এরা প্রয়োজনীয় পরিমাণের অহিফেন কিনে আনে কিংবা উহা অহিফেন্সেবী ঠাকুরমাতা, ঠাকুরদা বা অম্ব কাহারও কাছ হতে তারা চুরি করে। অধিক পরিমাণ অহিফেন সহজেই মাফুবের মৃত্যু ঘটায়। আধুনিক যুবক যুবতীরা সাধারণত: আত্মহত্যার কারণে माहेनाहेष् ्रावहात करतरह । পृद्धकारन मञ्जामवामी यूवकता माहेनाहेरफत শিশি ও আগ্নেয়াস্ত সহ খুরাফিরা করতো। ধরা পডার উপক্রম হলে কয়েকজনকে নিহত করে এরা সাইনাইডের সাহায্যে নিজেরাও মরেছে। এইরপে আত্মহত্যা করবার জন্মে তাদের উপর দলপতিদের নির্দেশ দেওয়া থাকতো, যাতে করে ধরা পড়ার পর ছর্বল মুহুর্ডে তারা দলের প্রয়োজনীয় সংবাদ পুলিশের গোচর করতে না পারে। ব্যর্থ প্রেমের কারণেও যুবক যুবতারা এই সাইনাইডের সাহায্যে আত্মহত্যা করেছে। শহরের কলেজের ল্যাবোরেটারী হতে সহজেই এই সকল দ্রব্য পাওয়া যায়। এইজন্মে ছাত্রছাত্রীরা এসম্পর্কে এই দ্রবাই অধিক ব্যবহার করেছে। এদের অনেকে এ্যাসিড আদি বিষও সেবন করে ইহলীলা সংবরণ করেছে। কিন্তু এ্যাসিড সাইনাইডের স্থায় ত্বরিত-গতিতে এবং বিনা কটে জীবননাশ করে না। এইজন্মে এ্যাসিডপায়ী আত্মহস্তারকরা বহুক্ষণ যাবৎ অত্যন্ত কন্ত পায়। এই সময় এজন্ত অমুতাপে এরা দগ্ধও হয়; আণ্ড চিকিৎদার অভাবে যন্ত্রণা পেয়ে এরা মারা গিয়েছে।
 - (৫) উল্লম্কন—অসহায় অবস্থায় ঘরে আবন্ধ থাকার বহু বধু উচ্চ

হ'তে লাফ দিয়ে নীচে পড়ে মারা গিয়েছে। কোনও কোনও ভাবপ্রবণ যুবক মহুমেণ্ট বা পাহাড় অর্থাৎ উচ্চ স্থান হ'তে লাফিয়ে পড়ে মৃত্যু বরণ করেছে। এইজন্য আজকাল কোনও স্মউচ্চ মহুমেণ্ট আদির উপর কাউকে একাকী উঠতে দেওয়ার রীতি নেই।

(৬) প্রতিঘাত—নিজে নিজের গলায় ছুরি বদিয়ে আত্মহত্যা করেছে এমন বহু নিদর্শন শান্তি-রক্ষকেরা পেয়ে থাকেন। তবে বন্দুকের বা পিন্তলের গুলিতেই এরা সাধারণতঃ মারা যান। কেহ কেহ টুল বা চেয়ারে বদে বন্দুকের পশ্চাদংশ ছুই হাঁটুর মধ্যে চেপে উহার নলটি কন্তির নিয়ে রেখে পায়ের আঙ্লের সাহায্যে টিগার টেনে মারা গিরেছেন। পিন্তলাট সাধারণতঃ ভান কানে রেখে উহার টিগারটা টেনে দেওয়া হয়ে থাকে। কিন্ত টিগার টানার সময় পিন্তলের নল এমনিই কিছুটা পার্শ্বে সরে যায়। এইজন্তে বহু স্থলে গুলি লক্ষ্যন্তই হয়ে এ দৈর কেহ কেহ বেঁচেও গিয়েছেন। লক্ষ্যন্তই গুলির শব্দ ক্ষত হওয়া মাত্র এরা আত্মন্থ হয়ে ভয়ে পিন্তলাট দুরে ফেলে দিয়েছেন।

[এইরূপ বহু প্রকার আত্মহত্যার উপসর্গ ও তাহার চিকিৎসা সম্বন্ধে পুস্তকের ৭ম খণ্ডে তদস্ত সম্পর্কীয় প্রবন্ধে বিশদভাবে আলোচিত হবে।]

১৪ হ'তে ২১, এমনি একটা বয়দ যে সমল যুবক যুবতীরা অত্যক্ত ভাবপ্রবণ থাকে। এই বয়দে তারা প্রেমে পড়ে কিংবা দিকবিদিক জ্ঞান শ্রু হয়ে যুদ্ধে যোগ দেয় কিংবা রাজনৈতিক কার্য্য কলাপে রত হয়। সাধারণতঃ এই বয়দের বালক বালিকা বা যুবক যুবতীরা সামান্ত কারণে বা অকারণে আত্মহত্যা করে।

পৃথিবীর জাতি সমূহের মধ্যে যারা অধিক অভিমানী ও ভাবপ্রবণ, আত্মহস্তারকের সংখ্যা তাদের মধ্যেই বেশী দেখা যায়। দৃষ্টান্ত স্বরূপ বাঙ্গালী জাতির কথা বলা যেতে পারে। এই জাতির মেয়েরা ছেলেদের: তেরেও ভাবপ্রবণ ও অভিমানী, আত্মসন্মানজ্ঞানীও; এইজন্তে এদের নেরেরাই আবাহমানকাল হতে অধিক আত্মহত্যা করেছে। অত্যধিক ভাবপ্রবণতা হিষ্ট্রীয়ার নামান্তর মাত্র। আমি মনে করি এই হিষ্ট্রীয়ার মধ্যে অক্যান্ত বিষয়ের দহিত থাকে সাময়িক উন্মাদনা। এই উন্মাদনা নাম্বকে হিতাহিত জ্ঞান শৃত্য করে তুলে। এই অবস্থার বাঙ্গালীরা অতি সংজেই আত্মহত্যা করতে সক্ষম। এইজন্তে প্রতি বৎসর বাঙ্গালীদের বহু ব্যক্তিকে আত্মহত্যা করতে দেখা গিয়েছে।

পরীক্ষায় ফেল করে কিংবা অবিভাবক কর্তৃক ভং দিত বা প্রস্তৃত হয়ে বছ বাঙ্গালী বালক আত্মহত্যা করেছে। যে তাদের ভালবাসে সে যদি তাকে অবহেলা করে, তা'হলে এদের অত্যন্ত কট হয়। এই কট সহ করতে না পেরেও বছ ভাবপ্রবণ বালক-বালিকা এদেশে আত্মহত্যা করেছে। স্বামীর অবহেলার কারণেও বছ হিন্দু স্ত্রা আত্মহত্যা করেছেন, কারণ স্বামী সোহাগিনী না হ'তে পারা এ দেশে অপরিসীম লজ্জার বিষয়। এ সম্বন্ধে নিমের বিবৃতিটা প্রশিধানযোগ্য।

"অম্কের বধু আত্মহত্যার জন্তে অহিফেন সেবন করে, কিন্ত ত্রিত চিকিৎসার গুণে সে বেঁচে যায়। হাসপাতাল হ'তে তাকে বাড়ী আনা হলে আমি 'আত্মহত্যার প্রচেষ্টা' অপরাধের তদন্ত সম্পর্কে তাদের বাড়ী যাই। জিজ্ঞাসাবাদে জানতে পারি—ঐ বালিকা বধু তার স্বামীর নিকট আদার করে যে তার একটা আ্মানা বা (আর্শী) চাই। কিন্তু হাতে পরসা না থাকায় তার স্বামী আকাজ্জিত আর্শী স্ত্রীকে কিনে দিতে পারে নি। এই অভ্যায় আনারের জন্তে সে স্ত্রীর সমূথে কিছুটা বিরক্তি প্রকাশও করেছিল। এই অভিমানে বালিকাটী অহিফেন সেবন করে। অকুস্থলে উপস্থিত হয়ে আমি দেখি কন্তাটীর শুক্রুষা চলেছে। তা ছাড়া একটা আর্শীও কিনে তার মাথার শিয়রে রেথে দেওয়া হয়েছে। বধূটী মাঝে

মাঝে আর্শীর দিকে চেরে লজ্জার মুখটা ফিরিয়ে নিচ্ছিল। দেখলাম আত্মহত্যার ঐ মূল কারণটা স্থসনা অবস্থায় তার অপরিসীম লজ্জার বিষয় হয়ে উঠেছে। সে আমার সামনেই স্বামীকে অমুযোগ করে বললে 'ঐ আর্শীটা না সরালে এবার আমি সত্য সত্যই আত্মহত্যা করবো।" তোমরা কি আমাকে একটুও ক্ষমা করতে পারো না।' বধূটা তার এই অপকর্শের জন্তে আমার কাছেও বার বার ক্ষমা ভিক্ষা করেছিল।"

বাঙ্গালা দেশে মেয়েরা সকলের অত্যাচার সইতে পারে, কিন্তু তার স্থামীর বা ভালবাসার লোকের নিকট হ'তে সামান্ত অবহেলাও সইতে পারে না। এরা শাশুড়ী, স্থান্তর, দেবর ও অন্যান্তদের জ্বালা যন্ত্রণা ও গঞ্জনা, অহরহ সহু করেছে, কিন্তু একবার মাত্র স্থামী কর্তৃক উপেক্ষিত হয়ে এরা আত্মহত্যা করেছে। থাতা বা বস্তু না পেলেও এরা অসম্ভূষ্ট হয় না। কিন্তু স্থামীর মিষ্টি কথা বা সহায়ুভুতির অভাব এদের ক্ষিপ্ত করে তুলে।

কিন্ত কোনও ক্রেত্রে বাঙ্গালা দেশের মেরেদের নিকট মাত্র চারিটী পথ উন্মুক্ত থাকে। খণ্ডরালয়ের অত্যাচার ও অবহেলা সহ্য করতে না পেরে প্রথম শ্রেণীর মেয়েরা আত্মহত্যার পথ বেছে নেয়। দ্বিভীয় শ্রেণীর বধুরা মুথ বুজে সকল কন্ত সহ্য করে। এদেরই আমরা সভীসাধবী বলে থাকি। কিন্তু প্রদমিত ক্ষোভ, ক্রোব ও ইচ্ছার অবনমনের কারণে এদের অনেকে ক্রেমা প্রভৃতি রোগে আক্রান্ত হয়ে মারা বায়। ভৃতীয় শ্রেণীর বধুরা ঘরে থাকে বটে, কিন্তু কলহের প্রত্যুত্তরে কলহ করে। কলহমুথরা হওয়ায় এদের মনের প্রানি স্বাভাবিক পথে নির্গত হয়। এর কলে এরা বছদিন বেনৈর মানে গ্রানি স্বাভাবিক পথে নির্গত হয়। এর কলে এরা বছদিন বেনের হয়ে থাকে জীবন-ধর্মী। যৌবনের স্থখ তারা হেলায় হারাতে রাজী হয় না। ভারা প্রোয়ই তেজী ও একরোখা হয়। এই কারণে

দিকবিদিক জ্ঞান শৃষ্ঠ হয়ে এরা নৃতন জীবনের সন্ধানে ঘর ছেড়ে বের হয়ে আবে।

আধুনিক পরিবারসমূহ হ'তে অবশ্য এইরূপ অনাচার ও অত্যাচার প্রায়শ: দ্রীভূত হয়েছে। বরং এই কালে শাশুড়ীরাই ক্ষেত্রবিশেষে বধুদের অত্যাচার সহু করতে না পেরে আত্মহত্যা করেছে।

স্ত্রীপুত্রদের খেতে দিতে অক্ষম হয়ে বা পাওনাদারদের তাগিদায় অন্থির হয়ে বা চাকুরী যোগাড় করতে না পেরে বহু ছুর্বলচেতা ব্যক্তি আত্মহত্যা করে জীবনের দায় এড়িয়েছে। স্ত্রীর ছুক্টরিত্রের কারণেও বহু লোক আত্মহত্যা করেছে। কিন্তু লজ্জায় এ কথা একদিনও কাউকে দে বলেনি। পুত্রশোক বা টাকার শোকও বহু লোককে উন্মাদ করে আত্মহত্যায় প্ররোচিত করেছে। বড় বড় ব্যাঙ্ক ফেলের পর বহু লোক অনাথ হয়ে আত্মহত্যা করে থাকে।

আদালতের বিচারে দোষী সাব্যন্ত হলে বা আশু কারাগার গমনের আশাহা হলে বহু লোক আত্মহত্যা করে। এমন অনেক ঘটনা ঘটেছে যে, ঘর তল্লাদী করে চোরাই দ্রব্য উদ্ধার করা মাত্র গৃহের মালিক প্লিশের হাত এড়াবার জন্তে পাশের ঘরে গিয়ে গলায় দড়ি দিয়েছে। বহুকাল প্রে জনৈক ব্যক্তি ঘোড় দৌড়ের বাজীতে হেরে সর্কায় খুইয়ে মাঠের মধ্যে অহিফেন সেবন করে; কিন্তু পরে জানা যায় যে তার ধৃত ঘোড়াটাই প্রথম বাজী জিতেছে। এ সম্বন্ধে দে ভূল থবর পেয়েছিল। কিন্তু ইতিমধ্যেই সে মৃত্যুম্থে পতিত হয়।

কোনও একটা শোক বা ছংখ পাবার পর লক্ষার বা আশহার বা অভিমানের কারণে মাহুষের মন ক্ষুক হয়ে উঠে। ঐ লক্ষা বা ক্ষোভের াববয় বস্তুটী পুনঃ পুনঃ চিন্তা করলে তুর্বল চিন্ত মাহুষের মনোবিকার ঘটে। এর পর এই উম্মাদনার কারণে সে সহসা আম্মবিনাশ করে বসে।
কিন্ত জীবনের পথ কথনও সহজ বা সরল নয়। যারা জীবনের যুদ্ধে ভয়
পেয়ে আম্মনাশ করে, তারা কাপুরুষ; বস্তুতঃপক্ষে আত্মহন্তারকরা
প্রায়ই কাপুরুষ হয়। এদের যা কিছু সাহস তা উন্মাদনার কারণে
এসেছে। এইজন্তে ইহাকে প্রেরুত সাহস বলা যার না।

ব্যর্থ-প্রেম এদেশে আত্মহত্যার অন্ততম কারণ। এই প্রেম সাধারণতঃ উদ্মাদনা ও মোহ প্রস্তত হয়ে থাকে এবং ইহার মূলে থাকে অজ্ঞতা, হিষ্ট্রীয়া, মোহ ও মনোবিকার। এ সম্বন্ধে নিম্নে একটী বিবৃতি উদ্ধৃত করলাম।

"এই দিন অমৃক বন্ধুর কন্সার আশীর্কাদের নিমন্ত্রণ ছিল। কিন্তু প্রত্যুবেই থবর পেলাম, কন্সাটা কলেরার মারা গেছে। অতএব রিয়ে বা আশীর্কাদ বন্ধ। অকুস্থলে এসে শুনলাম তা নর, বন্ধুকন্সা আত্মহত্যা করেছে। সাইনাইড খাবার পূর্বে সে ছুইটা চিঠি লিখে রেখে গেছে। পিতাকে লিখিত চিঠিতে সে অপর চিঠিটা, অমৃক (রান্তার) ঠিকানার এক যুবককে পাঠাতে অনুরোধ জানিয়েছিল। এর পর আমি এই অপর চিঠিটা পুঞান্তপুঞ্ররপে পড়ে হতভন্ধ হয়ে গেলাম। পত্রটার কিছু অংশ নিয়ে উদ্ধৃত করলাম।

'এই পত্র তোমার কাছে যথন পৌছুবে তখন আমি আর ইহজগতে থাকবো না। বড় আশা ছিল আমি জীবনে মরণে তোমারই হবো। কিন্তু বাবা কিছুতেই এতে রাজী হলেন না, কাল রাত্রেই আমার অন্তত্র বিয়ে হবার কথা। কিন্তু প্রিয়তম! তা'ও কি কখনও হয়। বড় সাধ ছিলো তোমার সলে তোমাদের পল্লীকুঠিতে বাস করবো। সন্ধ্যাবেলার প্রালণের ভূলদী মঞ্চে প্রদীপ দেবো এবং ভূমি আমার পিছন হতে জড়িয়ে ধরে আমাকে চুমা দেবে; ইত্যাদি।'

ক্সাটার এই মূর্খতা আমাকে কুরু করে। বেচারার পদ্ধী সম্বন্ধে কোনও ধারণাই ছিল না। পাড়াগাঁর উন্থুক্ত প্রাঙ্গণে বধুকে জড়িয়ে ধরে চুমা দেওরা যে সম্ভব নয়, তা ছিল তার ধারণার বাইরে। গাঁ ঘরের পদিশ্রিসি, ক্যান্ত পিসির দল এই দেখে নিশ্চয়ই তাকে ক্ষমা করতো না। বেড়ার পাশে, রান্ডার বাঁকে, ছয়ারের কাঁকে তাদের সতর্ক দৃষ্টি থাকে। এই বেহায়াপনা তারা কোনও কালেই বরদান্ত করেনি। তা ছাড়া স্থামার পিতামাতাও এই দেখে তাদের ক্ষমা করতো না। এ ছাড়া ছবিতে দেখা পল্লীর সহিত বাত্তবতার কোনও মিল নেই। মশা, মাছি, কাদা, রাত্রির অন্ধকার, কলের জলের অতাবের কথা সে ভাবতে পারেনি। আজন্ম শহরে মামুষ হওয়া আদরের ক্যাকে পল্লীর এই দরিন্ত যুবকের সহিত বিয়ে দিতে এই কারণেই বন্ধুবর রাজী হয়নি। পূর্ব্ধ হ'তে বিয়য়টী জানলে আমি কন্সাটীকে কিছুদিন আমাদের গাঁয়ের বাড়ীতে রেখে আসতাম।"

শান্তিরক্ষকরা তদন্ত ব্যাপদেশে আত্মহন্তারকদের ঘারা লিখিত বহ পত্রাদি প্রতিবংসর পেয়ে থাকেন। সাধারণতঃ যারা বিষ খায়, তারাই পত্র বেশী লিখে। এই পত্রে পুলিশকেও জানানো হয় যে তার মৃত্যুর জন্তে অন্ত কেহ দায়ী নয়, রোগের যন্ত্রণায়, প্রেমের ব্যাপারে, অল্লাভাবে বা অন্তান্ত কারণে সে আত্মহত্যা করছে। এই সকল পত্রের ক্ষেক্টী অন্তুত রূপ দেখা গিয়েছে। নিয়ের বির্তি হ'তে বিষয়টী বুঝা যাবে।

"অকুম্বলে এসে দেখি ছেলেটার মাথাটা শুধু জলের উপর ভাসছে। সহকারী অফিসার আমাকে জানালেন যে জোরের দিকে আর একটা লাস ভেসে উঠতে পারে। কারণ আঞ্চকাল এখানে ভবল স্কুইসাইডই বেশী। হচ্ছে। একা এই লেকে কেহ স্কুইসাইড করে না। বহু চেষ্টায় লাসটা

উপরে এনে দেখা গেলো, যে মৃত দেহের গলদেশে একটা মাছলি বাঁধা রবেছে। মাত্রলির তুই পাশে গালা দিয়ে সীল করা ছিল। সিল ष्ट्रेष्टि (७८% क्लान (मथनाम जागापित ज्ञान्स् अमूनक मह। माष्ट्रानत ভিতর ছুইখানি চিঠি পাওয়া গেল। একখানি পত্তে লেখা ছিল, মামুলি কথা, অর্থাৎ আমি তুমি, তুমি আমি। আমি চল্লাম, তুমি পারে। তো আমার সঙ্গে এদো, ইত্যাদি। অপর পত্রটী আরও অন্তত। উহাতে লেখা ছিল, 'যিনি আমাকে প্রথম জল হ'তে তুলবেন, তিনি যদি হিন্দু হ'ন তো ভগবান শ্রীকৃষ্ণ, বেদবেদাস্ত, গীতা ও উপনিষদের নামে ভাকে অহুরোধ জানাচ্ছি; যদি তিনি বৌদ্ধ হ'ন তো ভগবান তথাগত বৃদ্ধদেব ত্রিপিটকের নামে তাকে অমুরোধ জানাচ্ছি: যদি তিনি খৃষ্টান হ'ন তো যীশুর্প্ট, মাদার মেরী, জেরুজেলাম ও পবিত্র ক্রেশের নামে তাকে অমুরোধ করছি; যদি তিনি মোসলেম হন তো হজরত মহম্মদ, খোদাতালা, পবিত্র মন্ধ। মদিনার ও কাবার নামে তাঁকে অমুরোধ করছি; যদি তিনি শিখ হ'ন ত গুরু নানক, গুরু গোবিন্দ ও গুরু গ্রন্থের নামে তাঁকে অমুরোধ করছি যে তিনি অপর পত্রটী যেন অমুক দেবীকে দিয়ে আসেন।

উপরের পত্রটী ভাবপ্রবণতার এক অপরূপ দৃষ্টান্ত। যে প্রেরণাতে যুবকরা যুদ্দশ্বে প্রাণত্যাগ করে থাকে, দেই একই প্রেরণাতে এই যুবকটীও প্রাণ উৎসর্গ করেছে। তবে সে তাকরেছে দেশের জন্তে নয়, সে তা করেছে প্রেরণীর জন্তে। আদর্শ উভয়েরই একই ছিল। উদ্দেশ্ত মাত্র ছিল ভিয়। তবে তার এই আয়ত্যাগ কোনও ব্যক্তি বা রাষ্ট্রের কাজে লাগেনি, এই যা। বেঁচে থাকলে এজন্তে একে কোজদারীতে সোপদ্

বহু ক্লেত্রে ভারতীয় যুবক-যুবতীরা ব্যর্থ-প্রেমের কারণে একত্রে এই ৫ম—৬ লেকে আত্মবিসর্জন দিয়েছে, কিছ তারা তাদের অভিভাবকদের লক্ষা বা ক্লোভের কারণ হয়ে বেঁচে থাকে নি; যদিও এরা অনারাদে বাশ-মার মতামত গ্রাহ্ম না করেই বিবাহ করতে পারতো। যারা ছই দিক বাঁচাতে চার তারাই একত্রে এই ভাবে প্রাণত্যাগ করে। বার্ধ-প্রেম জনিত আত্মহত্যার অপর কারণ এক তরফা প্রেম। এই ক্লেরে একজন পাগল হলেও অপর জন খুদী মতো সরে পড়ে, কিংবা দিয়তাকে তারা নিয়্রতার সহিত প্রত্যাখ্যান করে। আমি কোনও এক কক্সাকে বলতে ভনেছিলাম, 'সেন্টিমেন্টাল ইডিয়েট্! মরেছে তালোই হয়েছে, খুদী হয়েছি আমি।' কথাটা যে মিথ্যে, তা নয়। যে মরে সে-ই মরে, অত্য কাহারও এতে ক্ষতি হয় না। পৃথিবীও প্রের মতই চলে। মৃত্যুর পরপারে কিছু আছে কি'না জানি না। কিছ যদি থাকে তা'হলে মৃত্যুর পর নিশ্চয় এজত্যে এরা পরস্পর পরস্পরের প্রতি দোষারোপ করতো। এই সম্বন্ধে আমি বিজ্ঞাপ পূর্ণ নিম্নোক্ত গল্পটী লিখেছিলাম। এই গল্পের বিষয় বস্তু হ'তে বক্তব্য বিষয়টী সম্যকরূপে বুঝা যাবে।

হঁ। ঘুনিরেই পড়েছিলান। কিন্তু তাতেই কি শান্তি আছে। যত রাজ্যের চিন্তা অপ্নের মধ্যে বাত্তব হয়ে উঠে। ঘুনিয়েও ঘুনাতে পারি না, হঠাৎ মন আমার সজাগ হয়ে উঠলো। আবার আমি এসেছি লেকের ধারে, এবার আমি একা। টেনে তুললাম ছ'ছটা লাস, হাঁ নিজেই টেনে তুললাম। তালের মধ্যে একজন ছিল যুবক ও আর একজন ছিল যুবতী। তালের বালক বালিকাও বলা চলে, চোখে মুখে তালের অক্তিম ভালবাসার ছাপ। তালের পরস্পরের পা ও হাত এক সলে ক্রমাল দিয়ে শক্ত করে বাঁধা। মৃত্যুর পরও তারা পরস্পর থেকে বিচ্ছিল্ল হতে চায় না।

লাস ছটো পালাপালি সমন্ত্রে তুইরে দিয়ে ভাবছিলাম, হঠাৎ

দেখলাম ; সর্ব্ধনাশ ! একি ? লাস ছটো ঈবৎ নড়ে উঠলো। তারপর সেই দেহ ছটা হ'তে বেরিরে এলো, অফুরূপ একটি ছেলে, আর একটা মেয়ে।

ছেলেটা বলে উঠলো, 'ইডিয়েট! এমনি ক'রে আমার জীবনটা নষ্ট করবার তোর কি দরকার ছিল ? বাঁদরী কোথাকার! এমন স্থান্ধর পৃথিবী, ছি:! তোর ছেলেমাছ্যির জন্মেই না—'

উত্তরে মেরেটী বললো, 'আমি ইডিয়েট, না তুমি । হতভাগা। তুই তো আমার সর্কনাশ করলি, আরও কতদিন আমি বাঁচতে পারতাম। এমন স্থানর পৃথিবী, আঃ! তোর জ্ঞেই না আমি ভোগ করতে পারলাম না। বেরো এখান থেকে।

এর পর মেয়েটা কোনও দিকে আর দৃক্পাত না করে লেকের একটা দ্বীপের উপর গিয়ে বসলো। তারপর পা ছটো লেকের জলে একবার ডুবিয়ে নিয়ে সাঁ সাঁ করে শ্ভের মধ্যে মিলিয়ে গেল, বোধ হয় তাড়াতাড়ি বিধাতার কাছ হ'তে নৃতন করে একটা পরোয়ানা নিয়ে পুনরায় জন্মগ্রহণ করবার জভ্যে।

ভূমির উপর লাস ছটো তখনও নিম্পান্দ ভাবে পড়েছিল। তাদের দেহ ছটীর দিকে একবার তাকিয়ে নিয়ে ছেলেটীর দিকে তাকালাম। তখনও সে তার প্রাণো আবাস, সেই মৃতদেহটীর প্রতি সকরণ দৃষ্টি রেখে সেইখানে দাঁড়িয়ে ছিল। হঠাৎ দেখলাম কুটে উঠছে তার মুখে ও চোখে এক নিদারণ যম্বণার ছাপ। শুভোর দিকে চেয়ে মুখ ভেঙচে বৃদ্ধান্দ্রলি দেখিয়ে সে সামনের তালগাছটা বেয়ে সড় সড় করে উপরে উঠে গেল, বোধ হয় গাছের উপর বসে কিছুক্ল নিখাস নেবার জন্মে।"

উপরের এই কথাচিত্রটী হতে বুঝা যাবে যে মহয় জীবনে আহেতুক ভাবপ্রবণতার কোনও স্থান নেই। এইভাবে মরে তাদের ইহজীবন বা প্রজীবন কোনও জীবনেই ত্রথভোগ করা সম্ভব হয় দি।

অকারণ মনোবিকার

কারণ প্রস্ত মনোবিকারজনিত আত্মহত্যার কথা বলা হলো। এইবার আমি অকারণ মনোবিকার প্রস্ত রোগ সম্বন্ধে বলবো।

কারণ প্রস্ত মনোবিকার মাস্থ্যের বোধগম্য থাকে। ক্রোধ, আজা-তিমান, বার্থ-প্রেম, ছঃখ প্রভৃতির কারণে এই রোগ জন্মে এবং উহা মাস্থ্যের মধ্যে উন্মাদনার স্থান্ত করে। এই অবস্থায় মান্থ্য ঝোকের মাথায় আজ্হত্যা করে বসেছে—কিছুটা সময় পেলে এরা আজ্ম হয়ে এইরূপ কার্য্য হ'তে বিরত থাকতো, কিন্তু উন্মাদনার কারণে তারা এতা তাড়াতাড়ি এই কাজ্ম করে বসে যে পরে আর বাঁচবার তাদের কোনও উপায়ই থাকে না।

অপরদিকে অকারণ মনোবিকার মাসুষের বোধগম্য হয় না। মানসিক রোগের কারণে এই রোগ এসে থাকে। এই রোগ ভুল ধারণ। বা প্রদমিত ভয় ও স্পৃহার কারণে উপগত হয়েছে। মনোবিল্লেযণ দারা এই রোগের প্রকৃত কারণ অবগত হয়ে বাক্-প্রয়োগ দারা উহা অচিরে দ্রীভূত করা উচিত। এই রোগের রোগী যে কি চায় তা সে নিজেই বুঝে না বা জানে না। এইজন্ম তাকে এ বিষয়ে বুঝানোও সকল সময় সম্ভব হয় নি। কোনও কোনও ক্লেত্রে রোগী যে কি চায় তা সে জানে, কিন্তু কেন সে তা চায়, তা সে বুঝতে পারে না। এক অজানা ভয় ও যন্ত্রণা যুক্ত চিন্তা অকারণে মৃত্র্কুইঃ তাকে আঘাত করে। এই কারণে কিছুতেই

সে শান্তি পার না। এই ছংসহ অকারণ-চিন্তা-রোগ হ'তে অব্যাহতি পাবার জন্তে বহু রোগী অধৈর্য্য হরে আত্মহত্যা করেছে। কিছ রোগীদের বুঝা উচিত যে এই রোগ সারে এবং সারানোও যায়। এইজন্ত এদের ধৈর্য্য ধরবার জন্ত অমুরোধ করবো। কিছু দিন পর এমনিই এই মনোরোগ তাদের সেরে যাবে। অপরের সাহায্য পেলে মুহুর্ত্তের মধ্যেই সেরে যায়। বহু ক্লেত্রে এই অবিশ্বান্ত মনোরোগের কথা রোগীকাউকে বলতে পারে নি। কাউকে বলতে পারলে আলোচনা ও কারণ নির্ণর হারা সে অচিরেই নিরাময় হ'তো। কয়েক মিনিট বাক্-প্রয়োগ ও কারণ বিশ্লেষণ হারা (পুস্তকের প্রথম খণ্ড দেখুন) এই রোগ চিরতরে নিরাময় করা যায়।

মানসিক রোগ সমূহের মধ্যে চিন্তা রোগ অন্থতম। এই চিন্তা রোগ ছই প্রকারের হয়। প্রথম ক্ষেত্রে কোনও একটা বিশেষ চিন্তা মাহ্যবের অপরাপর চিন্তার উর্দ্ধে উঠে মাহ্যবেক নিয়ত আঘাত হানে। দ্বিতীয় ক্ষেত্রে মাহ্যবের মন কোনও একটা বিশেষ চিন্তা অধিকক্ষণ ধরে রাখতে অক্ষম হয়। একটার পর একটা চিন্তা মনে এসে মূহ্মুহ: তাকে বিরক্ত করে বা ভার দেখায়। এই ক্ষপ অবস্থায় মাহ্যব পাগলের মত হয়ে উঠে। এই অবস্থায় এই অকারণ যন্ত্রণা সহ্য করতে না পেরে মাহ্যব আছ্রহত্যা করে বসে।

চিন্তা ছ্ই প্রকারের হয়। যথা, আনন্দলায়ক (pleasent) এবং
নিরানন্দ (unpleasant) চিন্তা। এদেশের সাধু সম্যাসীরা বিশেষ
প্রক্রিয়া ঘারা ভাবে সমাধিত্ব হয়ে সদাসর্বাদা একরূপ বিমল আনন্দময়
চিন্তার ঘারা আছের থাকে। ইহা একপ্রকার রোগ হলেও ইহা এক
আনন্দলায়ক রোগ। অন্তদিকে ভন্ন বা ছঃখ সহ যে চিন্তা আসে তাকে
আমরা নিরানন্দ চিন্তা বলি। এই নিরানন্দ চিন্তা মূহ্মুহঃ বা সদাসর্বাদা

মনে হলে মাত্রৰ যন্ত্রণা অফুভব করে। অথচ এই চিন্তা কেন বারে বারে আসছে এবং উহা তার কাছে নিরানন্দরূপেই বা প্রকাশ পাচ্ছে কেন ? তা রোগী কিছুতে বুঝে উঠতে পারে না। যে চিস্তা বা তত্ত্ব অন্ত কাহারও মনে আদে না এবং আসলেও তার মনে তা আমল পায় না। সেই একই চিন্তা তাকেই বা কেন উত্যক্ত করে বা ব্যথা দেয় তা তার কিছুতেই বোধগম্য হয় না। সে প্রাণপণে এই অহেতুক যন্ত্রণাযুক্ত এবং ভীতিপ্রদ চিন্তা মন হ'তে দুর করতে চেষ্টা করে, কিন্তু তা সত্ত্বেও উহা তার অপরাপর চিন্তার উর্দ্ধে উঠে তাকে অবিরত ত্যক্ত করে। কিন্তু এতো সত্ত্বেও সে তার এই যন্ত্রণার কথা কাকেও বলতে পারে নি। উহা কাউকে সে বললে আলোচনার মধ্যে এর প্রক্বত ঔষধের নিশ্চয়ই সন্ধান মিলতো। কিন্তু এদের ধারণা হয় যে এই অহেতুক চিন্তার কথা কেহ বিখাস করবে না। এইজন্ম তারা ছঃসহ ভালা সহ্য করলেও একথা কাকেও বলে না। একাগ্রচিত্তে কোনও কাজে মন দিতে পারলে হয়ত কিছুক্ষণের জন্ম এই চিন্তা হ'তে সে অব্যাহতি পেয়েছে, কিন্তু পরক্ষণেই ঐ চিন্তা পুনরায় উদয় হয়ে তাকে উত্যক্ত করেছে! সাধারণভাবে এই যম্বণা দহু করেও দে কাজকর্ম করেছে কিন্তু তা সত্ত্বেও রাত্রে ঘুমাতে পারে নি। কিছুক্ষণ খুমালেও জাগ্রত হওয়া মাত্র পুনরায় চিস্তারোগে আক্রান্ত হয়েছে—মাত্র একটা বিশেষ নিরানন্দ ও ভীতিপ্রদ চিন্তা; কিছুতেই এই চিস্তা হ'তে মুক্ত হ'তে না পেরে বহু ব্যক্তিই অকারণে আত্মহত্যা করেছে।

নিম্নের পত্রটী হ'তে বিষয়টী বুঝা যাবে। আমার জনৈক ডাব্রুনার বন্ধু বিষ পানের পূর্বের এই পত্রচী লিখে রেখেছিলেন।

শ্প্রিয় ছেলেমেয়েরা, আজ তোমাদের নিকট হ'তে বিদার নিতে বাধ্য হ'লাম। শ্বি অসহু যন্ত্রণা হ'তে মুহুমুহ: আমি ভুগছি, তা তোমাদের আমি ব্ঝাতে পারবো না। কিছুতেই এই অকারণ চিন্তা হ'তে আমি
মুক্ত হ'তে পারছি না। এ যে কি রোগ ? তা ঈশ্বরই জানে।
দৈহিক যে কোনও রোগ আমি সহু করতে পারতাম, কিন্তু এ কি ?
আমি যথন অপারেশন করবার জন্ম ছুরি ধরি, মাত্র তখনই একটু এই
চিন্তা হ'তে আমি মুক্ত হই। কিন্তু ছুরিখানি নামিয়ে রাখামাত্র প্নরায়
ঐ রোগ আমায় পেয়ে বসে। অথচ এই চিন্তার মধ্যে ভয় বা ভাবনার
কোনও কারণ নেই। আমি নিজেকে প্রাণপণে ব্ঝিয়েছি, কিন্তু
ব্ঝিয়েও ব্ঝাতে পারছি না। আত্মহত্যা করা ছাড়া মুক্তির আর উপায়
ছিল না।"

ইতিমধ্যে বন্ধুবরের সহিত বহুবার দেখা হয়েছে, কিন্তু এই রোগের কথা আমাকে একবারও জানান নি। আমি তাকে প্রতিদিন সহজ মান্থুই দেখেছি। তাকে সারাক্ষণ আমি বিষণ্ধ দেখলেও অস্তন্ত দেখি নি। এই রোগ অতি সহজেই সারানো যায়। করেক মিনিট বাক্প্রেরাগ ও কারণ বিশ্লেষণই যথেষ্ট। বহুক্তেরে স্থবাক্-প্রয়োগে এই রোগ সেরে যায়। কোনও কোনও ক্তেরে পর-বাক্-প্রয়োগের প্রয়োজন হয়। এই রোগের মূল কারণ জানতে হ'লে মনোবিশ্লেষণের প্রয়োজন আছে! অপর কাহারও মনে এই অকারণ চিন্তার উদয় হয় না, কিন্তু এরই মনেই বা তা হয় কেন ? কিন্তু এতো কথা জানবার কোনও প্রয়োজন আছে বলে আমি মনে করি না। জানবার চেষ্টা করলে ঐ রোগ না সেরে একটা চিন্তার সহিত অপর চিন্তা জড়িয়ে গিয়ে ফল আরও থারাপ হতে পারে। কোনও একটা আনন্দলায়ক চিন্তা কেন এলো? তা মনোবিশ্লেষণ করে জানলে ক্ষতি হয় না; কিন্তু চিন্তা নিরানন্দ হ'লে মনোবিশ্লেষণ সাৰ্থানে করা উচিত, তা না হলে বিপদ আছে। এখানে মান্থুয় তার চেতন মনে কোনও একটা বিষয় বিয়াগ বা পছন্দ না করলেও

তার অবচেতন মন তা করে। চেতন মন বখন বলে, হাঁ; অবচেতন মন তান বেল। বিষয়ী ঘদরত অবস্থার অবচেতন মনে তানিরে গোলে মাছবের মধ্যে বহু বিসদৃশ ব্যবহার দেখা যার। এই অবস্থার প্রকৃত সমস্থা কোথায়? তা জানবার জন্ম মনোবিশ্লেষণের প্রয়োজন আছে। প্রকৃত সমস্থা কোথায়? তা জাত হয়ে বাক্-প্রয়োগ দারা উহা বিদ্রিত করতে হবে। মনোবিশ্লেষণের রীতিনীতি সম্বন্ধে প্রকের প্রথম খণ্ডে বর্ণিত হয়েছে। এ ক্রেত্রে উহার পুনরুল্লেখ নিপ্রয়োজন। কিছু রোগীর মনের প্রকৃত চিন্ধা কি? বা তার মূল সমস্থা কোথায়? তা রোগী বলতে পারলে কারণ জ্ঞাতার্থে মনোবিশ্লেষণ নিপ্রয়োজন। এইরূপ বিশ্লেষণ দারা বিজ্ঞানের ক্রমোন্নতি হলেও রোগীর রোগ সারে না। যে সকল নিরানন্দ চিন্তা বা সমস্থা মন হতে বহুদিন প্রের্থ অন্তর্নিহিত হয়েছে, সেইগুলি পর্যান্ত রোগীকে শ্রেণ করিয়ে দিয়ে তাকে পাগলে পরিণত করা হয় মাত্র।

এমন বহু রোগী আছে, যাদের সর্ব্ধনাই ভয় ভয় করে। তাদের মন সর্ব্ধনাই ত্বংখ ভারাক্রান্ত থাকে। কিন্তু তাদের ত্বংখ বা ভয়ের প্রকৃত কারণ কি । তা তারা বলতে পারে না। এই অবস্থায় অবশ্য এই ভয় ও ত্বংথর মূল কারণ কি—তাহা জানাবার জন্ত মনোবিল্লেষণের প্রয়োজন আছে। কিন্তু রোগীরা যদি বলতে পারে, যে তাদের মনে কি কি আহেতুক চিন্তার উদয় হচ্ছে, তাহ'লে এর একমাত্র ঔষধ বাক্-প্রয়োগ ও কারণ নির্ণয়, অকারণে মনোবিল্লেষণ নয়।

চেতন মন কি জানতে বা তনতে চায়, কি তনলে তার চেতন মন শাস্ত বা খুসী হয়; কিংবা কিক্সপ বাক্-প্রয়োগ ঘারা চেতন ও অবচেতন মনের ছন্দের চিরতরে অবসান হয়; সর্বাগ্রে ইহা জানা দরকার। চেতন মন যধন বলে, হাঁ। অবচেতন মন তথন বলে, না। এই বিষয় ছুইটী ঘদ্দরত খাকলেও ঘদ্দের মূল কারণ মাহ্মব বিশ্বত হয়। চেতন মন একটা বিষয় বিশ্বাস করলেও অবচেতন মন তাহা করে না। এই রোগীর চেতন মন বাঁকে একজন বিজ্ঞা ব্যক্তি বলে স্বীকার করে, এমন কোনও এক ব্যক্তি এই সময় যদি ঐ রোগীর চেতন মনকে সমর্থন করে জানার যে হাঁ, তোমার কথাই ঠিক এবং অবচেতন মনের ধারণা ভূল তাহ'লে রোগী অচিরে নিরামর হরে যায়। অর্থাৎ চিকিৎসকের উচিত যে কোনও উপায়ে এই চেতন মনকে অবচেতন মনের সহিত এই যুদ্ধে জয়যুক্ত করে দেওয়া। প্ন: পুন: পর বা স্ববাক্-প্রয়োগ ছারা এই রোগ নিরাময় হতে পারে। হাঁ, তোমার ধারণাই ঠিক তুমি যা তেবেছো তা'ই সত্য; ইত্যাদি কথান্ডলি এই অবস্থার বাক্-প্রয়োগের কাজ করবে। যদি মিথ্যা বলার বা ধারা। দেওয়ার প্ররোজন হয়, তা'ও ভালো। তবে যে স্থলে মাত্র চেতন মন সমস্থার সমাধান চায়, সেম্থলে প্রকৃত কারণ নির্ণয় করে দেওয়া ভালো। চতুর ও শিক্ষিত লোকেদের জন্ম এই ব্যক্ষা বিশেষক্রপে প্রযোজ্য। এই ক্ষেত্রে এই চিন্তা বিদ্রিত না করে উহার সমাধানের প্রযোজন। তা না হ'লে উহা মনের নিম্ন স্তরে নেমে মনোরোগের কারণ হ'তে পারে।

দৃষ্ঠান্ত শ্বরূপ এইরূপ বলা যেতে পারে। কোনও এক ব্যক্তির মনে উদয় হলো, ঈশ্বর আছে কি'না ? এই চিন্তার সমাধান করতে না পেরে, সে অন্থির হয়ে উ'ঠলো। কোনও একটা বিষয় জানবার আকাজ্জা ভালো। কিন্তু অভ্যুগ্র হলে উহা রোগে পরিণত হয়। এই চিন্তার মধ্যে ভয় বা ছঃখ না থাকলেও অন্থিরতা থাকে। ঈশ্বর যে আছে তা সে—আশৈশব বিশাস করেছে, এক্ষেত্রে সে ইহার প্রমাণ চেয়েছে। কিন্তু আশৈশব "ভূত" অবিশাস করে যদি সে সহসা উহার চাক্ষ্স কোনও প্রমাণ পায়। তাহ'লে সে নিশ্চয়ই এক ভীতিপ্রদ নিরানন্দ চিন্তাজনিত অন্থির হয়ে উঠে। তার বিজ্ঞান বুঝতে পারে যে

নিশ্চরই ভূত বলে কোনও কিছু পৃথিবীতে নেই। এ সহছে বা তুনা বার তা ম্যাজিক ছাড়া আর অন্ত কিছুই নয়। কিছ এই ক্লেডে অছির হরে সে ভাবে যে তাহ'লে ঐ ব্যক্তি ঐ ভূত দেখলোকেমন করে। যে ভূতকে সে অবিখাস বা অবহেলা করেছে, সেই ভূত ভার ভয়ের কারণ হয়। এই ভয় মনের উপর ছায়ী কোনওছাপ না রাখে তো ভালো; কিছ উহা যদি 'হাঁ বা না' এই অন্তর্ছ ক্লিপ্তত চিন্তা রোগের স্পষ্টি করে, তাহ'লে এই রোগ তাকে ভয় দেখায় বা হুঃখ দেয়। মাহ্মবের পূর্বাতন অহমিকা চেতন মন হ'তে এই ভয় দ্রীভূত করতে চেষ্টা করে, কিছ অপরের সাহায্য ব্যতিরেকে তা সেপারে না। তবে কখনও কখনও সে এই চিন্তা নিজেও দ্রীভূত যে না করেছে তা'ও নয়। এক্লেত্রে তাকে বুঝিয়ে দেওয়া উচিত যে কোনও প্রক্তিক ব্যক্তি তাকে এ সহজে ভূল বুঝিয়েছে মাত্র।

এই রোগগ্রন্থ মনকে একটা মাত্র (পোক্) বা "শিক" ভাঙা সাই-কেলের চাকার সহিত তুলনা করা চলে। এই চাকা চলে বটে, কিন্তু কিছু অস্থবিধার সহিত চলে। এবং উহাতে খটখট বা ঘড়াৎ ঘড়াৎ আওয়াজ হয়। জোরে নাড়া দিলে উহা স্বস্থানে পুন: সংস্থাপিত হতেও পারে। সেইরূপে মনের এই বিকৃত অংশ কাজকর্মে নিয়ত নিয়ত থেকে অক্তমনস্কতা দারা বা উগ্র আঘাণ গ্রহণ করে বা যৌন ভৃপ্তি কিংবা নেশা দারা কিংবা নৃতন পরিবেশে এসে মাহুষ নিরাময় হয়েছে। এই বিকৃত মনকে স্বস্থানে সংস্থাপিত করে ঝালাই করেও দেওয়া চলে। ইহাতে পুনরায় উহা বিচ্ছিয় হয় না। এই ঝালাই করার সহিত পুন: পুন: বাক্-প্রেয়াণ ও কারণ-বিশ্লেষণের ভূলনা করা চলে। ইহাতে রোগী স্থামীক্রপে নিরাময় হয়ে যায়, তা না হলে সামান্ত কারণে পুনরায় ঐ চিস্তারোগ ফিরে আগতে পারে।

ি বিষয়ক কোন শব্দ শ্রুত হলে বা উহা তার দৃষ্টিপথে পতিত হলেও মামুষ কিছু সময়ের জ্ব্য ঐ রোগে পুনরাক্রান্ত হতে পারে। এই অবস্থায় চিস্তারোগ তুই বা তিনদিন স্থায়ী হ'তে পারে, কিন্তু উপযুক্ত বাক্- প্রয়োগ দ্বারা রোগী ত্রায় নিরাময়ও হ'তে পারে।

মানসিক রোগের চিকিৎসা সম্বন্ধে আমি পুস্তকের ১ম খণ্ডে আলোচনা করেছি, এস্থলে উহার পুনরুল্লেখ করবো না। বাকৃ-প্রয়োগ च्हार नामाल कथा, यथा "७: किन्छू नग्न", विश्वामरयाना वास्तित मूर्य छत्न বহু রোগী নিরাময় হয়েছে। কোনও এক ব্যক্তি দেখতে পায় গঙ্গা বেয়ে বহু মন ওজনের বিচূলি বোঝাই একটা নৌকা চলেছে। সহসা লোকটীর মাথায় এলো, এতো বিচুলি ওরা রাখবে কোথায় ? এই অকারণ চিন্তায় সে পাগল হয়ে উঠেছিল। এই সময় জনৈক বিজ্ঞ ব্যক্তি তাকে বলে দেয়, কোথায় রাখবে

ভানো না বুঝি

নৌকটা এগিয়ে গিয়েই ডুবে গিয়েছিল। বিচুলির একটা তাড়াও উদ্ধার করা যায়নি। এই কথা শুনে 'তাই নাকি ?' এই বলে লোকটী আত্মন্থ হয়ে নিরাময় হয়েছিল। অবিশ্বাসী মাহুষ যোগ অভ্যাস বা অলৌকিক ব্যাপার পরীক্ষা করতে গিয়ে—পাগলে পরিণত হয়েছে। যা তারা বিশ্বাস করে তা অবিশ্বাস্ত কি'নাণ তা পরীকা দারা যারা জানে তাদের ততো ক্ষতি হয় না। এই বিষয়ে তারা সামাল বেদনা পায় মাতা। কিন্তু অবিশ্বাস করে যদি তা বিশ্বাস্থ হয়, তাহ'লে তা তাদের অন্ধির করে। কিন্তু বিশ্বাস্থ কিংবা অবিশ্বাস্তা, 'হাঁ কিংবা না' এই বিষয় নিয়ে যদি চেতন ও অবচেতন মনে ছল্ব বাধে এবং কেহ কাহাকে হটিয়ে দিতে না পারে এবং উপরম্ভ এই চিম্বা যদি নিরানন্দ ও দীর্ঘ স্বায়ী হয় তাহ'লে উহাকে চিম্বা-রোগ বলাহয়।

म्याजिक व्यत्तरक एत्य, किन्छ धरे याशात मजुरे व्यानीकिक कि

না । এই চিন্তা কাউকে অহরহ দথ করে না। কিন্ত রোগগ্রন্ত মাস্থ্যক তা অন্থ্যির করে। সহসা তর বা হুংখ পেলে এই চিন্তা তার মনে স্থায়ীভাবে শিক্ড গাড়ে। এমন কি নিরাময় হওয়ার পরও ঐ ভন্ন বা হুংখ ঐ
সম্পর্কীয় শব্দ বা বাক্য শ্রবণ মাত্র তার মনে পুনরায় কিরে
আসতে পারে।

আমার বক্তব্য বিষয়টা নিমের বিবৃতিটা হতে সম্যকরূপে বুঝা যাবে। "আমি ভূত প্রেতে কখনও বিশ্বাদী ছিলাম না। কিন্তু কোন এক ওঝা হাতের ক্সরতের সাহায্যে ক্ল্সীর জলের মধ্যে আমার পরিচিত এক মৃত ব্যক্তির ছবি দেখার। উহা সে ফটো কাঁচের সাহায্যে টী কৃষ্ ছারা দেখালেও তা আমি বিশ্বাস করি। আমার অবিশ্বাসী মনকে উহা নাড়া দিয়ে বিহৃত করে দেয়। আমি ভয়ে ঠকু ঠকু করে কাঁপছিলাম। মনের কিছুটা অংশ মূল মন হতে বিচ্ছিন্ন হয়ে এলো। সকল চিস্তার উদ্ধে উঠে মাত্র এই একটা চিন্তাই মূহমূহ: আমার মনে উদয় হতে থাকে। কি করে তা সম্ভব হয়। সত্যই কি ওটা বন্ধুর চেহারা। কোণা থেকে তা এলো। না তা স্বই মিথ্যা ? ইত্যাদি। আমি কিছতে শান্তি পাচ্ছিলাম না। স্ববাক্-প্রয়োগ দারা মনকে বুঝাতে চেষ্টা করি 'ও সব ধাপ্পা।' আবার মনে হলো, হয়তো তা নয়। এর পর আমি মিলিটারীতে চুকি। দিন রাত্র প্যারেড ও পড়াগুনার ব্যস্ত থেকে আমি নিরাময় হয়ে যাই। কিন্ত 'ভূত' শব্দটী আমি শ্রবণ কর। মাত্র ঐ অব্যক্ত বেদনাময় চিন্ত। পুনরায় আমাকে উত্যক্ত করেছে। আমার জনৈক মনগুত্বিদ বন্ধুকে বিষয়টী খুলে বলে ফেলি, কিন্তু বলবার সময় আমি কেঁপে কেঁপে উঠেছিলাম। বন্ধুবর উহা যে হাতের কায়দা মাত্র তা আমাকে বুঝিয়ে দেন। এর পর আমি স্থায়ী ভাবে নিরাময় হয়েছি।"

প্রদমিত ভয় অত্যক্ত কতি কর। 'সাহসীরা একবার মরে, কিন্তু

ভিহ্ননা মরে বহবার'—এই প্রবচনটা অতীব সত্য। ভূত প্রেতের ভয়, জীবন-ধারণের ভয়, সন্মানহানীর ভয়, যোন রোগের ভয়, মৃত্যুর ভয়, বৃদ্ধ হবার ভয়, অর্থ বা প্রাণ নাশের ভয়, কথনও মাহ্বকে স্থা করতে পারেনি। জীবন মৃত্যু, মান অপমান সহ্বন্ধে বেপরোয়া ব্যক্তিরা এইজ্ব্যু মানসিক রোগে কম ভূগে। মানসিক রোগে শিক্ষিত লোকেরা অধিক ভূগে। অশিক্ষিত ও অজ্ঞ ব্যক্তিদের মধ্যে উহা কদাচিৎ দেখা গিয়েছে। যাদের বিচার শক্তি নেই, তাদের চিন্তার কারণও নেই। এইজ্ব্যু ইংরাজীতে বলা হয়, 'ইগ্নোরেল্ ইজ্রিস্'। সভ্যতা ও শিক্ষার বহু অবদান আছে কিন্তু উহার অপদান হচ্ছে মানসিক রোগবা মনোবিকার। মানসিক রোগের কারণে শিক্ষিত লোকেরা অধিক আত্মহত্যা করেছে। অন্য দিকে নিরক্ষর ব্যক্তিরা তা প্রায়ই করেনি।

বিচার বুদ্ধি কম থাকায় অজ্ঞ লোকদের মনোরোগ বাক্-প্রয়োগ বা ঝাড় ফুঁকের মহড়া দ্বারা সহজে নিরাময় করা যায়। মান্থবের নিরানন্দ চিস্তাকে বাক্-প্রয়োগ দ্বারা ধীরে ধীরে এবং ক্রেমে ক্রেমে আনন্দদায়ক, উপভোগ্য বা অগ্রাহত্বক করা সম্ভব। তবে তা একটু একটু করে সইয়ে সইয়ে করা উচিত হবে।

ষদ্বত চিন্তাঘ্যের কোন্টী আনন্দায়ক এবং কোন্টী বা নিরানন্দ তা রোগীর নিকটে কৌশলে জেনে নেওয়া প্রয়োজন। উহা ঘ্দরত অবস্থায় মনোতলে ডুবে না গেলে রোগী তা জানাতে সক্ষম। এই ক্ষেত্রে মনোবিশ্লেমণের প্রয়োজন নেই, কারণ রোগী তার এই অশান্তির কারণ সম্বন্ধে সচেতন। এর পর চিকিৎসকের উচিত ঐ আনন্দায়ক চিন্তার পক্ষে এবং নিরানন্দ চিন্তার বিপক্ষে রায় দেওয়া এবং উহার অসারতা সম্বন্ধে রোগীকে অবহিত করা এবং পরে পুন: পুন: বাক্-প্রয়োগ ঘারা ঐ চিন্তা তার মন হতে দ্ব করতে তাকে সাহায্য করা। যদি দেখা যার রোগীর চেতন মন কোনও জিনিস বিশ্বাস করে না, বা তার অবচেতন মনের 'না' (বা হাঁ) সে পছন্দ করছে না, তাহ'লে চেত্ন মনের মনোপুত: 'বাক্-প্রয়োগ' প্রয়োগ করা উচিত। একই বাক্-প্রয়োগ বিভিন্ন ব্যক্তিদারা প্রযুক্ত হলে আরো ভালো হয়। তাহ'লে রোগী অবচেতন মনের এই 'হাঁ বা না'কে সহজে বিদ্বিত করে নিরাময় হবে। চিকিৎসক যদি দেখেন যে চেতন মনের ধারণা বা ইছা ভূল বা অস্তায়, তাহ'লেও তার এই অস্তায় বা ভূলকে সমর্থন করে বিবৃতি দিতে হবে কিছা ঐ ভাবে তা তাকে সম্ভব মত ও অবিধা মত ব্ঝাতে হবে। কেহ যদি চেতন মনের ইছার বিরুদ্ধে অকারণে রায় দিয়ে বসেন তাহ'লে তিনি তার ক্ষতি করবেন।

কেহ হয়তো অলোকিক ক্রিয়া বা মন্ত্রতন্ত্রে বিশ্বাস করে না। এই বিশ্বাস করা বা না করার জন্ত জগতের কোনও ক্ষতি বৃদ্ধি নেই, কিন্তু তা সত্ত্বেও যদি কেহ তাকে এইগুলিতে বিশ্বাস করাতে যান তাহ'লে তিনি তার বিশেষ অশান্তির কারণ হবেন। মনতত্বিদ পণ্ডিতগণ ও মানসিক রোগের ডাক্ডারেরা কেহ কেহ চিকিৎসার অজ্হাতে রোগীকে বহু দিন পর্যন্ত আয়তে রাথবার উদ্দেশ্যে অপরাধ করেছেন। বহু ক্ষেত্রে এই অপকর্ম্মের কারণে রোগী চিকিৎসকের আয়তের বাইরে চলে এনে পাগলে পরিণত হয়ে গিয়েছে। প্রায়ই ত্র্কল চিন্ত বা ভাবপ্রথণ ব্যক্তিগণ এবং সরল চিন্ত ব্যক্তিগণ নানা কারণে নানাপ্রকার মানসিক রোগে সাময়িকভাবে ভূগে থাকেন। এই সকল মানসিক রোগ সামান্ত মাত্র বাক্-প্রয়োগ বা ব্যাখ্যার হারা সহজেই নিরাময় হয়। কিন্তু এত সহজে নিরাময় ক'রে দিলে ৫০, টাকা কি প্রতিবারে গ্রহণ করা যায় না। এই কারণে রোগী এবং ভাদের অভিভাবকদের ভয় থাইয়ে এই রোগকে কিছু দিন পর্যন্তে জাগিয়ে বা জিইরে রাথার বন্দোবন্ত করা হয়। এ সম্বন্ধে নিয়ে একটা বিশ্বতি উদ্ধৃত করা হলো।

'সহসা একদিন ভয় পেয়ে আমার মনে একটা অহেতৃক চিন্তা রোগের উৎপত্তি হলো। किছুতেই এই চিন্তা আমার মন হইতে বিদীন হচ্ছিল না। এই চিন্তার প্রকৃত সমাধান আমি করতে পারছিলাম না। এই কারণে আমি শান্তিও পাচ্ছিলাম না। এই অন্তৎ রোগের কথা কাকেও বলা যায় না। কারণ উহা কেহ বিখাসও করবে না। কাউকে এ কথা বলতে পারলে আলাপ আলোচনার পর আমি নিক্ষাই নিরাময় इजाम। आमात मन এই টুকুই চাইছিল যে কেহ এলে বলুক, ও সব বাজে, মিথ্যে। ভাববার দরকার নেই। * 'এর পর আমি এক মনস্তত্ত্বের প্রফেসারের নিকট বিষয়টা গোপনে জানাই। তিনি এজন্ত আমাকে কোনও সান্তনার কথা না শুনিয়ে চোধ পাকিয়ে বলে উঠলেন, 'এঁটা, তাই না'কি ? বলো কি ? এই রকম ? তোমার বাপ মা পারো। তোমাকে সারাতে হ'লে মনো বিশ্লেষণের দরকার। দশ বারোবার সিটিঙের কমে অ্ফল হবে ন।। তা'ও তুমি যে এতেও সেরে যাবে সে কথা আমি নিশ্চয় বলতে পারি না। পারবে প্রতিবারে ৪০ ্টাকা করে ফি: দিতে, এঁয় ?' তার এই ভীতিপ্রদ উল্ভিতে আমার এই রোগ আরও বেডে যায়। এই সময় আমি ভয়ে কাঁপতে থাকি। এর পর . আমি পাড়ার এক কবিরাজের কাছে বিষয়টী জানিয়ে কেঁদে ফেলি। তিনি সব কথা শুনে সেই মানসিক রোগের চিকিৎসককে গাল দিতে থাকেন। এবং আমাকে কাছে বসিয়ে অভয় দিয়ে বললেন, 'আছা ছেলে

একেত্রে যদি কেই ভর্ষনা করে বলে পাগলামী করো না। তাইলৈ তার ফল

ভালো হবে না। সহাত্মভৃতির সহিত ওরাকীবহালভাবে বাক্-প্ররোগ করতে হবে।

এমন কি মিখা করেও বলতে হবে, অমুকের এইরকম হরেছিল, কিছ এই করে সেরে

গেল। এই উবধটা না হয় খেয়ে নাও, তা'হলেই নিরামর হবে, ইত্যাদি।

মাসুষ তো তুমি ? কিছুই হয়নি তোমার। এরকম অস্থ ছেলেমেরেদের প্রায়ই হয়ে থাকে। 'একে ব্যাচিলার ডিসিজ' বলে। বিয়ে করলেই সেরে বাবে। তোমার মনে এই সব প্রশ্ন উঠছে তো ? ওগুলোর অর্থ হছে এইরূপ। এই জন্মই এই সব হয়, ব্যলে ? কেমন, এইবার ব্যতে পারছ তো ? এখন বাড়ী যাও। বাড়ী গিয়ে ফ্'গেলাস নিমপাতার রস থেয়ে ফেলো।' নিমপাতার রস আমাকে খেতে হয় নি। কবিরাজ দাছর বোঝাবার গুণে আমি নিরাময় হ'য়ে যাই।"

মাসুবের মন আজও ছ্জের। অন্ধলারে নিদানের জন্ম আমরা হাতড়ে বেড়ায় মাত্র। অনেক সমর মনের জোট ছাড়াবার চেটা করে আমরা মনের মূল স্ত্রটী ছিঁড়ে ফেলেছি। এই কারণে মনোবিশ্লেষণ একমাত্র স্ক্ষ-মনা মাসুবকে নিয়ে করা উচিত। অস্কু মাসুবের মনোবিশ্লেষণ তাদের অজ্ঞাতসারে করাই তালো। বাক্-প্রয়োগ এবং কারণ নির্ণয়ের স্বারা রোগীকে নিরাময় করা সম্ভব হ'লে মনোবিশ্লেষণের স্বারা বিষয়টীকে জটালতর করা নিপ্রয়োজন। এমন বহু পণ্ডিত আছেন, যাঁরা জানতে চেটা করেন, 'কেন তার এই রোগ হলো ং' রোগীর রোগ নিরাময় করা অপেক্ষা রোগের কারণ জ্ঞাত হওয়ার জন্মই তারা ব্যস্ত হন। এতদারা তাঁরা এই রোগের কারণ জ্ঞাত হ'তে পারেন, কিন্তু এই সম্বন্ধে জানবার চেটা করার জন্মে মূল রোগটা তাঁরা সারাতে পারেন না। উপরস্ক রোগীর রোগটীকে জটিল হ'তে জটিলতর করে তুলেন।

এই ভূল চিকিৎসার কারণে বহু মনোরোগী আত্মহত্যা করে সকল আলা-যন্ত্রণা হ'তে অব্যাহতি পেয়েছে। কিন্তু এইজন্ম এই চিকিৎসকদের কোনরূপও শান্তি দেওয়া সম্ভব হয় না।

উন্মদনার কারণেও মাহুব আত্মহত্যা করেছে। এই অবস্থায় আত্ম-হত্যার একটা 'মেনিয়া' তাকে পেরে বসে। এই স্পৃহা স্থায়ীদ্ধপে প্রকাশ পেলে উহাকে উন্মাদনা বলা হয়। কিছ এই স্পৃহা ক্ষণছায়ীরূপেও প্রকাশ পেরে থাকে। কেহ বলি ছাদের উপর দাঁড়িয়ে নীচের দিকে তাকাতে তাকাতে চিন্তা করে, এবার লাফিয়ে নীচে পড়লে কেমন হয়। তাহ'লে দেখা বাবে যে লাফিয়ে পড়ার জন্ম এক ছর্দমনীয় স্পৃহা তাকে পেয়ে বসেছে। এমন কি সহসা উন্মাদ হয়ে বা ঝোঁকের মাথায় সে নীচে লাফিয়েও পড়তে পারে। এই ক্ষণছায়ী উন্মাদনা মনোরোগের কারণেও এসে থাকে। নিমের বিবৃতি হ'তে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।

"কোনও এক ঘটনার পর আমার এক উৎকট মানসিক রোগ জন্মে।
বহু অন্তুত চিন্তা এবং ভর আমাকে পেরে বসতো এবং আমি আমার
নিজের আয়ন্তের বাইরে এসে পড়তাম। এই অভাবনীয় রোগের কথা
আমি কাকেও বলি না। বললে হয়তো কেহ তা বিশ্বাস করতো না। তা
ছাড়া বলতেও আমার লজ্জা হতো। একদিন আমার ইচ্ছা হলো, দিতল
হ'তে নীচে লাফিয়ে পড়ি। আমি নিজেকে সংযত করতে না পেরে শেষে
ভিতর থেকে তালা লাগিয়ে চাবিটা বাইরে ফেলে দিই। কিন্তু আশ্চর্য্যের
বিষয় যে এর সঙ্গে সঙ্গে আমার এই ছর্দ্মনীয় ইচ্ছারও উপশম ঘটে।"

গভীর রাত্রে কেহ যদি কোনও বৃহৎ জলাশয়ের ধারে বদে জলের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে থাকে। তা'হলে দে একটা বিশেষ অম্ভূতি লাভ করবে। তার মনে হবে যে ঐ জল যেন হাতছানি দিয়ে তাকে ডাকছে। এই ক্ষণস্থায়ী চিন্তা যদি উগ্র ও দীর্ঘকাল স্থায়ী হয় তাহ'লে ঐ ব্যক্তির পক্ষে অকারণে জলে ডুবাও অসম্ভব নয়।

মানসিক কারণের স্থায় স্নায়বিক কারণেও মাহ্ন্য উন্মাদ হতে পারে। এই সময় তার মনের সকল প্রতিরোধ শক্তি লোপ পায়। এখানে অন্তদ্ধ দ্বের প্রশ্ন উঠে না। এখানে প্রশ্ন উঠে প্রকৃত উন্মাদনার। অন্তদ্ধিদ্বর বহু ইচ্ছাকে আংশিক বা পূর্ণভাবে প্রদমিত করা যায়, কিছু স্নায়বিক উন্মাদনা বৃদ্ধি বিবেচনা বা প্রতিরোধ শক্তির পূর্ণ বিনাশ ঘটার। এইরূপ অবস্থার কোনও ইচ্ছা উপগত হওরা মাত্র সে তাকে কার্যকরী করে। এই ভাবে বছ উন্মান উন্মাননার কারণে অত্রকিতভাবে আত্মহত্যা করেছে।

বে সকল উন্মাদ আত্মহত্যার চেষ্টা করে তাদের সাবধানে নঞ্চরবন্দী রাখা উচিত। এই সম্পর্কে এরা অত্যন্ত ধূর্ততা দেখিয়েছে। ধাপা দারা ভূলিয়ে কিংবা চালাকির সহিত বহু ব্যক্তির নজর এড়িয়ে এরা আত্মহত্যা করতে সক্ষম। সামান্ত একটু ক্ষেযাগ পাওয়া মাত্র এরা উহার সন্থাবহার ক্রত গতিতে করে থাকে। অতি সামান্ত ক্রব্যের সাহায্যেও এরা আত্মহত্যা করতে সক্ষম হয়েছে।

এই উন্মাদনা প্রায়ই বংশগত হয়ে থাকে। এইজন্ম একই পরিবারের স্থই তিন পুরুষে বস্তু ব্যক্তিকে অকারণে আত্মহত্যা করতে দেখা গিয়েছে।

ভারতীরগণ আবহমানকাল এই আত্মহত্যাকে মহাপাপ বলে স্বীকার করে এসেছেন। এমন কি এই অপঘাত মৃত্যুর কারণে উহাদের আছে শাস্তিও দ্বাদশ দিন বা এক মাসের পর না করে তিন দিন পর উহা সমাধা করা হয়।

অলৌকিক ব্যাপার সম্পর্কে জ্ঞানার্জন বা পরীক্ষার্থে বহু লোক মানসিক রোগগ্রন্ত হয়েছে। এদেশে শব-সাধনা * বা পিশাচ-সিদ্ধ হবার কাহিনী শুনা গিয়েছে। এই সাধনায় সিদ্ধিলাভ করলে মাহুষ না'কি অলৌকিক শক্তিসম্পন্ন হয়। এই অলৌকিক সংস্কারে বিশ্বাসী মাহুষ এইরূপ পরীক্ষায় আত্মনিয়োগ ক'রে বহুক্তেরে উন্মান হয়েছে।

ভূত নামাতে গিরে ভয় পেয়ে বহ অবিখাদী সাহসী মাহুবও রোগগ্রস্ত

^(*) মৃত শব ক্রোড়ে নিয়ে সাধনা ক'রে পিশাচ-সিদ্ধ হবার পদ্ধতি না'কি এদেশে একদিন অচলিত ছিল। কিছু আমি মনে করি বে উহা সম্পূর্ণরূপে গর বা কাছিনী মাত্র।

হরেছে। এই ব্যাপারে মূল মস্তিক স্তিমিত হয়ে যাওরার এরা অনেক কিছু ক'রেও মনে করে তা তারা করেনি; অনেক কিছু জেনেও তারা ডেবেছে তারা তা জানেনি।

িতন পায়া টেবিলের সাহায্যে ভূত নামানোর কথা শুনা গিয়েছে, কিছ উহা কাঁকি বা ধাঞ্চা মাত্র। এই ব্যাপারে তিন ব্যক্তি টেবিলের তিন দিকে বলে টেবিল চেপে রাখে। ছই বা তিন ব্যক্তির হাতের চাপ সমানভাবে বা একই সময় পড়ে না। মামুষের পেশীর সঙ্কোচন (Mascular Contraction) ও হাতের কমবেশী চাপে টেবিল উঠা নামা করে। এমন কি ঐ টেবিল কিছুটা দূর সরেও যেতে পারে। এই ব্যক্তি অ্যের একজন এই যল্লের অ্যোক্তিকতা ও মিধ্যাচরণ সম্বন্ধে সচেতন এবং সে ইচ্ছে ক'রেই এ বিষয়ে সাহাষ্য ক'রে থাকে। বহুক্ষণ হাত ভূলে রাখার কারণে পেশীর সঙ্কোচন ঘটে ইহার কলে হাত ভেরে যায় এবং উহা ভয়ের কারণে উঠা নামা করে।

এই যদ্ধের একজন ধারক এই সম্বন্ধে জোর ক'রে অপরকে বিশ্বাস করাতে চেরেছে নিজেরা এতে বিশ্বাস না করেও। এই বিশ্বাস করানোর মধ্যে এরা পুলক অন্থতব করে। অপরকে ভয় দেখানোর মধ্যেই এদের যা কিছু বাহাছ্রী বা আনন্দ। বহুক্ষেত্রে নিজেদের অশান্তি অপরের মনেও এরা এনে দিতে চেরেছে। মুরোপীয় বালকেরা এই সকল যদ্ধ নিয়ে খেলা করে মাত্র। উহা তাদের নিকট একটা খেলার বস্তু। অতীব ছংখের বিষয়, বিদেশের বালকেরাও যা খেলনা মনে করেছে, এদেশে বহু বৃদ্ধও তাতে ভক্ষত্ব আরোপ করে।

ভূত বলে কোনও ব্যক্তি বা বস্তার অভিত্ব নেই। এ কথা পুর্বেই বলেছি। বাইরের ভূতে কথন কাহাকেও ভর দেখারনি। মান্থবের মনেরই এক বিচ্ছিল্ল অংশ বাইরে বেরিয়ে তাকে ভর দেখিলেছে। কিন্ত মাহবের মন এই ভাবে বিচ্ছিন্ন হয় কেন । এই সম্বন্ধে এইবার আলোচনা করবো। মনের অজ্ঞতা এবং হ্র্লেলতার জম্ঞ এই বিচ্ছিন্নতা আসে। এবং ইহার কারণ আশৈন পরিবেশ ও অবহেলা। বহু ব্যক্তি শিশুদের শাস্ত করবার জম্ঞে ভয় দেখায়। কিন্তু তাতে তারা তাদের সর্বনাশ করে মাত্র। কোনও বালক আশৈন অবহেলা ও তাচ্ছিল্য পেয়ে থাকে। এতশারা তারা তাদের ব্যক্তিত্ব পরিষ্ণৃট করতে পারেনি। কোনও কোনও বালককে পাগলা পাগলা বলে অবহিত করা হয়েছে। এইরূপ সম্বোধন ঐ বালক আদপেই পছন্দ করেনি। তার চেতন মন হন্ধার দিয়ে বলে উঠেছে না কন্দণো না, আমি পাগলা বা বোকা নই, কিন্তু তার অবচেতন মন ক্ষ্রভাবে বলেছে, কিন্তু তা'হলে অতোগুলো লোক কেবলমাত্র আমাকেই বা এইরূপ বলে কেন । এই ভাবে হাঁ ও না'র শুন্দু সর্ব্বপ্রথম তার মনে উপগত হয় এবং তার মূল মন ধীরে ধীরে বিচ্ছিন্নতার জন্ম তৈরী হয়।

এইরপে তুর্বল-চেতা হয়ে বছ মাতুষ সহজেই মনোরোগগ্রস্ত হয়ে আছহত্যা করেছে।

ব্যক্তিবিশেষের স্থায় সমগ্র জাতিও আত্মহত্যা করতে সক্ষম। ভাবপ্রবণ জাতি যদি অলস ও দান্তিক হয়, তা'হলে এইরূপ আত্মহত্যা তারা সহজেই করতে পারে। অতিরিক্ত ভাবপ্রবণতা গণ-হিষ্ট্রিয়া বা উদ্মাদনার নামান্তর মাত্র। অলসতা, নির্কৃদ্ধিতা, বান্তব জ্ঞান এবং সহনশীলতার অভাব, ভাবপ্রবণতা, শ্রম-বিমুখতা, অভিমান, ভীরুতা ও আত্মধ্বংশী রাজনীতির কারণে পুর্বকালীন বহু জাতি বিলুপ্ত হ'য়ে গিয়েছে।

শ্রমবিম্থতা ও পরমির্ভরশীলতা এইরূপ আত্মনাশের এক অন্ততম কারণ। এই সম্বন্ধে পৃথিবীর এক প্রানো জাতির উল্লেখ করা যেতে পারে। এই জাতি একদিন বৃদ্ধি ও বাহুবলে শক্তিশালী রাজ্য স্থাপন করেছিল। কিছ তাদের বংশধরগণ কালক্রমে শ্রমবিমুখ হরে পড়ে।
এদের প্রত্যেকটা পরিবার অপর এক দান-জাতির লোকেদের আপন
আপন বাটীতে নিযুক্ত করে তাদের দারা যাবতীর কার্য্য করিয়ে নিতো।
এক এক পরিবার এইরূপ বহু দাস জাতীয় বিজিত লোকেদের দাশ্র
কার্য্যের জন্ম স্ববাটীতে মোতারেন রেখেছিল। কোনও এক
সময় এই দাস জাতীয় লোকেরা পরস্পর পরস্পরের সহিত সলা
ক'রে একরাত্রে প্রভু জাতীয় প্রশবদের অতর্কিতে আক্রমণ করে, হত্যা
করে স্ব স্থ প্রভূপত্মী ও প্রভূ-কান্সাদের বল পূর্ব্বক বিবাহ ক'রে এক মিশ্র
জাতির স্পষ্ট করেছিল। এদেশে আজও বহু দেশীয় রাজ্য আছে যেখানে
রাজা ও সামস্তর্গণ এই কারণে অন্ত জাতীয় বহু দাসী রাখলেও কখনও
প্রাসাদে ঐ জাতীয় প্রস্ব দাস রাখেন নি। এই সকল মাহ্বয়া ক্রিয়
শ্রেণীর অন্তর্ভু ক্ত হওয়া সত্ত্বেও সকল প্রকার পরিশ্রমের কার্য্য আজও
পর্যান্ত স্বহত্তে করে থাকেন।

চাবের কাজের এবং সৈনিকের জন্ম যে জাতি অন্ম জাতির বা শ্রেণীর মান্থব নিযুক্ত করেছে, তারা আথেরে আত্মহত্যা করবে। ব্যবসায়ী শ্রেণীকে এরা হটিয়ে দিতে পারবে, কিন্তু ভূমির এবং পৌর্য্যের অধিকারী লের বিতাড়িত করা অসম্ভব। ভূমির অধিকারী বা শস্ত উৎপাদনকারী যারা, দেশ তাদেরই। বরং ইচ্ছা করলে এরাই ভিন্ন জাতীয় শাসকদের বিতাড়িত করতে কিংবা তাদের নিজ দেশেও পরদেশী-রূপে বাস করতে বাধ্য করতে পারে। জাতীয় আত্মহত্যার পূর্ব্ব মৃহুর্ত্তে দেখা গিয়েছে যে এই আত্মহন্তারক জাতি তাদের দেশের ভূমি ও শ্রমশিল্প ধীরে ধীরে অন্ম জাতি বা শ্রেণীর হাতে স্কেছার বা শ্রমবিমুখতার কারণে ভূলে দিয়ে নিজেদের পরগাছা-জাতিতে পরিণত করেছে। এই সকল কারণে পূথিবীতে বছ আত্মাভিমানী বিলাসী গর্ষিত সভ্যজাতি

ষুগে যুগে বিলুপ্ত হয়ে গিয়েছে। অতিরিক্ত সভ্যতা ও ধর্মাধর্মবোধ, যে জাতিকে পার্থীব সুথ সজ্যোগ হ'তে দ্রে নিয়ে গিয়েছে বা আন্তর্জাতিক মনোভাবাপন্ন করেছে, আথেরে তারাও জাতিত বজায় রেখে বেঁচে থাকতে পারেনি।

জাতীয় জীবনে এমন এক একটা সময় আসে যথন নেতারা জাতিকে স্থানিয়ন্ত্রিত করতে অক্ষম হয়। বস্তুতঃপক্ষে এই সময় জাতি কাহাকেও নেতা রূপে স্বীকার করে না। একজনকে একদিন তারা নেতৃত্বে বরণ ক'রে পর দিনই তাকে দুরীভূত ক'রে দেয়। নেতাকে জনতার মুখাপেক্ষী হয়ে জনতার উন্মাদনায় যোগ দেওয়া ভিন্ন উপায় থাকে না। সমগ্র জাতি এই সময় গণ-হিষ্ট্রীয়া বা গণ-উন্মাদনায় ভূগে আত্মহত্যা করে। এই সময় এরা সমধিক শক্তি সঞ্য় না ক'রে অকারণে প্রবল শত্তর সহিত সংগ্রামে লিপ্ত হয়েছে, স্বজাতির নিশ্চিত ধ্বংস উপলব্ধি করেও। একই সাথে এরা বহু মানব গোষ্ঠাকে শক্ততে পরিণত করেছে। সকলেই তাদের নিকট মন্দর্মপে প্রতীত হয়েছে। এর উপর তারা এনেছে ছেম, হিংসা এবং অকারণ অন্তর্ম । এই সময় এদের একজন অপর জনকে বিখাস করে না। যে ভুনছে তাকে আরও ভুবিয়ে দেওয়া হয়। দেশ-প্রেম অপেক্ষা ব্যক্তিগত স্বার্থ ই বড় হয়। এরা তখন ভূলেও এমন কাজ করে না, যাতে দেশ বা জাতি বড় হ'তে পারে। আত্মধংশী রাজনীতি থাকে তাদের একমাত্র চিস্তা। এই সময় এরা সতীর সতীত্ব হেলায় লুঠন করে। উহাকে তথন এই সব মামুষ মনে করে কুসংস্থার। এর ফলে নির্বিচার যৌন-নিলনে বন্ধ্যাত্ব আনে বা তুর্বল শিশুর জন্ম দেয়। এইরূপে লাত--শিশুরা প্রায়শঃক্ষেত্রে অপরাধপ্রবণ্ও হয়েছে।

জাতি এইরূপ অবস্থায় উপনীত হ'লে প্রায়ই প্রবল শক্তর আক্রমণ সহ করতে পারে নি। এর অবশুদ্ধাবী ফল স্বরূপ তারা মিশ্র বা দাস জাভিতে পরিণত হরেছে, না হয় চিরতরে তারা বিশুপ্ত হয়ে গিয়েছে।

ि এইবার আমার স্বশ্রেণী বাঙ্গালীদের কথা বলবো। সাধারণতঃ বাঙ্গালী মধ্যবিত্ত শ্রেণীর মাতুষরা শ্রম বা চাষ করে না। এরা পরগাছা-জীবন যাপনে অভ্যন্ত। চাকুরীই এদের একমাত্র সম্বল। ব্রাহ্মণ, কায়স্থ প্রভৃতি শ্রেণীর পক্ষে ইহা অতীব সত্য। কিন্তু চিরকাল এইরূপ ছিল না। প্রাচীন ভারতে ব্রাহ্মণ ক্ষত্রিয়গণ শুদ্রদের সহিত সমভাবে ক্ষেত্র-কর্ষণ বা শ্রমিকের কাজ করিয়াছে। পশ্চিম বাংলার ব্রাহ্মণ কায়স্থদের সেইদিনও ক্ষতে মাঠে চাষ করতে দেখা যেতো। নিজের। লাগল না ধরুন এঁরা কোদলী ধরেছেন। শজীক্ষেত্রের জন্ম মজুর নিয়োগ এঁরা কমই করেছেন। কিন্ত ইংরাজী শিক্ষার দঙ্গে এঁরা কেরাণীকুলে পরিণত হয়ে পড়েন। জাতিভেদ প্রথার জন্ম এরা চাষী সমাজের সহিত বৈবাহিক বন্ধন স্বীকার করেন নি। এমন কি সামাজিক ব্যবহারেও এই উভয় শ্রেণী পৃথক থেকেছেন। এই অর্থ-নৈতিক ও সামাজিক ব্যবধানের কারণে এঁরা জাতির মধ্যে উপজাতির সৃষ্টি করে मून जािंटिक पूर्वन करत निराहिन। किन्न अँ दिन अपनि से চাবী সমাজের পাশাপাশি ক্ষেত্র-কর্ষণ করতো তা'হলে সমস্থা অন্ততঃ এতোটা জটিল হতো না। বহির্বাংলায় আমরা ব্রাহ্মণ কায়স্থ ও ছত্রী চাষীর সন্ধান পাই। এরা শ্রেণীগত ভাবে পরগাছা-জীবন যাপন করে না। মধ্যবিত্ত সমাজে এক ভাইকে আমরা জেলা হাকিম বা প্রধান শিক্ষকরূপে দেখি, কিন্তু তাঁর সংহাদর ভাইটা তথনও চাষ করছে বা ভাইসা চরাছে। কিন্তু এতে এরা লজ্জা অমুভব করে না বরং পর্ববোধ করে। বহুক্ষেত্রে শ্রমিক ভাইটীর সাংসারিক অবস্থা শিক্ষিত ভাইদের অপেকা বচ্চল দেখা গিয়েছে। প্রায়শ:কেত্রে একই

পরিবার ভূক থেকে এরা এই উত্তরবিধ কার্য্য প্র্র্ভাবে করে গিয়েছে। এই জন্ত এদের সমস্তা কোনও কালেই জটাল হ'তে জটালতর হবে না। এই বিশেষ সত্যটা এই উত্তর প্রকার প্রদেশের সাহিত্য পর্যালোচনা করলে প্রশ্নেই হবে। বহির্বাংলার সাহিত্যে ধনী নায়ক পথ হারা হয়ে কোনও দিনমজুরের বাড়ী অতিথি হয়েছে। চাষীর মেয়ে তাকে সানকী তরে কার দিছে এবং পরে উত্যের বিবাহও হছে। কারণ অর্থ-নৈতিক ব্যবধান থাকলেও উত্তর পরিবারের মধ্যে কোনও সামাজিক ব্যবধান নেই। কিন্তু বাংলা সাহিত্যে এইরূপ কেত্রে ধনী বা শিক্ষিত নায়ককে ঐ চাষী বলবে, "তা দা'ঠাউর তৃমি বরং ঐ বামুন বাড়ী যাও, এখানে কন্ত হবে।" এর পর বামুন বাড়ী পোঁছিলে তবে কোনও কন্তার সহিত্ মিলিত হবার সম্ভাবনা হবে, তা না হলে গল্পটা শেষ করা সম্ভব হয় না।

আজ এই প্রদেশের চাষী সমাজও ব্রাহ্মণ-কামস্থের অফুকরণে ইংরাজী শিথে পরগাছা শ্রেণীতে পরিণত হ'তে চলেছে এবং তাদের স্থান পুরণ করছে ক্রত গতিতে ভিন্ প্রদেশের চাষী মজ্ররা। এইরূপ কিছু দিন চললে দেখা যাবে বাঙ্গালী মাত্রই পরগাছা-জীব এবং অবাঙ্গালী মাত্রই চাষী, মজুর ও ব্যবসায়ী শ্রেণীভূক্ত হয়ে উঠেছে। সৌভাগ্যক্রমে একণে অলিক্ষিত বাঙ্গালীরা মিত্রি বা চাষীর কাজ করতে লজ্জাত্মত্বকরে না। কিছু অচিরে আইন প্রণয়ন করে শিক্ষিতেদরও এই সকল কার্য্যে নামাতে হবে। অক্রকোর্ডের ছাত্রদের যদি 'কনস্ক্রিপট' করে চাবের কাজ করানো যায়, বাঙ্গালী ছেলেদের স্থারাই বা তা করানো যাবে না কেন ? তবে এ বিষয়ে বাঙ্গালীদের বাধ্য করতে হলে প্রথমে বাঙ্গালীর মনস্থাত্মিক গঠন সন্থক্ষে অবহিত হওয়া দরকার। শিক্ষিত বাঙ্গালীকে যদি বলা যায়, 'তুমি ঐ দর্জামা এখনই পরিছার

করো; তা'হলে হয়তে। সে তা করবে না। কিছ তাকে বদি চামড়ার हैं। है जिला बूडे, चाँकि न्यान्डे ७ नार्डे धवर न्यानमान्त नित्य তা করতে বলা হয় ভা'হলে তা সে খুদী মদেই করবে। যে কোনও শিক্ষিত যুবক রৌদ্র নিবারণী সোলার হাট ও নীল গগ্লস চশমা পরে গলায় চা'য়ের ফ্লাম্ব ঝুলিয়ে থাঁকি উদ্দী পরে বা প্রয়োজন মত ওরার্টার প্রফ পরে রৌদ্র ও বৃষ্টির মধ্যে ঘণ্টার পর ঘণ্টা ট্রাকটার চালাতে প্রস্তুত। কিন্তু সেই ব্যক্তি হাঁটুর উপর কাপড় পরে গামছা বা টোকা মাথায় লাকল ঠেলতে রাজী নাও হ'তে পারে। অর্থাৎ শিক্ষিত বাঙ্গালীকে দিয়ে কাজ করাতে হ'লে তাকে উদ্দী ও সন্মান (uniform and status) দিতে হবে। আরও তাকে দিতে হবে স্থেসল বা এসোসিয়েসন। সমকৃষ্টি সম্পন্ন যুবকদের সহিত তারা শ্রমের কাজ করতে রাজী থাকলেও 'আনকালচার্ড' ব্যক্তিদের সহিত তারা কিছুতেই কাজ করবে না। বাঙ্গালী মাত্রের মধ্যে শিক্ষালাভ ও জ্ঞানর্জনের এক ছর্দমনীয় আকাজ্ঞা দেখা যায়। এইজ্ঞাই চাষী সমাজও লেখাপড়া শিখে পরগাছা-জীবনে অভ্যন্ত হচ্ছে। এই অবস্থা হ'তে পরিত্রাণ পেতে হলে আমাদের সঞ্জন করতে হবে সভ্য ও শিক্ষিত চাষী সমাজ, তা না হলে বাঙ্গালীর এবং এই ধরণের অন্যান্ত ভারতবাসীর রকা নেই।

অর্থ-নৈতিক সামঞ্জন্ম রক্ষা করবার জন্মে আমাদের পারিবারিক কাঠামোরও পরিবর্জনের প্রয়োজন আছে। এ সম্বন্ধে নিমের বিবৃতি হ'তে বিষয়টী বুঝা যাবে।

প্রারই দেখা যার বাঙ্গালীরা স্বকীয় বেতনে বা অবস্থার খুদী নর এবং স্থবিধে পেলে তারা বেতন বাড়ানোর জন্মে আন্দোলন করে। এর কারণ সম্বন্ধে অমুসন্ধান করার জন্ত একজন বাঙ্গালী শ্রমিককে প্রশ্ন

করলাম, 'আচ্ছা, ডুমি পাও কতো !'—'আল্লে, আশী', সে উন্তর দিল, 'কিন্ত আমাকে থেতে দিতে হয় সাত আট জনকে, তারা হচ্ছে আমার ন্ত্রী, ছুই কুমারী এবং এক বিধবা ভগ্নি; মা, বাপ, পিসী' ছুই ভাই।' বুঝলাম মাথা পিছু এদের উপার্জন গড়ে ১০ টাকা মাত্র, কারণ ঐ শ্রমিক ব্যতীত এই পরিবারের সকলেই বসে বসে শুধু খায়। এও বুঝলাম य राष्ट्रामीएमत भएक किनिअमिकानि वरः माहेटवामिकानि সম্ভট বা 'অনেষ্ঠ' থাকা সম্ভব নয়। এই বাঙ্গালী শ্রমিককে যদি ২০০ টাকাও বেতন দেওয়া যায় তা'হলেও তার পরিবারে মাথা পিছু আয় হবে মাত্র ২০, টাকা, কিন্তু তাতেও অভোগুলো লোকের ভরণপোষণ সম্ভব নয়। এর পর আমি একজন দেশাবালী শ্রমিককে জিল্ঞাসাবাদ করে জানলাম যে, তার পরিবারে সাত ব্যক্তি আছে, যথা, তুই ভাই, তিন বহিন বাপ. মা. চাচী ও একজন ভাতিজা। এরা সকলেই ঐ একই কারখানা-তেই কাজ করে এবং এদের প্রত্যেকেই ৭০ হ'তে ৮০ পর্যান্ত মাদিক বেতন পায়। এদের পারিবারিক আয় সর্বাদ্যেত ৮০০ টাকার উপর, কারণ সে নিজে এবং তার বাপ, মা, ভাই, বোন সন্বাই কাজ করে। এই ক্ষেত্রে দেখা যাচ্ছে যদি ঐ পরিবারের প্রভ্যেককে ৮০ টাকার পরিবর্জে যদি ৪০১ টাকাও বেতন দেওয়া হতো, তা'হলে তাদের সমবেত আয় হতো ৪০০ টাকার উপর এবং এতেও তাদের ভালোভাবেই সংসার যাত্রা নির্বাচ হতে। এ-ছাড়া তাদের জীবনধারণের মানও বাঙ্গালীদের অপেকা অনেক কম। এইজন্ম এদের অল্পতেই সম্ভষ্ট করা সম্ভব।"

অনেকে এইবার বলবেন, তা বলে কি ভদ্রখরের মেয়ের।
ফ্যাক্টরীতে কাজ করতে যাবে । এর একমাত্র উন্তর, 'তা না
হলে জীবন-সংগ্রামে তারা টীকেও থাকবে না।' কিন্তু এইরূপ
কথা আমি বলবো না। কারণ আমি স্বীকার করি মনের

আভিজ্ঞাত্য ছাড়া আজ বাঙ্গাদীর আর কিছুই দেই। এই মেণ্টাল এ্যারিস্টোকেশী তারা হারাতে প্রস্তুত নয়। এম্বলে আমাদেব একমাত্র উপায় কুটীর শিল্পে নেমে আসা। এই কেত্রে কুটীরশিল্প বল্তে আমি "পাওয়ার প্রপেল্ড" কুটীর শিল্পের কথাই বলছি। আমাদের বাড়ীতে যদি তিনখানি ঘর থাকে তা'হলে তুইখানি ঘর ব্যবহার করে ভূতীয় থানিতে আমাদের বসাতে হবে গেঞ্জির কল বা অমুদ্ধপ কোনও শিল্পায়তন। এই সকল কল চালাবার ভার নিতে হবে আমাদের মেয়েদের l সাংসারিক কাজকর্মের ফাঁকে ফাঁকে ফ্যাক্টরীর বহু আফুগলিক কাজ এই ছোট ছোট শিল্পায়তনে হ'তে পারে। বড বড় ফ্যাক্টরীর সহিত যুক্ত থেকে বছ প্রাথমিক বা আফুসঙ্গিক কাজ এরা করে দিতে পারে। দৃষ্টান্ত স্বন্ধপ গেঞ্জি সেলাই বা পটাবীর অহ্বন কার্য্যের কথা বলা যেতে পারে। বড় বড় কারখানা থেকে কাপড়ের সিট এনে উহা তারা সেলাই করে ঐ কারখানাতেই পাঠিয়ে দিতে পারে। ফ্যাক্টরী সমূহের যে সকল কাজ মেয়েদের হারা বাড়ীতে বদে করা সম্ভব, সেগুলি মালিকরা বাড়ী বাডী ট্রেণার পাঠিয়ে যদি মেয়েদের এই বিষয় তাঁরা শিক্ষিত করে কাঁচামাল সরবরাহ করেন এবং পরে তাঁরা লোক মারফৎ পারিশ্রমিকের বিনিময়ে তা সংগ্রহ করে আনেন, তা'হলে তারা শ্রমিক বিভাট হ'তে রক্ষা তো পাবেনই তা ছাড়া প্রোডাকসনও স্থলভ করে তুলতে তাঁরা সক্ষম হবেন। যে গেঞ্জির ডজন কারখানার শ্রমিকরা ১২ টাকায় তৈরী করবে, বাড়ীর মেয়েরা তাদের অবদর সময়ে তা ছয় টাকায় তৈরী করে দিতে পারবে। জাপানে, লুধিয়ানায়, এইরূপে এখনও কাজ হচ্চে। মুশিদাবাদের শুটীপোকার চাষ, বা হাওড়ার চিকণ শিল্প এখনও এই পদ্ধতিতে বেঁচে আছে। এইক্লণ পদ্ধতিতে পদ্দীব্রামের বাদালী মেরেরঃ ইহার সহিত বাড়ীতে বাড়ীতে পোলটি, প্রভৃতি স্থাপন করতে পারেন।

একজন শ্রমিক কারখানার গিরে যে কাজের জন্ম ৮০ টাকা পেরে খাকে, দেই কাজ দে যদি বাড়ীতে বলে মা বোল ভাইদের সাহায্যে করে তা'হলে ৭০০ টাকা উপার করবে। অথচ প্রভূবে উঠে নাকে মুখে ভাত ভাজে তাকে দৌড় দিতে হবে না। মধ্যবিভ পরিবার মাত্রেরই এ কথা ভাববার প্রয়োজন হরেছে।

मर्कना तार्हित मुशाराकी हाम थाका अक अभताश। अहे अर्मा বাঙ্গালী ছাড়া আর কেউ 'ষ্টেটু হেল্ল' চায় না, পায়ও না। এই শহরে महस्य महस्य हीना चार्छ जाता मकलारे धनी लाक, किस रहें हरासत তাদের প্রয়োজন নেই। বিভিন্ন প্রদেশের লক্ষ লক্ষ লোক এই প্রদেশে चाह थवः चानह, किन्छ क्ट हिंदू हिल्लात প्रजामी नय। जात्नत সাংসারিক গঠন অর্থ-নৈতিক কাঠামোর উপর প্রতিষ্ঠিত, এইজন্ম এরা কষ্ট পার না। এরা মেরে পুরুষে কাজ করে। বাংলার চাষী সমাজের মতই এদের প্রত্যেক বাড়ীতেই দেখা যাবে গরু, মহিষ, এক পাল মুরগী ও হাঁদ। বাড়ীর বালক বালিকাদের পরিত্যক্ত ভুক্তাবশেষ যা আমরা পয়স। থরচ ক'রে বাইরে ফেলে দিই তাই দিয়েই তারা দশটী মুরগী পালন করেছে এবং ডিম খেয়েছে ও বিক্রয় করেছে। ছুধ সম্বন্ধেও ঐক্লপ কথা বলা যেতে পারে। এরা শহরের বাইরে জমি সংগ্রহ করতে ব্যস্ত, কিছ আমরা শহর ছেড়ে অম্বত্র যেতে রাজী নই। এ কথা সত্য যে উনবিংশ শতাব্দীর বাঙ্গালীর পুণ্যে আমরা বেঁচে আছি। ঐ যুগে আমরা দেখেছি বান্ধালী টেটু হেল্প তো চান-ই নি বরং নিজেরা বহু প্রতিষ্ঠান গড়ে তা ষ্টেটের হাতে তুলে দিয়েছে। কলিকাতার মিউজিয়াম, ইমপেরিয়াল লাইব্রেরী, মেডিকেল কলেজ, প্রেণিডেন্সি কলেজ, টাউন হল, কলিকাতা ইয়ুনিভারসিটি ভার অমর দৃষ্টাস্ত। বালালীরা চাঁদা ভূলে এইগুলি একদিন স্থাপন করেছিল। রাষ্ট্রের সহিত পরামর্শ না করেও যে জাতি

'লঙ্টারম্ প্রোগ্রাম' রাষ্ট্রের জন্ম রেখে, 'সর্চ টারম্ প্রোগ্রাম' সমূহ স্বহস্তে গ্রহণ করে তারাই পৃথিবীতে বড় হয়েছে। বিভিন্ন দেশের ইতিহাস আলোচনা করলে ইহা বুঝা বাবে।

এইবার আমি আমাদের প্রধান আলোচ্য বিষয় আত্মহত্যার কারণ সম্পর্কীয় আলোচনায় ফিরে আসবো। কোনও কোনও কেত্রে মনোরোগীরা মনে করেছে তাঁর জক্ষে পৃথিবীতে, সংসারে বা পরিবারে বহু অমঙ্গল ঘটছে বা ঘটবে। কল্লিত অমঙ্গলের আশঙ্কা তাদের এমনি অভিভূত করে যে প্রিয়জনের মঙ্গলার্থে তারা আত্মহত্যার পথ বেছে নিয়ে থাকে। নিয়ের বিরতি হ'তে বিষয়টি বুঝা যাবে।

"আমার ভাইএর ঠিকুজি ও কৃষ্ঠিতে বিশেষ আস্থা ছিল। কোনও এক গণনার দারা তিনি জানতে পারেন তার জীবনদশাতে তাঁর কন্তা বিধবা হবে। এদিকে আমরা ঐ কন্তার বিবাহও দ্বির করে ফেলেছি। বিবাহের রাত্রে আমার আতা হঠাৎ গৃহত্যাগ করে চলে গেলেন। এর ছুই দিন পর উড়িয়া পুলিশ সংবাদ দিলে যে তাঁকে মৃত অবস্থায় ট্রেণের কামরায় পাওয়া গিয়েছে। পুলিশ আমাদের একটা পত্রও পাঠিয়েছিল। ঐ পত্রে আতা জানিয়েছেন যে কন্তা জামাতার মঙ্গলের জন্তেই তিনি ইহলোক ত্যাগ করেছেন।"

করেকদিন পুর্ব্বে পূর্ব্ব কলিকাভায় একজন বোড়শী কন্সা আত্মহত্যা করার পুর্ব্বে নিম্নোক্তরূপ একটী পত্র লিখেছিলেন—

"আমি একজন অপয়া কন্তা। আমার জন্মের পরই আমার বড় ভাই
মারা গেল। অতি কটে রেডিওতে প্রোগ্রাম পেলাম, কিন্তু বেদিন
আমার গান সেইদিন মহান্ধা গান্ধী নিহত হলেন। অবশ্র প্রোগ্রাম
একদিন মহান্ধার সন্মানার্থে বন্ধ রাথা হয়েছিল। এর পর হতে যে
কাজে মন দিয়েছি অমনি অমঙ্গল এসেছে। পৃথিবীর ভালোর জন্তে

আমি আত্মহত্যা করলাম। আমার অবর্ত্তমানে পুকু মহুর যেন অয়ত্ব হয় না, ইত্যাদি।''

এই সম্পর্কে অপর একটা অফুরূপ পত্তের সারাংশ নিয়ে উদ্ধৃত হলো। "আমার স্ত্রীর অফুরোধে অতি কষ্টে চার জোড়া সোনার চুড়ি গড়িয়ে দিই। কিন্তু এর পর তিনি একটা নেকলেশ চেয়ে বসলেন। ঐ রাত্রিতে নেকলেশটা আনবার কথা ছিল, কিন্তু টাকা যোগাড় করতে পারি নি। প্রতিবাদে স্ত্রী তার হাতের চুড়ি কয়টা ছুঁড়ে ফেলে দিলে। আমি স্ত্রীকে জব্দ করবার জন্তে এই আফিমটুকু খেয়ে ফেললাম।"

এতদ্বাতীত স্ত্রীর বিশাসবাতকতার জন্মেও বছ ব্যক্তি আত্মহত্যা
করেছে। অদম্য ভালবাসার প্রতিদান না পেয়েও বছ ব্যক্তি আত্মনাশ
করে থাকে।

ব্যক্তিগত এবং জাতিগত আত্মহত্যার কথা বলা হলো। এইবার আত্মহত্যার ব্যাপারে কোনও নির্দিষ্ট নিয়ম বা ধারা আছে কি'না সেই সম্বন্ধে আলোচনা করবো। কেহ কেহ বলেন গ্রহবৈশুণ্যের কারণে আত্মহত্যার হ্রাস বৃদ্ধি হয়। গ্রহ বিশেষের আবির্ভাবে মণি ও রত্ম বিশেষের উজ্জ্বল্যের হ্রাস বৃদ্ধি ঘটেছে, কিন্তু এর মধ্যে কতোটা সত্য আছে তা বলা শক্ত। আত্মহত্যার পরিসংখ্যা অনুধাবন করলে দেখা যাবে যে একটা বিশেষ নিয়ম অনুষান্ধী আত্মহত্যার হ্রাস বৃদ্ধি হয় তো ঘটে থাকে।

এই আত্মহত্যা সম্বন্ধে অপর একটা বিবৃতি নিম্নে উদ্ধৃত করা হলো।

"এই মেরেটা থাকে ঐ পাশের ক্ল্যাটে, তার পিতা মাতার
সঙ্গে। কিন্তু গোপনে রাত্রে প্রতিদিনই সে আমার শ্য্যায় এসে
মিলিত হয়েছে। প্রতিদিন সে আমাকে অস্থ্যোগ করতো, 'ক্তোদিন
এইভাবে থাকবো, তুমি আমাকে বিব্রে করবে কি'না ?' প্রতিবারে

ভাকে সান্ধনা দিয়ে বলেছি, 'হ্যা করবো গো, করবো! অভো ব্যস্ত কেন!' আগলে, কিন্তু, তাকে আমি বিয়ে করতে রাজী ছিলাম না। বোধ হয় মেরেটী আমার মনের প্রকৃত উদ্দেশ্য ব্যতে পেরেছিল। প্রতিদিনের মত এই দিনও সে আমার কণ্ঠ আলিজন করে শুরে পড়লো, কিন্তু প্রভূত্যে উঠে অন্থ দিনের মত চলে গেল না। আমি কল্পনাও করি নি যে সে আমার আলিজনে বন্ধ অবস্থাতেই সাইনায়েড থেয়েছে! এই হিম শীভল মৃত দেহ সরাবারোও কোনও উপায় ছিল না। হয়তো লোকে মনে করবে আমিই ওকে খুন করেছি। শেষে নাচার হয়ে আফিম কি'নে আমিও তা থাই, কিন্তু মরি না। এখন আপনাদের বিচারে যা হয় তা কয়ন।''

মানসপটের চিন্তা সম্হের তিনটা বিশেষ দিক আছে, যথা, (১) গুণ বা কোয়ালিটা (২) পরিমাপ, ও (৩) চাপ। গুণ অর্থে আমরা নিরানন্দ বা আনন্দনারক চিন্তা প্রভৃতি বুঝি পরিমাপ অর্থে কতোটা দ্বান ঐ চিন্তা জুড়ে আছে। এবং চাপ অর্থে বুঝি উহার উগ্রতা। এই চিন্তার সহিত আলোকের তুলনা করা চলে। আলোক ব্যাপ্ত হয়ে বা ছড়িয়ে থাকলে উহার উগ্রতা অন্নভূত হয় না। কিন্তু আতস কাঁচের সাহায্যে একীভূত হলে উহা দণ্ডায়মান হয়। সেইরূপ একীভূত হয়ে চিন্তার চাপ অধিক ঘটলে ঐ চাপ আমরা অন্নভব করে থাকি। ঐ চাপ এবং তৎজনিত উগ্রতার কারণে সামান্ত চিন্তা সমূহও আমাদের পাগল করে ভূলতে সক্ষম হয়। এই উন্মাদনা ও মনোরোগের কারণে মানুষ বছকেত্রে আল্লহত্যা করেছে।

সামাজিক দেহ-বিজ্ঞানের "আত্মহত্যা" একটা উল্লেখযোগ্য অধ্যায়। আত্মহত্যা কেবলমাত্র ব্যক্তিগত ব্যাপার বলে মনে হর না। তথ্যতালিকা (Statistical research) হ'তে প্রমাণিত হবে যে সামাজিক অবস্থা ও

ব্যবহাও এই জন্ম দারী। কোনও এক বিশেষরূপ সামাজিক ব্যবহায় বা অবহায় একটা নির্দিষ্ট সংখ্যক মামুবকে আমহত্যা করতেই হবে। এখন এই নির্দিষ্ট সংখ্যক মামুবের মধ্যে কোন্ কোন্ ব্যক্তি আমহত্যা করবে ? এইটেই হচ্ছে প্রশ্ন, আমার মতে ইহা সাধারণ নিরমের অন্তর্ভু ক্র একটা বিশেব নিরম এই সাধারণ নিরমের শক্তি এমনই যে মামুব ইহুলোক বা পরলোকের—কোনও ভয়েই আত্মহত্যা হতে বিরত হয় না। হেনরী মরসেলী সাহেবের "মুইসাইড" নামক পুত্তকটা পড়লে বিষয়টা বুঝা যাবে। যে সকল দেশে এই প্রকার নৈতিক পরি-সংখ্যা গৃহীত হয়েছে সেই সকল দেশে তথ্যতালিকা হতে পরিদৃষ্ট হয়েছে যে ঐ সকল দেশে নির্দিষ্ট সংখ্যক মামুব প্রতি বৎসর আত্মনাশ করে থাকে। আত্মহত্যা, হত্যা বা থুন, বিবাহ প্রভৃতি ইচ্ছাত্বত কার্য্যের ভায়, জন্ম, অবৈধ জন্ম, মৃত্যু, দ্র্ঘটনা জনিত মৃত্যু প্রভৃতি অয়ংক্রিয় ব্যাপার সহস্বেও এই কথা সত্য।

হেনরী টমাস্ বাকেল সাহেবের 'হিস্টরী অব্ সিভিলেজেসন্ ইন্
ইংল্যাণ্ড' পুন্তকটীও এই সম্বন্ধে আমি পাঠকদের পড়তে অমুরোধ
করবো। এই পুন্তক পাঠে জানা যাবে যে প্রায় ২৪০ জন ব্যক্তি লগুন
সহরে প্রতিবংসরে আত্মহত্যা করে থাকে। কিন্তু সহরে সামরিক
উত্তেজনার স্থাই হলে ঐ সকল বংসরে ২৬৬ হতে ২১৩ ব্যক্তি আত্মহত্যা
করেছে। ১৮৪৬ সালে রেইল-ওয়ে ভীতির কারণে লগুন সহরে দারুণ
উত্তেজনার স্থাই হয়। এই কারণে ঐ বংসর আত্মহন্তারকের সংখ্যা হয়
২৬৬। ১৮৪৭ সালে অবস্থার উন্নতি ঘটে। এই বংসর আত্মহন্তারকের
সংখ্যা ছিল ২৫৬। ১৮৪৮, ১৮৪১ এবং ১৮৫০ সালে উহাদের সংখ্যা
ছিল যথাক্রমে ২৪৭, ২১৩।এবং ২২৯।

শ্রীযুত বৃপেন্দ্রনাথ বন্ধ, B. L., ব্যাছশাল কোর্ট, কলিকাতা, এই

সম্বন্ধে বিশেষ অন্নসন্ধান করেছিলেন। এদেশে একমাত্র তিনিই এই ব্যাপারে কার্য্য করেছেন। কলিকাতা পুলিশের বাংসরিক শাসন তান্ত্রিক বিবরণ হ'তে তিনি এই সব তথ্য তালিকা সংগ্রহ করেছেন। ১৮৭৮ সাল হ'তে ১৯৩৭ সাল পর্যন্ত প্রকাশিত বিবরণ হ'তে তিনি আন্থ্যন্ত জানিত মৃত্যুর সংখ্যাগুলি সংগ্রহ করেছেন। কিছ '৮৮০, ১৮৮১ এবং ১৮৯৩ সালে ঐরূপ কোনও সরকারী বিবরণ প্রকাশিত না হওয়ায় ঐ বৎসর সমূহের কোনও পরিসংখ্যা তিনি দিতে পারেন নি। নূপেন্ত্রনারুর সংগৃহীত তালিকাটী নিম্নে প্রদন্ত হইল। এই তালিকাটী হ'তে বহু অজ্ঞানা তথ্য প্রকাশ পাবে।

ভালিকা

বৎসর	আত্মহত্যা-সংখ্যা	জনসংখ্যা	বৎসর	আত্মহত্যা-সংখ্যা	জনসংখ্যা
2696	% •		2649	৮৩	
১৮৭৯	63		7200	be	
766.	_	-	7697	৬৬	৬,৮২,৩০৮
2662	6	,,ऽ२,७०१	2895	৮१	
১৮৮২	8 ¢	_	7250	_	
১৮৮৩	40		2458	৬৯	
3668	¢5		72.56	66	
			7696	90	-
366€	¢ 8	_	2429	> 0 >	paradone .
7849	95	-	:424	44	
3669	6 €		7233	25	
7444	₽8		٠٠ د د ا	> <	-

বংসর	আত্মহত্যা-সং	था। जनगःथा	বংসর আ	অহত্যা-সংখ্য	व जनगरेशा
1201	> 8	2,82,588	>250	566	
7505	208		2552	÷4	>०,११,२ ७८
90.66	>> •		१७२२	> · ¢	-
>>-8	ودد		१७२७	7 - 1-	
3006	1585		১ ≥ ₹ 8	246	
4064	220	_	ऽ>< €	30	
१०६८	>>€		১৯২৬	৯২	
79.04	306		५ ३२१	અષ્ટ	a politica de la constante de
7905	229		५०२ ४	76	-
,527 0	22¢	_	7995	>> 0	
7977	525	۶۰,8 <i>७</i> ,७०٩	7200	६४	
7575	> 9		८७८६	> 8	১১,२५,१७८
७८६८	> >%		५० ०२	১ २७	
7978	268		१३७७	く。く	
2276	202	-	3208	>>¢	
7270	>⊘€		१५७६	988	
1273	<i>५७</i> २		१५७७	>5%	
7972	200		१५७९	270	
e	۲۰۶		7266		

উপরি উল্লিখিত পরিসংখ্যা হ'তে বুঝা যাবে শুটা বসন্ত রোগের স্থায় আত্মহত্যারও ছক্ষ বংসর অক্ষর তারতম্য ঘটে। জনসংখ্যার বর্ত্তশের সহিত আত্মহত্যার সংখ্যা বদ্ধিত হলেও উহার মধ্যে একটী নির্দিষ্ট হার ও নীতি দেখা যাবে।

কলিকাতা সহরে নিমোক্ত বৎসরের মধ্যে আত্মহত্যার হ্রাস বৃদ্ধি ঘটেছে

72-72-8	80-60
) pp a) p 3 o	*4-54
4644 – 1646	৬৬—৮৭
>0@cP@dc	٢٥: ٥
4066-0066	>>>৩
8666-6066	>09->08
>>>¢->>>	>>
1957-1956	٥٠ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢ ٢
>>>>>>	F5>54
>>00>	3°2\$88

উপরোক্ত সমরের মধ্যে বাৎসরিক পরিসংখ্যা গড়ে নিয়োক্তরূপ দেখা

কাল বা সময়	গড়ে	জনসংখ্যা	
	(Avarage)		
3446-E646	৫৩:৭	७,५२,७०१	
7445-7490	৭ ৩ [.] ৬		
7697-7696	٩૨'২	৬,৮২,৩৽৩ (१)	
506c-P64c	2 0 8 .₽		
406c-006c	779.•	884,68,6	
8666-6066	<i>>≤०.</i> •	১০,৪৩,৩০৭	

কাল বা সময়	গড়ে	जनगः श्रा	
•	(Avarage)		
>>>६>>>०	228.€		
2547—725	ar.t	১•, ৭ ৭,২৬৪	
50ec—15ec	200.0	३४,,७७,,१७८	
1200	757.0		

১৮৯৬ হ'তে ১৮৭৯ সালে কলিকাতার জনসংখ্যা ছিল ৬ হ'তে ৭ লক্ষ। এই সময় আত্মহত্যার হ্রাস বৃদ্ধি ঘটে ৬৩ হ'তে ৭৩। ১৮৯৭ হ'তে ১৯৩৭ সালের মধ্যে কলিকাতার জনসংখ্যা ১৩ হ'তে ১১ লক্ষ বৃদ্ধিত হয়। এই সময় আত্মহত্যা সংখ্যার হ্রাস বৃদ্ধি হয় গড়ে ৯৬ হ'তে ১২৩ এর উপরে।

প্রথম তালিকা হ'তে আরও একটা বিশেষ সত্য প্রতীত হবে।
আর্থাৎ দেখা যাবে যে প্রতি ১২ বৎসর অন্তর আত্মহত্যা জনিত মৃত্যুর
হার সর্ব্বাপেকা অধিক হয়। ১৮৭৯ হ'তে ১৮৯০ সালের পরিসংখ্যা
পরিদর্শন করলে ইহা ব্ঝা যাবে। ১৮৮২ সালে আত্মহত্যার সংখ্যা সর্ব্ব
নিম্ন সংখ্যা ছিল ৪৫ এবং ১৮৯০ সালে উহার সর্ব্বোচ্চ সংখ্যা ৮৫ দেখা
যায়। ইহাতে প্রমাণিত হয় যে ১২ বৎসর বা এক যুগ পরে আত্মহত্যার
সর্ব্বোচ্চ সংখ্যা দেখা গিয়ে থাকে। ১৮৯১ হইতে ১৯০২ সালের পরিসংখ্যা হ'তেও এই একই সত্য উপলব্ধি হবে। ১৮৯১ সালে সর্ব্বনিম্ন
সংখ্যা ছিল ৬৬ এবং ১৯০২ সালে সর্ব্বোচ্চ সংখ্যা ছিল ১৩৪; অর্থাৎ ১২
বৎসর পূর্ণ হলে ঐ সংখ্যার এইক্রপ বৃদ্ধি ঘটেছিল। এইক্লেত্রে বলা
যেতে পারে যে ১৯১৪ হইতে ১৯৩০ সালে পৃথিবীতে প্রথম মহাযুদ্ধ
চলছিল। সম্ভবতঃ এই সময়ের দারণ উত্তেজনার জন্য এইক্রপ বৃদ্ধি
ঘটেছিল।

১৮৭৮ হ'তে ১৯৩৭ সালের মধ্যকালে ১৫৪ জন ব্যক্তি কলিকাতাতে আত্মহত্যা করে—এই সংখ্যাটীই কলিকাতার আত্মহত্যার তালিকার সর্ব্বোচ্চ সংখ্যা। ১৯১৪ সালেও সর্ব্বোচ্চ সংখ্যা ছিল ১৫৪ এবং তার পর হতেই এই সংখ্যার ক্রমিক হ্রাস ঘটেছে। ১৯১৫ হ'তে ১৯২৬ মধ্যকার তালিকা দেখিলে প্রতীত হয় যে ১৯১৫ সালে আত্মহত্যার সংখ্যা ছিল, ১৬১ এবং উহা ক্রমশঃ কমে এসে ১৯২৬ সালে ৯২টাতে দাঁড়িয়েছে। এই সময় হতে এই সংখ্যার ক্রমিক বর্দ্ধন ঘটে। উহা ১৯২৭ সালে হয় ৯৮টা, এবং ১৯৩৫ সালে হয় ১৪৪টা। তবে ১৯৩৮ সালের সংখ্যা লিপিবদ্ধ হয় নি। ইহা সংগৃহীত হলে হয়তো দেখা যাবে যে এই বারো বছরের শেষেও আত্মহত্যার সংখ্যা হয়েছে সর্ব্বোচ্চ।

এই আত্মহত্যার পরিসংখ্যা অমুধাবন করতে হলে নৈতিক কার্য্যকারণের সহিত ব্যবহারিক বহিবিকাশের তুলনা মূলক আলোচনা
দরকার। এ ছাড়া আবহাওয়া ও শীত বা গ্রীয়ের আধিক্য, ঋতুর
পরিবর্ত্তন, গ্রহ উপগ্রহের এবং চন্দ্র স্বর্য্যের পরিক্রমণের সহিত এই
পরিসংখ্যার হাস বৃদ্ধির কোনও সম্বদ্ধ আছে কি'না তাও জানা দরকার।

মাসুবের পাপ বা পুণ্য কার্য্য, উত্থান বা পতনের হ্রাস বা বৃদ্ধি একই রীতিতে চক্রাকারে ঘটে থাকে। দৃষ্টান্ত স্বরূপ হত্যা অপরাধের কথা বলা যেতে পারে। এই অপরাধের হ্রাস বৃদ্ধি অবিকল জোয়ার ভাঁটার স্থায় ঘটে এসেছে। পণ্ডিতপ্রবর এম্ কুইটেলেট, বিবিধ দেশের পরিসংখ্যা সংগ্রহ করে ১৮৩৫ সালে এইরূপ এক অভিমত দিয়েছেন। তাঁর মতে নির্দিষ্ট কাল অতিবাহিত হওয়ার পর সমসংখ্যক অপরাধের পুনরাবির্ভাবে ঘটে।

বন্ততঃপক্ষে সংগৃহীত পরিসংখ্যা হ'তে ইহা প্রমাণিত হয়েছে যে সামাজিক অবস্থা ও ব্যবস্থার পরিবর্ত্তন না ঘটলে, অর্থাৎ উহা একই প্রকার থাকলে, নির্দিষ্ট কাল অভিবাহিত হওরার পর একই প্রকার অপরাধের একইক্ষপ সংখ্যার পুনরাবির্ভাব ঘটেছে। এই পরিস্থিয়া মাস্থ্যের ব্যক্তিগত পাপ বা পুণ্যের উপর নির্ভর করে না, উহা নির্ভর করে বিশেষ সমাজ-ব্যবস্থার উপর, যে সমাজ-ব্যবস্থার মধ্যে উ্হারা লালিত পালিত বা বৃদ্ধিত হয়েছে।

[বেশী সংখ্যক আত্মহত্যা যে মনোবিকারের কারণে সংঘটিত হর তাতে কোনও সন্দেহ নেই। এই মনোবিকার হতে মনো-রোগীদের মুক্ত করার পদ্ধতি সম্বন্ধে আমি প্রবন্ধের উপরাংশে বিবৃত করেছি। সাধারণভাবে বাক্-প্রয়োগ (Suggestion) এবং কারণ নির্ণরের ছারা এই সকল রোগীদের নিরাময় করা হয়ে থাকে। কিন্ত প্রায়ই দেখা গিরেছে যে ক্ষেত্র বিশেবে রোগীদের অন্তর্মন্থ হতে সহজে মুক্ত করা যায় নি। কোনটা সভ্য কোনটা মিখ্যা তা তারা বুঝেও বুঝে উঠতে পারে নি। এর কারণ এই সময় স্নায়বিক দৌর্বল্যের কারণে তাদের মন এতই অবদমিত (depressed) থাকে যে সহজে বাকু-প্রয়োগগুলি তাদের মনের মধ্যে সক্রীয়ভাবে কার্য্যকরি হয় না। এইজন্ম এদের অহেতৃক সন্দেহ সমূহের নিরসনও হয় না। এইরূপ ক্ষেত্রে প্রথমে দৈহিক এবং স্বায়বিক চিকিৎসার প্রয়োজন হয়ে থাকে। পুষ্টিকর প্রোটন খাত দারা এদের লো-ব্লাড-প্রেদার হতে মুক্ত করে তাদের দেহ ও মনকে প্রথমে সতেজ করতে হবে। এর পর এদের যদি নার্ভাব ভাউন হয়ে থাকে তা'হলে বিভিন্ন গ্রাপের হরমন ইনজেকসন ঘারা এদের নিরাময় করতে হবে। বহুক্তেরে মনের অবনমন (depressed) অবস্থায় কোনও একটী পূর্বভীতি বা ছু:শিজা মনের মধ্যে কোনও এক কারণে সহসা চুকে গেলে উহাকে তাড়ানো শব্দ হয়ে পড়ে। এইক্ষেত্রে তাকে व्यानमनायक कथावाडी वर्ल वा छित्र शतिरवर्ण धरम मित्रायत करा

সম্ভব। কিন্তু তা না হলে ঐ চিম্বার কারণ নির্ণর করার পর বুজি তর্ক হারা তার সকল সন্দেহের নিরসন করা দরকার। তবে পৃর্কাচ্ছে দৈহিক ও লামবিক দৌর্বল্য হতে রোগীকে পৃষ্টিকর পথ্য ও থাত্ব এবং ঔষধ হারা নিরাময় করে মনকে সবল না করে দিলে বাক্-প্রয়োগ সমূহ কার্য্যকরী না হওয়ারই সম্ভবনা অধিক।

দাঙ্গাহাঙ্গামা—অপরাধ

হাজামাকে ইংরাজিতে, বলা হয় Affray. এবং দাঙ্গাকে ইংরাজিতে বলা হয় Riot. পাঁচ ছয় বা ততোধিক ব্যক্তি বদি একই উদ্দেশ্যে কোনও স্থানে সমবেত হয় এবং উহারা যদি কোনও হিংসাত্মক কার্য্য করতে উপক্রম করে তাহ'লে উহাকে বলা হবে বে-আইনী জনতা; কিছু ঐ উদ্দেশ্য সাধনের জন্ম উহাদের একজনও যদি কোনও ব্যাপারে বল-প্রয়োগ বা হিংসাত্মক আচরণ করে তাহ'লে উহাকে দাঙ্গা বা Riot বলা হয়ে থাকে। অপরদিকে এক হইতে চার ব্যক্তি যদি কোনও ব্যাপারে মার্রিসিঠ ত্বর্ম করে তাকে বলা হয় হাঙ্গামা বা ছক্ষত।

দাঙ্গা বা Riot ছই প্রকারের হয়, যথা—অসাম্প্রদায়িক এবং সাম্প্রদায়িক। অসাম্প্রদায়িক দাঙ্গা এক সাধারণ পর্য্যায়ের অপরাধ। সমাজে বাস করতে হ'লে বহু লোকের সহিত বহু প্রকার বিরোধ ঘটে। এই বিরোধের ফলে দাঙ্গাহাঙ্গামা হওয়া অসম্ভব নয়। বল প্রকাশ দারা আপন অধিকার স্প্রতিষ্ঠিত করা এক প্রাচীন ও সনাতর নীতি। কিছু সভ্যতার ক্রমমুদ্ধি এবং রাষ্ট্র গঠনের পর এই দীতি পরিত্যক্ত

হরেছে। এ বুগে অন্তারের বিক্লছে স্বরং অন্তগ্রহণ না করে মাছ্ব রাজছারে অভিবাগে জানার। রাজশক্তিও ত্রার এই সকল বিচার প্রার্থীদের
অন্তার্যকারী ও প্রবল ব্যক্তিনের অত্যাচার হতে রক্ষা করে। মাছুদের
সভ্যতা অহিংসার উপর প্রতিষ্ঠিত, হিংসার উপর নয়। পশু-শক্তি এই
যুগে একান্তরপে অসহায়। নৈতিক শক্তির নিকট সে পরাজয় স্বীকার
করেছে। তা না হ'লে দৈহিক বলে বলীয়ান পশুরা মাত্র এখানে বাস
করতো এবং সভ্য মাছ্র্য তার বছবিধ অবদান সহ পৃথিবী হ'তে নিশ্চর
বিদার নিতো। রিপু সমূহ মাছ্র্যের প্রতিরোধ শক্তির হাস ঘটিয়ে তাকে
মধ্যে মধ্যে পুনর্বার পশু করে দেয়। এই অবস্থার মাছ্র সমূদর রাষ্ট্রীয়
বিধি লক্ষ্যন করে নিজেদের মধ্যে হানাহানি স্বয়ে করে।

এদেশে সম্পত্তি দখল, ভাগাভাগী এবং জমীদারী সংক্রাম্ভ ব্যাপারে প্রায়শক্ষেত্রে দাঙ্গাহাঙ্গামার স্থ্রপাত হয়েছে। প্রথমে ছুই ব্যক্তির পরস্পর বিরোধী স্বার্থের কারণে এই বিরোধ স্থরু হয়। পরে উহাদের বেতন বা করুণা-ভোগ্য ব্যক্তি এবং সমর্থকরা এই উভয় ব্যক্তির পক্ষে যোগ দেয়। এর পর এই উভয় দলের মধ্যে স্থরু হয় রক্তক্ষরী হাঙ্গামা। এই হাঙ্গামাকে ছোট-খাটো সংগ্রামণ্ড বলা চলে।

সামাশ্ব কলহ বা রেবারেষির ফলেও এইরূপ হালামা স্থরু হয়েছে। একটী অপরিসর পাঁচিল বা মাত্র এক বিঘত পরিমিত জমির জক্তও এই হালামা হয়ে থাকে। এখানে একমাত্র প্রশ্ন থাকে জেদ বা সম্মানহানীর।

দালাহালামা বা যুদ্ধ মাস্থবের আদিম বৃত্তি। তাই মাস্থ এখনও দালা-হালামা ভালবাসে। মারামারি থামাতে আসে কম লোক, কিছ তা দেখবার জন্ত বহু লোকই ভীড় করে। হালামা দর্শনের মধ্যে এরা পুলক ও শিহরণ অস্থভব করে। কারণ মাস্থ্য এখনও সভ্যতার শেষ তারে উপনীত হর নি । মধ্যে মধ্যে সে আছবিশ্বত হরে আদিম মাসুব হর । কিন্তু সভ্যতার শ্রেষ্ঠ অবদান বৃক্তিতর্ক, মাসুবকে পুনরায় আছব করে দিতে সক্ষম। এ সহয়ে নিম্নে আমার একটা মোস্লেম বন্ধুর বির্তি ভিন্নত করলাম।

"আমি দেশে এসে দেখি আমার পুত্রেরা পরিজনবর্গ সহ আমার বাল্য বন্ধু ছরিদাসের সহিত হালামা করার জন্ধ প্রস্তুত। হালামার কারণ ছিল উত্তর পরিবারের জমির মধ্যস্থ মাত্র ছয় হাত পরিমাণ ভূমির দখলী-সত্ব। আমি তখন হরিদাসকে ডাক দিয়ে বললাম, 'ভাই, আমি মুসলমান। আমি মারা গেলে তবুও দৈর্ঘ্যে ছয় এবং প্রস্তু তিন সুই জমির দরকার হবে। কিন্তু তুই ডো হিন্দু! তোর ডো এটুকুরও আর প্রয়োজন হবে না। কিসের জন্মে তাহ'লে এই বিরোধ । এই তত্ব কথা ভানে হরিদাস প্রকৃতস্থ হয়ে বিষয়টী মিটমাট করেছিল।"

পুর্বকালে এক জমীদার অপর জমীদারের সহিত জমির দথলী-সফ নিয়ে প্রায়ই দাঙ্গাহাঙ্গামায় লিপ্ত হতেন। এ'জন্ত বড় বড় লাঠিয়ালকে তাঁরা কাছারী সমূহে নিযুক্ত রাখতেন। এই লাঠিয়ালগণ ছিল জমীদারের মাসিক বেতনে প্রাইভেট বা ব্যক্তিগত "রেগুলার আর্ম্মি"। এ ছাড়া এঁদের প্রাইভেট বা ব্যক্তিগত "ইরেগুলার আর্মিও" ছিল। প্রজাসাধারণ ছিল এঁদের ইরেগুলার বা অনিয়মিত ফৌজ। হাঙ্গামার সময় সবল ও সাহসী প্রজারা স্ব স্ব জমীদারদের পক্ষে দাঙ্গা করে প্রাণ দিয়েছে। এইরূপ সাহায্যের জন্ম জমীদারগণ বছ সাহসী প্রজাদের নিক্ষর ভূমিদানও করেছেন।

এই দালাহালামার মধ্যে কোনও জাত পচ বা সাম্প্রদারিকতার স্থান নেই। বহুক্ষেত্রে হিন্দু প্রজারা মুসলমান জমীদার এবং মুসলমান প্রজারা হিন্দু জমীদারের পক্ষে যে যোগ দের নি তা'ও নর। তবে বাংলা দেশে হিন্দু জমীদারদের সংখ্যাধিক্য হওয়ায় এ প্রশ্ন কথনও উঠে নি। হিন্দু জমীদারের পক্ষে হিন্দু মুসলমান নির্বিশেষে প্রজারা প্রয়োজন মত বোগ দিয়েছে। সাধারণতঃ চর দখল নিয়ে এই দালাহালামা প্রক হয়েছে। উভয় জমীদারের জমির সীমানায় নদীর বুকে চর উঠলে এই চরের মালিকানা নিয়ে বিরোধ বাধে। বলবান পক্ষ গায়ের জােরে এই চর দখল করে নেয়। চর দখল নিয়ে জমীদারের ভায় প্রজাদের মঞ্জেও বিবাদ হয়েছে। পল্লী অঞ্চলে চরের উপর মুসলমান এবং হিন্দু নমঃশ্রু—এই উভয় সম্প্রদায়ের লােক বাস করে। এইজভা নৃতন চর উঠলে উহার দখলী-সন্থ নিয়ে জমীদারদের অগােচরে এই উভয় সম্প্রদায়ও দালায় লিপ্ত হয়েছে। কিছ এই দালা অর্থনৈতিক, সাম্প্রদায়ক নয়। অসংশ্লিষ্ট হিন্দু মুসলমান এই দালায় আগ্রহশীল হয় নি। পল্লী অঞ্চলে সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গী প্রায়শক্ষেত্রে দেখা যায় নি। ইহা সম্রাজ্যা-বাদীদের স্বন্ট এক অধ্নাতম বিষ-ফল। এই দালার স্বন্ধপ সম্বন্ধে নিয়ের বির্ভিটী প্রশিধান্যাগ্য।

"আমি খুলনা, ফরিদপুর এবং বরিশাল অঞ্চলে জমি ও চরের দখলীসত্ব নিয়ে বা কোনও সামাজিক কারণে এই মুসলমান ও নমঃশুদ্রদের বহু
দালাহালামা পরিদর্শন করেছি। উত্তর দল গ্রামের বাহিরে কোনও এক
উন্মুক্ত স্থানে দালার জন্ম সমবেত হয়েছে, কিন্তু এ'জন্ম তারা কথনও
গ্রামের শান্তি নই করে নি। বহুক্তেরে এই দালা মাসাধিককাল পর্যান্ত
স্থানী হয়েছে। দালার খবর গ্রামবাসীরা প্রান্তই পুলিশে জানায় নি বরং
তা তারা দ্র থেকে উপভোগ করেছে। পুলিশ খবর পেয়ে অকুস্থলে
এসেছে, কিন্তু উহা রোধ করতে পারে নি। বহু পরে সশক্ষ বাহিনী
এসে দালাবারীদের হল্ল ভল্ল করেছে।

দালার খবর পেয়ে বিভিন্ন স্থান হতে জোয়ান পুরুষরা ঢাল, সড়কী ও:

চিঁড়ে-মুড়কীর প্ঁটলি হাতে স্ব স্ব সম্প্রদারের পক্ষে যোগ দিভো। বহু লোক আহত এবং নিহতও হতো, কিন্তু তা সত্তেও সাম্প্রদারিকতা বলতে আমরা যা বুঝি তা এদের মধ্যে দেখি নি। দালায় সংশ্লিষ্ট ব্যক্তি হাড়া সাম্প্রদারিক কারণে অপর কারো ক্ষতি এরা চিন্তাওকরে নি। এমন কি এই দালার মধ্যেও এরা মহ্যাত্বও দেখিয়েছে। কারো কণ্ঠদেশ লক্ষ্য করে কেঁচা (বর্গা) ছুঁড়ে মুসলমান সন্ধার চেঁচিয়ে উঠেছে, রাধু ভায়া ও-ও-মণ্ডলের পো! গলা-আ, গলা বাঁচা, এই ছুঁড়লাম। সক্ষেত পাওয়া মাত্র হিন্দুর ছেলে রাধু মণ্ডল বাঁশের, চামড়ার বা বেতের তৈরী ঢাল দিয়ে গলা বাঁচিয়ে প্রভূত্তর করেছে, 'দাবাস দিছ্ মিঞা! এখন নাক, নাক বাঁচাও, এই দিলাম ছুঁড়ে। এই বলে মণ্ডলের বেটা রাধু, কানা ভাঙা এক থালি ঘুরিয়ে ঘুরিয়ে ছুঁড়ে দিলে। স্থদর্শন চক্রের ভায়ে এই থালি ঘুরতে ঘুরতে মাহ্বের গলা দ্বিখণ্ডিত করে দেয়। অবশ্য সব কিছু নির্ভর করে হাতের তাগ বা ছোঁড়ার কার্যার উপর। সতর্ককৃত হয়ে প্রভিরোধ না করলে উহা নিশ্চর মেছলমানের ছাওয়াল দিছ্ মিয়ার মুগু দ্বিখণ্ডিত করে দিত।"

ি এই ধরণের আধা-সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা ভারতের অন্তান্ত প্রদেশেও সংঘটিত হয়ে থাকে। দৃষ্টান্ত অরূপ পাঞ্চাবের ভরগাঁও জিলার এই প্রকার দাঙ্গাহাঙ্গামার কথা বলা যেতে পারে। সেথানে দেরপ নামক মোসলেম চাবী সম্প্রদায় এবং হিন্দু জাঠ সম্প্রদায়ের মধ্যে এইরূপ বাৎসরিক দাঙ্গাহাঙ্গামা প্রায়ই ঘটে থাকে। এই সময় এরা উভার সম্প্রদায়ের নারীদের কখনও ক্ষতি সাধন করে নি। বরং এদের নারীরা যুদ্ধক্ষেত্রের মধ্য দিয়ে আনাগোনা করে নিজ নিজ সম্প্রদায়ের প্রকৃষ যোদ্ধ্যের আহার্য্য ও পানীয় সরবরাহ এবং প্রয়োজনবোধে শুক্রাও করে এসেছে। এই কেঁচা, বর্শা, ঢাল, কাতান, দাও, ছোরা ও লাঠি ছাড়া এরা একপ্রকার অন্ধ ব্যবহার করে। একটা ইট দড়ীর গিঁটের মধ্যে রেখে খুরিয়ে এমন করে ছুঁড়ে দেয় যে ঐ ইটক খণ্ড ওলির স্থায় ছুটে শক্রকে বিদ্ধ করে। কোনও কোনও ক্ষেত্রে তীর ধমুকও ব্যবহৃত হয়েছে। সাধারণ তীরের সহিত অগ্নিশলাকাও ব্যবহৃত হয়েছে। সাধারণ তীরের সহিত অগ্নিশলাকাও ব্যবহৃত হয়েছে। তীরের ফলায় তৈলসিক্ত কাপড় জড়িয়ে অগ্নি সংযোগ করে এই অগ্নিশলাকা তৈরী করা হতো। তবে প্রায়শক্ষেত্রে এই দালাহালামায় লাঠিই একমাত্র অন্ধর্মণে ব্যবহৃত হয়েছে। নিপুণ খেলোন্রাডের হাতে এই লাঠি পড়লে উহা হুর্জর শক্তি আনয়ন করে। ঘুর্ণায়মান বংশ্বন্টি রাইফেলের গুলিও প্রতিরোধ করে। এই সময় ইহা তরোরাল বা সড়কী ভেঙ্গে ছুইখান করে দেয়। এইজন্ম এই দেশের লাঠিয়ালরা যত্ন করে লাঠিও কোন্তা খেলা শিক্ষা করে থাকে। সাহিত্য সম্রাট বিষ্কমের মতে ইহা বাঙ্গালীর মান, ধান ও ধন রাখতে সম্ভাবে সক্ষম ছিল।

দাঙ্গাহাঙ্গামায় বন্দুক কদাচিত ব্যবহৃত হয়েছে। এদেশে সাধারণ দাঙ্গাহাঙ্গামায় নীলকুঠির সাহেবরা দেশীয় জমীদারদের বিরুদ্ধে প্রথম আরেয় অন্ত ব্যবহার করে ছিলেন। এর প্রত্যুম্ভরে কোনও কোনও জমীদার বন্দুক ব্যবহার করে ছিলেন। কিন্ত বন্দুক অপেক্ষা নদী মাজুক বাঙ্গলা দেশে সড়কী ও লাঠিই অধিক উপযোগী ছিল। বাঙ্গলার ছর্দ্ধর্য যোদ্ধ শ্রেণী রায়বেঁশেরা লাঠি এবং সড়কীর উপর অধিক নির্ভরশীল ছিলেন।

প্রাচীন দালাকারীরা অত্যন্তরূপ ঘূর্দ্ধ প্রকৃতির ছিল। স্ব স্থ জ্মীদার বা রাজার জন্ধ এরা সকল সময় প্রাণ দিতে প্রস্তুত। দালার সময় ক্ষত চিকিৎসার জন্ধ এরা বহু গাছ-গাছড়া, শিকড় ও পাতা সলে নিজা। এগুলো আহত ব্যক্তিদের অব্যর্থ ঔষধ ছিল। প্রাকৃ-ব্রিটিশ কালে এদের প্রবোজন ছিল অপরিহার্য। প্রকৃত যুদ্ধের সময়, আভ্যন্তরিক ব্যাপারে ও গরিলা যুদ্ধের জন্ম এরা শাসক শ্রেণী কর্তৃক ব্যবহৃত হয়েছে। এরা চিরকালই জমীদারদের তাঁবেদার প্রজা। এইজন্ম জমীদারগণ রাজকীয় বা নবাবী কৌজের সাহায্যে এদের প্রেরণ করেছে। 'রণ-পা', ঢাল, সড়কী ও লাঠিই ছিল এদের প্রধান অস্ত্র। এই 'রণ-পা' সম্বন্ধে পুত্তকের দ্বিতীয় খণ্ডে আলোচিত হরেছে।

এই দাঙ্গা সকল যে স্থলেই হয়েছে তা নয়। জলের উপর ছিপ ও নৌকা সাহায্যেও এই দাঙ্গা সাধিত হয়েছে। এইরূপ দাঙ্গার দাঙ্গা-কারীদের হন্ধার দিরে বলতে শুনা গেছে, 'দশ হাত জলের তলে মাছ রয়। তাকেই গেঁথে তুল্ছি। তোরে তো হালা দেখা যায়, তোকে তো গাঁথ মুই, ইত্যাদি।' তবে যায়া জলে দাঙ্গা করে তারা যে স্থলেও তা না করে এ নয়। এই দাঙ্গাকারীয়া ভীষণ প্রকৃতির হয়ে থাকে। মান্থবের মুগু বিচ্ছিন্ন ক'রে এরা আঁজলা ভরে রক্ত পান করেছে, মুগু সহ নৃত্যও। ক্রোধ ও প্রতিহিংসা এদের উন্মাদ করে পশুতে পরিণত করে। অকাজ কুকাজ্ব এই সময় এরা অরুষ্ঠ চিত্তে ক'রেছে।

এই দালাহালামার শত শত লোকও যোগ দিরেছে। সাধারণতঃ পঞ্চাশ হ'তে একশো লোক দালাহালামায় যোগ দিরে থাকে। কিন্তু শহরাঞ্চল রক্ষী বহুল হওরার এইখানে অতো লোকের পক্ষে একত্রে হামলা করা সম্ভব হয় না। এইজন্ত শহরাঞ্চলে মাত্র ২০।২৫ জন লোককে দালাহালামা করতে দেখা গিয়েছে। অবশু রাজনৈতিক বা সাম্প্রদারিক দালাহালামা সন্তন্ধে এ কথা বলা চলে না। এইরপ ক্ষেত্রে সহস্র সহস্র লোক এই দালার যোগ দিরেছে।

ভাকাতি আদির স্থার দালা পূর্ব কল্লিত নয়। এই অপরাধ বছ ক্ষেত্রে সহসা ঘটে যায়। পল্লী অঞ্চলে জমীদারদের স্বার্থ রক্ষার্থে বড়- ব দ দালা হয়। এই জন্ম নামলায় জনীদারদেরও জড়িছে দেওরা হয়।
নাকাৎ ভাবে এঁরা দালার লিপ্ত না থাকলেও বিপক্ষ পক্ষ প্রায় এঁদের
এইজন্ম দান্নী করেছে। এই কারণে জনীদারগণ বিশেষ চাতুর্য্যের সহিত
এই অভিযোগ হতে অব্যাহতি পেতেন। এই সম্বন্ধে নিম্নের বিবৃতিটী

"আমাদের জমীদারীর সীমাদার ঐ চরটী দখল করবার আমার প্রয়োজন হয়। আমি বাছা বাছা লাঠিয়াল এইজন্স নিরোগ করি। আমি কিন্তু এই সময় গ্রামেই হাজির থাকি না। আমি অখারোহণে ক্রুন্ত বিংশ মাইল পথ অতিক্রম করে মহকুমা হাকিমের সঙ্গে দেখা করি। অন্তদিকে এই সমরেই নির্দেশ মত আমার লোকেরা দালা স্কুল্ল করে দেয়। হাকিমের বাঙলার ঐ দিন বহুক্ষণ হাজির থাকার আমাকে এই ব্যাপারে আর জড়ানো বার নি। প্রতিপক্ষ অগত্যা আমার ম্যানেজারের নামে মামলা দারের করে। ম্যানেজার অরাজী ছিলেন না। তিনি জানতেন বে মেয়াদ হলে ভাঁর পরিবারবর্গকে আমি ভরণপোষণ করবো এবং ভক্ষন্ত তাকে থোক টাকাও কিছু দেবো।"

জমীদারদের কল্যাণে এই দালা জাতীয় অভ্যানে পরিণত হয়ে গিয়ে ছিল। জমি বা চর দখলের জন্ম প্রতিহ্বদ্দী জমীদারগণ এই সকল দালাহালামার প্রায়শ:ই লিপ্ত থাকতেন। এইজন্ম এই প্রদেশের জমীদারগণ বহু লাঠিয়াল এবং বরকন্ধাজগণকে আজীবন পোষণ করেছেন। নদী বক্ষ হ'তে চর সমূহ জেগে উঠার পর উহাদের দখলি-সত্ব নিয়ে এই দালাহালামার অবতারণা হতো। প্রতি বৎসন্ন আপন আপন জমীদারদের স্বার্থ এবং সন্মান রক্ষার জন্ম বহু বালালীকেই জীবন দিতে হয়েছে। এই সকল দালাকারীদের সকলেই যে বেতন ভুক্ত পাইক বা ব্যর্কন্দার্জ ছিল তা নয়। প্রজাদের মধ্য হতেও বহু জোৱান লোক এই

পাদার যোগ দিতে খেজার অর্থসর হরে এসেছে। এই দালাহাসামাকে -ছোট-খাটো গৃহ-বৃদ্ধ বললেও অভ্যুক্তি হবে না। বাদালী লাভি যে চিরকালই শান্তিপ্রিয় ছিল না, তা এই সকল বাৎসরিক দালাহালামার প্রাচুর্য্য হতে প্রমাণিত হবে। এই সকল দালাহালামায় তীর, ধহুক, সড়কী, তরোরাল, লাঠি, এমন কি গোলা বারুদও সমভাবে ব্যবহৃত হয়ে এসেছে। অর্দ্ধ বাধীন জমীদারদের এই বৃদ্ধপ্রিয়তা দমন করতে নবাব সরকার কোনও দিনই এগিরে আসেন নি বা এগিরে আসতে সাহসী হন ানি। ক্ষেত্র বিশেষে মাসাধিক কাল ধরেও এই সকল উপযুদ্ধ সংঘটিত 🗷 রেছে। এমন কি বহু জোয়ান লোকের এতে মৃত্যুও ঘটেছে। এইরূপ হানাহানি ব্রিটিশ শাসনের প্রথম এবং মধ্যভাগেও সমভাবে চলে এবে-ছিল। কিন্তু এতো সত্ত্বেও জমীদারদের মধ্যে অলভাব কখনও চিরম্বারী-্রূপে প্রকাশ পার নি। মধ্য যুগে এই সকল জমীলার এবং তাঁলের সাক্পাক্গণ এমনই ছর্দ্ধর্ঘ ছিলেন যে বাংলার নবাবদেরও ভাদের ভয় করে চলতে হয়েছে। একত্র হয়ে এঁরা ধদি চেষ্টা করতেন তা'হলে একদিনেই বিদেশী শাসকদের এঁরা দ্রীভূত করে দিতে সক্ষম হতেন। কিন্তু নানাকারণে তা তাঁদের দ্বারা সম্ভব হয়ে উঠে নি। মহারাজ প্রতাপাদিত্য একা বাংলা দেশের একাংশ বিদেশী কবল ্হতে মুক্ত করতে পেরেছিলেন। অস্তাম্য জমীদারেরা এই সময় তাঁর ু সহিত যোগ দিলে বাংলা দেশের ইতিহাস অন্তর্মণে লিখিত হতো। वाज्ञानीत এই पात्राश्रियाजा चाज्र अवस्त्र नि। जारे श्रीवरे धकपनारक অপর এক দলের সহিত দাঙ্গাভাঙ্গামার লিপ্ত হতে আজও দেখা বার।

সহরাঞ্চল দালাহালারার, লাঠির সহিত লোহ ভাগুা, ছোরা, ছুরি
-এবং সময় বিশেবে আরেরাত্রও ব্যবহৃত হয়ে থাকে। কোনও কোনও
-ত্র্যে এ্যাসিভ বার্ত্ত (এ্যাসিভ ভরা বার্ত্ত) দালাকারীরা ব্যবহার

করেছে। পল্লী অঞ্চলের দাঙ্গাহালামা প্রারশঃই অসাম্প্রদারিক হয়ে থাকে এবং সহরে সাম্প্রদায়িক ও রাজনৈতিক দাঙ্গাহালামা অধিক বটে।

এদেশে পূর্ব্বকালে বিবাহ বাসরে বর পক্ষ এবং ক্সাপক্ষীর ব্যক্তিদের মধ্যেও বহু দাঙ্গাহাঙ্গামা ঘটে গিয়েছে। বর্ষাত্রী মাত্রেই তা তিনি যে-কোনও স্তরের মাত্মই হোন না কেন, বর্ষাত্রীর্রপে তাঁরা নিজেদের একজন বিজয়ী বীর রূপেই মনে করে থাকেন। কারণে এবং অকারণে ক্সাধাত্রীদের এঁরা প্রায়ই অপমান ক'রে দাঙ্গাহাঙ্গামার কারণ ঘটিরে-ছেন। পূর্যকালে বরকে যুদ্ধ করে ক্সা জয় করে বিবাহ করতে হতো —তাই বাংলার বর্ষাত্রীরা আজও হয়তো এই যুদ্ধের মহড়া দিয়ে আকেন। ক্সাপক্ষীরদের মনোবৃত্তিও এই সময় পরাজিতদের স্তায় হয়ে থাকে। এইজস্ত এঁদের মনোভাব আত্মা-রক্ষামূলক হয়। এঁদের মধ্যে আক্রমণাত্মক মনোভাব খুব কম ক্ষেত্রে দেখা গিয়েছে।

সাম্রদায়িক হাসাম

সাম্প্রদারিক দাঙ্গার সহিত ভারতবর্ষ বছকাল হ'তে পরিচিত। মধ্যবুগে এদেশে বৌদ্ধ এবং হিন্দুদের মধ্যে এই দাঙ্গা ঘটেছে। বাজালা
দেশ এই সময় বৌদ্ধ প্রধান ছিল। ঐ সময়কার কোনও কোনও বাংলা
সাহিত্য হ'তে এই বিষেবের কথা জানা যায়। হিন্দুদের প্রতি একদল
বৌদ্ধদের আক্রোশ এতা অধিক হরেছিল বে মোসলেম আক্রমণ স্করক্ষ হ'লে এদের কোনও এক অবিবেচক কবি লিখেছিলেন, 'বৌদ্ধের দেবতা আসে চাঁদ মাধায় দিয়ে'। তবে এইক্লপ মনোবৃদ্ধি সম্পক্ষ বৌছের সংখ্যা নগণ্য ছিল। বৌদ্ধগণ हिन्दूरमञ्ज সহিত এই সময় দেশের স্বাধীনতা রক্ষার জন্ম প্রাণপণ সংগ্রাম করেছে। কেহ কেহ বলেন যে হিন্দুদের অভ্যাচারে বৌদ্ধ ধর্ম ভারত হ'তে বিলুপ্ত হয়। এই অত্যাচারে না'কি অতিঠ হ'য়ে অবশিষ্ট ভারতীয় বৌদ্ধদের কেহ (कर हिन्द्राप्तत्र अशीत्म थाका अल्बा वित्रमी ताजञ्च शहन करत्रिका। কিছ একথা সত্য ব'লে আমি বিশ্বাস করি না। এই বৌদ্ধরাই এই বিধন্মী বিদেশীদের হাতে অধিক নিগৃহীত হয়। এ সময় পুর্ববাংলা, স্বান্ধ্র, কাশ্মীর, পশ্চিম পাঞ্জাবে মাত্র বৌদ্ধরা অধিক সংখ্যায় বাস করতেন। ভারতের অভাভ অংশ হতে এই ধর্ম প্রায় বিদুরিত হয়েছিল। মোস্লেম আক্রমণকারীরা হিন্দুদের ধর্মান্তরিত করতে পারে নি। তারা এই বৌদ্ধদের এবং নিম্ন শ্রেণীর কিছু সংখ্যক हिन्दू एन तरे यां प्रमन्यान करता। वञ्च जशक्त रवीक्ष हर जरे प्रमन्यान হুয়েছে বেশী। হিন্দু হ'তে মুসলমান কমই হয়েছে। হিন্দুরা 'জু'দের স্থায় ধর্ম সম্বন্ধে অত্যন্ত রক্ষণশীল। প্রাণ দিয়েও তাদের প্রিয় ধর্ম তারা রক্ষা করেছে। অহিংসা মস্ত্রের ভুল ব্যাখ্যা এই সময়ে বৌদ্ধদের ছর্বল করে তুলে। এইজন্ম এরা প্রায়শক্ষেত্রে আত্মরক্ষা করতে পারে নি। বৌদ্ধরা সাধারণতঃ মাথা নেড়া রাখতো। এইজন্ত বাংলায় মুসলমানকে হিন্দুরা আজও "নেড়ে" বলে। কারণ তাদের চক্ষের সমুখেই এই নেড়েরা মুসলমান ধর্মে দীক্ষিত হয়। এই "নেড়ে" শব্দটী

[#] প্রকৃত বাংলা বা বঙ্গ অর্থে পূর্ববর্গনে পূর্ববঙ্গনে বৃষ্ণাত। পশ্চিম বঙ্গনে রাঢ় দেশ এবং উত্তর বঙ্গকে বরেক্স ভূমি বলা হতো। সমগ্র রাঢ় দেশ ও বরেক্স ভূমির উত্তরাংশ হিন্দু বছল। বঙ্গ, রাঢ়, বরেক্রা, উৎকল ও বিহারকে পরবর্তীভালে হবা বাংলা বলা হতো।

हिन्दू ও বৌদ্ধদের পূর্ব্ব-অসন্তাবের লুগু প্রতীক। দেশীর মুসলমানদের লুদি বৌদ্ধদের অবদান। বর্মা ও মগ দেশীর বৌদ্ধরা আজও লুদি পরে। মুসলমানরা উহা আরব, পারস্থ বা আফগান দেশ হ'তে সংগ্রহ করে নি।

এই হিন্দু ও বৌদ্ধদের কলহ ও দাঙ্গ। নিবারণ করতে বৌদ্ধ ও হিন্দু রাজাদের বহু কই স্বীকার করতে হয়েছে। এক সময় প্রায় সমস্ত ভারতবর্ষ বৌদ্ধর্ম ঘারা প্লাবিত হয়েছিল, কিন্তু তা সত্তেও উহারা পুনরার হিন্দুধর্মে অতি অল্পদিনের মধ্যে পুনর্লীক্ষিত হয়। কিন্তু এইরূপ অসাধ্য সাধন যে মাত্র প্রচার ঘারা সন্তব হয়েছিল তা মনে হয় না। বহুক্ষেত্রে এ সম্বন্ধে বল প্রয়োগের কথাও শুনা গিয়েছে।

প্রাক্-ব্রিটিশকালে বাংলা দেশে বৈষ্ণব এবং শাক্তদের মধ্যেও বছ কলছ ও দালা ঘটে গিয়েছে। পূজা পদ্ধতি ও আমিষ বা নিরামিষ খাত ছিল এই কলছ ও দালার কারণ। এখনও এইরূপ দালা বছন্থানে ঘটে। শাক্তধর্মী হিন্দুরা বৈষ্ণবদের মাধার পচা ডিম ফেলে বা তাদের টিকি কেটে দিয়ে অপমান করে বলেছে, 'নেড়া নেড়ী' 'ডিম খাবি' ইত্যাদি।

এই সম্পর্কে উল্লেখযোগ্য এই যে, এই সকল ধর্মীয় কলহ আধুনিক সাম্প্রদায়িকতা বারা দৃষ্ট ছিল না। হিন্দু, বৌদ্ধ, শাক্ত, বৈষ্ণব, শৈব, শিথ, জৈন প্রভৃতি ধর্মা এই দেশেই উদ্ভূত হয়েছে এই দেশের মনীবীদেরই বারা। একই পরিবারের এক ভাই ছিল বৌদ্ধ, অপর ভাই ছিল হিন্দু। স্বামী ঘোরতর শাক্ত এবং তার স্ত্রী ছিল একজন পরম বৈষ্ণব। একই গৃহে একই পরিবারভূক্ত বিভিন্ন ব্যক্তি আপন আপন বিশাস ও ধারণা অস্থায়ী ধর্মাচরণ করেছে। বাহিরে কদাচ কলহ দেখা দিলেও তা ছিল একাক্তরূপে সাময়িক এবং উহা গৃহের, পল্লীর বা দেশের শান্তি কম ক্ষেত্রেই ব্যাহত করেছে। ব্যক্তিগতভাবে এক একজন এক এক পদ্ধতিতে উপাসনা করলেও প্রত্যেক মতবাদীদের ধর্মোৎসবে সকলে সমভাবেই যোগ দিয়েছে। ভারতীয় সংস্কৃতির বৈশিষ্ট্য হচ্ছে এইখানে। বহুর মধ্যে একত্বের সন্ধান মাত্র এই দেশেই আমরা পাই। বস্তুতপক্ষে বর্জমান হিন্দুধর্ম উপরোক্ত বিবিধ সংখ্যালমু ধর্মীয় সম্প্রদায়ের মাম্বদের একটী স্বসংবদ্ধ কেডারেশন মাত্র। হিন্দুধর্ম কোনও একটী সম্প্রদায় বা ইন্ষ্টিটিউসন নয়। বরং উহাকে একটি ইউনিভারসিটি বা ধর্ম্ম-সম্পর্কীয় বিশ্ববিভালয় বলা যেতে পারে।

[চীন দেশে অধিকাংশ লোক বৌদ্ধ ও কুনফুসাস। ঐ দেশে কিছু ক্রীশ্চান এবং বহু মুসলমানও আছে, কিন্তু তা সত্তেও ঐ দেশে সাম্প্রদায়িকতার স্থান নেই। কারণ চীন দেশ বিদেশ হতে আগত বৌদ্ধ, মোসলেম ও ক্রীশ্চান ধর্ম অবলম্বন করলেও চীনেরা তাদের সংস্কৃতি বা কৃষ্টি হারায় নি। তারা তাদের "চৈ-নিক" নামে আজও পরিচিত, আরবী নামে নয়। বছস্থলে একই পরিবারের একজন বৌদ্ধ এবং একজন মুদলমান বা ক্রীশ্চান দেখা গেছে। মুদলমান ধর্মকে ঐ দেশের জল মাটীর উপযোগী করে নেওয়া হয়েছে। প্রকৃত মোস্লেম ধর্ম এইখানে দেখা যায় না। এদের অবন্ধা আবেদেনীযান্ত ক্রীশ্চান ধর্ম বা তিব্বতের বৌদ্ধ বা লামা ধর্ম্মের এবং ইণ্ডোনিয়াস্থ মোদলেম ধর্ম্মের সহিত তুলনা করা চলে। কেহ কেহ এই অবস্থাকে বিকৃত ক্রীশ্চান, মোসলেম বা বৌদ্ধধর্ম বলেন, কিন্তু তা বলা অন্তায়। বলিদ্বীপের প্রচলিত হিন্দুধর্ম সম্বন্ধেও এই কথা বলা চলে। বিদেশাগত ধর্ম এই সকল দেশের জলবায়ু ও মহুষ্য প্রকৃতির উপযোগী করে গ্রহণ করা হয়েছে, এই যা! এবং তা তারা করেছে তাদের জাতীয় কৃষ্টি, সংস্কৃতি ও আচার-ব্যবহার অকুপ্ল রেখে। এদের পূর্বপুরুষদের ধর্মের সহিত নবাগত ধর্মের কোনও বিরোধ নেই বরং উহারা উহাদের শ্রদ্ধা করে থাকে।]

ভারতীর হিন্দু-মুদলমানের কলহ দালা এই প্রকৃতির ঝগড়া নর। উहा यथार्षक्रां मान्यनाविक छा-छ्ट नामा। अञ्चर्नान्यनाविक विवाह প্রচলিত না থাকার এই ধর্মীয় কলহ বিজাতীয় বিষেব প্রস্ত হয়। ধর্মীয় ক্ষেত্রে এবং রাষ্ট্রীয় ক্ষেত্রে বিদেশী মতবাদ গ্রহণ করলে ফল এইরূপই হয়ে থাকে। হিন্দু ও বৌদ্ধরা পরস্পার পরস্পারের দেবতা বা মন্দিরকে ধবংস করে নি বরং তারা সমভাবেই উহাদের সম্মান করেছে, ঠিক যেমন ক'রে একজন 'ফিজিকস্'এর পণ্ডিত একজন 'কেমিষ্ট্রী'র পণ্ডিতকে সন্মান (प्रथाय । किन्छ श्रृक्षकांनीन मूमनमानगं मकन ममग्रहे निष्णापत विदेशी ভেবেছে, তা না' হলে তাদের দেশীয় নাম পরিত্যাগ করে আরব দেশীয় নাম গ্রহণ করতো না। অপর দিকে বহু হিন্দু এদেশে খৃষ্টান হয়েছে, কিন্ত মুখার্জ্জী, মিত্র প্রভৃতি বংশের পরিচয় ও ভারতীয় নাম তারা হারায নি। এক কথায় তারা ধর্মান্তর গ্রহণ করলেও কৃষ্টি বা কালচার হারায় নি। তাই আজও আচার-ব্যবহারে একজন ভারতীয় হিন্দু ও একজন দেশীয় बृष्टोनटक टिना यात्र ना। जाधुनिक हिन्दूताछ, गीर्ब्जाय शिरव मानात মেরীকে প্রণাম করতে বিধাবোধ করে নি। পৃষ্টানরাও হিন্দুদের গীৰ্জায় প্রবেশে বাধা দেয় নি। খৃষ্টানদেরও আজকাল সর্বাজনীন পূজামগুণে এবং বিখ্যাত হিন্দু মন্দির সমূহে প্রবেশ করতে দেওয়া হচ্ছে। একথা चीकार्या (य कार्यामिक क्वीकान এवः देवक्षव धर्मात मर्धा एय मानृश्र দেখা যায় দেই সাদৃশ্য শাক্ত ও বৈঞ্চব ধর্ম্মের মধ্যে দেখা যায় নি ।

কারণ দেশীর খুষ্টান, বৌদ্ধ, জৈন, শাক্ত, বৈষ্ণব, শৈব ও শিখেরা ধর্ম-মতে ভিন্ন হলেও একই কৃষ্টির অধিকারী। এইজন্ম আচার-ব্যবহার এবং পোবাক-পরিচ্ছদ এবং চিস্তাধারা এদের বিভিন্ন নর। এই দেশীয় খুষ্টান-সম্প্রদায় এবং ইংরাজগণ ধর্ম্মের কারণে এক জাতিত্বের দাবী করে নি। এদেশে বহু দেশীয় মুসলমানও আছে যারা ধর্মের কারণে নিজেদের ভিন্ন

দেশীয় মনে করে না। এরা সত্যপীরের অর্চনা করে, পীরপরগন্থরের मत्रशांत्र मिन्नि (मत्र, करत्त्र करत्त्र श्रमीण ब्याम । याग्रम्यापत् এह উপাসনা পদ্ধতিতে হিন্দুরাও সানন্দে যোগ দেয়। বহু মুসলমানকে আমরা ভারকেশর তীর্থে এসে হত্যা দিতে দেখেছি। সাধু সন্ন্যাসী, দরবেশ এবং ফকিরকে হিন্দু মুসলমান সমভাবেই শ্রদ্ধা করে। বহু মুসলমান আত্তও হিন্দু নাম ব্যবহার করে। যারা তা করে না তারা তাদের নামের আগে 'ঐ।' ব্যবহার ক'রে উপলব্ধি করে যে তারা এই দেশেরই মামুষ। এদেশের চিত্রকর নামক মোসলেম সম্প্রদায় আজও পদবাসহ হিন্দুনাম ব্যবহার করে থাকে। যথা, ৰাস্থদেব চিত্রকর, ইত্যাদি। বহু উপাসনা পদ্ধতি ও আচার-ব্যবহার, হিন্দু এবং মুসলমান সভ্যভার সংমিশ্রণে ঘটেছে। এইরূপ সংমিশ্রণ না ঘটলে এক-জাতিত্ব-বোধ ঘটে না। একই দেশে একই জাতির অংশরূপে বাস করতে হলে মুসলমানদেরও ভাবতে হবে যে তারা ধর্মে মোস্লেম হলেও জাতিতে হিন্দু। সত্যকে সত্য রিপে স্বীকার করার মধ্যে লক্ষাই বা কি আছে। ছঃথের বিষয় বহু শিক্ষিত মুসলমান এই সত্য স্বীকার করতে চান না। নিম্নের বিবৃতি হতে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।

"আমাদের পরিবারে বছ হিন্দু প্রথা বর্তমান থাকায় আমি প্রায়ই অবাক হতাম। একদিন আমাদের সাত পুরুষের ভিটায় 'পাতকো' থোঁড়োর সময় বছ হিন্দু দেব-দেবীর মূর্ত্তি উত্তেলিত হয়। আমার বাবা ও কাকা তাড়াতাড়ি ঐশুলা সরিয়ে ফেলে আমাদের সাবধান করে দেন যাতে একথা কাউকে আমরা না বলি। তাদের ভয় পাছে লোকে মনে করে যে আমরা পুর্বেষ্বি হিন্দু ছিলাম এবং আমরা বিজেতারূপে আরব দেশ থেকে আসি নি।"

ভূল পথে চিন্তাধারা প্রবাহিত হওয়ার কারণে এইরূপ মনোবৃত্তি

স্থান পেরেছে। এবং এইরূপ মনোর্ভিই আধুনিক সাম্প্রদায়িক দাঙ্গা-হাজামার কারণ। এইরূপ চিন্তাধারা হিন্দুদেরও ক্ষতি করেছে। বহু হিন্দুরও ধারণা যে এদেশীয় মুসলমানদের পূর্বে পুরুষরাই বুঝি ভারত আক্রমণ করে তাদের ধর্ম ও দেব মন্দির বিনষ্ট করেছিল। এই ভূল ধারণার বশবর্তী হয়েও বহু হিন্দু দেশীয় মুসলমানদের প্রতি বিশ্বেষ ভাবাপয় হয়েছেন। বরং যে সকল কারণে হিন্দুদের একাংশ মুসলমান হয়েছে সেই কারণগুলির কথা ভেবে তাদের লচ্ছিত ও অমৃতপ্ত হওয়া উচিত।

ধর্ম মাত্রই একই কথা বলে। পথ আলাদা হলেও মত একই। লক্ষ্য বস্তুও তাদের একই থাকে। ধর্মমতগুলির সংমিশ্রণে মান্থুবের তালোই হবে। তুলনা মূলক ভাবে পৃথিবীর ধর্মমতগুলি মান্থুব মাত্রেরই আলোচনা করা উচিত। মোস্লেম ধর্মের প্রবর্ত্তক হজরত মহম্মদ ভারতবর্ষে জন্মালে কিংবা বিজেতাদের সহিত এই ধর্মের আগমন না হ'লে হয়তো এতো গোলযোগ দেখা যেতো না।

ছ্র্ভাগ্য বশতঃ একশ্রেণীর লোক কোনও এক শুভ বা অশুভ মুহুর্ত্তি ছিজাতিছ-বোধ এদেশের মুসলমানদের মধ্যে এনে দেওয়ায় মুসলমানরাজত্বের কাল হতে যে কৃষ্টিগত সংমিশ্রণ ঘটছিল তা ব্যাহত হয়ে যায়। নানক এবং কবির পন্থী, পীর পন্থী, স্থাফিইজম্ প্রভৃতি সংযোজক ধর্ম আর এদেশে কার্য্যকরী হতে পারে না। বলা বাহুল্য এই অপপ্রচার বিদেশীদের ইঙ্গিতেই হচ্ছিল। পুনঃ পুনঃ বাক্-প্রয়োগ দ্বারা ইহার কৃষ্ণ স্থাক্র-প্রসারী হয়। এর অবশুদ্ধাবী কল স্বরূপ প্রকৃত সাম্প্রদায়িক দাঙ্গা ভারতে মুহুর্হঃ সংঘটিত হয়েছে।

যতকণ হিন্দু এবং মুসলমান ভাববে যে দেশীয় মুসলমানরা আরব দেশীয় লোক ভতকণ এই দ্বিজাভিত্ব-বোধ বাবে না। হয়তো কোনও কোনও

প্রদেশের মুসলমানদের ষধ্যে বিদেশী রক্ত আছে, কিন্তু তা কি কোনও टकान ७ हिन्मु (मत्र ७ मार्थ) (महे १ वह कां ि वह शर्य अर्माण अरमहरू अवर এই हिन्मू (इब्र मार्थ) जा विनीन हाम शिक्षाह । अपना किना की का निमान पत বেমন ইংরাজদের কোনও তৃষ্কৃতির জন্ত দায়ী করা যায় না, তেমনি দেশীয় মুসলমানদেরও মোগল বা পাঠানদের কোনও হৃত্বতি বা পররাজ্যলিন্সার জক্ম দায়ী করা চলে না। বিদেশী আক্রমণ যারা প্রতিরোধ করতে পারে नि তারা ছিল এই দেশেরই हिन्दू, মুসলমান ও বৌদ্ধদের পূর্বপুরুষ। তাঁদের এই পরাজয়ের প্লানি আমাদের সকলকে সমভাবে বহন করতে हरत । आमारिन त्र मरन ताथरिक हरत मूत्रनमान खात्रक खाक्रमण करत नि, ভারত আক্রমণ করেছিল পাঠান ও মোগল জাতি। এই আক্রমণের সহিত কোনও ধর্মকে যুক্ত করা অতীব অন্যায়। কিন্তু তা সত্ত্বেও আক্রমণ-কারী মোগল পাঠানদের যা কিছু অপরাধ তা দেশীয় মুসলমানদের স্বন্ধে চাপানো হয়। দেশীয় মুসলমানগণও তাদের আক্রমণকারীদের যা কিছু দোষ তা মিধ্যা হিজাতীত্ব-বোধের কারণে নিজ স্কল্পে বছন করে আনন্দ পান। হিন্দু মুদলমানদের যা কিছু বিরোধ তা এইখানে। একথা আজ স্বীকার্য্য যে এদেশের মুসলমানদের শতকরা >> জনের পূর্বপুরুষ ছিলেন হিন্দু। নানা কারণে তাঁরা মোদলেম ধর্ম অবলম্বন করেছিলেন কিংবা তা তাঁরা করতে বাধ্য হয়েছিলেন। বর্তমান হিন্দুদের পূর্ব-পুরুষরা নিজের ধর্ম রকা করলেও তাদের ঐ ধর্মাস্করিত ভাতাদের ধর্ম রক্ষা করতে পারেন নি। এজন্ম বরং হিন্দুদেরই লক্ষা অমুভব করা উচিত। যাদের ধর্ম ও সংস্কৃতি বিদেশীরা বিনষ্ট করতে পেরেছে তাদেরও লক্ষা कम नग्न। তবে এদের মধ্যে गाँता এই মোস্লেম ধর্ম ইচ্ছা করে গ্রহণ করেছে তাদের কোনও দোষ দেওয়া চলে না। প্রকৃতপক্ষে এই ধর্ম্ম ষারা এদেশের কোন ক্ষতি হয় नि।

পূর্বেব বাংলা দেশে সাম্প্রদায়িক দাঙ্গা মাত্র ঢাকা এবং কলিকাতাতে সীমাবদ্ধ ছিল। পদ্ধী অঞ্চলে বা ছোট ছোট শহরে ইহা দৃষ্ট হয় নি। এই দাঙ্গা নবাগত দেশবালী হিন্দু মুসলমানদের মধ্যেই [তাদের পূর্ববাপর ঐতিহ্-বোধের কারণে] ঘটেছে। বাঙ্গালী হিন্দু মুসলমান এ দাঙ্গায় কথনও অংশ গ্রহণ করে নি। পোষাক, পরিচ্ছদ, চেহারা ও ভাষা হ'তে বাঙ্গালী হিন্দু মুসলমানকে চেনা যায় না। এইজন্ম এইরূপ সাম্প্রদায়িক দাঙ্গার সময় বাঙ্গালী হিন্দু এবং বাঙ্গালী মুসলমানকে চিনতে না পেরে দাঙ্গাকারিগণ এদের সমভাবে নিগৃহীতও করেছে। কিছ ছর্ভাগ্যক্রমে এই সাম্প্রদায়িক বিষ পরে স্বার্থাদেরীদের প্রচারের ফলে বাংলার পদ্ধী অঞ্চলেও শিক্ড গাড়ে।

কেহ কেহ বলেন যে ইংরাজগণ এই সাম্প্রদায়িকতার জন্ম দায়ী।
তেদ নীতির দ্বারা শাসন কার্য্য সমাধা করার জন্ম তারা এই বিভেদ্নের
স্পষ্টি করেন। পরস্পরের মধ্যে হিংসা ও দ্বেষ আনয়ন করার জন্ম এরা
বারেক হিন্দুদের এবং বারেক মুসলমানদের বহু স্থবিধা দিয়েছেন। এঁরা
কি চাকুরী ক্ষেত্রে এবং রাষ্ট্র বিধিতে হিন্দু ও মুসলমানদের জন্ম পৃথক
পৃথক ব্যবস্থাও করেছিলেন, যাতে ক'রে তারা ভূলেও না মনে করে যে
তারা এক জাতীয় লোক। এইভাবে তারা তথাকথিত বর্ণ ও তপশীলী
হিন্দুদের মধ্যেও ক্রিম ব্যবধানের স্পষ্টি করেছিলেন। তাদের একবারও
মনে হয় নি যে বর্ণহিন্দুদের মধ্যে যতগুলি শ্রেণী আছে তার চেমেও
অধিক শ্রেণী আছে তপশীলী হিন্দুদের মধ্যে এবং তপশীলী হিন্দুদেরও এক
শ্রেণীর সহিত অপর শ্রেণীর থাওয়া-দাওয়া ও বিবাহ চলে না। আরও
সময় পেলে তারা হয়তো চাকুরী বন্টন দ্বারা ব্রাহ্মান, বৈশ্য ও কায়ছদের
মধ্যেও বিভেদ্ আনতেন। তাঁরা ভূলে গিয়েছিলেন যে হিন্দুমাত্রই একই
কৃষ্টি ও সংস্কৃতির উত্তরাধিকারী। এইজন্ম তাদের এই অপ্রেটাও ফলবতী

হয় না। কিছ ক্লষ্টগত অসমতা ও ছিল্লাভিছ-বোধের কারণে তারা হিন্দু ও মুসলমানের মধ্যে বিভেদ আনতে পেরেছিলেন। কিন্তু কেহ কেহ বলে থাকেন যে কেবলমাত্র এজক্স ইংরাজদের দোষ দেওয়া উচিত নয়। এ দের মতে মেটিরিয়াল বা বস্তু বর্তমান ছিল। ইংরাজরা এতে রূপ দিরেছেন মাত্র। এই ছম্বের প্রকৃত কারণ ঐতিহাসিক। বাল্যকাল হতে হিন্দুরা পাঠ করেছে তাদের এই পুণ্য দেশ একদা ছিল স্বাধীন ও 'উন্নত। কুক্ষণে মুসলমানর। এসে তাদের ধর্ম, সংস্কৃতি ও বিশাল দেবমন্দির সমূহ বিনষ্ট করেছে। তাদের জাতির একাংশের ধর্ম তারা বলপুর্বাক কেড়ে নিয়েছে এবং বছম্বলে ওরা তাদের কুলনারীদেরও বলপূর্ব্বক অপহরণ করেছে। সৌভাগ্যক্রমে হিন্দুদের পুনরুখান দারা মোগল সাম্রাজ্য ধ্বংস না হলে তাদেরও হয়তো পারস্থ ও আফগান জাতির ন্থায় সকলকেই মুসলমান হতে হতো। हिन्दू নরনারী তীর্থাদি শ্রমণের সম্য নিজ চক্ষে দেখে এসেছে এই স্কল ভগ্ন মন্দির এবং তৎসহ বিজাতীয়দের দারা কণ্ডিতনাসা দেবদেবীর মৃতি সমূহ। পূর্ব্বপুরুষদের এই লাঞ্ছনার কথা স্মরণ করে স্বভাবত:ই তারা ক্ষুদ্ধ হয়ে উঠেছে। এই বিষয়ে নিমের বিবৃতিটা বিশেষরূপে প্রণিধানযোগ্য।

"আমি এই দিন বিশ্বনাথের মন্দির দর্শন করছিলাম। বিশ্বনাথের ক্ষুদ্রায়তন মন্দিরটা ক্ষুদ্রতার জন্ত আমার ভালো লাগে নি। একজন বৃঝিয়ে দিলেন যে প্রাচীন মন্দিরটা ভেঙে পাশের ঐ মসজিদটা নির্দ্রিত হয়েছে। পরে মোগল বাদশা হিন্দুদের আবেদনে একটা মন্দির নির্মাণ করতে আদেশ দেন, কিন্তু ঐ মন্দিরের চুড়াটা মসজিদের মিনারের নীচে থাকবে, এই সর্ভে। এর পর আমি ঐ মসজিদটা পরিদর্শন করি। মসজিদের প্রাচীর গাত্রে এখনও পর্যাস্ত বহু দেবদেবীর মৃত্তি খোদিত দেখলাম। এই দেখে আমার মন অত্যন্ত ক্ষুর হয়ে উঠেছিল। হিন্দুদের

শ্রেষ্ঠ ছীর্থ বারা ধবংস করেছে, তাদের উপর আমি প্রতিহিংসা পরারণ হরে ছীট। আমার মনের এই প্রতিক্রিয়া বাক্য বারাও প্রকাশ করেছি। এই ক্মর এক শ্রাম্যান হিন্দু সাধুও ঐস্থানে উপস্থিত ছিলেন। তিনি হেনে ফেলে বললেন, 'কেন ছঃখ করছেন। বাদশা মন্দির ডেকে মসজিল গড়েছেন, নাচ্যর তো গড়েন নি। একটা দেবালর ভেলে অপর আর এক দেবালয় গড়েছেন। আমাদের উভয়ের ঈখর তো একই।"

বহু হিন্দু বালক ইতিহালের মোদলেম অধ্যায় খুদী হয়ে পড়তে পারে নি, কিন্তু রাজপুত, মারাঠা, শিখ ও জাঠ জাতির অভ্যুথান সমাদরে পাঠ করেছে। কেহ কেহ বলেন যে মিসনারীরা যে সকল ইতিহাস রচনা করেছে তাতে মুসলমানদের অত্যাচারের কথা লিখেছেন, তাতে তাঁরা হিন্দুদের প্রতি মুসলমানদের ভালো ব্যবহারের কথা লিখেন নি। বাদশা ওরংজেবও যে মন্দির নির্মানের জন্ম জমি দান বা বছ হিন্দু কুলনারীকে রক্ষা করেছিলেন, এই কথা তারা কোথাও লিখেন নি। বাল্যকাল হ'তে হিন্দু বালকরা পড়েছে যে মোসলেম নবাবরা না'কি গর্ভবতীর পেট চীরে ছেলে বার করেছে। অমুক হিন্দু সামস্ত বা রাজার রাণীকে তারা বল-পুর্বক অপহরণ করে এনেছে। দেবতার ও নারীর লাঞ্চনা মাফুষ মাত্রকেই ব্যথা দেয়। এই অবস্থায় সাম্প্রদায়িক বিদ্বেষ পূর্ণ হওয়া কারো পক্ষে অস্বাভাবিক নয়। অন্তদিকে মুসলমান বালককে শিক্ষা দেওয়া হয়েছে যে তারা মোসলেম বিজেতাদের বংশধর। বাহুবলে এদেশ জয় করে বহু হিন্দুকে তারা ধর্মান্তরিত করেছে। মোস্লেম ধর্ম জগতের শ্রেষ্ঠ ধর্ম। এই পৌত্তলিকগুলোকে নিঃশেষ করলে বেহন্তের পথ স্থগম হবে, ইত্যাদি। পবিত্র কোরাণের বহু ভুল ব্যাখ্যা তাদের মুখত্ব করানো হয়েছে। তাদের ভূলেও বোঝানো হয় নি যে বর্ত্তমান হিন্দু ও মোস্লেমের পুর্বাপুরুষ হিন্দুই। বহু প্রদেশ আছে যেখানে মোস্লেমের সংখ্যা শতকরা একজনও নয়। অথচ ঐ সকল প্রদেশ মোস্লেম নবাবরা শাসন করেছেন। এই সংখ্যার অধিকাংশ মুসলমানই আবার বাঁটা আরবী বা পারসী নয়। এই থেকে তাদের বুঝা উচিত যে বহিরাগত মুসলমানরা সংখ্যার নগণ্য ছিল এবং তাদের অধিক লোকই ছিল ভাড়া করা বা 'মারসিনারী' সৈন্ত । এইজন্ত হিন্দু মুসলমান সহজে তাদের পরবর্তীকালে বিতাড়িত করতে পেরেছে। তাদের সংখ্যা আমাদের বর্তমান শাসক ইংরাজদের ভায় নগণ্য ছিল। এবং তারা ইংরাজদের ভায় এই দেশ হিন্দু ও দেশীয় মুসলমানদের সাহায্যেই শাসন করতো।

ইংরাজ শাসনে বহু কুল, পাঠশালা, মক্তব ও মাদ্রাসায হিন্দু ও মুদুলমানগণ পৃথক পৃথক ভাবে শিক্ষা পেয়েছে। এবং তাদের অধীত পুস্তকগুলিও বিভিন্নরূপে লেখা হতো। এইজন্ম তাদের অবচেতন মন সাম্প্রদায়িক বিরোধের জন্ম কিছুটা প্রস্তুত ছিল। ইংরাজরা এই বোধের উন্মেষ ঘটিয়ে তাতে ইন্ধান দিয়েছেন, এ কথা স্বীকার্য্য। *

সাম্প্রদায়িকতা একটা রোগ বিশেষ। উহাকে মানসিক রোগ বলা চলে। এই অবস্থায় সে অস্তরে জ্বলতে থাকে এবং একটু মাত্র সে শাস্তি পায় না। ভয় ও ঘুণার সংমিশ্রনে এর উৎপত্তি হয়েছে। এই ভয় ও ঘুণা রোগ-প্রস্থত বলা যেতে পারে। ঐতিহাসিক পটভূমিকায় তার স্পষ্টি হয়েছে। এই মানসিক রোগ উগ্র হলে উহা উন্মাদনার স্পষ্টি করে। নিম্নের বিবৃত্তি হ'তে বিষয়টা বুঝা যাবে।

"অমুক পাঠান ঘুম থেকে জেগে উঠেই একটা বিকট চিৎকার করে উঠল। এর পর সে আর অপেকা না করে তরোয়াল হাতে বার হয়ে

ছল ইতিহান শিক্ষা দেওয়া বে অক্সায় তা স্বীকার্য। কিন্তু ইতিহাসকে বিকৃত করা আয়ও অক্সায়।

পড়লো। বাইরে এসেই সে প্রথম যে হিন্দুকে দেখলো তাকেই এক আঘাতে শেব করে দিলো। হিন্দু মুসলমান জনতা অতি কটে তাকে নিরস্ত করে গ্রেপ্তার করে। কিছু দিন যাবৎ সে উৎকটভাবে হিন্দু-বিদ্বেষী হয়ে উঠেছিল। এই অকারণ বিদ্বেষ শনৈ: শনৈ: বেড়ে যায়। এই সময় হিন্দু নামও সে শুনতে পারতো না। অথচ সমস্ত হিন্দুকে একদিনে নি:শেষ করাও সম্ভব নয়। মুসলমানদেরও তার এই বিদ্বেষর কথা সে ব্যাতে পারে নি। কেউ তাকে এ বিষয়ে সাহায্য করতে রাজি নয়। পুন: পুন: ঐ একটা বিষয়ে চিন্তা করে সে বিক্তমনা হয়ে পড়ে। কিছুতে সে তার ঐ ইচ্ছা মন হতে বিদ্রিত করতে পারে নি। অন্তত: একজন হিন্দুকেও নিহত না করে সে শান্তি পাচ্ছিল না। এই কয়দিন সে স্থাতাবিক ভাবে আহার করতে বা নিদ্রা যেতেও পারে নি।"

সাম্প্রদায়িকতা যে এক প্রকার মানসিক রোগ তা বুঝাবার জন্ম অপর একটী বিবৃতি নিমে উদ্ধত করা হলো।

"আমার ভাই অমুক হিন্দু সভার একজন বিশেষ সভ্য ছিলেন। পরে উদরক্ষীতি রোগে আক্রান্ত হয়ে সে হাসপাতালে নীত হয়। বিকারের ঘোরে সে মৃহ্মূহ: চিংকার করে উঠছিল, 'ওগো কে আছো! আমি দশ জন মুসলমান ভক্ষণ করেছি। অমুকপ্রসাদ বাবুকে এক্ষ্ণি খবর দাও। অন্ত: এদের পাঁচ জনকে তিনি যেন বার করে দিয়ে যান।"

বাক্-প্রয়োগ ও প্রচার দারা যে কোনও ব্যক্তিকে সাম্প্রদায়িক বা অসাম্প্রদায়িক করে তোলা যায়। এ সম্বন্ধে আশৈশব বাক্-প্রয়োগের তো তুলনাই হয় না। এইজন্ম সাম্প্রদায়িক সভা সমূহে বক্তৃতা ভনে মামুষ সাম্প্রদায়িক এবং অসাম্প্রদায়িক সভা সমূহে বক্তৃতা ভনে মামুষ অসাম্প্রদায়িক ভাবাপন্ন হয়ে পড়ে।

কেই কেই বিশ্বাস করেন যে, বাংলা দেশে অধ্বস্থাধীন গভর্ণমেণ্ট বখন প্রথম স্থাপিত হয় সেই সময় যদি বাংলার কংগ্রেসীদল মাননীয় ফজলুল হকের নেভূত্থে কোয়ালিশন গভর্পমেণ্ট স্থাপন করে মোস্লেম দীগকে অপোজিসনের কোঠায় ঠেলে দিতেন তা'হলে তাঁরা ধীরে ধীরে ফজলুক হক প্রবন্ধিত প্রজাপার্টির মোস্লেমদের সহযোগীতায় বাংলাদেশকে অসাম্প্রদায়িক ভাবাপন্ন করে তুলতে পারতেন। কংগ্রেসপার্টির এই ভূলের স্থােগ গ্রহণ করে লীগপাটি প্রজাপাটির সহিত সংযুক্ত হয়ে তাকেও সাম্প্রদায়িক ভাবাপন্ন করে তুলতে পেরেছিল। ভারতের কেন্দ্রীয় কংগ্রেস বাংলা, পাঞ্জাব এবং সিন্ধুর পূথক অবস্থার কথা চিস্তা করে কেন ভিন্ন ব্যবস্থা করেন নি তা বলা ছফর। আতোপাস্ত বিবেচনা করলে মনে হবে তারা নীতি ও ধর্ম্মের কথা ভেবেছিলেন কিন্তু মনো-বিজ্ঞান এবং প্রত্যক্ষ রাজনীতির কথা ভাবেন নি। এঁদের এই ভূক অচিরেই কুফল প্রদব করতে স্কুরু করে। কংগ্রেদকে অসাম্প্রদায়িক রাখবার জন্তে উহার মধ্যে মোস্লেম উপস্থিত ছিলেন, কিন্তু ফজলুল হকের প্রজাপার্টিকে অসাম্প্রদায়িক রাখবার জন্মে ঐ দলে উপযুক্ত সংখ্যক (Indispensible) হিন্দু ছিল না। ইহার অবশুভাবী ফল স্বরূপ আথেরে বাংলা এবং পাঞ্জাব বিভক্ত হয়েছে। এই দিক হ'তে আমরা ব্রিটাশ সরকারের ভেদনীতির প্রতিবন্ধক হইনি বরং তাতে আমরা ইন্ধন জুগিয়েছি।

মাত্র করেক বংসরের চেষ্টায় লীগ শাসন বাংলাদেশকে মনের দিক হতে বিভক্ত করে তুলেছিল। মোস্লেমদের অর্থনৈতিক অহ্নত অবস্থা-এই ব্যাপারে তাদের সহায়ক হয়। এই একই কারণে কোনও কোনও-নেতা ব্রিটিশ সরকারের নির্দেশে ও সহযোগিতায় হিন্দুদের মধ্যেও-তপশীলী সম্প্রদায়ের স্ষ্টি করতে পেরেছিলেন। আরও কিছু সময় পেলে হয়তো তাঁরা বর্ণহিন্দুদের মধ্যেও বিভাগ স্থাষ্ট করতে সক্ষম হতেন। বোমিন এবং দিরা সম্প্রদায়ের জ্বন্ন পৃথক আদন সংরক্ষণ বা পৃথক নির্বাচনের প্রচলন করলে মোস্লেম সমাজও হিধা বা ত্রিধা বিভক্ত হতো। এই উপায়ে বর্ণহিন্দুর অন্তর্গত ব্রাহ্মণ, বৈছ, কারন্থ, বণিক প্রভৃতি সমাজের মধ্যেও বিভাগ আনা অসন্তব ছিল না।

বিটিশ শাসন ভারতের যে কোনও উপকার করে নি তা নয়, কিছ তাদের এই এক দোষ—ভেদনীতির জন্ম ভারতীয়েরা আজও তাদের শ্রদ্ধা করতে পারছে না। এই ভেদনীতির কারণে অচিরে শাসন ব্যবস্থা কলুবিত হয়ে উঠে। এবং প্রত্যেক প্রতিষ্ঠান, প্রতিটী অফিস এবং কাছারী হিন্দুস্থান ও পাকিস্থানে বিভক্ত হয়ে পড়ে। একজন হিন্দু অফিসার তাঁর অধন্তন মোস্লেম অফিসারকে এবং একজন মোস্লেম অফিসার তাঁর অধন্তন হিন্দু অফিসারকে শাসনতাদ্রিক কারণে ভর্ৎসনা পর্যান্ত করলেও তার মধ্যে সাম্প্রদায়িকতা আরোপ করা হয়েছে। পরিশেষে মোস্লেম এবং হিন্দু অফিসারগণ একই গভর্ণ-মেন্টের অধীনে চাকুরী করলেও তাদের দৃষ্টিভঙ্গী হয়ে পড়েছিল সম্পূর্ণ-রূপ বিভিন্ন। এমন কি একদল যেখানে খোস্ মেজাজে গালগল্প করতো সেখানে অপর দলের কেউ ইচ্ছা করেই যেতো না। কারণ তার ধারণা হতো যে, হয়তো তার স্ব-সম্প্রদায়কে ঐ স্থানে গাল দেওয়া হচ্ছে।

সাম্প্রদায়িক ভেদনীতির শেষ ফল প্রত্যক্ষ সংগ্রামের ঘোষণা। এই সংগ্রাম কলিকাতার ঐতিহাসিক হত্যাকাণ্ডের নামান্তর মাত্র। এই হত্যাকাণ্ডের জন্ম ব্রিটিশ সরকার কতটা দায়ী ছিলেন তা ঐতিহাসিকরা বিচার করবেন। কেহ কেহ মনে করেন যে কলিকাতাকে এই দাঙ্গার জন্ম বিশেষ করে বৈছে নেওয়া হয়েছিল। প্রত্যক্ষ সংগ্রামের মহড়া

ভারতের সর্ব্বভই হয়েছিল। কিন্তু কুত্রাপি দালাহালামা বাধতে দেওরা হয় নি। এমন কি কলিকাতার চতুর্দিকের শিল্লাঞ্চলেও ইহা প্রসার লাভ করে নি। এই দালা কেবলমাত্র কলিকাতা মহানগরীতেই সীমা-বদ্ধ ছিল। এর কারণ সম্বন্ধে আমার জানৈক বন্ধু নিয়োক্তরূপ মত প্রকাশ করেছিলেন।

"এই দাঙ্গা যে পূর্বকল্পিত ছিল এবং উহা যে কুচক্রীদের চক্রান্তে সংঘটিত হয়েছে তা আমি মনে প্রাণে বিশ্বাস করি। কুচক্রীদের প্রকৃত ইচ্ছা ছিল সারা ভারত ব্যাপী হিন্দু-মোস্লেমে দাঙ্গা বাধানো। কিন্তু তার আগে "ফিলার" দ্বারা তাঁরা উহার ফলাফল সম্বন্ধে অবগত হতে চেয়েছিলেন। এইরূপ পরীক্ষার জন্ম কলিকাতাকে বেছে নেওয়ার কারণ ছিল এই যে কলিকাতা ভারতের এক কুদ্রতম সংস্করণ। এই শহরে হিন্দুর সংখ্যা শতকরা ৮০ ভাগ এবং মোস্লেমের সংখ্যা শতকরা ২০ ভাগ। সারা ভারতবর্ষের হিন্দু-মোস্লেমের সংখ্যার অমুপাত বা হারও ঐরূপ। কলিকাতা মহানগরীতে ভারতের সমৃদ্য প্রদেশের হিন্দু-মোস্লেম বহু সংখ্যার বাস করে। এই শহরের দাঙ্গা বাধাবার কারণ নিয়োক্ত কয়টী সত্য সমৃদ্ধে অবহিত হওয়া।

- (১) অতর্কিতে আক্রান্ত হলে কত অল্প সময়ের মধ্যে অত্যন্ত শান্তিপ্রিয় সংখ্যাণ্ডর হিন্দুগণ, প্রতিশোধার্থে বা প্রতিরোধার্থে প্রস্তুত হতে পারে ?
- (২) বিভিন্ন প্রদেশীয় ও ভাষাভাষী হিন্দুগণ, বর্ণ এবং তপশীলী হিন্দুগণ একত্রে পরস্পার পরস্পরের সাহায্যার্থে এগিয়ে আসে। না, পূর্বকালীন হিন্দুদের ভাষ এক প্রদেশের হিন্দুদের বিপদে অপর প্রদেশীয় হিন্দুরা চুপ করে বলে থাকবে। বর্ণহিন্দু এবং তপশীলী হিন্দুরা পরস্পর পরস্পরের প্রতি কিরূপ আচরণ করবে ?

- (৩) খৃষ্টান, শিশ, বৌদ্ধ প্রভৃতি অক্তান্ত সম্প্রদার এই দালাক্ষ কোমও পক অবলয়ন করবে কি'না ? ইত্যাদি—
- (৪) ধন সম্পত্তি এবং জীবন-নাশ কোন সম্প্রদায়ের কিরূপ হবে চ জুর্থাৎ এই মহা আহবে কোন সম্প্রদায় জিতবে, কোন সম্প্রদায়ই বা হৈরে যাবে চ
- (¢) বিভিন্ন সম্প্রদায়ের সরকারী কর্ম্মচারীরা এই আহবে কিরুপ আচরণ করবে !"

এই দাঙ্গার ফলাফল সহক্ষে সকলেই অবগত আছেন। এইজফ্ট এই প্রশ্নগুলির উত্তর দেওয়া আমি প্রয়োজন মনে করি না। বন্ধুর মতে ইহা মোস্লেমদের অফুকুল না হওয়ার সারা ভারত ব্যাপী দাঙ্গাহাঙ্গামা পরিকল্পিত হয় নি,—কেবলমাত্র পাকিস্থানকেই মেনে নেওয়া হয়েছিল। বন্ধুর মতে পরবর্তী পাঞ্চাবের দাঙ্গাহাঙ্গামা পূর্বে পরিকল্পিত ছিল না। এক দল বা জাতি অপর জাতি বা দলের অধীনে বাস করার অনিছার জন্ম এই দাঙ্গাহাঙ্গামা পাঞ্জাবের উভয় অংশে সংঘটিত হয়েছে।

ভাইরে ভাইরে দাঙ্গা বা যুদ্ধের মধ্যে যেরূপ নিষ্ঠুরতা দেখা যায় দি। সেরূপ নিষ্ঠুরতা এক জাতির সহিত অপর ছাতির যুদ্ধে দেখা যায় দি। কলিকাতার এই মহা নিধন-যজ্ঞ এই মতবাদটীকে প্রমাণিত করবে। কিরূপ নিষ্ঠুরতার সহিত উন্মন্ত দাঙ্গাকারিগণ কর্তৃক স্থানে স্থানে এই মহা-দাঙ্গা সংঘটিত হয়েছে তা নিমের বিবৃতিটী হ'তে বুঝা যাবে।

"কয়েকটী পরিবারকে নারী ও শিশুসহ বিপজ্জনক স্থান হ'তে উদ্ধার করে ফিরে আসছিলাম। এমন সময় লক্ষ্য করলাম, একটী অসহায় লোককে ম্যান-হোলের গর্জের মধ্যে গলদেশ পর্যন্ত নামিয়ে দেওয়া হয়েছে এবং ঐ গলদেশ ঘেঁসে ঐ ম্যান-হোলের আবরণী বা লোহ চাক্তিটা (ঢাকনী) ঐ ম্যান-হোলের মুখটাতে বসিয়ে দেওয়া হয়েছে।

উন্মন্ত অনতার উল্লাস ধ্বনির মধ্যে এক ব্যক্তি ঐ চাকৃতি বা ঢাকুনার উপর দাঁড়িরে নাচতে হুরু করে দিলে এবং ধীরে ধীরে চাক্তির কাণার শাবাতে ঐ ব্যক্তির গলদেশ কন্তিত হতে লাগলো। পরে এও শুনে-ছিলাম যে ঐ ব্যক্তির স্ত্রী-পুত্রকেও ইভিপুর্ব্বেই ঐ ম্যাদ-হোলের গহারে নিক্ষেপ করা হয়েছিল। এর চেয়ে নিষ্ঠুরতা আর কি-ই বা হতে भारत ।"- "अभन्न आत अकितिमन चर्तेनात कथा वनता। अहे दिन भक्ष চলতে চলতে সহসা লক্ষ্য করলাম মাত্র দশ বারো জন বালক আমার স্বসম্প্রদায়ের একজন যুবককে ঠেঙিয়ে ঠেঙিয়ে পথের উপর শুইয়ে দিচ্ছে। উপযুর্পেরি ষষ্ঠার ঘারে ভদ্রলোক অজ্ঞান হরে মাটীতে পড়ে গেলেন। আমারও ধারণা হরেছিল যে ভদ্রলোক বোধহয় মারাই গেলেন। এমন সময় একজন বালক চেঁচিয়ে উঠলো, 'আরে ভাই আভি তকু নড়তা হার।' নিকটেই একজন যুবক দাঁড়িয়েছিল। ছুটে এসে সে ভদ্রলোকের বুকে ধারালো ছুরিকা আমূল বসিয়ে দিলে। এইভাবে যেটুকু প্রাণ তার তখনও পর্য্যন্ত বাকি ছিল তা'ও শেষ হয়ে গেল। প্রথম প্রচেষ্টায় ভদ্রলোক হয়তো মাত্র কয়েকজন বালকের হাত হ'তে নিজেকে মুক্ত করতে পারতেন। কিন্ত বিরোধী ব্যক্তিদের পাড়ায় বাধ্য হয়ে বাস করায় তার স্নায়ুর শক্তি তিরোহিত হয়েছিল। এজন্ম একটুমাত্রও তিনি বাধা দিতে পারেন নি এবং এই একই কারণে আমিও তাকে উদ্ধার করতেও সমর্থ হয় নি। উভয় সম্প্রদায়ের লোকের পক্ষেই একথা সভ্য ছিল।"

স্থান এবং কাল মাহাত্ম্য মামুবের স্নায়ুর শক্তি হরণ করে নেয়। এদেশের সাম্প্রদায়িক দাঙ্গা সমূহ ইহার অঞ্চতম প্রমাণ। স্বপল্পীতে বা স্বরাষ্ট্রে যারা সিংহবিক্রমে পদক্ষেপ করে থাকে, তাদেরই অঞ্চত্র আমরা মেষের ভাষ আচরণ করতে দেখেছি। নিমের বিবৃতি হ'তে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।

"আমি এইদিন কর্ত্তব্যরত অবস্থার নরা সড়ক ও কলাবাগানের মোড়ে দাঁড়িরেছিলাম। সহসা আমি লক্ষ্য করলাম আমার পরিচিত বুৰক চিত্ৰকর অমুক গাসুলী কলাবাগান হতে বার হয়ে আসছেন। তাঁর পরণে ঝলঝলে প্যাণ্ট ও আলখালা থাকার এই বাবরী চুলওয়ালা আর্টিষ্টকে এথানকার লোকজন বিরোধী সম্প্রদারের ব্যক্তিরূপে চিনেও চিনে উঠতে পারে নি। তারা ভীড় করে অবাক হয়ে তাকে দেখছিল। এদের কেউ বিশ্বাস করতেও পারে নি যে এই সময় এই স্থান দিরে এই রকম কোনও লোক যেতে পারে। যুবক আর্টিষ্টা বাঙ্গলার বাহিরে মামুষ হয়েছিলেন, সম্প্রতি তিনি কলিকাতার এসেছেন। এই কলাবাগান সম্বন্ধে তিনি বিভীষিকাময় বহু গল্প ইতিমধ্যেই শুনেছেন, কিন্তু ঐ স্থানটীর প্রকৃত অবস্থান সম্বন্ধে তিনি একটু মাত্রও অবগত ছিলেন না। আমি অবাক হ'য়ে যুবকটীকে জিজ্ঞানা করলাম, 'এঁচা, একি ? কোথা থেকে তুমি আসছো ?' উত্তরে যুবকটা বললে, 'কলেজ খ্রীটে গিয়েছিলাম, একটু দটকাট করে চিৎপুর রোডে যাচ্ছ।' আমি ভংসনা করে তাকে বললাম, 'কিন্ত তুমি জান ? কোন রাস্তা দিয়ে এসেছো। এখনো বেঁচে আছো, এই যথেষ্ট। তুমি এসেছো কলাবাগান বন্তীর মধ্য দিয়ে। "এঁয়। যুবক আর্টিষ্ট অমুট স্বরে উচ্চারণ করে উঠলো, 'এই সেই কলাবাগান!' এবং তারপর তিনি সহসা জ্ঞান-হারা হয়ে মাটির উপর লুটিরে পড়লেন।"

পুর্বতন সাম্প্রাধিক দালা সমূহ সাধারণতঃ রাজপথেই সংঘটিত হরেছে। এমন কি প্রাধারণ সমূহ অতিক্রম করে উহা কখনও গলির পথে অগ্রসর হর নি। কিছ কলিকাতার ইতিহাসে এইবার সর্বপ্রথম মাল্লব অতঃপুরের পবিজ্ঞাও বিনষ্ট করতে ত্বরু করে দিয়েছিল। গৃহ আক্রমণ, অন্ধ্রিপ্রদান, হত্যা এবং লুগ্রন ছিল এই দালার বৈশিষ্ট্য। বে रकामध कातराई हाक मल्लाम विराधित थात्रण हरत्रहिन य धरे नामात्र निहर्त मतकाती ममर्थन चाह्र जदः जहे कात्रां जहे मर चनतार कतात জন্ম তাদের কোনওরূপ শান্তি পেতে হবে না। কিন্তু যখন তারা বুঝেছিল रय তাদের এই ধারণা একাস্তরূপে ভূল, তখন এই মহা দাল। সহসা মধ্য পথে থেমে গিরেছিল। এই দাঙ্গার প্রতিরোধ ভদ্রশ্রেণীর ব্যক্তিদের হার। স্থক করা হয়েছিল। এই ভদ্রলোকেরা বাধ্য হয়ে আত্মরকার্ধে বা প্রতিরোধার্থে এই দাঙ্গায় অবতীর্ণ হয়। কিন্তু অপরপক্ষের দাঙ্গা শেষ পর্যান্ত গুণ্ডাগণ দারাই পরিচালিত হয়েছে। গুণ্ডা ব্যক্তি মাত্রেই অন্তরে অন্তরে ভীরু হয়ে থাকে। ছর্বলের উপর অত্যাচারে সদা তৎপর হ'লেও প্রবলের নিকট এরা সর্ব্বদাই মাধা নীচ করেছে। এই কারণে যারা আত্মরক্ষার্থে এদের নিকট করজোড করেছে, তাদেরই সপরিবারে নিশ্চিক্ত হয়ে থেতে হয়েছে। কিন্তু যারা সাহস করে নীচে নেমে বা এগিয়ে এসে তাদের প্রতিরোধ করেছে, তাদের কাউকেই আবালবৃদ্ধ-বণিতা নির্বিশেষে নির্মাল হতে হয় নি। বছক্ষেত্রে মাত্র দশ বারে। জন যুবক সহস্র সহস্র গুণ্ডাদের মাত্র ইষ্টক বর্ষণ দারাই বিভাজিত করতে সক্ষম হয়েছিল।

পল্লীতে পল্লীতে অসহায় ভিন্ন সম্প্রাদায়ের ব্যক্তিদের এই দাঙ্গায় শৃগাল কুকুরের মতই নিহত করা হয়েছে। বহুন্থলে নির্দ্ধোষ নারী এবং শিশুদেরও প্রাণ এবং সন্মান আততায়ীদের হাত হ'তে রক্ষা পায় নি। এক বিরাট গণ-উন্মাদনা সমগ্র জাতিকে যেন পেয়ে বসেছিল। হিদিনের পুঞ্জীভূত অবিশ্বাস এবং বেব আবদ্ধ অবস্থা থেকে ব্বিবা আজ সর্বপ্রথম ছাড়া পেলো। অবিশ্বাস এবং ছেবের মূল কারণ দ্রীভূত না করে উহা জোড়াতালি দিয়ে এযাবংকাল ক্রন্তিম উপায়ে চেপে রাখার কারণেই সাম্প্রদারিক আল্লেরগিরি হতে এই সভ্যতা বিশ্বংনী দাঙ্গায়

আরি উল্পার সম্ভব হরেছিল। অনেকে একথাও বলেন যে বছদিন ধরে আর্থান্থেরী নেতারা পুনঃ পুনঃ বাক্-প্রয়োগ দারা জনগণের ছুল রুছি সমূহকে শনৈঃশনৈঃ জাগ্রত করে তাদের ভূল পথে চালিরে দেওয়ার কারণেই দেশব্যাপী এইরূপ অবস্থার হার্টি সম্ভব হয়েছে। কিন্তু একফ ক্রেন্সাত্ত তৎকালীন নেতাদের দোষ দিলে অস্তায় হবে। আমার মতে এই সময়কার প্রচলিত সাম্প্রদায়িক শিক্ষা প্রণালীই এইজন্তে দারী । উনবিংশ শতাকীর দিতীয় এবং ভূতীয় দশকে সভা-সমিতি, বিভালয়, ক্লাব ও সাহিত্যের মধ্যে উভয় সম্প্রদায়ের শিন্তরা জ্বন্ত সাম্প্রদায়িক শিক্ষাই পেষে এসেছিল। এই সকল ব্যাপারে অক্ত জনসাধারণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে শিক্ষিত মামুষদের দারাই পরিচালিত হয়। এই কারণে জাতি ও সম্প্রদায়ের নিয়ন্তর পর্যান্ত এই সাম্প্রদায়িক বিষ অম্প্রবেশ করতে পেরেছিল।

প্রদেশে প্রদেশে এই বিষ মজ্তই ছিল—সাম্প্রদায়িক নেতারা মাত্র এই বিষকে প্রশ্নোজন মত কাজে লাগিয়েছিলেন। পরিশেষে ইহা শাসন বিভাগকে পর্যান্ত কলুবিত করে দিতে পেরেছিল। বিষয়টি নিমের বির্তিটি হ'তে সম্যকরূপে বুঝা যাবে।

"আমি যথন দেখতে পেলাম যে অমুক সম্প্রদায়ের ঐ কর্মচারী সাদ্ধ্য আইন ভঙ্গের অজ্হাতে কেবলমাত্র আমার স্ব-সম্প্রদায়ের লোকদেরই ৫২ জনকে গ্রেপ্তার করে থানায় নিয়ে এলেন, তথন আমিও ভাড়াতাড়ি আমার স্বস্প্রদায়ের লোকজনদের নিয়ে বেরিয়ে পড়ে ঐ কর্মচারিটীর সম্প্রদায়ভূক্ত १० জন লোককে গ্রেপ্তার করে থানায় এনে কেস লিখিয়ে দিয়েছিলাম।" তবে শুলিচালনা সম্পর্কে এইরূপ রেবারেষির কোনও সংবাদ তখনও পর্যান্ত আমি শুনি নি। এই সময় এইরূপ কোনও ঘটনঃ মটেছিল কিনা ভা জানি না।

এই সময় হিন্দু অফিসারদের কেউ কেউ মুস্সমান মুতদেহকে হিন্দু বলে এবং মুস্সমান অফিসারদের কেউ কেউ হিন্দু মৃতদেহকে মুস্সমান বলে সংকার করিয়ে দিয়েছিলেন—এঁদের উদ্দেশ্ত ছিল স্ব স্ব সম্প্রদারের লোকেরাই যে এই দালার অধিক ক্ষতিগ্রস্ত হয়েছে তা প্রমাণ করা। তবে এই ধরণের সাম্প্রদারিক মনোভাবাপর ব্যক্তির সংখ্যা শান্তিরকী বাহিনীতে খ্ব কমই ছিল। এই সম্বন্ধে অপর আর একটী বিবৃতি নিমে উদ্ধত করা হলো।

"আমার স্ব-সম্প্রদায়ের লোকেরা অমুক স্থানে একটা বস্তি নানা কারণে জ্বালিয়ে দিয়েছিল। এই অন্তায় কার্য্য যে কে বা কারা করেছে তা জানা এই সময় সম্ভব ছিল না। কারণ হিন্দু-সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের त्यामुल्य मख्यनारवत वाकित्नत विकास त्यामुल्य मख्यनारवत विकास হিন্দু সম্প্রদায়ের এবং কোনও ব্যক্তিই এই সময় সাক্ষ্য দিতে স্বভাবতঃই নারাজ ছিল। এইজন্ম এক সম্প্রদায়ের লোকেরা ক্ষতিগ্রন্ত হ'লে ক্ষতির श्वकृष वृत्य व्यथत मञ्चनाय श्र वह वाकित्व मारी निर्द्धायी निर्दित्याय গ্রেপ্তার করে আনার রীতি ছিল। এইরূপ ধরপাকড়ের মূল উদ্দেশ্য দোষী সম্প্রদায়ের ব্যক্তিদের ঐ অপকার্য্য হ'তে বিরত রাখা। এইরূপ গ্রেপ্তারকে বলা হ'তো শাসনতান্ত্রিক গ্রেপ্তার। এই অগ্লিদহনের জন্ত এই দিন আমার নিজ সম্প্রদায়ই মুখ্যতঃ দায়ী ছিল। এই কারণে আমি স্ব-সম্প্রদায়ের লোকজনদের ডাক দিয়ে বললাম, 'দেখ বাপু। তোমরা ভয়ানক অন্তায় করেছো। তবে কে যে তা করেছো তা যখন বুঝতে পারছি না, তখন তোমাদের এই পাড়া হ'তে আমি বিশ জন যুবককে গ্রেপ্তার করতে চাই; তথু চাকুরী বজায় রাখার জন্ত। যাকে তাকে আমার ধরবার ইচ্ছে নেই। এখন তোমরাই এই বিশ জন লোক আমাকে द्वाह मां ।' वनावाहना कनगाथात्र निष्कामत्र मशु ह' ए व्याह व्याह জন বিশেক লোককে আমার নিকট এনে দিরেছিল। কিছ এদের পানার আনার পর একজন নেতা এসে আমাকে জানালেন, এই ছেলেটার মা বড়ো কাল্লাকাটা করছে, ওকে বদলে আর একটা ছেলেকে দিরে যাবো স্থার। বলাবাহল্য ভদ্রলোকের এই প্রস্তাবে আমি সম্মতি প্রদান করে ধরপাকাড়ের প্রয়োজনীয় সংখ্যাটা অক্সপ্ত রেখেছিলাম।"

কলিকাতার বিগত দিনের এই সাম্প্রদায়িক মহা-দাঙ্গাকে ষ্টেটস্ম্যান পত্রিকা 'ক্যালকাটা কিলিঙ' (কলিকাতার নিংন-যজ্ঞ) নামে অভিহিত করেছিলেন। কতকাংশে ইহা যে সর্ব্বোভভাবে সত্য তাহা নিঃসন্দেহে বলা যায়।

এই মহা-দাঙ্গা সম্বন্ধে আন্দোচনা করতে হলে কলিকাতা মহানগরীকে মূলত: তিনটী ভাগে বিভক্ত করতে হবে। যথা, (১) 'মিশ্র' অর্থাৎ শহরে যে সকল অংশে হিন্দু মোস্লেম প্রায় সম-সংখ্যায় বাস করে, (২) 'হিন্দু' অর্থাৎ যেখানে হিন্দুগণ অধিক সংখ্যায় বাস করে, (৩) 'মোস্লেম' অর্থাৎ যেখানে মোস্লেমগণ অধিক সংখ্যায় বাস করে।

মহা-নিধন বা গ্রেট কিলিঙ বলতে যা বুঝায় তা শহরের এই হিন্দু বা মোস্লেম অংশেই সম্ভব হয়েছিল। কলিকাতার মিশ্র অংশ সমূহে সংঘটিত ঘটনা সমূহকে প্রকৃত দালা বলা গেলেও উহাকে 'নিধন' বলা ষেতে পারে না।

এই মহা-দাঙ্গা কলিকাতা মহানগরীর পল্লীতে পল্লীতে ব্যাপক ভাবে সংঘটিত হয়েছিল; এইজন্ম অপরাধীদের প্রত্যেককে ধৃতিকরণ এবং শান্তি দেওরাও সম্ভব হর না। এই সময় মাস্থবের ধারণা হয় যে তারা হত্যা, লুঠন, ধর্ষণ প্রভৃতি মহা অপরাধ সকল নির্ভন্নে সমাধা করতে পারে। এই সময় হিন্দুগণ হিন্দু-অপরাধীদের বিরুদ্ধে এবং মোস্লেমগণ মোস্লেম-অপরাধীদের বিরুদ্ধে বিরুদ্ধি বিরুদ্ধ

ব্যক্তিদের বিরুদ্ধে সাক্ষ্য দিতে এরা নারাজ খাকলেও বিরোধী সম্প্রদারের ব্যক্তিদের বিরুদ্ধে এরা মিথ্যা কথা অনর্গল ভাবে বলে যেতে কুঠা বোধ করে নি। এই কারণে সহস্র ব্যক্তির সমূথে হত্যাকাণ্ড সমাধিত হলেও হত্যাকারী সাধারণতঃ ধৃতিকৃত হয় নি। এবং ধৃতিকৃত হলেও আদালতের বিচারে সে মুক্তি পেয়েছে। কারণ বিরোধী সম্প্রদারের ব্যক্তিদের সাক্ষ্য সাম্প্রদায়িক কারণে বিশ্বাস্থোগ্য হয় নি। উঠা সাম্প্রদায়িকতা মামুখকে কিরূপভাবে মিথ্যাপ্রবণ করে তুলে তা নিয়ের বির্তি হ'তে বুঝা যাবে।

"বিশেষ পরিকল্পনার সহিত এই সময় ঐ বিশেষ সম্প্রদায়ের কোনও কোনও নেতা কলিকাতার মিশ্র অংশ সমূহ হতে আমাদের উচ্ছেদ করতে সচেট ছিল। তারা দল বেঁধে শান্তি স্থাপনের অছিলায় বিরোধী সম্প্রদায়ের বাড়ীগুলির চতুস্পার্থে যুরাফিরা করতো এবং স্থ-সম্প্রদায়ের প্রশাসহ ট্রাক দেখামাত্র তাদের নিকট এসে ভিন্ন সম্প্রদায়ের ব্যক্তিদের বিরুদ্ধে অভিযোগ-মুখর হয়ে উঠতো। সম্মুখে বিরোধী পক্ষীয় যাকে দেখত তাকে লক্ষ্য করে এরা বলে উঠতো—ঐ মোটাবাব্ আউর ঐ চশমাওয়ালাবাব্। এহি আদমী লোক ইটা পটকা ফেক্তা থা, ইত্যাদি। কোনও একটা ঘটনা ঘটলে তার পরমূহর্তে অকুস্থলে এদের আবির্ভাক হয়েছে। এদের একমাত্র উদ্দেশ্য ছিল, বিরোধী সম্প্রদায়ের ব্যক্তিদের সনাক্ত করে তাদের হাজাত পাঠানো।"

এই মিথ্যা-ভাষণ স্পৃহা পরে উভয় সম্প্রদায়ের মধ্যে সংক্রামিত হল্পে বার। এই দিক দিয়ে বিচার করতে হলে এই দাঙ্গা জাতিকে নৈতিক অবনতির পথে ক্রততর নামিয়ে আনছিল। আত্মরক্ষা এমন এক স্পৃহা, বার জন্তে মাছ্য যে কোনও পথে নামতে পারে। এইজন্ত ভাল লোক মৃদ্ধ চোত চোক দোব দেওয়াও যায় নি। নিরুষ্টতম অপরাধ বিরোধী—

সম্প্রদারের বিরুদ্ধে ক্বত হ'লে খ-সম্প্রদারের ব্যক্তিরা বরং তাতে বাহবা শ্রেদান করেছে। এই মিথ্যা-ভাবণ আমাদের কতদ্র খবংপাতে নিরে গিরেছিল তা নিয়ের বিরৃতি হতে বুঝা যাবে।

"অমুক মহাপ্রুষ অমুক বিদয় বন্তিটা পরিদর্শন করতে এলে আমরা চালাকীর সহিত তাঁকে বিভ্রান্ত করতে সচেই হই। আমরা আমাদের সম্প্রদারের ব্যক্তিদের নামান্ধিত নেম্প্লেট সমূহ অর্ধ্বদয় করে বিরোধী সম্প্রদারের অর্ধ্বদয় বাড়ীগুলির দরজার লাগিয়ে দিই। বিরোধী সম্প্রদারের অমুক নেতা মহাপ্রুষককে অকুম্বলে নিয়ে এসেইংরাজীতে লেখা অর্ধ্বদয় নেম্প্লেটগুলি মোস্লেমদের বাড়ীগুলির দেওরালে আঁটা রয়েছে দেখে হততম্ব হয়ে যান। তাঁর ধারণা হয়েছিল হয়তো বা তিনি ভূল পথে এসেছেন। এইগুলি দেখে মহাপ্রুষ কিভেবেছিলেন তা জানি না।"

এই মিধ্যা-ভাষণ সম্বন্ধে অপর আর একটী বিবৃতি নিম্নে লিপিব**দ্ধ** করলাম।

"আমাদের অমুক উর্ধাতন অফিসার যে দারুণ সাম্প্রদায়িকভাবাপন্ন তা আমাদের জানা ছিল। শান্ত্রীদলসহ তাঁহার সহিত টহল দিতে দিতে পরিলক্ষ্য করলাম একদল সশস্ত্র লোক হাল্লা করতে করতে এগিয়ে আসছে। ঐ লোকগুলি যে ঐ উর্ধাতন অফিসারের সম্প্রদায়ভূজ লোক তা স্থানীয় অফিসার বিধায় আমার জানা ছিল। আমি এই স্থযোগে ঐ উর্ধাতন অফিসারটীকে বুঝিয়ে দিলাম যে ঐ লোকগুলো তাঁর স্ব-সম্প্রদায়ের লোক নয়। উহারা তাঁর বিরোধী সম্প্রদায় অর্থাৎ আমার স্ব-সম্প্রদায়ের লোক এবং তাঁকে আমি এ-ও বুঝালাম, যে উহারা অভ্যন্ত ফ্রের্ব প্রকৃতির ব্যক্তি। আমার ঐ উর্ধাতন অফিসার আমার কথায় বিশ্বাস করে নিশ্বমভাবে গুলি চালাবার হকুম দিয়েছিলেন। পরে তাঁর

স্ব-সম্প্রদায়ের এতোঙাল লোককে নিহত হতে দেখে তন্ত্রলোকের অম্তাপের আর সীমা ছিল না। তবে তাঁর মা করা উচিত ছিল তা'ই তিনি করেছিলেন এবং এজম্ভ আমাকে তাঁর কিছু বলবারও ছিল না।'

নিছক হিন্দু এবং নিছক মোস্লেম অংশ হ'তে দালার প্রথম ছই দিশের মধ্যেই বিরোধী সম্প্রদায়ের। বিতাড়িত হয়েছিল, কিন্তু শহরের মিশ্র অংশ সমূহে এই দালা বহুদিন পর্যন্ত স্থায়ী হয়েছিল। ইহার কারণ স্বরূপ বলা হয়েছে যে মোসলেমদের ছিজাতিত্ব বোধ এবং হিন্দুদের পাকিস্থান স্বীকারে ও স্থান ত্যাগের অনিক্যা। কিন্তু যাহারা স্বাধীনতার প্রথম দিবসে ভারতীর ইউনিয়নের শহরগুলির অবস্থা পরিলক্ষ্য করেছেন, অস্ততঃ তাদের পক্ষে এই মতবাদে বিশ্বাস করা স্বক্টন। নিয়ের বিবৃতি হ'তে বিষয়টা সম্যকরূপে বুঝা যাবে।

"আমি একজন ভারতীয় শান্তিরক্ষী। নিয়মতান্ত্রিকতা আমাদের প্রাচীন ঐতিহ্য। নিয়োগকর্তাদের নির্দেশে আমরা পিতা, পুত্র এবং প্রাতাদের বিরুদ্ধাচরণ করতেও কখনও কুঠা বোধ করিনি। কিন্তু যেদিন ব্যুলাম এই সভ্যতা বিধবংসী মহা-দাঙ্গা আমাদের ধর্ম্ম আমাদের সংস্কৃতিকে বিপন্ন করে তুলছে, যেদিন আমরা দেখলাম কোনও রাজ-নৈতিক নেতাই এই মহাতাণ্ডব উপেকা করে আমাদের সম্প্রদায়কে রক্ষা করবার জন্ম এগিয়ে আসতে সাহসী হচ্ছে না, যে দিন আমরা উপলব্ধি করলাম যে, আমাদের সম্প্রদায়কে আমাদের জন্মভূমি হতে বিতাড়িত করবার জন্ম একটী মুপরিকল্পিত বড়যন্ত্র করাল হন্ত প্রসারিত করে এগিয়ে আসছে, যে দিন আমরা উপলব্ধি করলাম যে, আমরা ছাড়া আমাদের আতা ভন্নীদের রক্ষা করবার অপর আর কেহ বিভ্যমান নেই, তখনই আমরা নিয়্নমতান্ত্রিক্তার কঠোর নাগপাশ হ'তে নিজেদের প্রোপনে মুক্ত ক'রে সাম্প্রদায়িক ভাবাগন্ন হয়ে উঠি। তাই যথনই আমরা

স্থবিধা পেরেছি, তথনই আমরা ওদের ষড়যন্ত্রের বিষয় জনসাধারণের গোচরীভূত করতে কুণ্ঠা বোধ করে নি। কেহ কেহ কর্ম্মে ইন্তকা দিয়ে শহরের পত্রিকা সমূহে এই সকল গোপন কাহিনী প্রকাশিত করে জনসাধারণকৈ সাবধানও করে দিয়েছে। ছোট বড় সকল কর্ম্মচারী জীবন ও চাকুরীর মায়া পরিত্যাগ করে খ-সম্প্রদায়ের লোকেদের রক্ষা করতে প্রয়াস পেয়েছে। দাঙ্গার প্রথম দিকটার আমরা প্রস্তুত ছিলাম না, অধিকন্ত নিজেরাই এই অভূতপূর্ব্ব ঘটনা পরিলক্ষ্য ক'রে হততত্ব হয়ে গিয়েছিলাম। কিন্তু কয়দিনের মধ্যেই আমরা আত্মন্থ হয়ে দৃঢ়তার সহিত আমাদের সম্প্রদায়কে নিশ্চিত ধ্বংস হ'তে রক্ষা করতে পেরেছিলাম। আমাদের ঐ সময়কার প্রচেষ্টা সমূহের কাহিনী গোপন রাখায় কোনও দিনই জনসাধারণ তা অবগত হবে না। কিন্ত বহির্জগতের যে সকল মাত্রষ আমাদের সহিত এই ব্যাপারে সংশ্লিষ্ট ছিলেন, তাঁরা আজও এইজন্ম আমাদের কৃতজ্ঞতার সহিত অরণ করে थारकन। এ कथा यात्रा जारन नां, जाता मारन नां, किन्ह यात्रा जारन তাঁরা তা মানে। স্থদেশের মুক্তিকামী যে জনসাধারণ কিছুদিন পুর্বেও আমাদের ব্রিটীশ গভর্ণমেন্টের বেতনভোগী পুলিশ বাহিনীতে মোতায়েন থাকার জন্ত শত্রু মনে করেছে, এই সময় তারাই আমাদের একমাত্র বন্ধু মনে করে আমাদের মুখের দিকে চেয়ে গর্ব অমুভব করছিল। এমন কি পদ্মীতে পদ্মীতে আত্মরক্ষার জন্ত যে সকল যুবক 'প্রতিরোধ দল' স্ষষ্টি করেছিল, তারাও আমাদের নিকট নির্ভয়ে সাহায্য প্রার্থনা করেছে। আমাদের বৃদ্ধিমন্তা, সাময়িক একতা এবং সাহস, পাকিস্থান-প্রার্থী বিপক্ষ পক্ষীয়দের আশ্চার্য্যান্থিত করে দিয়েছিল ৮ আমরা এইরূপ সাহসিকতার সহিত এগিয়ে না এলে কলিকাতার ইতিহাস ভিন্ন রূপে দিখিত হতো।

পরিশেষে নিরীহ নিরস্ত নাগরিকদের উপর সাম্প্রদায়িক সশস্ত শুণ্ডাদের আক্রমণ প্রতিহত করার ব্যাপারে আমি সাময়িক ভাবে করে। এই দিন আমি কুপ্প মনে বাটীর বারান্দার দাঁড়িরে এক অভৃতপুর্ব দৃশ্য অবলোকন করি। যে সকল ব্যক্তিদের রক্ষা করবার প্রয়াসে আমি প্রাণপণ করে বর্ত্তমান দূরবন্থা বরণ করে নিয়েছি, তাদের কিন্তু আজ পूर्व कथा এक प्रेमाज ७ श्वरन तम्हे। यात्मत्र निकं पूर्व तात्व । श्राम 'ত্রাণকর্তা'রূপে বিবেচিত হয়েছি, তাদের নিকট আঞ্চ আমিও বিশ্বতির অতল তলে তলিয়ে গিয়েছি। এই দিন তারা এই বিরোধী পক্ষীয় राक्टिएनतरे महिल गनागनि करत जित्र भाषाका राख **अक अपूर्व** শোভা-যাত্রা বার করেছে। পূর্ব্ব দিন রাত্রেও যারা কাটাকাটি হানাহানি করেছে, অভকার রাত্রি শেষে বা ব্রাহ্মমূহুর্ত্তেও যারা কলিকাভায় পাকিস্থান স্থাপনের স্বপ্ন দেখেছে, তারাই ভোরের আলোকে নৃতন মাকুষে পরিণত হয়ে গিয়েছে। তানা হ'লে তাদের মুখ হ'তে মৃত্মু হ: 'হিন্দুস্থান কি জয়' ধ্বনি এমন স্থন্দর ভাবে নির্গত হ'তে পারতো না। এই দিন আমি বারে বারে চিন্তা করেছিলাম 'সত্যই কি দেশীয় মোস্লেমরা বিজাতিত্বে বিশ্বাস করে ? নিশ্চর মনে প্রাণে তা তারা করে না। তা করলে তারা এমন করে আজ আমাদের সঙ্গে নিজেদের মিশিয়ে দিতে পারত না।"

ভারতের অর্দ্ধেকের উপর দেশীর মুসলমান আজ পাকিস্থানে তথা দ্বিজাতিত্ব বিশ্বাস করে না, কিন্তু স্বাধীনতার পূর্ব্বে তারা তা করতো বলে ধরে নেওয়া হয়েছে। এই সকল বিষয় পর্য্যালোচনা করলে বৃঝা যাবে যে এতদিন আমরা আন্ত পথে পরিচালিত হয়ে এসেছি। যা কোনও কালে সত্যি ছিল না, তাকে সত্য বলে এতদিন আমাদের বিশ্বাস করানো হরেছে। ধীরে ধীরে বাক্-প্ররোগ ছারা যে কোদও এক জাতিকে যে ছিধা বা ত্রিধা বিভক্ত করা যায় এবং বিপরীত বাক্-প্ররোগ ছারা পুনরায় তাদের একটা জাতিতে পরিণত করা যায় ভারতীয় ইতিহাস তাহা পুনঃ পুনঃ প্রমাণ করেছে।

কলিকাতার মহা দালার ব্যাপকতার অপর কারণ ছিল, মিধ্যা শুজবে বিশ্বাস। নিমের বিবৃতি হতে বক্তব্য বিষয়টা বুঝা যাবে।

"এই দিন ছিল লীগ ঘোষিত প্রতাক্ষ সংগ্রামের দিন। জনসাধারণের বিশ্বাস ছিল যে এই ঘোষণার পিছনে সরকারী সমর্থনও আছে। এই কারণে অন্তভ ঘটনা সমূহের সভাবনায় আমরা সকলে চিস্তিত আছি। বছব্যক্তি এইদিন তাদের বাটীর বাহির পর্যান্ত হতে চাইছিল না। মহিলারা গৃহের ছার ও জানালা বন্ধ করে রাখা সমীচীন মনে করছিল। সকাল বেলার चामि वातानाव वरम ভाविह्नाम रय এই দিন कि इरत ? এমন সময় দূরে এক বাত ধ্বনি শুনতে পেলাম। লক্ষ্য করলাম একটা লীগ পরিচালিত শোভাষাত্রা। লোকেরা তারস্বরে ধ্বনি তুলছিল, 'লড়কে লেকে পাকি-স্থান'। আমরা শিশুকাল হ'তে অখণ্ড ভারতের পুজক, ভারতমাতা ছিল আমাদের স্বপ্ন। ঘরে ঘরে ভারতমাতার প্রতিকৃতি টাঙান থাকতো। পূর্ব্ব বাংলা এবং পশ্চিম পাঞ্জাবকে মাতার ছই অঞ্চলরূপে এই প্রতিকৃতিতে দেখানো হয়েছে। মাতার এই অঞ্চল ছইটী সাম্প্রদায়িক কারণে কণ্ডিত হয়ে যাবে তা আমরা কল্পনাও করতে পারি নি। এই কারণে আমাদের উত্তেজিত করবার জন্ত 'পাকিস্থান' শব্দটীই যথেষ্ট ছিল। কিন্তু ব্যক্তিগত ভাবে আমরা মনে প্রাণে ছিলাম স্থলংযত। এইজন্ত মনের ছংখ মনে রেখে চুপ করে দাঁড়িয়েছিলাম। ইতিমধ্যে কয়েকজন স্থানীয় বালক ঐ শোভাষাত্রার পিছন হ'তে চেঁচিয়ে উঠলো, 'নেই দেলা পাকিস্থান।' ছই পক হতেই ধ্বনি উঠছিল, যথা,—'লড়কে লেঙ্গা

পাকিস্থান', 'নেহি দেকা পাকিস্থান।' এই সময় কয়েকজন স্থানীক লোককে হিন্দু বালকদের ভংগনা করে বিতাড়িত করতেও দেখলাম। এদের মধ্যে কেহ কেহ নিরাপদে শোভাষাত্রাটীকে অগ্রসর হ'তে দেবারু জন্ম জনতাকে অমুরোধও জানালেন।

তুই ঘণ্টা পরে খবর এলো, যে মধ্য ও পূর্ব্ব কোলকাতার হানাহানি স্থান্ধ হয়ে গিরেছে। এই সকল খবর যে অতিরঞ্জিত তাতে সন্দেহ ছিল না। কিছু যানবাহনের অভাবে কেহ কাহারও খোঁজ খবর নিতে অক্ষম ছিল। যে যা বলৈ লোকে তা'ই বিশ্বাস করতে স্থান্ধ করে। আত্মীর বন্ধুর বিয়োগ আশহা এবং নারীর উপর অত্যাচারেদ সংবাদে মাসুষ ক্রমশঃই কিপ্ত হয়ে উঠে।"

সর্বপ্রথম একজন বিরোধী সম্প্রদারের ব্যক্তির উপর জনৈক স্থসম্প্রদারের ব্যক্তিকে আমি আক্রমণ করতে দেখলাম। আমার স্থসম্প্রদারের বহু পথচারী তাকে উদ্ধার করে ঐ আততায়ীকে পাকড়াও
করে থানাতে নিয়ে এলো। এর পর ঐ পথচারীরা বহু বিরোধী
সম্প্রদারের লোককে উদ্ধার করলো। কিন্তু আততায়ীদের কাউকেই
এজন্মে পুর্বের মত আর ধরণাকড় করলো না। কারণ ইতিমধ্যে সত্য
মিধ্যা গুজব তাদের মনকে বিষিয়ে তুলতে স্থক্ব করেছে। এর পর
এই সকল রক্ষাকর্তারা স্থন্ধতিকারীদের তাদের কার্য্যের জন্ম মাত্র
ভংগনা করে বা তাহতে তাদের বিরত থাকতে অম্থরোধ করে কর্ত্ব্য়
সমাধা করলো। এরও কিছু পরে পরিলক্ষ্য করলাম যে এই সকল
রক্ষাকর্তারা কেবলমাত্র নির্বাক দর্শকের ভূমিকায় অভিনয় করতে স্থক্ব
করেছে। কিন্তু সন্ধ্যার দিকে এই সকল রক্ষাকর্ত্তাদেরও কাউকে
কাউকে আততায়ীদেরও সহিত যোগ দিতে দেখেছি। এইদিন আমি
বুঝেছিলাম যে গুজব ধীরে ধীরে ভালো লোকদেরও সাম্প্রদায়িক দানবে

পরিণত করতে সক্ষম। যারা কাউকে কুকথা বলে নি বা কারুর উপর হাত তুলে নি, যারা স্বভাবত: ভীরু প্রকৃতির ভারাও এইদিন হত্যাকারীতে পরিণত হয়েছে।

সন্ধ্যার পর অমামবীক অত্যাচারের বহু কাহিনী প্রমাণসহ পদ্ধীতে পদ্ধীতে পৌছুতে মুক্ষ করলো, কিন্তু তার পুর্বেই আত্মরক্ষামূলক মহা সংগ্রাম মুক্ষ হয়ে গিয়েছে।

[সাম্প্রদায়িক দাঙ্গার ব্যাপকতা বন্ধ করতে হ'লে সর্বপ্রথমে গুজব বন্ধ করা দরকার। একমাত্র সত্য সংবাদের আগু প্রচার দারা গুজব বন্ধ করা সম্ভব। যানবাহন চালু রাখা অপর এক উপায়। এতদারা মাহুব আত্মীয়ম্মজনের খবর নিজেরা সংগ্রহ করতে সক্ষম। সংবাদ সকল গুজব না হ'য়ে সত্য ঘটনা হ'লে উপরোক্তরূপ কোনও ব্যবস্থা। প্রযোগ না করাই ভালো।]

একথা স্বীকার্য্য যে পূর্ব্বে বাংলা দেশের দালা সমূহ পশ্চিমা হিন্দুমুসলমানদের মধ্যেই সীমাবদ্ধ ছিল। বাঙ্গালী হিন্দু মোস্লেম এই
সকল দালায় প্রায়ই অংশ গ্রহণ করে নি। কিন্তু পরবর্ত্তীকালে এক্নপ
কোনও দাবী আমরা করতে পারি নি।

দাঙ্গা বা যুদ্ধ সংখ্যা লঘু বা কুদ্র জাতি হারাই পৃথিবীতে মৃহ্মুছ:
ঘটেছে। এর কারণ তাদের অহেতুক ভীতি, লোভ এবং তৎজনিত
সামরিক প্রস্তুতি। সংখ্যা শুরু বা বৃহৎ জাতিরা তাদের অতিরিক্ত
আদ্মবিশ্বাস ও তৎজনিত অপ্রস্তুতি এবং উদারতার জন্ম বারে বারে
আক্রান্ত হরে ছংখ ক্লেশ ভোগ করেছে। বৃহৎ জাতি এবং সম্প্রদায়
সকল প্রাচীন সভ্য জাতির বংশধর এবং মানবতার প্রতীক।
ভাদের প্রাচুর্ব্য, উন্নত্তর জীবনবাত্রা, সৌন্ব্য্য এবং কৃষ্টি, কুদ্রতর
জাতি সকলকে মুদ্ধ না করে প্রায়শক্ষেত্রে প্রস্কুক করেছে।

অফ্যান্স বহু কারণসহ এই সত্যটীও ছিল কলিকাতা দালার অফ্যতম কারণ।

এদেশের প্রতিটী প্রাম, জমপদ, নদী, পর্বত আজও হিন্দু নামে পরিচিত। পাকিস্থান যে হিন্দুস্থানেরই অংশ এবং মোস্লেমগণ ধর্মে মোস্লেম হ'লেও জাতিতে যে তার। হিন্দু তা এই হিন্দু নামগুলি আজও প্রমাণিত করছে।

এই দিক হতে বিচার করতে হ'লে যারা পাকিস্থান স্থান্টির বিরুদ্ধে ছিলেন তাদের দোব দেওরা যায় না। অপর দিকে দেশের মোস্লেম অধ্যুষিত স্থানগুলির স্বতন্ত্র হবার ইচ্ছাকেও কেহ অস্থায় বলতে পারে নি। অস্তরে অস্তরে শিক্ষিত ব্যক্তিমাত্রেই এই দাবীর যৌক্তিকতা স্বীকার করেছে এবং অর্দ্ধেক বাংলায় পাকিস্থান স্থাপনে তারা বাধা দেওয়ার প্রয়োজন মনে করে নি। হিন্দুমাত্রেরই একমাত্র আশকা ছিল পাছে সমগ্র বাংলায় পাকিস্থান প্রতিষ্ঠিত হয়। বাঁচবার ইচ্ছা মাস্থ মাত্রেরই থাকে, তাই বাঙ্গালী হিন্দুরাও বাঁচতে চেয়েছিল। বাঙ্গালী হিন্দুরা অর্দ্ধেক বাংলা দিজেদের বাস্ত্রমিরূপে দাবী করেছিল, কিন্তু অপরপক্ষ এতে রাজী হয় নি। তারা চেয়েছিল কলিকাতাসহ সমগ্র বাংলা ও আসাম। এই অস্থীকৃতিই বাঙ্গালী হিন্দুদের প্রতিরোধ স্টির একমাত্র কারণ।

থের্দ্ধক বাংলা বাঙ্গালী হিন্দু লাভ করলে বাঙ্গালী হিন্দু বা বাঙ্গালী মোস্লেম বাংলার উভয়াংশে সগৌরবে বাস করতে পারতো। অন্ততঃ পক্ষে আজ বাস্তহারা সমস্থা এমন নিদারুণক্সপে দেখা দিত না। অর্দ্ধেক বাংলা লাভ না করে বাংলা বিভাগে বাঙ্গালীদের রাজী হওয়া উচিত হয় নি। সমগ্র ভারতের মঙ্গালের কথা ভেবে যদি তাঁরা রাজী হয়ে থাকেন সে কথা অতয়।]

হিন্দুদের পাকিস্থান স্ষ্টের অস্বীকৃতি এই মহা দালার কারণ ছিল

वरन चामि मत्न कर्त्ति ना। अरे महा नानांत्र कात्रण हिन त्यान्तनमत्त्रक হিন্দু বাংলা শৃষ্টির অখীকৃতি। এই অখীকৃতির কারণে মহালাম মহালাফ श्निम् वानक, यूवकं धवः वृद्धांग वह अिंडिताय परनत राष्टि करत । धहे দলগুলিকে প্রতিরোধ দল বা রেসিস্টেণ্ট গ্রুপ বলা হতো। তার কারণ প্রথমে এরা আত্মরকা ছাড়া কখনও আক্রমণ করে রি। বিশয়কর ভাবে এই দল সকল আত্মরক্ষায় স্থপটু হয়ে উঠেছিল। পরিশেষে তারা আক্রমণও যে স্থরু না করেছে, তা'ও নর। প্রথমে ভদ্র ঘরের यूवक এবং বালকগণ এ দলগুলির স্জন করে কিছু পরে পল্লীর গুণ্ডা শ্রেণীর ব্যক্তিরাও এই সকল দলে স্থান পেয়েছিল। যে সকল ব্যক্তিকে ভদ্র বা গৃহস্থ বাটীর ত্রিসীমানাতেও আসতে দেওয়া হর নি, তাদের এই সময় আদর করে গৃহের মধ্যেও ছান দেওয়া হয়েছিল। ভদ্র ঘরের ক্সা ও বধুগণও এই সময় এদের সহিত বাক্যালাপ করেছে। এমন কি তারা এদের আদর আপ্যায়িত করে খেতেও দিয়েছে। সংআদর্শ অসৎ ব্যক্তিদেরও সৎ রাখতে সক্ষম। এবম্বিধ দাঙ্গার মধ্যে এরা चामर्गित मन्त्रान शाह्यम । विद्याशी मध्यमदित वाकिएनत धन-मण्यक्षि मूर्छन এবং প্রাণ হরণের মধ্যে তারা তাদের সঞ্চিত অপ: স্পৃহা বহিষ্কৃত করেছিল। স্ব-সম্প্রদায়ের ব্যক্তিদের ধন-সম্পত্তি এবং প্রাণ মান রক্ষা করে তারা অন্তর্নিহিত ত্মগু স্ক্র বৃদ্ভিগমূহের উন্মেষও ঘটাচ্ছিল। व्यथत मिरक वह मुद्र वास्त्रि वदः नित्रभताशी वहे मामाहामामाम निश्र হয়ে তাদের অন্তর্নিহিত অপস্পৃহার বহিবিকাশও ঘটিয়েছে। এজন্ত पाष्ट्राय गरिक्षेष्ठे वह व्यवताधीटक नित्रवताधी धवर वह नित्रवताधीटक অপরাধী হ'তে দেখা গিয়েছে। তবে এই মতবাদ মাত্র দৈব এবং অভ্যাস অপরাধীদের সম্বন্ধে প্রবোজ্য। মধ্যম এবং সভাব অপরাধী সম্বাদ্ধ ইহা আদপেই ব্যন্ত্য নর। এমন কি বহু অভ্যাস অপরাধীদের

শশ্বেও এ কথা বলা চলে না। বস্ততঃপক্ষে আদর্শবিহীন গুণ্ডাদল এবং অপরাধীদের সাহায্যে কোনও জাতি কখনও উপকৃত হ'তে পারে নি। সাময়িকভাবে উহারা কিছুটা উপকার করলেও আখেরে উহারা জাতির ক্ষতি করেছে। কিছু তা সত্তেও পল্লীর প্রতিরোধী দলগুলিতে এদের আধিপত্য কম ছিল না। এই জীবনমরণ সংগ্রামে কাহারও সামাষ্ঠ সাহায্যও প্রত্যাখ্যান করা যায় নি। ফলে অচীরে ইহার কৃষল অদূর প্রসারী হয়ে উঠেছিল। নিমের বিবৃতি হতে বক্তব্য বিষয়টা বুঝা যাবে।

"অমুককে আমরা চিরকাল গুণ্ডা বলে ঘুণা করে এসেছি। বছবার আমরা দরখান্ত করে একে পুলিশেও সোপদ্দ করেছি। কিন্তু দাঙ্গা আরম্ভ হওয়ার পর আমরা এই প্রকৃতির লোকেরও সাহায্য গ্রহণ করতে বাধ্য হয়েছি। এদের আমরা অর্থ দিয়ে বশীভূত করে বিরোধী সম্প্রদায়ের আক্রমণ প্রতিরোধার্থে নিযুক্ত করেছিলাম। যতদিন আমরা এদের অর্থ দিতে পেরেছি ততদিন এরা জীবনপণ করে আমাদের রক্ষা করেছে। কিন্তু বেশী দিন আমরা এদের নিয়মিত অর্থ প্রদান করতে পারিনি। পরিশেবে অ-সম্প্রদায়ের লোকেদের নিকট দাঙ্গা নিবারণের আছিলায় এরা বলপূর্ব্বক অর্থ আদায় অ্রুক্ত করে দিলে। একদিন এদের একজন এ'ও বলেছিল, 'কি দেবেন না টাকা ? আচ্ছা, তা'হলে হিন্দু পাড়াতে পটকা ফাটাবো।' যে পল্লীতে পটকা ফাটে সেই পল্লী হ'তেই যুবকদের পুলিশ ধরে নিয়ে যায়। এইজন্ত ঐ স্কণ্ডা ব্যক্তি আমাদের পাড়াতে ফটকা ফাটাবে বলেছিল। পরিশেষে আমরা এই লোকটীর বিস্কদ্ধে থানায় এজাহার দিতে বাধ্য হই।"

হিন্দু পল্লীর ভায় মুসলমান পল্লীগুলিরও এইরূপ অবনতি ঘটেছিল। বে সকল মোস্লেম ভদ্রলোক নিরাপতার কারণে মোসলৈম পল্লীতে শাশ্রর প্রহণ করেছে, তাদের নিকট হতে মোস্লেম গুণ্ডারা এই অজুহাতে নিরমিত অর্থ আদার করেছে। অবশেষে অভিষ্ঠ হরে তাদের কাউকে কাউকে পরে হিন্দু পরীতে ফিরে আসতে হয়েছিল।

দাঙ্গা নিবারিত হওয়ার অব্যবহিত পরে পল্লীগুলির অবস্থা আরও শোচনীর হয়ে উঠে। গুণ্ডামীর জন্ম বারে বারে বাহবা পেয়ে ষ্ট্রদ্র ব্যক্তিরাও শুণ্ডার পরিণত হয়েছিল। গুণ্ডামী এবং উৎপীড়ন এতদিনে এদের অভ্যাদে পরিণত হয়ে গিয়েছে। এই অভ্যাস এরা সহকে পরিত্যাগ করতে পারে নি। দাঙ্গার অবসানের পর নাগরিকদের নিকট এদের প্রয়োজন শেষ হয়ে যায়। এদের অফুরূপ ভাবে আদরও কেহ করে না, অর্থ প্রদান তো দুরের কথা। এই অবস্থায় ক্ষিপ্ত হয়ে উঠে এরা স্থ-সম্প্রদায়ের ব্যক্তিদেরই উপর উৎপীড়ন স্থরু করেছে। একদিন যে কার্য্যের জন্ম স্ব-সম্প্রদায়ের জনসাধারণ তাদের বাহবা দিয়েছে। পরবর্ত্তীকালে সেই কার্য্য যে এই গুণ্ডাদল তাদের উপর সমাধা করবে তাহা কেহ পুর্বেক কল্পনাও করে নি। পুর্বে-উপকার ভূলে এই জন্য এদের বিরুদ্ধে বহু লোকই মামলা রুজু করেছিল। এই গুণ্ডাগণ্ড **এই দিন ভেবেছিল বে এ কি হলো ?** তাদের জীবনপণ প্রত্যুপকারের প্রতিফল কি এই ? অন্তর্য্যামীর নিকট তাদের এই অভিযোগ পৌছেছে কিনা জানি না। তবে একথা আমি জানি যে আজও তারা পূর্বের স্থায় দ্বণ্য জীবন যাপন করছে। তাই মধ্যকার করেক মাসের স্থথ-স্বপ্প ফিরিয়ে আনতে আঞ্বও তারা চেষ্টা করে। এইজন্ত স্থবিধা পেলে তারা সাম্প্রদায়িক দাঙ্গা বাধাবার জন্ম আজও চেষ্টা করে। কিন্তু আমি বিশ্বাস করি যে পোষ্ট-রায়ট বা দাঙ্গা-হাঙ্গামোন্তর কোনও পরিকল্পনা সরকার वाशक्त कतरण यांगारमत शृर्व्यकात छेशकाती वक्तरमत यरनरक शतवर्षी-কালে সাধু জীবনযাপনে অভ্যন্ত হতে পারতো।

এই দালায় মাতা ও ভগ্নীদের সম্মান রক্ষার্থে বহু গৃহস্থ যুবক
নিহত এবং আহত হয়েছিল, কিন্তু দালার অবসানে কাউকে এদের
বোঁজখবর নিতে দেখি নি। এমন বহু অঙ্গহীন সাহসী বালক ও যুবককে
আমি জানি, যারা না থাকলে বহু পল্লীই ধ্বংসপ্রাপ্ত হতো। কিন্তু তা
সম্প্রেও আজ তারা অকর্ম্মণ্যভাবে অর্দ্ধাহারে কাল্যাপন করছে। বর্তমান
গভর্গমেণ্ট বা জনসাধারণের নিকট আজ তাদের কোনও স্থান নেই।
যারা একদিন কলিকাতা রক্ষা করেছে, কলিকাতাবাসীর নিকট আজ
তাদের কোন প্রয়োজন নেই। একেই বলে বিধাতার নির্মাম পরিহাস।
এই সম্বন্ধে নিমের বিবৃতিটী প্রণিধান্যোগ্য।

"আমি মাত্র ছয়জন সশস্ত্র শাস্ত্রীসহ অকুস্থলে পৌছিয়ে দেখলাম পল্লীটী প্রায় সহত্র সশস্ত্র গুণ্ডাদল হারা আক্রান্ত হয়েছে। নারী ও শিশুগণের চীৎকারে এবং গুণ্ডাদের হুয়ারে সারা পল্লী বিদীর্ণ প্রায়। এমন কি আমরাও এই গুণ্ডাদল হারা বেষ্টিত হয়ে পড়েছি। এমন সময় মাত্র হুটী বালক এগিয়ে এসে গুণ্ডাদিগকে রুখে দাঁড়ালো। এর পর যা ঘটেছিল তা লিপিবদ্ধ করার ইচ্ছা বা উদ্দেশ্য আমার নেই। গুণ্ডাদল বিতাজিত হবার পর আহত যুবক্ষমকে আমি উঠিয়ে নিয়ে হাসপাতালে দিয়ে আসি। হাসপাতালে এদের হুজনেরই দক্ষিণ হুদ্ত ক্তিত করে দেওয়া হয়েছিল। পরবর্ত্তীকালে বহুবার এদের সহিত আমার দেখা হয়েছে। তাদের এই ছরবস্থায় ব্যথিত হয়ে জিজ্জেসা করেছি, 'কি হে, পাড়ায় কেউ তোমাদের জন্ম কিছু করলো না ?' মৃহ্ হেসে বালক ছুটী উত্তর করেছিল, 'পাড়ায় পুরানো লোক কোথায় ?' ওদের তাড়িয়ে যাদের জন্ম স্থানে কাল বিরা জানে না।'—'কিছ ওখানকার পুরানো বাসিন্দার। ?' আমি জিজ্জেসা করলাম, 'তারা তো তোমাদের জানে।'—'তা তারা জানে.

কিন্ত মানে না', বালকছয় মৃছু হেসে উত্তর করলো, 'তারা আমানের আজ সাম্প্রদায়িক মনোভাবাপায় তেবে অবজ্ঞা করে। জারকার বাহাছ্রও মানা কারণে আমানের পছন্দ করেন না। তাই আমরা এ পর্যান্ত কারের কাছে কোনও সাহায্য পাই না। আজ আমরা আজীয়ম্বজনের গলগ্রহ হয়ে আছি। মাত্র একইটুকুই হয়েছে আমানের প্রস্কার।"

দাঙ্গার সময় মিশ্র পল্লীগুলির সমাজ-ব্যবস্থাও জেঙ্গে পড়েছে। কিংবা কেত্রবিশেষ এই সমাজ নৃতনভাবে গড়ে উঠেছে। বছ স্থলে পদ্দা প্রথা রক্ষা করাও সম্ভব হয় নি। পল্লীর একাংশ আক্রান্ত হলে বা তা হওরার সম্ভাবনা হলে নারী ও কন্থাগণ অপরিচিত প্রুষদের সহিত এ-বাড়ী বা ও-বাড়ীতে আশ্রয় নিতে কুঠাবোধ করে নি। সমস্ত পল্লীর নরনারী এই সময় এক পরিবারভুক্ত জনগণের মত হয়ে উঠেছিল। যে সকল নারীরা পরপুর্বের সমূথে বার হয় নি তারাও সজ্জবদ্ধ প্রতিরোধে পুরুষদের সাহায্য করেছে। পল্লীতে পল্লীতে কিরূপ ভাবে প্রতিরোধ-ব্যবস্থা গড়ে উঠেছিল তা নিম্নের বিবৃতি হ'তে বুঝা যাবে।

"আমরা মেয়েদের ছাদ হ'তে টর্চ্চ লাইটের সঙ্কেত ঘারা জানাতে অমুরোধ করেছি, পুলিশের গাড়ী দূর হ'তে তারা দেখতে পেয়েছে কি'না ? এই সময় আমরা ছোট ছোট দলে বিভক্ত হয়ে রান্তায় ও মোড়ে মোড়ে পাহারা দিতাম। সান্ধ্যআইন প্রযুক্ত থাকায় এরা রান্তায় পেলে আমাদের গ্রেপ্তার করতে পারে। এইজন্তই এই ব্যবস্থা করা হয়েছিল। রান্তায় পাহারা না দিলে যে কোনও মুহুর্জে আমরা আক্রাম্ভ হ'তে পারতাম। কারণ পুলিশের পক্ষে সকল সময় অকুস্থলে হাজির থাকা সম্ভব ছিল না। তাদের অবর্জমানে বিরোধীদলের যারা সীমানার প্রপারে বা এখানে ওখানে বন্তীতে বাস করে, তারা যে কোন মুহুর্জে আমাদের উপর হামলা করতে পারতো। একজন বাড়ীর বার হ'লে

অকত অবস্থায় সে যে ফিরবে তার কোন নিশ্চয়তা নেই। বরং যে কোনও মুহর্জে তার ছুরিকাহত হবার সন্তাবনা আছে। এইজন্ম আমরা সশস্ত্র অবস্থায় ট্রাম রাজা হ'তে 'অফিস এবং কুল ফেরতা' লোকদের এগিয়ে আনতে সচেষ্ট হয়েছি। প্রতিটী গৃহ আমরা ছোটখাটো ছর্গে পরিণত করেছিলাম। ছাদে ছাদে আমরা আত্মরকার্থে ইষ্টক সংগ্রহ করে রাখতাম। কিন্তু এইক্রপ ব্যবস্থা আইনত এই সময় অন্যায় ছিল। এজন্ম আমরা হাল্লা গাঁথুনির ইষ্টক নিশ্মিত তুলসীমঞ্চ প্রতিটী ছাদে তৈরী করতাম। ছাদের আলিসারও অংশ বিশেষে এইভাবে আমরা উঁচু করে রাখতাম। আইনত পুলিশের এতে কিছু বলবার অধিকার ছিল না। আক্রান্ত হ'লে আমরাএই মশুপ এবং আলিসা ভেঙ্গে প্রতিরোধার্থে ইষ্টক সংগ্রহ করেছি। মেয়েরা এইভলো ভেঙ্গে দিয়েছে এবং আমরা তার সন্থ্যবহার করেছি। ক্রী পুরুষের সমবেত চেষ্টায় এইভাবে আমরা আত্মরক্ষা করেছি। কিন্তু নিরাপত্তার কারণে একদিনের জন্যও পিতৃপুরুষের বাসস্থান পরিত্যাগ করি নি।

এই সময় প্রতিটী গুপ্তস্থান অস্ত্রাগার এবং দেশী পদ্ধতিতে অস্ত্র নির্মাণের কারখানায় পরিণত হয়েছিল। কলের জলের পাইপ কেটে ও তাতে ফুটা করে উহাতে ঘোড়া (টিগার) বদিয়ে আমরা পাইপ গান তৈরী করতাম। লাইসেল-ধারী বন্ধুদের নিকট হতে কার্জু এবং রাইফেলের শুলি আমরা এই দেশীয় বন্ধুকের জন্ম সংগ্রহ করতাম। লাইসেল-ধারী ব্যক্তিদের মধ্যে শিকারী ব্যক্তিগণ গুলির হিসাবে গোঁজা মিল দিতে সক্ষম ছিল। এইজন্ম আমরা বিপদে পড়লেও তারা কখনও বিপদে পড়েন নি। এই সকল পাইপ গান, কার্জু এবং ঘরে তৈরী বোমা আমরা এয়ার টাইট্ বাক্সে করে খালের জলে ডুবিয়ে কিংবা মাটির তলায় পুঁতে রাখতাম। নি । আমরা প্রতিবেশীদের কখনও বাসন্থান ত্যাগ করতে দিই নি । কেছ উহা ত্যাগ করা মাত্র আমরা ঐ বাড়ীতে তথুনি অন্ত এক পরিবারকে বসিয়ে দিয়ে আমাদের স্থানীয় সংখ্যার শুরুত্ব অকুপ্র রেখেছি । দিবারাত্র আমরা পালা করে পল্লীগুলি পাহারা দিতাম । পরিবার বিশেষের জন্ত দৈনিক খাতাদিও আমরা সংগ্রহ করে দিয়েছি । এইভাবে প্রাণপণ পরিশ্রম না করলে সাহায্য-পৃষ্ট বিরোধী সম্প্রদায়ের চাপে মিশ্র পল্লীগুলি আমাদের পরিত্যাগ করতে হতো এবং আমরা পূর্ব্ব কলিকাতা চিরদিনের জন্ত হারিয়ে ফেলতাম । সংখ্যাগুরু বারাসাত মহকুমার সহিত সংযুক্ত হয়ে উহা হয়তো পার্শ্বর্জী রাষ্ট্রের সহিত সংযুক্ত হতো কিংবা সমগ্র কলিকাতাই আমরা হারিয়ে ফেলতাম ।

আত্মরক্ষার্থে অস্তর্ধ্বপে আমরা দেশী বন্দুক এবং বোমা, ইষ্টক, এ্যাসিডবাল্ব প্রভৃতি ব্যবহার করেছি। আমাদের কোনও দল অবৈধ ভাবে বিদেশী পিন্তল বা বন্দুকও আমদানি করেছে। কোনও কোনও মহল হ'তে পল্লীর প্রতিরোধক দলগুলিকে এগুলি গোপনে সরবরাহ করা হঁতে।" কিন্ধপ সাবধানতার সহিত উহা করা হতো তা নিমের বিবৃতি হ'তে তা বুঝা যাবে। এই ঘটনাটী কলিকাতার সেণ্ট্রাল এভিনিউ নামক রাস্তায় প্রকাশ্য দিবালোকে সংঘটিত হয়েছিল।

"আমি একজন মূরোপীয় শান্তি-রক্ষী। একদিন সন্দেহ করে আমি একটি জীপ্শকট আটক করি। এই শকটে বছ আগ্নেয় অন্ত ছিল। ছইজন যুবককে শকট হ'তে আমি গ্রেপ্তার করি। ইতিমধ্যে পিছন হ'তে ছানীয় পুলিশের পোষাকে ছইজন অফিসার অপর এক জীপে এসে হাজির হ'লেন। আমার কাজে তাঁরা সন্তোষ প্রকাশ করে আমার পকেট বুকে সই করলেন। তারপর থানায় নেবার অজুহাতে আসামী এবং বামাল সহ তাঁরা ঐ ছান ত্যাগ করলেন। হেড কোয়াটারে এসে এই

চাঞ্চাকর ব্যাপারটা জানালে কর্তৃপক্ষ স্থানীর থানার থোঁজ নিরে অবাক হরে যার। অভাবধি এই অপদলের কোনও হদিসই পাওরা যার নি।"

এই মহা দাঙ্গায় বিশেষ কোনও এক পক্ষীয়দের স্থবিধা ছিল অত্যধিক। প্রথমত: তারা তৎকালীন গভর্ণমেণ্টকে তাদের নিজম্ব গভর্ণমেণ্টক্সপে মনে করতো। এমন কি এদের কেউ কেউ এতে দরকারী সমর্থন আছে এইরূপও মনে করেছে। পরবর্ত্তীকালে আমি এদের কাউকে কাউকে বিশিত হয়ে বলতে শুনেছি, "এ কেয়া বাবু সাহেব ! পাকড়াতা কাহে ? এতো হকুম নেহি থা।" দ্বিতীয়ত:, এদের মধ্যে গণ-প্রার্থনা (Mass prayer) প্রধা প্রচলিত থাকায় এরা আইন সঙ্গতভাবে প্রার্থনা ভবন সমূহে মিলিত হরে সলা পরামর্শ করতে পারতো। সাধারণত: প্রার্থনার পর এই সকল লোকদের নেতাদের নির্দেশ মত করণীয় কার্য্য সকল বুঝিয়ে দেবার স্থবিধা হতো। ভূতীয়ত:, এদের মধ্যে বিধবা বিবাহের প্রথা প্রচলিত থাকায় এরা স্ত্রীপুত্র পরিবার সম্বন্ধে চিস্তাহীন হয়ে বেপরোয়াভাবে কার্য্য করতে সক্ষম ছিল। এরা সকলেই বুঝতো যে তাদের মৃত্যু ঘটলে পরিবারবর্গ অসহায় হয়ে উঠবে না, ভিক্ষাও করবে না। বরং পুতাদিসহ তার স্ত্রী অপর আর একজন বিশ্বাসী ব্যক্তিকে নিকা করে স্থাখ কালাতিপাত করতে পারবে। চতুর্যতঃ, কলিকাতায় এদের অধিকাংশ ব্যক্তি নিমশ্রেণীর হওয়ার কর্ম্ম ছিল। এরা বস্তিজীবনে অভ্যন্ত এবং দ্রিন্ত ছিল। দাঙ্গায় এদের লাভ আছে, কিন্তু ক্ষতি নেই। এদের মধ্যে শুতা এবং মুদ্ধতকারীদের সংখ্যাধিক্য ছিল। বস্ততঃপক্ষে এই সমাজের শিক্ষিত এবং ভদ্রবংশীয়রা দাঙ্গার ব্যপারে সহাত্মভূতিশীল হ'লেও প্রত্যক্ষ ভাবে ইহাতে অংশ গ্রহণ কম করেছে। এ ছাড়া এই সমাঞ্চের শিক্ষিত व्यक्तित সংখ্যা এই সময় শহরে নগণ্যই ছিল।

অন্তদিকে শহরে হিন্দু বাঙালীদের অধিকাংশ ব্যক্তিই ছিল তন্ত্রবংশীর এবং শিক্ষিত। এদের মধ্যে ব্যবসায়ী, ছাত্র এবং চাকুরীরাদের
সংখ্যাই ছিল অধিক। দালা-হালামা বা মারপিটকে এরা চিরকালই
ভার এবং ঘুণা করে এসেছে। এদের সামাজিক ব্যবস্থা এবং শিক্ষাজনিত
শারীরিক গঠন এবং মনোবৃত্তি দালা-হালামার অন্তক্ত্র ছিল না। এই
সমাজের কর্ম্মঠ শ্রমিক এবং কৃষক শ্রেণীর মান্ত্র শহরে কমই বাস করে
থাকে।

্থিইজন্ত দাঙ্গার প্রারম্ভে প্রতিরোধার্থে দেশবালী হিন্দ্দেরই অগ্রসর হ'তে হয়েছিল। এদের সকলেই প্রায় ছিল শ্রমিক শ্রেণীর। এইজন্ত প্রথমে এদের সাহায্য নিতে হয়েছে। কিন্তু কয়েক দিন পরই যথন হাত-বোমা, এ্যাসিড-বাল্ব ব্যবহৃত হ'তে লাগলো, তথন এদের ব্যবহৃত লাঠি এবং ইট-পাটকেল অকেজো হয়ে উঠে। এই সময় হ'তে প্রতিরোধের ভার এমনিই এসে পড়েছিল শিক্ষিত বাঙালী যুবকদের হস্তে এবং দাঙ্গার শেষ দিন পর্যান্ত হাত-বোমা প্রভৃতির সাহায্যে এরাই সকল শ্রেণীর হিন্দুদের রক্ষা করে এসেছে।

এই সকল বিষয় বিবেচনা করলে বুঝা যাবে যে কলিকাতার হিন্দুগণ বাধ্য হয়ে এবং মাত্র আত্মরক্ষার্থে বা প্রতিরোধার্থে এই দাঙ্গায় অবতীর্ণ হয়েছিল। প্রতি-আক্রমণ তারা কম ক্ষেত্রেই করেছে। কেহ কেহ প্রতি-আক্রমণকে আত্মরক্ষার অন্ততম উপায় বলে যে মনে করে নি, তা'ও নয়। কয়েকটা ক্ষেত্রে তারা সাফল্যের সহিত আক্রমণও করেছিল কিন্তু প্রায়শক্ষেত্রে তারা সাফল্যের সহিত প্রতিরোধ করে এসেছে। হিন্দুদের অন্তর্নিহিত বুদ্ধি, সাহস, দেশ-প্রেম এবং ক্রত সংগঠন শক্তির কারণেই ইহা সম্ভব হয়েছিল। কিন্তু পরিশেষে দাঙ্গা করা হিন্দু যুবকদেরও এক অভ্যাসের সামিল হয়ে উঠে এবং পুর্বেকার বছ সাধু

প্রাকৃতির হিন্দু যুবককেও আমরা ছুর্দ্ধর্য এবং নির্মাম শুণ্ডাতে পরিণত হ'তে দেখি। দাঙ্গোন্তরিকালে জনসমাজ এদের অত্যাচারে অতিষ্ঠ হরে উঠেছিল। দেশ স্বাধীন হবার পর প্রিশকে এদের দমন করতে বিশেষ আয়াস করতে হয়েছে।

অপঃ স্পৃহা একবার বহির্গত হ'লে উহাকে পুনরায় সংশত করা স্কঠিন।
এই কারণে আজও পর্যান্ত এদের অনেকে তাদের পূর্বে অভ্যাস পরিত্যাস
করতে পারে. নি। যে অত্যাচার এতোদিন এরা দোষী নির্দেষী
নির্বিশেষে বিরোধী সমাজভুক্ত ব্যক্তির প্রতি করেছে সেইরূপ অভ্যাচার
আজও তারা স্থবিধামত শ্ব-সমাজভুক্ত ব্যক্তিদের প্রতি করে থাকে।
একদিন যারা এই অপকার্য্যের জন্ম তাদের বাহবা দিয়েছিল, আজ তারা
অধোবদনে তাদের এই কীন্তিকলাপ দেথে ক্ষুক্ত হয়। দাসার অপর কৃষ্ণস
জনসাধারণের মিধ্যা প্রবণতা। এক সমাজভুক্ত ব্যক্তিরা কিন্ধপে অপর
সমাজভুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে দাসার ব্যাপারে অভিযোগ মুখর হয়ে
অনর্গল মিধ্যা বলতো, তা পুর্বেব বলা হয়েছে। দাসার অবসানেও
বহু ব্যক্তি দল বেঁধে মিধ্যা বলার অভ্যাস পরিত্যাগ করতে পারে নি।
এই গণ-মিধ্যা-ভাষণের অভ্যাসের কারণে বহু দিন পর্যান্ত শান্তিরক্ষিণণ
সত্য নিরূপণে অক্ষম ছিল। পূর্বের অভ্যাসের কারণে এক দলের প্রতিটী
ব্যক্তি সত্য নিরূপণের চেষ্টা না করে তাদের স্বদল ভুক্ত অপরাধী
ব্যক্তিদেরও উক্তি (ওয়াকিবহাল রূপে) আজও সমর্থন করে থাকে।

বহুক্ষেত্রে পিতা এবং খুল্লতাতকে যুবক-পুত্রের অধীনে বা আদেশে প্রতিরোধের ব্যাপারে আল্প-নিয়োগ করতে হ'তো। আমি বহু পুত্রকে বলতে শুনেছি, 'বাবা, তুমি ছাদে যাও, ওথান থেকে ইসারা করো। আমরা স্বাই নীচে আছি।' পিতা এবং খুল্লতাত পুত্র এবং আতৃষ্পুত্রের এই সকল আদেশ নির্কিচারে মেনে নিয়েছে। দালার অবসানে এই প্রকাণকে তাদের পিতা এবং পিছবাগণ প্রের স্থায় তাদের স্থক্ষ মত চলতে আজও পর্যান্ত বাধ্য করতে পারে নি। দ্বকদের মধ্যে আইন-কাছনের প্রতি প্রদার অভাব এই মহা দালার অপর আর এক কুকল। দালার প্রতিরোধার্থে সংগৃহীত অর্থ এবং অস্তের সাহায্যে পরে এদের অনেকে সাধারণ ডাকাতি আদি অপকার্যাও করেছে।

এই মহা দাঙ্গা বাঙালী হিন্দুসমাজের প্রকারাস্তরে উপকারও করেছিল। বিভিন্ন ভাষা-ভাষী হিন্দুদের এরা একটা বিরাট্ট শক্তিশালী জাতিতে পরিণত করে তুলেছিল। ইহা বাঙালীদের স্ত্রী পুরুষ নির্মিশেষে এক যুদ্ধপ্রিয় সামরিক জাতিতে পরিণত করে তুলেছিল। যাঁরা এই সময়ে কলিকাতার মিশ্র পল্লী সমূহে বাস করতেন, তাঁরা এ কথা আজও স্বীকার করবেন। পর্দ্ধা প্রথা প্রায় উঠে গিয়েছিল। ধনী এবং নির্ধন শিক্ষিত এবং অশিক্ষিতের চিরন্তন তেদাভেদ বিলুপ্ত হচ্ছিল। আপদ-কালে এক বাডীর স্ত্রী-কন্সা নির্ভয়ে অপর এক বাডীতে আশ্রয় নিথেছে। স্ত্রীগণ ছাদ হ'তে ইট ছুঁড়ে বা গরম জল ফেলে নিমের বিরোধী জনতাকে বিতাড়িত করেছে। পুরুষগণ স্ব-সমাজভূক্ত নারীর ইচ্ছৎ এবং ধন সম্পত্তি ও প্রাণ রক্ষার্থ পথে ঘাটে প্রাণ বিসর্জন দিতে কুণ্ঠা বোধ করে নি। এই সময় একজন বাড়ীর বার হ'লে সে যে ফিরে আসবে তা কেউ বলতে পারতো না বরং যে কোনও মুহুর্ত্তে আততায়ীর ছুরিতে প্রাণ ত্যাগ করার সম্ভাবনা ছিল বেশী। কিন্তু তা সম্ভেও এরা বাসম্ভান ত্যাগ करत शनायन करत नि वतः माहामत महिल चिक्रम काहाति, कुन, পাঠশালার গমনাগমন করেছে। কলিকাতার তৎকালীন মিশ্র পল্লী সমূহকে কেহ কেহ অশান্ত দীমান্ত প্রদেশের সহিতও তুলনা করে-ছিলেন। স্নেহপ্রবণ মাতা, ঠাকুরমাতাগণ এবং পিদীমাতাগণ গৃহের সন্মান রক্ষার্থে আপন আপন সন্তান সন্ততিদের প্রতিরোধের জন্ম উৎসাহিত

করেছে। এদৈর কেহ কেহ বড় জোর সাবধান করে দিয়ে বলেছেন, "পাড়ায় থেকে পাড়ার জন্ম সব কিছু করিস্, তবে তুই ভিন্ পাড়ায় যাস নি, কিন্তু —।"

ততো অঘটন এবং নৃশংসতার মধ্যেও উভয় সম্প্রদায়ের বহু ব্যক্তির মধ্যে উদারতার অভাব দেখা যায় নি। বহু হিন্দু মোস্লেমকে এবং বহু মোস্লেম হিন্দুকে প্রাণ ভূচ্ছ করেও আশ্রয় দিয়েছে, রক্ষা করেছে এবং উদ্ধারও। প্রায়শক্ষেত্রে স্ব-পল্লীর সংখ্যালঘুদের উপর ঐ পল্লীর সংখ্যাভ্যুদের উপর ঐ পল্লীর সংখ্যাভ্যুদের উপর ঐ পল্লীর করে নি, ভিন্ন পাড়ার লোকেরা এইজন্ম স্বধর্মীয় আততায়ীদের যে সকল ক্ষেত্রে বাধা দিয়েছে তা'ও নয়। তবে পরিচত ব্যক্তি এবং বন্ধু-বান্ধবদের তারা সকল সময়ই রক্ষা করিছিল। এই ক্ষেত্রে তারা বিধর্মীয় কাহাকেও রক্ষা করে নি, রক্ষা করেছে মাত্র বিধর্মীয় পরিচিত ব্যক্তি এবং বন্ধু-বান্ধবদের। এদের মধ্যে যারা অপরিচিত হওয়া সত্বেও বিধর্মীদের রক্ষা করেছিলেন সত্য সত্যই তারা নমস্থ ব্যক্তি। আজও আমি তাদের এজন্থ প্রণাম করি।

অতীব আশ্চর্য্যের বিষয়, যে সকল নেতাদের ইঙ্গিতে এই মহা দাল। স্থক হয়েছে তারা কিন্তু এই সময় নিজেদের মধ্যে হানাহানি করেন নি। পত্রিক। সমূহ মারফৎ এরা বিষোদগার করলেও সম্প্রদায় নির্কিশেষে এরা মেলামেশা এবং খানাপিনা করতে কুণ্ঠা বোধ করে নি।

এই সময় সর্বাধিক অত্নবিধা ভোগ করছিলেন উভয় সম্প্রদায়ের ব্যবসায়ী শ্রেণী। শ্রমশিল্পে এবং ব্যবসায় ক্ষেত্রে হিন্দু মুসলমান এমন ভাবে বিজড়িত ছিল যে একের সাহায্য এবং শুভেচ্ছা ব্যতিরেকে অপরের জীবন ধারণ পর্যান্ত সম্ভব ছিল না। যে কাঁচামাল হ'তে একজন মোসলেম

দ্রব্যাদি তৈরি করবে, দেই কাঁচা মালের জন্ম তাকে হিন্দুর ঘারছ হওয়া ভিন্ন উপান্ন ছিল না। এমন কি একই দ্রব্যের একাংশ তৈরী করে এসেছে হিন্দু এবং উহার অপরাংশ তৈরী করেছে মোস্লেম। অন্তদিকে হিন্দুদের দক্ষি, দপ্তরি, রাজমিস্তির জন্ম হাহাকার করতে হয়েছে। অপরদিকে মোসলেমগণকে হিন্দু থরিদ্ধারের অভাবে অনাহারে থাকতে হয়েছে। এইজন্ত শেষের দিকে এই দাঙ্গা-হাস্থামা কেউ পছন্দ করছিল না। এই সময় এরা প্রয়োজন মত আপন ব্যবস্থা আপনারাই করে নিয়েছিল। তা না হ'লে কলিকাতার মাগরিক জীবন অচিরে বিপর্যান্ত হয়ে যেতো। এরা হিন্দু এবং মোস্লেম পল্লীর সীমানায় বদলা বদলীর জন্ম এক একটা ঘাঁটির সৃষ্টি করেছিল। হিন্দু পল্লী হ'তে মাল মশলা মোস্লেম পল্লীতে পাঠাতে হ'লে হিন্দু ঠেলাওয়ালা তার গাড়ী মাল সহ ঐ সীমানা পর্য্যন্ত পৌছে দিতো। এবং ঐ স্থান হ'তে মোসলেম ঠেলাওয়ালা বা গাড়োয়ান মাল সহ ঐ শকটের ভার গ্রহণ করতো। অফুরূপ ভাবে মোসলেম মেষ ও ছাগ বিক্রেতা সীমানায় এসে হিন্দুদের নিকট এগুলি বিক্রম করে গিয়েছে। এই সকল বিষয়ে এরা পরস্পর পরস্পরকে অত্যন্ত বিশ্বাস করতো।

কলিকাতার দালা আশাস্থারী সফলতা লাভ না করার উহা নোরা-খালি জিলার স্থান লাভ করে। নোরাখালির দালাকে দালা না বলে নিধন যজ্ঞ বললেই ভালো হবে। সর্বাংশে সংখ্যা-শুরুর হারা কত হওয়ার উহা এক তরফা ছিল। এই দালার মধ্যে কোনও রাজনৈতিক উদ্দেশ্য ছিল বলে মনে হয় না। কলিকাতার বিফলতার নির্ভূর প্রতিশোধের কারণেই ইহা স্প্র হয়েছিল। হয়তো ইহা সারা পূর্বে বাঙলাতে প্রকট হয়ে, উঠ তো কিন্তু বিহারের "বদলা লওয়া" উহা প্রতিরোধ করে দেয়। এই ব্রম্ভ কেহ কেহ মনে করেন যে সাম্প্রদায়িকতা মাত্র সাম্প্রদায়িকতা হারাই

প্রতিরোধ করা সম্ভব। কিন্তু মহামানব মহাল্লা গান্ধী ইহা যে ভূল ব্যাখ্যা তা প্রমাণ করে গিয়েছেন।

কলিকাতা মহা দাঙ্গার প্রত্যক্ষ কল পাকিস্থান স্বীকার, তথা ভারত বিভাগ। যারা সারা ভারতকে তাদের জন্মভূমিরপে জানতো তাদের নিকট ইহা ছিল মহা ছুর্দ্দিন। পূর্ব্ব বাংলার বহুলোক এইদিন অশ্রন্থনরণ করতে পারে নি। পশ্চিম পাঞ্জাববাসীরা কাঁদবারও সময় পায় নি। কলিকাতার দাঙ্গা নৃতনর্বপে ঐ প্রদেশে আত্মপ্রকাশ করেছিল। অবশিষ্ট ভারতবর্ষ বিমৃত হয়ে মাতৃভূমির বিচ্ছিন্নাংশ তুইটীর ছংখ ছুর্দ্দশা উপলব্ধি করলেও তারা এর প্রতিকার করতে পারে নি।

দেশ বিভাগের দারা কোন্ সম্প্রদায় লাভবান হয়েছে, তা বলা কঠিন। কারুর কারুর মতে মোস্লেম সম্প্রদায়ের এতে ক্ষতি হয়েছে বেশী। এই সম্বন্ধে জনৈক বন্ধু নিম্নোক্তরূপ এক বিশ্লেষণ করেছিলেন।

"মোস্লেমগণ যদি আরও কিছুকাল দেরী করতো তা'হলে তারা সমগ্র উত্তর ভারতবর্ষই অধিকার করতে পারতো। পৃথিবীতে শ্বান এবং খাত্য পরিমিত। এইজন্ম জনসংখ্যা নিয়ন্ত্রণের প্রয়োজন আছে। হিন্দুদিগের সমাজ-ব্যবস্থা এইরূপ নিয়ন্ত্রণের উপযোগী। বিধবা বিবাহের অপ্রচলন এবং জাতিভেদ প্রথার জন্ম হিন্দুদের জমসংখ্যা অধিক বর্দ্ধিত হয় না। কিছু মোস্লেমদের সমাজ-ব্যবস্থা এবং বহু বিবাহ প্রথার কারণে উহাদের জনসংখ্য বৃদ্ধির হার অত্যধিক। মোস্লেমদের অবর্ত্তমানে হিন্দুদের পরিমিত জনসংখ্যা দেশের পক্ষে ভালো ছিল। কারণ জনসংখ্যার অতি বৃদ্ধি খাত্য এবং স্থানাভাব ঘটায়। আত্মরক্ষার কারণে ভারতের বর্ত্তমান জনসংখ্যাই যথেষ্ট। উহার অধিক জনসংখ্যা হ'লে খাত্যভাবের কারণে বরং আত্মরক্ষার ব্যাঘাত ঘটাতে

পারে। মোস্লেমদের জনবৃদ্ধির ভয়াবহ হার একই দেশের অধিবাসী বিধায় হিন্দুদের নিকট উহা শঙ্কার কারণ ছিল। কিন্তু পাকিস্থান স্পষ্ট হওয়ার পর অবস্থা ভিল্লব্রপ ধারণ করেছে। সঙ্কীর্ণ বাসস্থ্যিতে জনসংখ্যা বৃদ্ধি আখেরে মোস্লেমদের ক্ষতির কারণ হবে। যে জনবৃদ্ধি তাদের উপকার করছিল একদিন উহা তাদের অস্থবিধায় ফেলবে। তাদের এমন কোনও উপনিবেশ নেই যেখানে এই বাডতি জনসংখ্যাকে তারা স্থানাম্বরিত করতে পারবে। ভারতের বিস্তীর্ণ ভূখণ্ডে তারা অনায়াসে ছড়িয়ে পড়তে পারতো। অপর দিকে হিন্দুদের পক্ষে পাকিস্থান স্বীকার উক্তম হয়েছে। যারা মোস্লেমদের দেশ হ'তে বিতাড়িত করবার স্বপ্ন দেখে তারা বাতুল। এই যুগে এরূপ ব্যবস্থা সম্ভব নয় এবং উহাবাঞ্নীয়ও নয়। তাদের জন্ম স্থান করে দিতে আমরা বাধ্য। পাকিস্থান স্বীকার ম্বারা বরং সমগ্র ভারতের উপর সমান দাবী হ'তে মোসলেমদের বঞ্চিত করা সম্ভব হলো। ভূলে গেলে চলবে না আফগানিস্থানও (গান্ধার দেশ) একদিন ভারতের অংশ ছিল। দেহের পচ্যমান অংশ কণ্ডিত করে একদিন তাদের দেখা যাবে না। এক্ষণে এমন ব্যবস্থা করা প্রয়োজন যাতে উত্তরকালে কোনও বিভাগের প্রশ্ন পুনরায় না উঠে। যে সকল রাষ্ট্রদায়ক মাত্র বর্তমানকে প্রথম স্থান দেন এবং ভবিয়তের কথা চিন্তা না করেন, তাঁরা ভাবীকালের দেশবাসীর নিকট অপরাধীরূপে বিবেচিত হবেন।

কেহ কেহ বলে থাকেন যে বন্ধ বিভাগ বাঙালীদের বর্জমান ছ:খ ছর্দ্দশার অন্ততম কারণ। কিন্তু বাঙলা বিভাগ না হ'লে বাঙালীর ছ:খ ছর্দ্দশা চরম সীমায় উঠতো এবং 'জু' জাতির ন্থায় তাদের ভারতব্যাপী ছড়িয়ে পড়তে হতো। কারণ এখানকার হিন্দুদের বিতাড়িত করে

শ্ববিদ্ধান বাজ বিদ্যা বাঙলায় আশ্রম নিছে। সমগ্র বাঙলায় পাকিন্থান প্রতিষ্ঠা সম্ভব হ'লে বাঙলায় আশ্রম নিছে। সমগ্র বাঙলায় পাকিন্থান প্রতিষ্ঠা সম্ভব হ'লে বাঙালী মাত্রকে সিদ্ধীদের স্থায় আশ্রম নিছে হতো ভারতের অস্থাস্থ প্রদেশে। বাঙালী হিন্দুর নিজন্ম বাসভূমির কোনও অন্তিম্ব থাকতো না। বিভিন্ন প্রদেশের গলগ্রহ হয়ে তাদের বসবাস করতে হতো। বস্তুতপক্ষে এই উদ্দেশ্যে বঙ্গবিভাগের পূর্ব্ব লীগাসকগণ পশ্চিম বাঙলায় বিহার মুসলমানদের বসবাসের ব্যবস্থা করেছিলেন। সমগ্র বাঙলা, আসাম এবং পাঞ্জাব পাকিস্থানের জন্ম দাবী করার একমাত্র উদ্দেশ্য ছিল অবশিষ্ট ভারত হ'তে মোসলেমদের সরিয়ে এনে ঐ সকল প্রদেশের হিন্দুদের উত্তর এবং মধ্য ভারতে বিতাড়িত করা এবং ভীষণতর প্রাদেশিক ঈর্ষার স্থাষ্ট করে সমগ্র ভারতকে ধ্বংস করা।

বাঙালীদের তৃ:খ তুর্দশার মূল কারণ বাঙলার আত্মধবংসী রাজনীতি। বাঙলার রাজনীতি ভারতের কল্যাণ করেছে, বাঙলার ক্ষতি ক'রে। ভারত বিভাগের পূর্ব্বে বাঙালী নেতাদের উচিত ছিল পৃথক স্বাধীন হিন্দু-বাঙলা দাবী করা মোস্লেম-বাঙলাকে বাদ দিয়ে এবং সমগ্র ভারত হতে বিচ্ছিন্ন হয়ে। এতহারা হিন্দু বাঙালীরা সমগ্র বাঙলার শতকরা ৫০ ভাগ বা ততোধিক ভূমি লাভ করতে সক্ষম হতো, এই অজুহাতে যে তাদের পাকিস্থান বা হিন্দুস্থান কাহারও সহিত সম্বন্ধ নেই। অতএব তাহাদের স্বাবলম্বী থাকবার উপযুক্ত পরিমাণ ভূমির প্রয়োজন আছে। এর পর স্বাধীন বাঙলা স্থাপন করার পর বাঙালীদের উচিত ছিল ভারতীয় যুক্তরাট্রে যোগ দেওয়া। এই ভাবে তারা ব্রিটাশ রাজনৈতিকদের কুটনীতি ঘারা পরাজিত করে আপন উদ্দেশ্য সাধন করতে পারতো। কিন্তু তৃংথের বিষয় বাঙালীর রাজনীতি

বাঙ্গার খার্থে কখনও প্রযুক্ত হয় নি। বাঙ্গা বিভাগের সময় সর্জ হিসাবে আমরা প্রয়োজনীয় পরিমাণ ভূমি পর্যান্ত দাবী করি নি। যদিও বছ লোকের ধারণা ছিল মোস্লেম রাষ্ট্রে অমুসলমানদের স্থান হয় নি, আজও তা হবে না। ভারতপ্রবাসী পার্শী জাতির দৃষ্টান্ত ঘারাও এই সময় আমরা অমুপ্রেরিভ হ'তে পারি নি।"

উপরের অভিমতটী আমার কোনও এক বন্ধুর। বন্ধুবরের শেবাক্ত অভিমতের সহিত আমি এক মত নই। আমি বিশ্বাস করি অন্ততঃ: বাঙালী হিন্দু-মোস্লেমরা একত্রে আজও এক জাতির অংশরূপে বসবাস করতে পারে। বাঙালী মোস্লেমরা ধর্ম্মে মোস্লেম হ'লেও, জাতিতে তারা আজও হিন্দু। তবে সব কিছু নির্ভির করে পূর্ব্ব বাঙলার রাষ্ট্র-নায়কদের উপর। বিপরীত শিক্ষা দ্বারা মোস্লেম বাঙালীদের হিন্দু ৰাঙালীদের নিকট সরিয়ে আনা অসম্ভব নয়।

নারী-হরণ পৃথিবীর একটা নিক্টতম অপরাধ। কিন্তু সাম্প্রনায়িকতা এমন এক বস্তু যে এক সম্প্রদায়ের নারী-হরণ করায় অপর সম্প্রদায়ের ব্যক্তি স্ব-সম্প্রদায়ের ব্যক্তিদের নিকট বাহবা পেয়ে এসেছে। এমন কি বিশেষ সম্প্রদায়ভুক্ত কোনও কোনও নারী, নারী হয়েও তাদের ভাই এবং স্বামীদের এই সকল অপকার্য্য সমর্থন করেছে। কোনও কোনও কোনও ক্যেত্রে সাক্ষাৎ ভাবে তারা এই কার্য্যে সহায়তাও করেছে। দালাহালামার সময় এই অপরাধ প্রকটন্ধণ ধারণ করেছে। দলবদ্ধভাবে লুপ্রন, গৃহদাহ এবং হত্যার সহিত নারী ধর্ষণও সমানভাবে চলে। সৌভাগ্যের বিষয় হিন্দু সম্প্রদায়ের মধ্যে এই বিষ আজও পর্য্যন্ত প্রবেশ করে নি। যে সমাজের নারীরা এইভাবে অপক্রতা বা ধর্ষতা হয়, তাদের উদ্ধার করে স্বগৃহে পুনঃ সংস্থাপিত করলেও মূল সমস্থার সমাধান হয় না। এত্রারা সমাজের নৈতিক চরিত্র ভেঙে পড়ে। একনিটা একটা

সংস্কার মাত্র। ধর্ষণ এই সংস্কারের বিনাশ ঘটিরে পারিবারিক আদর্শ কুর্ম করে।

এইজন্ম যে প্রদেশে নারীকে রক্ষা করা সম্ভব হয় না, সেই প্রদেশ বা রাষ্ট্র পরিত্যাগ করে চলে আসাই সমীচীন।

অভ হয়তো কোনও এক গৃহের কাকীমাতা অপহৃত হ'লেন এবং পনের দিন পর তিনি ফিরে আসতে পারলেন। কল্য হয়তো ঐ গৃহের কোনও এক বোনঝি, ভাইঝি বা দেবরঝির ভাগ্যেও ঐক্পপ ছর্দিশা ঘটলো। এর ক্য়দিন পরে তাকে হয়তো ফিরিয়েও দেওয়া হলো। অপর একদিন হয়তো পিসিমাতা অপহৃতা হয়ে ফিরে এলেন কিংবা এলেন না।

এইরপ অপহরণ ব্যতীত দলবদ্ধ ভাবে গৃহে প্রবেশ করে মাতাপুত্রীকে (সাম্প্রনায়িক কারণে) একত্রে ধর্ষণ করার কথাও শুনা
গিয়েছে। এই সকল ঘটনা সামাজিক কারণে চেপে ফেলার রীতি
আছে। ফিরে পাওয়ার পর এদের চিকিৎসা পর্যান্ত করানো হয় নি।
এই সকল কুমারী কন্থাগণের সহিত বিবাহ আদি সম্পন্ন করা ছাড়া
আমাদের গত্যন্তরও থাকে না। এইভাবে সমগ্র সমাজ রোগগ্রন্ত এবং
নীতিজ্ঞানহীন হয়ে পড়তেও পারে।

সকন্তা অভিভাবিকাদের একক-যৌনজ-নিগ্রহ তাদের মধ্যে এনে দের নৈতিক অসাড়তা (Moral weakness)। অথচ এদের পুনগ্রহণ করতে সমাজ বাধ্য। আথেরে উত্তর বঙ্গের হিন্দুদের অবশুস্তাবিত মিলন (Fusion) সমগ্র বাঙালী সমাজকে পঙ্গু করে দিতে পারে। এক্ষেত্রে রাজনীতির প্রশ্ন উঠে না। ইহা সমাজ-বিজ্ঞান, দেহ-বিজ্ঞান এবং মনোবিজ্ঞানের প্রশ্ন। অধীজনকে বিষয়টী চিন্তা করতে অন্ধরোধ করি।

গত সাতশ বৎসর যাবৎ ধর্মের কারণে নারীর উপর অভ্যাচার ভারত ভূমিতে সমাধিত হয়েছে। এই জাতীয় ব্যাপক অপরাধ একণে অসম্ভব। পাকিত্বানেও ইহা অসম্ভব হ'লে আমরা কৃতক্ত থাকবো। দাঙ্গা মধ্যে মধ্যে হয়তো হবে কিন্তু এজন্ত নারীর উপর সেখানে গণ-ধর্মণ যেন আর না ঘটে। পূর্ব্ব বাঙ্গলার সাম্প্রতিক দাঙ্গাতে নারীর উপর ব্যাপক অত্যাচারের কথা শুনা গিয়েছে। কিন্তু আশা করা যায় ঐরপ ঘটনা ঐ স্থানে আর কথনও সংঘটিত হবে না।

সাম্প্রদায়িক দাঙ্গা যে সকল সময় জনতা দারা সংঘটিত হয়েছে তা নয়। বহুক্তেরে মাত্র কতিপয় বিপথগামী বুবকদের দারাও উহা সংঘটিত হয়েছে। শান্তিপ্রিয় শত শত ব্যক্তিকে ভয়াতুর করে দিতে মাত্র কয়েক-জন বেপরোয়া যুবকের অপকার্য্যই য়৻ঀয়্ট। আক্রান্ত ব্যক্তিদের নৈতিক বল ভেঙে পড়লে সকল সময়ই ইহা সম্ভব। উভয় বঙ্গের সাম্প্রতিক ঘটনা সমূহ হ'তে ইহা প্রমাণিত হয়েছে! এই শহরের যে সকল মারমুখী জনতাকে সংযুক্ত বঙ্গদেশে অপরের মনে সদা সর্বনাই ভীতি সঞ্চার করতে দেখেছি, তাদেরই আমরা উত্তরকালে [সাম্প্রদায়িক দাঙ্গার সম্ভাবনায়] অবস্থা বিপাকে পড়ে ভেউ ভেউ করে কানতে দেখেছি। সংশ্লিষ্ট মাম্বরা রাষ্ট্র বিশেষকে নিজেদের রাষ্ট্র মনে করতে না পারলে তাদের এই বিনষ্ট নৈতিক সাহস ফিরেও আসবে না। নিজেরা আয়রক্ষা করতে কিছুটা সক্ষম না হ'লে কোনও শান্ত্রীদলই তাদের রক্ষা করতে পারে নি। এইরূপ অবস্থায় তাদের পর-রাষ্ট্র ত্যাগ করাই বিজ্ঞান সন্মত কার্য্য হবে।

মনোবলই মহুদ্য জাতির প্রধান বল। সদা সর্বাদা ভয়াভুর ভাবে বাস করলে মহুদ্য বংশের দৈহিক এবং নৈতিক অবনতি ঘটে। এবং এতখারা এক ভয়াভুর, নীতিজ্ঞানহীন ছর্বাদ সম্প্রদায়ের বা জাতির স্থাষ্ট হয়। এইরূপ সম্প্রদায় বা জাতি রাষ্ট্রের ভার স্বরূপ। যে রাষ্ট্রে মাথা উচু করে থাকা না যায়, সে রাষ্ট্র পরিত্যাগ করা কিংবা নিজেদের জন্ত নৃতনরাষ্ট্র তৈরী করে নেওয়া সর্কাদাই সমীচীন।

সাম্প্রদায়িক কারণে নারীর উপর অত্যাচার যে সমাজ করে সেই
সমাজেরই ক্ষতি হয় সর্বাপেক্ষা বেশী। এই অবস্থায় সমাজের যুবকদের
নৈতিক অবনতি চরম সীমায় উঠে। এবং ভবিশ্বতে এই ছ্য়তিকারীদের
খারা তাদের নিজেদের অস্তঃপুরই প্রথম কলুষিত হয়। অত্যাচারিত
সমাজ আত্মরক্ষার্থে প্রস্তুত হয় এবং অচীরে এই অত্যাচারের পুনরার্জি
অসম্ভব করে তুলে। এই অবস্থায় এই কামাত্র যুবকরা স্ব-সম্প্রদায়ের
নারীদের উপরই মূহ্মুহঃ অত্যাচার করে সমাজ-ব্যবস্থা ভেঙে দিয়েছে
এবং সেই সঙ্গে পয়ু করে তুলেছে নিজেদের বুদ্ধি-বৃত্তি এবং প্রতিভাকে।

সাম্প্রদায়িকতা এক প্রকার রোগ। জাতীয়তা-বোধ এবং সাম্প্রদায়িকতা এক বস্তু নয়। এমন কি ইহাকে সঙ্কীর্ণ জাতীয়তা-বোধও বলা চলে না। এবং ইহা সকল সম্প্রদায়ের মধ্যে সমভাবেও বর্ত্তায় না। বিজাতীয় ঘুণা হ'তে সাম্প্রদায়িকতার স্বষ্টি হয়ে থাকে। এবং ইহার মূলে থাকে ঐতিহাসিক ঘটনা সমূহ।

িবিগত কলিকাতা-নিধন-দাঙ্গার সময় বহু অফিসার নিজেদের অসাম্প্রনায়ক প্রতিপন্ন করবার জন্মে স্ব-সম্প্রনায়র ব্যক্তিদের অনুরোধ করতো, কর্ত্পক্ষের নিকট তাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দায়ের করতে। আত্মরক্ষার্থে কি ভাবে সাম্প্রদায়িক বোধকে ব্যবহার করা হতো তা নিমের বিরতি হ'তে বুঝা যাবে।

"বারে বারে অমুরোধ করেও পাড়ার পাহারার বন্দোবন্ত হলো না। প্রতিবারেই আমাদের জানানো হতো যে গোলমালের সম্ভাবনা নেই। এই অবস্থায় পাড়ার পটকা ফাটিরে আমরা মিথ্যা করে বলি যে আমাদের পাড়া আক্রান্ত হরেছে। এর পরদিন হ'তে আমাদের পাড়ার পুলিশ মোতারেন করা হয়। 'মোসলেম অফিসারদের আমরা বলতাম যে আমাদের পাড়ার যুবকরা কল্য ওপারের মোসলেম বস্তী আক্রমণ করবে, মোসলেমদের রক্ষার জন্ত যেন অচীরে উভয় পল্লীর মধ্যে রক্ষী দল মোতায়েন করা হয়।' আসলে আমাদের উদ্দেশ্ত ছিল, 'হিন্দু-পাড়া রক্ষার জন্ত পুলিশ আনানো।"

বহু শাস্ত্রী-প্রধান শাসনতান্ত্রিক কারণে স্ব-সম্প্রদায়ের ব্যক্তিদের ধৃত করে পথে আত্মরক্ষার্থে তাদের উপরই নির্ভরশীল হতেন। কোনও এক শাস্ত্রী-প্রধান কোনও এক ঘটনার পর স্ব-সম্প্রদায়ের ব্যক্তিদের গ্রেপ্তার করে থানায় পাঠান, এদের মধ্যে কেউ অপরাধী নেই তা জেনেও। এইরূপ গ্রেপ্তারকে বলা হয় শিক্ষামূলক বা শাসনতান্ত্রিক। এর একমাত্র উদ্দেশ্র ঐ সম্প্রদায়ের দোবী ব্যক্তিদের হুদিয়ার করা। স্ব-সম্প্রদায়ের ব্যক্তিদের নিগৃহীত হ'তে দেখে এরা ঐ কার্য্য যাতে আর না করে, এইজন্তই এইরূপ ধরপাকড়ের রীতি আছে। এদের থানায় আনার পর একজন এসে অম্বরোধ করলো, 'একজনের মা কাঁদছে ভাকে বদলে নিয়ে যাবো, স্থার ? আপনার দরকার ভো এপাড়া হতে কুড়িজন।' শাস্ত্রী-পুঙ্গবকে এই অদ্ভুত প্রস্তাবে একটুও বিরক্ত হতে দেখিনি। ঐ ব্যক্তির স্থলে নৃতন এক ব্যক্তিকে এনে সংখ্যা ভক্তি করা হয়েছিল।

এই দাঙ্গার সময় বহু দাঙ্গা-সাহিত্যেরও স্থান্ট হচ্ছিল। হাজত ঘরের দেওয়ালে এইরূপ বহু কবিতা, গান এবং গাথা, ইটের বা কয়লায় টুকরা দিয়ে কয়েদীরা লিখে রাখতো, যথা, "তিন পাকোড়ী তেল মে অমুক বেটা জেলমে।" "এক ধোপীকে এক লুগাই থে। লুগাই বোলা কাঁহা গিয়া থে? অমুক মের গ'য়া রোনে গিয়ে থে, ইত্যাদি।" এই গান

এবং গাথা হ'তে বুঝা যেতো যে ঐ হাজতে কোন্ সম্প্রদায়ের ব্যক্তির আধিক্য ছিল। আহত নগরীর মর্ম্মকথা এই গান ও গাথার প্রতি ছত্ত্বে ফুটে উঠতো।

বাঙলার সাম্প্রদায়িক দাঙ্গা যুদ্ধ অপেক্ষা ক্ষতিকররপে প্রতীত হয়েছে। কারণ খোদ্ধগণ নিয়মতান্ত্রিক হয়ে থাকে এবং খোদ্ধদলে সমাজের উৎকৃষ্টতম এবং আদর্শপূর্ণ যুবকরা ভর্ত্তি হয়। অপর দিকে দাঙ্গায় আক্রমণকারীর। অপরাধপ্রবণ এবং নিয়শ্রেণীর মান্ত্র্য হয়ে থাকে।

দাঙ্গা-উত্তর কালে পুনর্বদতি সমস্থা প্রকটক্সপে দেখা যায়। বছ-ক্ষেত্রে কেবলমাত্র মনন্তাত্বিক কারণে পুনর্বসতি সম্ভব হয় নি। কলিকাতা দাঙ্গান্তে দেখা গিয়েছে, যে পরিত্যক্ত হিন্দু গৃহ বা পল্লী নবাগত হিন্দু দারা অধিকৃত হয়েছে, কিন্তু বিতাড়িত হিন্দুরা ঐ গৃহে বা স্থানে ফিরে আসে নি। নিমের বিবৃতি হ'তে আমার বক্তব্য বিষয়টী সম্যুকক্সপে বুঝা যাবে।

"আপনারা বলছেন কি ? যে গৃহে চক্ষের সামনে আমায় পতিপুত্র নিহত হলো, সেই গৃহে আমি কি করে ফিরবো। ঐ দিনকার বীতৎস দৃশু মনে পড়লে আজও আমি শিউরে উঠি। ঐ গৃহে আমার কন্থার উপরও অত্যাচার হয়েছে। কন্থা সম্বন্ধে সামান্ত বদনাম রটলে মাহ্ম্ম পাড়া ত্যাগ করে চলে আসে। এই ঘটনার পর আমাদের নিকট ঐ ঘরগুলো বিষ্ঠুল্য। আমাদের উপর যারা অত্যাচার করেছে তারা আজও ঐ পল্লীতে বাস করে। প্রত্যুবে তাদের কারো কারো সঙ্গে দেখাও হবে। সেখানে এইজন্তে ফিরে যেতে আমাদের আত্মন্মানে বাধে। প্রমাণের অভাবে আপনারা তাদের সাজা দিতে পারেন নি ? কিন্তু আপনাদের ঐ যুক্তি কি আমাদের প্রতিহিংদা বুন্তি বা মনের গ্লানি দ্র করবে ? এর চেয়েও বরং দ্রে এসে প্রানো কথা ভূলে যেতে দিন। আমাদের মনে করতে দিন ওটা ছিল একটা ছঃখগ্ন মাত্র। এইভাবে আপনারা আমাদের অসাম্প্রদায়িক রাখতে সক্ষম হবেন।"

সংখ্যাশুরু অধ্যুষিত স্থানে পুনর্বসতির অপর এক কারণ, ভীতি।
যে অপকার্য্য একবার করা হয়েছে, সংশ্লিষ্ট জনগণের হারা উহা পুনরায়
যে করা হবে না তার নিশ্চয়তা কি ? অপরদলের করুণাপ্রার্থীরূপে
বসবাস করার মধ্যে প্লানি আছে। 'অপরদল আমাদের রক্ষক' এ চিস্তা
মাহুষের পক্ষে কতিকর, আথেরে ইহা মাহুষকে হুর্বল করে। আত্মবিশ্বাসের অভাব মাহুষকে ক্লীবে পরিণত করে। এইরূপ পরিস্থিতিতে
এক তয়াতুর আত্মবিশ্বাসহীন মানব গোষ্ঠীর স্পষ্টি হয়। সমাজ
বা দেশের পক্ষে ইহারা ক্ষতিকর এবং ভার বিশেষ হয়। ভিন্নরূপ
পরিস্থিতির স্পষ্টি সম্ভব না হ'লে মাহুষের উচিত ঐ স্থান ত্রায় পরিত্যাগ
করে এমন স্থানে বসবাস করা যেখানে তারা পুর্কের হ্লায় আপন গৌরবে
বাস করতে পারবে। এই 'সরে আসা বা চলে আসার' মধ্যে কোন ও
প্লানি নেই বরং যুক্তি আছে, সার্থকতাও।

স্বাধীনতাকামী একদল রাজপুত একদা রাজস্থান ত্যাগ করে নেপালে রাজ্যস্থাপন করেছিল। আজ তারা রাজপুত অপেক্ষাও এক ছুর্দ্ধ গুর্থা জাতির স্বষ্টি করেছে। একদিন স্থন্দরবনে ছিল বিত্তশালী সমৃদ্ধ জনপদ সমূহ। কিন্তু জলদস্যদের অত্যাচারে অতিষ্ঠ হয়ে* তারা দেশের অভ্যন্তরে সরে এসেছিল এবং পরে শক্তিসঞ্চয় করে ঐ দস্যদের উপকুল হ'তে বিতাড়িতও করেছিল। নিশ্চিতক্সপে ধ্বংসপ্রাপ্ত না হয়ে

পর্জনীজ জল-দহার। এই সময় বাঙালী কছাদের অপহরণ করে স্চী ছার। তাদের
হাত ফুটা করে হাতের চেটোগুলির মধ্যে দড়ি পুরে একত্রে তাদের জাহাজের পাটাতকে
বিক্রমার্থে মজুত রাথতো।

সবে এসে শক্তি-সঞ্চয় করার প্রয়োজন আছে। জীবন-বৃদ্ধের ইহা এক উৎক্টতম কৌশল মাত্র।

পুনর্বগতি সম্বন্ধীয় পরিকল্পনাসমূহ সমাজ-বিজ্ঞান এবং মনোবিজ্ঞাদের উপর ভিত্তি করে পরিকল্পিত হওয়া উচিত। বাঙলার প্রাম সমূহের প্রতি দৃষ্টিপাত করলে দেখা যাবে যে প্রতিটী গ্রাম চাষী এবং ভর্তপ্রেণীর সম্মিলিত বাসভূমি। কয় ঘর ব্যাহ্মণ, কয় ঘর কায়স্থ, কয় ঘর ধোপা এবং নাপিত, চাষী, মজ্র প্রভৃতি সেখানে একত্রে বাস করে। এই মিশ্র গ্রাম সমূহ বাঙলার প্রাণকেল্র। কোনও স্থানে কেবলমাত্র চাষী বা মজ্রকে প্রেরণ করার অর্থ সমাজ-ব্যবস্থাকে ভেঙে দেওয়া। নিম্মে এক চাষীর বিবৃতি হ'তে বিষয়টী সম্যক্রপে বুঝা যাবে।

"বাবু, আপনারা আমাদের কোথায় পাঠাচ্ছেন ? আপনারা আমাদের সঙ্গে যাছেন না কেন। তদ্রলোক ভিন্ন আমরা কোথাও কি বাস করেছি ? কে আমাদের বিবাদ মীমাংসা করে দেবে। কে আমাদের হয়ে কথা বসবে এবং দরখান্ত লিখে দেবে ? আমাদের বড় তয় করছে বাবু। আপনাদের বৃদ্ধি ছাড়া আমরা যে কখনও চলি নি।"

বস্ততঃপক্ষে অন্ততঃ কয়েক ঘর মধ্যবিত্ত শ্রেণীর লোক এদের সঙ্গে না পাঠালে এদের নৈতিক-শক্তি ভেঙে পড়বে। সম্ভব হ'লে একটা পুরা গ্রামের লোকের জন্ম নুতন এক গ্রাম পন্তন করা উচিত। এতদারা পুরাতন সমাজ ব্যবস্থা এবং শাসন অন্ধুর থাকে। নীড়হারা ছন্নছাড়া মামুব স্বভাবতঃই অপরাধপ্রবণ হয়ে থাকে। কিন্তু উপরোক্ত ব্যবস্থা এদের ঐতিহ্য রক্ষা করে এবং এরা পূর্বের ন্যায়ই সং এবং সতী থাকে।

িবিগত দাঙ্গায় দেখা গিয়েছে যে বছবিধ ক্ষম্প্রের মধ্যে সট্গান আক্ষরক্ষার্থে অধিক উপযোগী। ছর্রা সমূহ চতুদ্দিকে ছড়িয়ে পড়ায়, দাঙ্গাকারীরা প্রত্যেকেই আহত হয়। কিন্তু রাইকেলের গুলিতে মাত্র একজন নিহত বা আহত হয়েছে। জনতা বিতাড়দ করতে হ'লে সট্-গান ব্যবহারই প্রকৃষ্ট পছা।

উত্তা সাম্প্রদায়িকতা মাত্র একই সমাজের ছুইটি বিচ্ছিলাংশের মধ্যে সম্ভব। "আমি এ সমাজের কেহ নই," জোর করে তা চিন্তা করলে, এইরপ মনোবিকার সম্ভব। ইতিহাস অত্বীকার করে জোর করে নিজেদের ভিনজাতীয় মনে করলে অবনমন চিস্তা বা ধারণা (Inferiorcomplexity) মনে আসে। আমি হিন্দু এবং তুমি মুসলমান, কিন্তু আমাদের উভয়ের কিংমা মাত্র তোমার একজন হিন্দু পূর্বপুরুষ হয়তো এমন একজন ছিলেন যাঁর জন্মে হিন্দু মাত্র আজও গর্বামুভব করে। এক দলের গর্ব্ব করবার অনেক কিছুই আছে কিন্তু অপরদলের ইতিহাস নাই। একই জাতি হ'তে উভূত হ'লেও তারা পুর্বাপুরুষের গর্বে গৰ্বাম্বিত হ'তে অপারক। এইজন্ম নিরুপায় হয়ে বিজেতা এক বিদেশী জাতির পুর্বপুরুষদের গুণাগুণের প্রতি তাদের আরুষ্ট হ'তে হয়। সেইজন্ম তাদের প্রতিবেশীদের ঘুণাব্যঞ্জক ব্যবহারই অধিক দায়ী। এ ছাড়া আমরা দেখি হিন্দুরা মোসলেমদের ধর্মকে শ্রন্ধা করে, কিন্তু মাফ্ষ छाना करत वनः भूमनमानता हिन्द्र पर्याक घुगा करत, কিন্তু তারা মাতুষ হিসাবে তাদের শ্রদ্ধা করে। পরস্পরের মধ্যে ভাবের আদান-প্রদানের অভাবের কারণে সাম্প্রদায়িক হিন্দু-মুসলমানদের মধ্যে এই প্রাপ্ত ধারণা স্থান পেয়েছে। এই ঘুণা সময়ে সময়ে কিরূপ নিষ্ঠুর হয়ে উঠে তা নিয়ের বিবৃতি হ'তে বুঝা যাবে।

"সহসা দেখলাম, হৈ হৈ করতে করতে দা কুড়ুল এবং লেজা হাতে দলে দলে লোক আমাদের গ্রাম আক্রমণ করলো। প্রকাদের নির্দেশে আমরা অমুকবাবুর কোঠা বাড়ীতে আশ্রয় নিই। সর্বান্তম আমরা ৩০ জন নারী ঐ স্থানে ছিলাম। ত্র্পিন্তরা বন্ধ দরজান্তলি ভেঙে ফেললে আমরা

রাত্রের অন্ধকারে পিছনের দরস্বা থুলে জঙ্গলে আশ্রয় নিই। ছর্ক, স্বরা টর্চ্চ-বাতির সাহায্য একে একে আমাদের সকলকেই কাহার হাত কাহারও বা চুল ধরে ঐ বাড়ীতেই ফিরিয়ে আনে। এরপর ছুরি উচিয়ে একে একে সকলকেই জিজ্ঞাসা করে, 'নিকে করবি না মরবি।' ছেলে-মামুষ মেয়েরা কাঁপতে কাঁপতে উত্তর করলো, 'হাঁ নিকে করবো।' এরপর তারা আমাকে জিজ্ঞাসা করলো, 'তুই কি করবি ?' উত্তরে আমি বলেছিলাম, 'আমার বয়স ৫০ হবে। আমার স্বামী এবং ছয় পুত্র বর্ত্তমান। তোমাদের যদি প্রবৃত্তি হয় তো তা'ই করো, কিন্তু প্রাণটা আমার রক্ষা করো।' ছুই একজন ছোকরা ত্র্কৃত বেছে বেছে কয়েকজন মেয়েকে বাইরে টেনে নিতে চাইলো, কিন্তু বয়য় য়্বর্ব,তারা তাদের নিবৃত্ত করে বললো, 'ছেড়ে দে এদের। আজ এরা এখানেই থাক। কাল ওদের ধর্মান্তরিত করে প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে।' এরপর ওরা আমাদের দেহ হ'তে মাত্র গহনাগুলি খুলে নিয়ে চলে গেলে। আমরা জঙ্গলের মধ্য দিয়ে সহরে চলে আসি। পরের দিন ওখানকার কয়েকজন জননেতা আমাদের সঙ্গে করে ঐ গ্রামে ফিরে আসে এবং সংখ্যাগুরু সম্প্রদায়ের লোকদের ভৎসনা करत वरन, 'त्जामता कि चामारनत नमा तार्श्वेत ध्वःम हा इंजानि।' ভালোরণে বুঝানোর ফলে তারা প্রকৃতিস্থ হয় এবং অমুতপ্তও হয়। এরপর এদের কেহ কেহ আমাদের অপস্ত অলঙ্কারাদিও ফিরিয়ে मित्र यात्र।"

এই সম্বন্ধে অপর আর একটী ঘটনামূলক মর্মান্তিক বিবৃতি নিমে উদ্ধুত করা হলো।

"উপরে উঠে এসেই ওরা আমার স্বামীর বুকে ছোরা বদিয়ে দিলে। আমি বুদ্ধি করে চাদর দিয়ে তাকে ঢেকে দিই এবং তার বুকের উপর ঝাঁপিয়ে পড়ে বলি, 'যাঃ সব শেষ হয়ে গেল।' প্রস্কৃতপক্ষে আমার স্বামী তখনও জীবিত ছিলেন। আমি তার কানে কানে বলি, 'চুপ করে তরে থেকো কথা ক'য়ো না।' এরপর ছর্ক্তরা আমাকে এবং পছন্দ মত আরও কয়জন মেয়েকে নীচে এনে সার দিয়ে বিদিয়ে জিজ্ঞাসা করে, 'কি নিকে করবি।' এরপ লোমহর্ষণ ব্যাপার পূর্বে আমরা পরিলক্ষ্য করিনি। তরে কাপতে কাপতে আমরা উত্তর করি, 'হাঁ করবো।' ইতিমধ্যে ওপরের লুঠপাঠ সেরে বহু লোক নীচে নেমে আসে। এদের কয়েকজন দয়াপরবশ হয়ে বলে, 'কি করছো, ছেড়ে দাও ওদের। আমাদেরও মা বোন আছে।' তারা আমাদের অভয় দিয়ে বলে, 'যা পালা সব।' এরপর আমরা দৌড়ে জঙ্গলের মধ্যে লুকিয়ে পড়ি। ইতিমধ্যে প্লিশও এসে যায় এবং আমরা রক্ষা পাই। উপরে এসে দেখি আমার স্বামী তখনও পর্যান্ত বেঁচে আছেন।"

শোনা গিয়েছে, এই দাঙ্গায় পরিচিত এবং উপকারী বন্ধুরাও রেহাই পায়নি। এর কারণ ছুর্ক্তুদের ধারণা হয়েছিল একদিনেই বিরুদ্ধ সম্প্রাদায়কে নিঃশেষ করা সম্ভব। এবং প্রত্যুবে তাদের নিকট মুখ দেখানোর প্রয়োজন হবে না। নির্বিচারেপুরুষ হত্যা এবং নারী নির্য্যাতন এরা দেশপ্রেম এবং ধর্ম্মের অঙ্গ মনে করেছে। এর একমাত্র কারণ ধর্ম্মের ভূল ব্যাখ্যা। এই অসভ্যতা হ'তে পরিত্রাণ পেতে হ'লে প্রয়োজন, ধর্ম্ম উঠিয়ে দেওয়া কিংবা ধর্ম্ম ভালো রূপে শিক্ষা দেওয়া, কিংবা ধর্ম্মের ভূল ব্যাখ্যাকারীদের শান্তি দেওয়া।

এক ধর্মাবলম্বীদের অপর ধর্ম অবলম্বনে বাধ্য করা কথনও স্থকর নয়। যদি কোনও মাহ্বকে জাের করে কোনও ধর্মাবলম্বনে বাধ্য করা হয় তা'হলে কয়েক প্রুষ বাদেও জাের করে তাদের প্র্রপ্রুষদের ধর্মে ফিরিয়ে দেওয়া সম্ভব। এর কারণ তাদের রক্ত-মাংসে প্র্রপ্রুষদের ধর্মা এবং সংস্কার প্রবাহিত থাকে। জাপানের 'রিভাইবেল অব বুদ্ধইজম্' এবং স্পেদের 'ক্রীশ্চাদ ধর্মের পুন: প্রবর্তন' ইহার প্রকৃষ্ট উদাহরণ।
কিন্তু যারা কোনও ধর্ম স্বেচ্ছার প্রহণ করে, তারা কোনও পুরুষে সেই
ধর্ম পরিত্যাগ করে না। এই ধরণের ব্যক্তিগণ নান্তিক হ'তে পারে,
কিংবা নৃতন কোন ধর্মের স্বষ্টি করতে পারে, কিন্তু তাদের জোর করে
অন্ত কোনও ধর্মে ধর্মান্তরিত করা কট্ট-সাধ্য হয়। এ ছাড়া এ'ও দেখা
গিরেছে, যারা একবার স্বধর্ম ত্যাগ করেছে, তাদের দ্বিতীয়বার ধর্মা
ত্যাগ করতে বাধে নি।

ধর্মপ্রাণ ভারতবর্ষ হ'তে ধর্মকে বিদায় দেওয়া অসম্ভব। উভয় ধর্মের মাঝামাঝি কোনও ধর্ম্মের প্রবর্ত্তনও নিরর্থক। এতদ্বারা একটী ভূতীয় ধর্ম্মের স্মষ্টি করা হয় মাত্র। এক্ষণে একমাত্র উপায় যুগধর্ম্মের স্মষ্টি করা এবং প্রতিটী ধর্ম প্রত্যেককেই জানতে বাধ্য করা। তুলনা-মূলকভাবে বিভিন্ন ধর্মের আলোচনা দারা ইহা সম্ভব। ছাত্রদের "কম্প্যারাটেভ ্টাডি অব রিলিজন্ সাবজেকু" অবশ্য পাঠ্য হওয়া উচিত। এইজন্ম প্রত্যেক ধর্ম্মের সার সঙ্কলন করে মাত্র একটী পুস্তক প্রণয়ন করা প্রয়োজন। এক এক ধর্ম্মের কথা এক একটা পরিচ্ছেদে আলোচিত হবে। হিন্দু, বৌদ্ধ, ইসলাম, শিখ, জৈন, হিব্ৰু, খুষ্ট, কনফু সিয়াস প্ৰভৃতি প্ৰত্যেক ধৰ্ম্মত এতে স্থান পাবে। তবে ইহা বর্ত্তমান যুগের উপযোগী করে বিজ্ঞান-সন্মত ভাবে রচনাকরা চাই। শুনা গিয়েছে যে বিবেকানন্দের এইরূপ এক পরিকল্পনা ছিল। তিনি এমন একটী মন্দির নির্মাণ করতে চেয়েছিলেন याटा এक पिटक थाकरव सामराम श्रापेका, এक पिटक थाकरव हिन्दू ञ्चाপত্য, এक पिरक थाकरव शृष्टीन ञ्चाপত্য এবং এক पिरक थाकरव रवीक স্থাপত্য। মসজিদ, গির্জ্জা, মঠ এবং মন্দিরের সম্মেলনে এই উপাসনা গৃহ নির্মিত হবে। ইহার মধ্যকার ঘরে থাকবে একটা বিরাট "রিভলবিং বুক কেস"। এবং ইহার মধ্যে ছান্ত থাকবে বিভিন্ন ধর্ম গ্রন্থ সমূহ। বিজ্ঞানের

ছাত্রগণ বেমন কেমিষ্ট্রি, ফিসিক্স, বোটানি, জুলোজি প্রভৃতি সমভাবেই পাঠ করে, কিংবা একই শাজে পারদর্শী পণ্ডিতদের বিভিন্ন মতামত সাগ্রহে বিচার করে এবং মনে রাখে, অফুর্মপভাবে মাছ্রর মাত্রের নিকট পৃথিবীর প্রতিটী ধর্মমত অবশ্র পাঠ্য ও আদরণীর হওয়া উচিত হবে। অমুক বৈজ্ঞানিক বিদেশে জন্মছে বলে যে তার মতবাদ গ্রাছ হবে না তা বাড়লেও বলে না, বরং আদর করে তা তারা নিশ্চরই বুঝতে চেষ্টা করবে। ধর্ম প্রচার্রক বিদেশীই হোন স্বদেশীই হোন, বৈজ্ঞানিকদের স্থায় তারা তাদের মতবাদ সমগ্র বিশ্বের কল্যাণের জন্ম প্রচার করেছিলেন। উহা কোনও জাতি বা সম্প্রদায়ের একচেটীয়া মতবাদ হ'তে পারে না। ভূলে গেলে চলবে না যে ধর্ম-প্রচারকরা নিজেদের মধ্যে কথনও এইরূপ বাদবিসংবাদের প্রশ্রম দেননি। সমসাময়িক ধর্ম-প্রচারকদের জীবন ইতিহাস হ'তে ইহা বুঝা যাবে।

অপরাধ-গুণামী

শুণ্ডামী একটা সনাতন অপরাধ। সাধারণ মামুষের ধারণা শুণ্ডাগণ দৈহিক বলে সর্বাদাই বলীয়ান, কিন্তু সকল ক্ষেত্রে ইহা সত্য নয়। বহু ক্ষেত্রে প্যাঙলা চেহারার ব্যক্তিদেরও শুণ্ডাক্সপে দেখা গিয়েছে। এদের সকলেই যে সাহসী হয়ে থাকে তা'ও নয়। ছুর্বাল ব্যক্তিদের উপর এরা অত্যাচার করতে সাহসী হ'লেও প্রবল প্রতিপক্ষীয়দের নিকট এরা মাথা নীচু করেছে। আদর্শহীন শুণ্ডাদের সম্বন্ধে ইহা সকল সময়েই প্রযোজ্য। আদর্শপূর্ণ শুণ্ডাদের কিন্তু পৃথক প্রকৃতির দেখা যায়। প্রকৃত শুণ্ডাগণ বেপরোয়া পেশীবহুল সাহসী এবং দান্তিক হয়ে থাকে। আদর্শবিহীন গুণ্ডাদের মনোবল সহজে ভেঙে দেওরা যায়। এই অবস্থায় এরা মেবের স্থায় বাধ্য হয়ে উঠে। সাহাস করে এদের সমুখীন হ'লে এরা ভয় পেয়ে পলায়ন করে। নিমের বিবৃতি হ'তে বিষয়টী বুঝা যাবে।

"এইদিন আমি বাষ্প্যান যোগে অমুক স্থানে যাচ্ছিলাম। ট্রেনের কামরাগুলিতে তিল ধারণেরও স্থান ছিল না। কিন্তু পূর্ব্বাহে উপস্থিত হওয়ায় একটি ঝুলানো বেড (Hanging bed) আমি দখল করে শুয়েছিলাম। এই ঝুলানো বেডটীর নিমের সমগ্র বেঞ্চিটা অধিকার করে একজন দেশবালী পালোয়ান পূর্ব্ব হ'তে ভয়ে ছিল। নির্দ্ধারিত সময়ের বহু পূর্বের আগমন করে এই স্থবিধা আমরা লাভ করেছিলাম। ইতিমধ্যে বহু বাঙালী পরিবার ঠেসাঠেসি করে এখানে ওখানে বলে পড়েছেন। সকলের ভারে বসবার সোভাগ্যও হয় নি। তাঁদের অনেক দাঁড়িয়ে থাকতে বাধ্য হয়েছেন। কেহ কেহ লগেজ-গুলির উপর উপবেশন করে ক্লান্তি দূর করেছেন। কিন্তু এতো অস্থবিধা সত্ত্বেও কেহ তাকে উঠে বসতে বলতে সাহসী হ'লেন না। এই সময় অপর আর এক পরিবার ঐ গাড়ীতে উঠলেন। এঁদের সঙ্গে একজন যুবক ছিল। যুবকটী দেশবালীর অঙ্গ স্পর্শ করে বললেন, 'এই শোতা কাছে। উঠকে বৈঠো।'-'কাহে ?' পালোয়ান বলল, 'হাম পয়লি আয়া। নেহি উঠেকা।'---'কেয়া ! নেহি উঠেগা !' উন্তরে যুবকটী বললে, 'নেহি উঠেগা তো জবরদন্তীতে উঠায় দেগা।' যুবকের কথায় দেশবালী ক্ষিপ্ত হয়ে উঠেছিল। উঠে বসে সে গালিগালাজ স্কুরু করে দিলে, 'তেরি উল্লুকা, তেরি মাফিক ইত্যাদি।' বাস্প্যান ইতিমধ্যে ষ্টেশন ছেড়ে বহু দূর এসেছে। এ ছাড়া লোকটী যে নামকরা গুণ্ডা তা তার চেহারা হ'তেই বুঝা যায়। তার পক্ষে যাত্রীদের উপর হামলা স্থরু

করাও অসম্ভব ছিল না। বেগতিক বুঝে অন্তান্ত যাত্রীরা যুবককে নিরম্ভ হ'তে অফুরোধ জানিয়ে বললো, 'দকে মেয়ে ছেলে রয়েছে, গোলমাল করবেন না।' ঐ দিন ঐ গাড়ীতে বহু যাত্রী ছিল, কিছ কেহই যুবককে সাহায্য করলো না। বাধ্য হয়ে যুবক মেঝের উপর স্বজন সহ সতরঞ্চি পেতে বদে পড়লো। যুবকটী নিরন্ত হ'লেও পালোয়ানের রাগ কমলো না। সে অনর্গল গাল পেড়ে চলেছে। পরিশেষে আমারও ধৈর্য্যচ্যতি ঘটলো। আমি ঝুলানো বেডের स्रत तरम नीरहत व्यवश्राहै। तूरम निष्ठिमाम । मरन र'ला लाकहै।रक দিই এক ঘা বদিয়ে, কিন্তু তার ইয়া গদ্ধান ও বুকের ছাতি আমাকে ভীত করে তুললে। তার উরুদেশটীও আমার দেহাপেকা ভুল ছিল। স্থুই একজনকে সে অনায়াসে বাইরে ফেলে দিতে পারে। অগত্যা আমি মনে মনে বললাম, 'যা বেটা তোকে কমা করে দিলাম।' কুপ্ত মনে পুনরায় ভয়ে পড়ছিলাম সহসা শিকল ফদকে আমি নীচে পড়ে গেলাম। গুণ্ডা লোকটি হেট হয়ে বেঞ্চির উপর বদে গজরাচ্ছিল। আমি বদা অবস্থাতে তার গর্দানের উপর পড়ে গেলাম। উঁচু হ'তে পড়ায় প্রভার গতি বেশী ছিল। আমার ভার সহ্থ করতে না পেরে লোকটা হুমড়ি থেয়ে গড়িয়ে পড়লো। লোকটার ঘাড়ের উপর বদে পডায় আমার আঘাত লাগেনি। কিন্তু গুণ্ডা লোকটীর খুব বেশী আঘাত লেগেছিল। আমি সভয়ে উঠে দাঁড়িয়ে ভাবছিলাম যে আমার অদৃষ্টে কি হবে ? সহসা শুনলাম যে লোকটা কাতরাতে কাতরাতে বলছে, 'বাবু আপ বিচার কিয়া নেহি, হামকো মারা।' লোকটা ভেবেছিল আমি পড়ে যাই নি। তাকে আমি মেরেছি। বুঝলাম গুণু। লোকটা ভয পেযে গিয়েছে। আর যায় কোথায় ? ঘুঁসি বাগিয়ে তাড়া করে প্রভাৱের করলাম, 'মারেগা নেহি ? ফিন্ মারেগা, উল্লুক কাঁহাকো।

জানতা হায় হাম কোন হায় ? জানানা লোককো সামনে উন্টা পান্টা বাত করতা। পাকড়াকে বাহার মে কেক দেগা।' আমার হন্ধারে লোকটা আরও ভীত হয়ে পুন: পুন: কমা চাচ্ছিল। তাকে চুলে ধরে উঠিয়ে আমি মেঝের উপর বসিয়ে দিলাম। উপস্থিত মরনারী বিক্ষারিত নেত্রে চেয়ে ছিলেন। প্রকৃত ব্যাপার এদের কেহ অহুধাবন করতে পারেন নি। এদের একজন জিজ্ঞেদ করলেম, 'আপনি কি স্থার একজন বক্সার ?' শুণ্ডা-পরিত্যক্ত বেঞ্চিটায় মহিলাদের জন্মে স্থান করে দিয়ে সংগারবে উত্তর করলাম, 'আজে হাঁ।"

শুণ্ডাগণ তিন প্রকারের হয়ে থাকে, যথা—(১) আদর্শহীন, (২) আদর্শপূর্ণ এবং (৩) মিশ্র আদর্শ, অর্থাৎ যাদের মধ্যে কিছুটা আদর্শও দেখা গিয়েছে।

সহরাঞ্চলেই শুণ্ডাদের প্রাত্মভাব বেশী। সহরের প্রভিটী পল্লীতে এদের বসবাস। এরা সাধারণতঃ কর্মালস হয়ে থাকে অর্থাৎ পেশা হিসাবে কোনও চাকরী বা স্যবসায় আত্মনিয়োগ করতে এরা সর্বাদা অনিচ্ছুক। এদের অনেকে শুণ্ডামীকেই পেশারূপে গ্রহণ করেছে।

আদর্শপূর্ণ শুণ্ডাগণ প্রায়শঃই অন্থায় কার্য্যে লিপ্ত হয না। নিজ হত্তে আইন গ্রহণ করার জন্থেই তারা অপরাধী। এরা স্থূল বৃদ্ধি, শক্তিমান এবং তাবপ্রবণ হযে থাকে। প্রবলের অত্যাচার হ'তে ত্ব্লিকে রক্ষা করার মধ্যে এরা এক অপূর্ব্ব পূলক অন্থূভব করে। কিন্তু বিচায় বৃদ্ধি কম থাকায় বহুক্ষেত্রে বিচারের নামে এরা অবিচারও করেছে। বহুক্ষেত্রে এরা যে স্থবিচারও না করেছে তা'ও নয়। কিন্তু রাষ্ট্রের উপর স্থন্ত কাজ স্বহন্তে গ্রহণ করায় এদের আমরা প্রশংসা করি নি। বহু ধনী ত্ব্তি আহোছ যারা প্রতিপত্তি এবং অর্থের কারণে রাজকীয় শান্তি হ'তে অব্যাহতি পেয়েছে, কিন্তু আদর্শপূর্ণ

বেশরোয়া পদ্ধী যুবকদের নিকট নিজার পায় নি। এই সকল শুণ্ডাদের উৎকোচ হারা বশীভূত করাও সক্তব হয় নি। আপন আপন বিশাস মত অপরাধীকে শান্তি দিতে এরা সর্বাদাই এগিয়ে এসেছে। এদের এবংবিধ কার্য্যমূহ রাষ্ট্র-বিরোধী হ'লেও উহা সমাজ-বিরোধী কি'না সে সহক্ষে মতভেদ আছে। কেহ কেহ বলেন যে এমন বহু অপরাধ আছে যা রাষ্ট্র ইচ্ছা সম্ভেও নানা কারণে প্রতিরোধ করে না বা তা করতে পারে না। এই রূপ ক্ষেত্রে ঐ সকল অপরাধ প্রতিরোধার্থে জনতাকে এগিয়ে আসতে হয়। সাধারণ ভাষায় ইহাকে বলা হয় "গণ-শুণ্ডামী"। বহু ক্ষেত্রে অর্থ ও লোকবলের জন্তা কিংবা বিচার-বিল্লাটের কারণে অত্যাচারী ব্যক্তি আদালত হ'তে মুক্তি পেলেও এই সকল গণ-শুণ্ডাদের নিপীড়ন হ'তে প্রায়ই মুক্তি পায় নি।

এই গণ-শুণ্ডামীর সহিত একক শুণ্ডামী এবং দলীয় শুণ্ডামীর প্রভেদ আছে। গণ-শুণ্ডামীর সহিত স্বার্থের সম্বন্ধ নেই, কিন্তু একক বা দলীয় শুণ্ডামীর সহিত স্বার্থের সম্বন্ধ আছে। গণ-শুণ্ডামী আকম্মিক ভাবে আদর্শ প্রণোদিত জনতা শ্বারা সংঘটিত হয়। রাষ্ট্র উহা প্রতিরোধ করলে আথেরে জনতার মতে মত প্রদান করে গণ-বিক্ষোভের মূল কারণ দ্বীভূত করে। অপরদিকে একক বা দলীয় শুণ্ডামী স্মচিন্তিত ভাবে স্বার্থের কারণে ক্বত হয়েছে। রাষ্ট্র এদের দমন করে এদের সকল উদ্দেশ্য পণ্ড করতে সকল সময়ই বন্ধপরিকর।

আদর্শহীন এবং আদর্শপূর্ণ গুণ্ডাদের কথা বলা হলো। এইবার কথঞ্চিৎ আদর্শ যুক্ত মিশ্র গুণ্ডাদল সম্বন্ধে বলবো।

প্রতি পল্লীতে এমন বহু বালক আছে যারা গুণ্ডামী না করে থাকতে পারে না। তাদের অন্তর্নিহিত স্পৃহা তাদের একটা না একটা বল-প্রয়োগের কার্য্যে লিপ্ত করবেই। রাজনৈতিক দল এই সকল দালা- শ্রের বালকদের আপন আপন উদ্দেশ্য সিদ্ধির জয়্য প্রারই নিয়োগ করেছে। এদের নিজস্ব কোনও রাজনৈতিক মতবাদের বালাই নেই। যে কোনও রাজনৈতিক দল অর্থের বিনিমরে এদের নিয়োগ করতে সক্ষম। সকল সময় যে এরা অর্থের বিনিমরে কাল করে তা'ও নয়। বছকেত্রে এরা নিছক গুণ্ডামীর কারণেই গুণ্ডামী করে থাকে। একটা কিছু বাদবিসংবাদ না করতে পারলে এরা ভৃপ্তিপায় না। এইজয়্য একদল রাজনৈতিক দল তাদের সাহায্য না চাইলে তারা স্কেছায় অপর দলে যোগ দিয়ে থাকে। যে দলটার অধিকারে গভর্গমেন্ট আছে সেই দলেই যোগ দিতে এরা আগ্রহশীল থাকে, কিন্তু শাসকের আসনে অধিষ্ঠিত থাকায় সরকারী দল প্রায়শংক্ষেত্রে তাদের সাহায্য গ্রহণ করে নি। এবং এর অবশ্রুগুরী ফল স্বরূপ এরা বিরোধীদের দলে যোগ দিতে বাধ্য হয়েছে।

বিংলাদেশে ১১৭৬ দালের মহস্তরের সময় বছ পিতামাতা পেটের জ্ঞালায় কিংবা অক্সান্ত কারণে আপন আপন শিশু সন্তানদের বিক্রয় করতে বাধ্য হয়। এই সময় কয়েকজন মিশনারী দাহেব এই দকল বাঙালী শিশুদের সংগ্রহ করে ফ্রান্স প্রভৃতি দেশে বিক্রয় করেছিল। বছ বাড়ীর ও দোকানের ফরাসী মালিক এদের বয় বা পেজ্রপে নিয়োগ ক'রে ফরাসী বিপ্লবের প্রথম দিকে এদেরই নেভুড়ে খ্রীট্ আর্চিনরা প্যারিসে নাশকতা কার্য্য প্রথম শুরু করেছিল।

ইতিহাস পাঠে জানা যায় যে পৃথিবীতে বড় বড় গণ-বিক্ষোভ বা বিপ্লব প্রারম্ভে এই সকল অর্কাচীন বালক এবং যুবকগণের দারাই পরিচালিত হয়েছে। তবে নিছক রাজনৈতিক গুণ্ডা দলের যে অন্তিত্ব নেই তা'ও নয়। নিছক রাজনৈতিক গুণ্ডাদল দলীয় আদর্শ সকল সময়ই অক্লপ্প রেখেছে। জনমত সংগ্রহ অপেকা দৈহিক বলের উপর এরা অধিক আছাবান থাকে। এইজন্ত এদের "রাজনৈতিক ওওা"
আথ্যা দেওরা হরে থাকে। এই সকল দলকে ভাড়াটীরা ওওাদের
সাহায্যে বিপক্ষ-পক্ষীর রাজনৈতিক সভাঙলি প্রারই আমরা পণ্ড করতে
দেখেছি। ভোট-যুদ্ধের সময় এরা অত্যন্তরূপ কর্ম্মতংপর হয়ে উঠে বলপ্রয়োগ হারা কার্য্য হাসিল করতে প্রয়াস পার।

উপরি উক্ত গৃহস্থ শুণ্ডাদের স্থায় শুণ্ডা-অপরাধীদের সংখ্যাও বড় বড় শহরসমূহে ন্যুন নহে। গৃহস্থ শুণ্ডাগণ খুন-খারাপি বা বড় বড় রাহাজানিকে ভয় করে, কিন্তু পেশাদারী বা গুণ্ডা-অপরাধিগণ সামাস্ত কারণেও খুন-খারাপিতে পেছপাও হয় নি। বড় বড় শহরে বিশেষ গুণ্ডা-আইন ছারা এদের দমন করা সম্ভব হয়েছে। এদের দাপট বা প্রতিপজ্তি এমনিই বে প্রকাশ্ত আদালতে তাদের বিরুদ্ধে কেহ সাক্ষ্য দিতে সাহসী হয় না। বিশেষ গুণ্ডা আইনে আসামীর অসাক্ষাতে সাক্ষ্যীদের সাক্ষ্য গ্রহণ করা হয়ে থাকে, এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের নিকট তাদের নাম ধাম বা ঠিকানা প্রকাশ করার রীতি নেই।

দক্ষ চিকিৎসকের আবির্ভাবের পূর্বেবে যেমন প্রাথমিক চিকিৎসার প্রয়েজন হয়, তেমনি পূলিশ অকুস্থলে পৌছিবার পূর্বের আন্ত সাহায্যেরও প্রয়েজন আছে। বিপদকালে আন্ত সাহায্যের জন্ত জনসাধারণের সাহসী অংশ সর্বাহাই এগিয়ে এসেছে। প্রতিটি স্থান, প্রতিটী বাটী চিবিশ ঘণ্টার জন্ত পূলিশের পাহারাধীন রাখা সম্ভব নর। পুলিশবাহিনী বিশেষ বিশেষ ঘাঁটাতে অবস্থান করে এবং সংবাদ পাওয়া মাত্র অকুস্থলে এসে হাজির হয়। কিন্তু অকুস্থলে পূলিশের আগমনের পূর্বেই বহু অঘ্টন ঘটে গিয়ে থাকে। এইজন্ত প্রাথমিক শান্তি-রক্ষার ভার বছকেত্রে জনগণকেই গ্রহণ করতে হয়েছে। কিন্তু জনগণ বছন্থলে ভাদের এই করণীয় কার্য্য নানা কারণে করেনি। এইজন্ত বহু ব্যক্তি বা

ব্যবসায় প্রতিষ্ঠান আপতকালে আত্মরকার্থে ভাড়াটীয়া গুণ্ডা পুষে এসেছে। সিনেমা কোম্পানী সম্হকে নানা কারণে গুণ্ডাদের হারা বিপর্যান্ত হ'তে হয়েছে। পুলিশ অকুন্থলে পৌছিবার পুর্বে এই সকল গুণ্ডাগণ প্রেক্ষাগৃহের ক্ষতি তো করেছেই, এমন কি কর্মাচারীবৃন্দকে মারধর করতেও কুণ্ঠা বোধ করেনি। "মুফং" ছবি দেখতে না দিলে এরা প্রায়ই এইরূপ উৎপাত করে থাকে। এই সকল নিজ্মা গুণ্ডার দল একটা নর, বছ। এদের সকল দলের জন্ম প্রেক্ষাগৃহ উন্মুক্ত রাখলে ব্যবসায় এমনিই অচল হয়ে যাবে। এই জন্ম কর্তৃপক্ষ মাত্র এদের একটা দলের সহিত বন্দোবন্ত করে নিয়ে থাকে। এই দলের কয়েকজনকে এরা অর্থ এবং ফ্রি পাশ প্রদান করে থাকেন। এর বিনিময়ে তারা অপরাপর দলকে পুলিশ পৌছানো পর্যান্ত ঠেকিয়ে রেখেছে। অবশ্য অধ্নাকালে বহু শ্বানে এই প্রথার বিলুপ্তি ঘটেছে।

বেশ্যালয় সম্হেরও প্রাথমিক শান্তি-রক্ষা এক শ্রেণীর গুণ্ডাদল কর্তৃক হয়ে থাকে। বারবনিতা গৃহের বাড়ীওয়ালীরা এইরূপ বহু গৃহস্থ গুণ্ডাদের মাসিক মাহিনায় পুষে এসেছে। এই সকল গৃহস্থ গুণ্ডাগণ বেশ্যা-পলীতেই কোনও এক গৃহে স্বপরিবারে বাস করে। অসহায় ভাড়াটীয়াদের ছর্দান্ত মাতাল বা ছর্ব্ব্ গুদের হস্ত হ'তে রক্ষা করার প্রয়োজন হ'লে চাকর মারফৎ বাড়ীওয়ালীরা এই গুণ্ডাদের ডাকিয়ে আনে। রাতবেরাতে সংবাদ পাওয়া মাত্র এরা ছরিত গতিতে অকুস্থলে উপস্থিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেছে। নিয়ের বিবৃতি ছুইটি হ'তে বিষয়টী সম্যকরূপে বুঝা বাবে।

"৪০ বংসর পূর্বে আমি অমুক শহরতলীর প্রেকাগৃহের ম্যানেজার নিযুক্ত হই। বিদায়ী ম্যানেজার অমুকবাবু আমাকে একজন স্থানীয় ভাঙা নামধেয় এক ব্যক্তির সহিত আলাপ করিয়ে দিয়ে বললেন, 'এঁর সাহায্য গ্রহণ দা করলে এখানে আপনি টে কতে পারবেন না। এমন কি এ'জন্ত আপনার জীবনও সংশয় হয়ে উঠবে। এঁদের আমরা মাসিক এতো টাকা দিয়ে এসেছি। হাউসের মালিকেরও এই সব ব্যাপার জানা আছে। বাজে খরচের মধ্যে এই টাকা ফেলে দিয়ে হিসাব রাখবেন।' শুণ্ডা ভদ্রলোক 'হেঁ হেঁ' করে হেসে বললেন, 'আমি আপনাদেরই একজন আছি। আজ কিন্তু আমার চার জনের জন্ত একটা পাশ চাই। আমার শ্বন্তর বাড়ী থেকে শালা ও শালীরা এসে গিয়েছে, আছ্ছা নমস্কার।' যাই হোক এই ভদ্রলোকের সাহায্যে মাস ছুই আমি নিশ্চিত্ত ভাবে কাজকর্ম্ম চালাচ্ছিলাম। মাঝে মাঝে শুণ্ডা প্রকৃতির লোকেরা প্রেকাগৃহে এসে ঝামেলা যে করে নি তা'ও নয়, এমন কি সোডাওয়াটারের বোতলও ছুই একটা ছুঁড়ে গিয়েছে। পুলিশে খবর দিয়েছি কিন্তু পুলিশ চলে যাওয়া মাত্র আবার পুর্ণোভ্যমে তারা আক্রমণ করেছে। কিন্তু এই ভদ্রলোক তার দল বল সহ প্রতিবারেই তাদের আক্রমণ প্রতিহত্ত করেছে। এমন কি এদের ছুই একজনকৈ গ্রেপ্তার করে পুলিশেও সোপর্দ করে দিয়েছে।

একদিন সন্ধ্যার দিকৈ অফিসে বসে আছি এমন সময় একটা বেরাড়া চেহারার লোক এসে জানালো,—'দেখুন আমি অমুক সাহেবের দলের লোক বাংলা ছবি আমরা ভালো বুঝি না। তা এখন হিন্দি ছবি যখন দেখাছেন তখন আমাদেরও কয়েকজনকে ফ্রি পাশ দিতে হবে, আপনাদের।'—'দিল্লাগীর আর জায়গা পাও নি,' বিরক্ত হয়ে আমি উত্তর ক্লুরলাম, 'যাও আভি তুম লোক নিকাল যাও।' এর ফল স্বর্গণ এইদিন যে হাঙ্গামা হয় তাতে আমি নিজেও আহত হয়ে পড়ি। আমাদের বন্ধু গুণ্ডার দলের চেটা সত্ত্বেও এইদিন প্রয়োজনীয় সাহায্য প্রদান করতে পারে নি। প্রেক্ষাগৃহের আসবাব-

পত্রের অপুরণীয় ক্ষতি সাধন ক'রে নবাগতরা পলায়ন করে। হাঙ্গামার খবর পেয়ে পুলিশ তদক্তে আসে এবং জিজ্ঞাসা করে যে এরা অমুক गार्टित्त पन कि'ना। तना राह्ना, भूनिम चात्रात चरारहिल भूर्त्सहे এরা স্থান ত্যাগ করেছিল। পরের দিন বন্ধু গুণ্ডার পরামর্শ মত আমি অমুক সাহেবের প্রাসাদে এসে ধকা দিই। অমুক সাহেব তথন সবেমাত্র মোটর বিহারান্তে গৃহে ফিরেছেন। আমাদের কার্ড পাওয়া মাত্র তিনি তাঁর স্থপজ্জিত বৈঠকখানায় আমাদের তলব করলেন। ফ্যানের তলায় মুল্যবান ফরাসে বসে এই সময়ে তিনি তাম্রকৃট সেবন করছিলেন। আমরা নমস্বার জানিয়ে তাঁর কাছে আবেদন জানালে তিনি স্মিতহাস্তে অভয় দিয়ে জানালেন, 'ওসব গণ্ডগোলের কথা হামি মাত্র আজ সকালেই শুনিয়েছি। হামি সবকইকে ধমকিয়ে তি দিয়েছি বহুৎ চিল্লাচিল্লিভি कतिराहि। তা আপনারা আসবেন আমার কাছে, यथनই ইচ্ছা হবে তথনই আদবেন। লেকেন ওরা সব ছোটা আদমী আছে, বায়স্কোপ টায়োস্কোপ দেখতে ভি থোড়া চাহে। আচ্ছা, আপনি এক কাম করবেন সপ্তাহে মাত্র ছয় জনকে দেখতে দেবেন। যখন যাবে ওরা হামার নাম त्नर्व। **चांत कृष्ट्र** शीनमान श्रव ना। वना वाहंना र्य जस्तारकत দৌজন্তে এবং আতিথেয়তায় আমি মুগ্ধ হয়ে পড়েছিলাম। আমার মন বিশ্বাস করতে চাইলো না যে এই রকম এক ব্যক্তি গুণ্ডাদের সন্দার হ'তে পারে। শহরে ভদ্রলোকের ছইটা বড় বড় কারবার আছে। তা ছাড়া তিনি স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের একজন মেম্বার এবং এই স্বঞ্চলের দশ বারোটী বড় বড় বন্ধি গ্রামের তিনি মালিক। স্থানীয় হামপাতালে দশ হাজার টাকা তিনি দানও করেছিলেন। স্থানীয় কর্ড,পক্ষের নিকটও এই কারণে তাঁর খাতির আছে।

এই বর্ণচোরা মানবটীর সহিত পরিশেষে আমি বিশেষ খাতির

জমিরে ফেলেছিলার। একদিন তিনি আমাকে তাঁর খাল ডেরাতেও 'নিয়ে গিয়েছিলেন। এখানকার শুণ্ডাদলের কার্য্যাবলী অবলোকন ক'রে আমি বিশ্বিত ও হতভম্ব হয়ে গিরেছিলাম। এমন কোনও অপরাধ ছিল ना, या किना वाँत परनत लारकता ना करतरह। शत्रमात विनियस वता ৰাত্মৰ খুন করতেও পেছপাও হতো না। তবে নিবিদ্ধ ও বে-আইনী **म्ब**र शानात बातारे अता अधिक अर्थ উপार्ब्जन करतिहन । अमूक नार्ट्य এইদিন তাঁর এক পাঞ্জা আমাকে উপহার দেন এবং বলেন, 'এই পাঞ্জা দেখামাত্র তাঁর দলের লোকেরা আমাকে নিরাপদে পৌছে দেৰে।' এর বহুদিন পরে একদিন আমি বিক্রমলক বার শত টাকা সহ রাত্রে গঙ্গার পুল অতিক্রম করছিলাম। এমন সময় একদল দহ্য পথ অবরোধ करत টोकांत भूँ पृे निहा हिनिश्व निल्न । अत शत अत्मत अक्षन अकहा চাকু উচিয়ে বললে, 'এবে শালা ভাগ। নেহি তো জানসে মারিয়ে দেবে। আমি তাদের নেতাকে ধমক দিয়ে উত্তর করলাম, 'জান্তা হায় কোন হায় । এই দেখো পাঞ্জা।' অমুক সাহেবের ছিল এই অঞ্চল একছত্র আধিপত্য। দেখলাম, লোকগুলো ইতিমধ্যে সম্ভত্ত হয়ে উঠেছে। ভারা ক্রটী স্বীকার করে অপহত নোট কয়্রটী গুণে গুণে আমাকে ফেরত निराहिन। এদের একজন এ'ও বলেছিল, 'লেকেন বাবু পুলের ওপারে चामारत कान (लाक (नहे। चम्र कान अ मन अर चाननारक न्रंध নিতে পারে। আপনি আমাদের সাহেবের লোক। চলেন আপনাকে খোড়ী দুর এগিমে দিয়ে আসি।"

এই সম্বন্ধে অপর একটা বিহুতি নিম্নে উদ্ধৃত করদাম। এই বিহুতিটী হতে বক্তব্য বিষয় সম্যকন্ধপে বুঝা যাবে।

"অমুক বেশ্যালয়ে আমর। এইদিন কয়জন রাত্রিবাস করতে মনস্থ করেছিলাম। কিন্তু রাত্রি দশটার সময় একজন ভন্তলোক উপস্থিত হওয়া মাত্র ঐ বারবনিভাটী আমাদের নিকট অপ্রিম অর্থ গ্রহণ করা শক্তেও আমাদের তৎকণাৎ বিদায় দিতে চাইল। আমরা কিন্ত এই প্রভাবে কিছুতেই রাজী হলাম না। পরিশেষে ঐ বারবনিতাটীর সহিত আমাদের বাকবিততা বলপ্রয়োগের পর্যায়ে এসে পড়লো। বারবনিতাটী व्यक्यार हीरकात क'रत तरन डिर्राला, 'अ वाड़ी अञ्चानी मानी, नीखि अरमा, त्नरम এरमा। शूरन **फाका** जा वृति चामारक लिय करत निरम।' अत কিছুক্লণ পরে বাড়ীওয়ালী একজন স্থলকায় আধাবয়সী ভদ্রলোককে নিয়ে আমাদের এই ঘরে উপস্থিত হয়ে জিজ্ঞাসা করলো. 'কি লা ? হয়েছে কি. এঁয়া ? দেখো তো মণিদা কারা এরা ?' এই স্থলকায় ভদ্রলোক ছিলেন ঐ পাড়ার বিখ্যাত শুণ্ডা মণিবাবু। মণিবাবু আমাদের ছুইজনকার ঘাড় ছটো ধরে একেবারে শুইয়ে দিয়ে বললেন, 'এঁয়া বড্ড বাড় বেড়েছো, না ? এখন দাও হাতের ঘড়ীটা চটুপটু খুলে।' এর পর ঐ মণিবাবু আমাদের নিকট হ'তে পেন ও কুড়িটা টাকা কেড়ে নিয়ে ধাকা দিয়ে আমাদের রান্তায় বার করে দিলে। বলাবাহল্য আমরা সংগোপনে বেশ্যালয়ে এসেছিলাম। এইকারণে লক্ষায় থানাতে এ সম্বন্ধে এজাহার দিতেও সাহসী হই নি।"

উপরোক্ত কারণে বেশ্বাপল্লীতে গুণ্ডামী বা রাহাজানি অবাধে সংঘটিত হয়ে থাকে, কারণ ভদ্রসন্তানগণ তাদের বেশ্বালয়ে আগমনের বার্তা কাহারও নিকট প্রকাশ করতে রাজী হন না। কিছু শুণ্ডামী অধিকতরক্ষপে এই পল্লীতে প্রশ্রম পেলে বারবনিতাদেরই ক্ষতি হয় অধিক। নির্কিচার শুণ্ডামী বা রাহাজানির কারণে ভদ্র মাছ্য অর্থাৎ বাবু বা খরিদ্দারদের আভাব ঘটে। কারণ এই অবস্থায় কেহ ভয়ে এই সকল পল্লীতে আসা সমীচীন মনে করে না। এই ভাবে দেহ-পণ্য ব্যবসায় ক্ষতি ঘটলে বেতনভোগী শুণ্ডাদের প্রয়োজন এবং তাদের উপার্ক্তনণ্ড কমে গিয়ে

থাকে। এই কারণে এই সকল গৃহস্থ শুণাগণ ভদ্র পথচারী এবং বেশালরে আগমনেচ্ছু ব্যক্তিদেরও অসৎ ব্যক্তিদের আক্রমণ হ'তে রক্ষা ক'রে এসেছে। ক্ষেত্র বিশেষে এই বিষয়ে নিজেরা অপারক হ'লে এরা পুলিশে খবর দিভেও ইভন্তভ: করে নি। বেশালরে আগত ভদ্রসন্তানগণ নিজেরা উৎপাতের স্থাষ্ট না করলে এরা তাদের উপর কোনওক্নপ উৎপীভন বা অত্যাচার করে নি।

শহর সমূহে কিরুপে বালকগণ গুণ্ডায় পরিণত হয় তা নিস্নের বিবৃতিটী হ'তে সম্যকরূপে বুঝা যাবে।

"আমার নাম অমুক গুণ্ডা। লোকে আমাকে গুণ্ডা বললে আমি রাগ করি না বরং খুশী হই। কারণ আমি গুণ্ডা অর্থে শক্তিমান এবং সাহসী পুরুষকেই বৃঝি। এর কারণ বাল্যকালে আমি রুগ্ন ছিলাম। আমার দৈছিক তুর্বলতার ভুষোগে পড়শী বালকেরা অকারণে আমাকে মারধর করতো। এইজন্ম আত্মরক্ষার্থে আমি দৈহিক বলে বলীয়ান হ'তে ইচ্ছা করি। আমি নিয়মিত ব্যায়াম স্থক করি এবং এক আখড়ায় ভণ্ডি হয়ে পড়ি। এই সময় আখড়াগুলি গুণ্ডা শ্রেণীর লোকেদের দ্বারা পরিচালিত হতো। এইখানে আমি কুন্তী, ব্যায়াম এবং লাঠি খেলা শিক্ষা করি। এখানকার পরিচালকরা ঘরোয়া বাদবিসংবাদে আমাদের মারপিঠের কার্য্যে হামেসাই নিযুক্ত করতো। বাল্যকালে মার আমিই খেয়ে এলেছি। তাই যৌবনে অপরকে মারতে পেরে আগ্রভৃপ্তি লাভ করতাম। এই সময় স্মামরা কুলপী বরফওয়ালাদের মারপিঠ করে বরফ কেড়ে খেরেছি। ট্রাম বাদে ভাড়া চাইলে আমরা কণ্ডাক্টারদের মারপিঠ করে নেমে পড়েছি। এই মারপিঠের মধ্যে আমরা অভূতপূর্ব্ব আনন্দ লাভ করতাম। এরপর হ'তে আমাদের লোভ এবং সাহদ আরও বেড়ে যায়। আমরা স্থবিধামত পথচারীদের অর্থাদি কেড়ে নিতে ত্মরু করে দিই। বাধা পেলে

আমর। ছুরি উঁচিয়ে তাদের নিরস্ত করতাম। বহুক্লেতে আমরা দল
বেঁধেও এইরূপ রাহাজানি করেছি। নিজ পল্লীতে এইরূপ অপকার্য্যে
আমরা কখনও হাত দিই নি। বরং পল্লীবাসীদের নানারূপ ফাইফরমাস থেটেছি এবং সুযোগ পাওয়া মাত্র তাদের উপকার করেছি।
এজন্ত পাড়ার লোকের ধারণা ছিল আমরা সকলে পরোপকারী যুবক।
এই কারণে পুলিশ সরজমীন তদস্তে এলে পড়শিগণ পঞ্চমুথে আমাদের
স্থিয়াতি করেছে। ফলে পুলিশ রিপোর্ট দিতে বাধ্য হয়েছে যে আমরা
ভালো লোক, গুণ্ডা তো নই-ই। ভোটের ব্যাপারে আমরা স্থানীয়
নেজ্স্থানীয় ব্যক্তিদের সর্বাদাই সাহাধ্য করেছি। এজন্ত তাঁরা কাউকেউ
আমাদের অক্সপর্শ করতে দেননি। এই সকল নেতাদের নিকট হ'তে
আমরা নিয়মিত পারিশ্রমিক পেয়েছি। এ'ছাড়া, ব্যক্তি বা দলম্বারা
নিমুক্ত হয়ে আমরা মারপিঠ করতে সর্বাদাই পট।"

শুণারা যে পল্লীতে বাদ করে দেই পল্লীতে তারা উৎপাত করে কম। এদের নেতারা এই বিষয় সর্বাদা দত্তক থাকে। দলের লোকেরা নৈবাৎ কোনও অন্থায় করে ফেললে দলের নেতা তাদের ভর্ণদনা করে এবং তাদের হয়ে সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ক্ষমা চেয়ে আদে।

একক গুণ্ডামী অপেক্ষা দলবদ্ধ গুণ্ডামী শহরে অধিক দেখা যায়।
এদের প্রতিটী দলের জন্ত এক একজন ব্যক্তিত্বপূর্ণ সাহসী নেতা
আছে। এই সকল নেতাদের নির্দেশ মত দলের অপরাপর ব্যক্তি কার্য্য
করতে বাধ্য।

পূর্ব্বকালে [৫০ বৎসর পূর্ব্বে] এরা অত্যন্ত শক্তিশালী ছিল। নিম্নের বিবৃতি হ'তে বিষয়টী বুঝা যাবে।

"আমাদের বসতবাটীর পিছনে এই সময় এক তুর্দান্ত ভণ্ডা বাস করতো। তার নাম ছিল অমুক পাঞ্জাবী। ধর্মে ছিল সে মুসলমান।

নে যথন মৃত্যাদে নামাজ পড়তে ষেতো, তখন আর কেউ দেখানে যেতে गारंग कतरा ना । (य मिथारन এकार नामां अप्राचा । हेन्नामीत গণত ইও তার দান্তিকতার নিকট হার মেনেছিল। ব্যক্তিগত ভাবে তার বিরুদ্ধে আমার কোনও অভিযোগ ছিল না, বরং দেখা হ'লে সে আমাকে সম্মান দেখিয়ে সেলাম করেছে। কিন্তু তা সত্ত্বেও তার কীতি কলাপ আমি পছন্দ করতে পারি নি। আমাদের বাটীর পিছদের বন্তিতে তার ডেরা ছিল। দেখানে অধিক রাত্রি পর্য্যন্ত লুঠের টাকার ভাগ বাঁটোয়ার। হতো। এছাড়া গাঁজা এবং কোকেন বিক্রীরও উহা একটা ঘাঁটা ছিল। বিরক্ত হয়ে একদিন আমি কর্ত্তপক্ষের নিকট একটা দরখান্ত পেশ করে দিলাম। এই দিন আমি বাইরে যাবার জন্ত আমার জুড়ী গাড়ীতে আরোহণ করতে যাচ্ছি, এমন সময় অমুক পাঞ্জাবী আমার পথ অবরোধ করে দাঁডালো। আমি অবাক হয়ে লক্ষ্য করলাম যে আমার শেখা দরখান্তটা তারই হাতে রয়েছে। মুখ বেঁকিয়ে দে বললে, 'কেয়া বাবুদাব। হাম আপকো কুছ কিয়া? হামলোকদে ছবমণি মাৎ কিজিয়ে। পর দিন আমি কর্তৃপক্ষের নিকট বিষয়টী জানালে কর্তৃপক্ষ তাঁর হেড ক্লার্ককে দরখান্ডটা পেশ করতে বললেন। হেড ক্লার্ক আমার সমুখেই দরখান্তটী হাজির করে প্রমাণ করলেন যে উহা চুরি যায় नि।"

ি কছুকাল পুর্বের বড়বাজার অঞ্চলে এক শ্রেণীর গুণ্ডার আবির্ভাব হুরেছিল। ধীরে ধীরে সমগ্র উত্তর এবং মধ্য কলিকাতায় এই দল ছড়িয়ে পড়ে। গুণ্ডাদের জন্ম বিশেষ আইনের প্রচলন দারা অতিক্ষে এদের দমন করা হয়। এই অপ-দলের স্পৃষ্টির একটা চমকপ্রদ ইতিহাস আছে। প্রথম মহাযুদ্ধের সময় এই স্থানের ব্যবসায়ী শ্রেণী অত্যন্ত ধনী হুরে উঠে। এই সময় এরা এরূপ বহু বেকার অথচ সবল ব্যক্তিকে কর্ম্মে

নিযুক্ত করে তাদের পোষণ করতো। কিন্ত যুদ্ধাবসানে ব্যবসায় বাজারে মন্দা পড়ে যার। এই সময় এদের পূর্কের স্থায় ভরণপোষণ করা সম্ভব হতো না। এই দলের কেউ কেউ তয় দেখিয়ে ব্যবসায়ীদের নিকট পয়সা আদায় করতে হুরু করে। প্রথম প্রথম শান্তিপ্রিয় ব্যবসায়ীরা এদের দাবী পুরণ করতো, কিন্তু পরিশেষে তা করা তাদের সকলের পক্ষে সম্ভব हर नि। এই मल्लत मर्था अमन वह शिक्तमा हिल यारमत [मान्यमान्निक नाजात गमश्र] तात्रनाशीता आञ्चतकार्त्य मृत्रुक त्थरक आमनानी करतंहिन। এই সকল ব্যক্তি এই সময় প্রকাশ্যে রহাজানি ত্বরু করে দেয়। ব্যবসায়ীরা কোন্ সময়ে কোন্ পথে অর্থাদি আনয়ন করে তা তাদের পূর্বে হ'তেই জানা ছিল। ব্যাহ্বহ'তে অর্থাদি আনয়নের সময় এরা দারোয়ানদের ব্যাগ সমূহ প্রায়ই ছিনিয়ে নিত। বিপদ অবহিত হয়ে ব্যসায়িগণ সশস্ত প্রহরীদের সাহায্যে শকট যোগে অর্থাদি আনয়ন করতে থাকে। এর পর হ'তে এই গুণ্ডা দলের উৎপাত ত্মরু হয় নিরীহ প্রধারীদের উপর। এরা ছুরি উঁচিয়ে পথচারীদের ব্যাগ, ঘড়ী ও অর্থাদি প্রায়ই অপহরণ করেছে। কোনও কোনও ক্ষেত্রে পথচারীরা যে বাধা না দিয়েছে তা'ও নয়। এইরূপ ক্ষেত্রে উভয়পক্ষে রীতিমত মারপিঠ বা ধন্তাধন্তি স্থরু হয়ে গিয়েছে। পুলিশ অকুস্থলে এদে ছুই ব্যক্তিকে রাজপথে মারপিঠ করতে प्तरथ चानामी **এবং ফরিয়া**দী উভয়কেই ধরে এনে তাদের বিরুদ্ধে মার÷ পিঠের মামলা দায়ের করেছে। সহজেই মামলাটী এই ভাবে নিষ্পত্তি করতে পাবার জন্মই বোধ হয় তারা প্রকৃত তথ্য অবগত হবার চেষ্টা পর্যান্ত করেনি। থে সকল প্রাথমিক অপরাধীরা চুরি, চামারী বা পকেট মারভে দচেষ্ট হতো তারাও বুঝেছিল যে ঐ সকল বিপঞ্জনক ব্যবসায় অপেকা কেড়ে কুড়ে নেওয়ায় অধিক লাভ। এইশ্রেণীর বহু প্রাথমিক অপরাধী পরিশেষে এই ব্যবসায় অবলম্বন করে। অবস্থা এইরূপ

বিপক্ষনক হয়ে উঠলে প্লিশ যথাসত্বর ব্যবস্থা অবলম্বন ক'রে এবং বিশেষ উত্তা আইনের সাহায্যে এদের দমন করতে সমর্থ হয়।

এমন বহু গুণ্ডা আছে যারা বুঝে-খুঝে বা ভেবে-চিন্তে কাজ করে না
বরং প্রায়শ:ক্ষেত্রে তারা অত্যন্ত বেপরোয়া হয়ে থাকে। এই প্রকৃতির
শুণ্ডাদের সাধারণ ছিন্তাই (Robber) বা ডাকাতাদি বলা হ'য়ে থাকে।
সাধারণ অপরাধীদের সহিত এইসব গুণ্ডাদের প্রভেদ প্রকৃতিগত।
অপরাধী শুণ্ডাগণ প্রায়শ:ক্ষেত্রে ছুরি ব্যবহার করেছে, কিন্তু গৃহস্থ গুণ্ডারা
ব্যবহার করে লাঠি প্রভৃতি ঘরোয়া অস্ত্র সকল। ইদানিং বহু গুণ্ডা
আর্মেয়াস্ত্র ব্যবহারেও অভ্যন্ত হয়েছে।

প্রকৃত শুণ্ডা ব্যতীত পল্লী-শুণ্ডাও (Pseudo Gunda) দেখা যায়। প্রতি পল্লীতে অপরিণত বালক এবং বিপথগানী যুবকগণ প্রকৃত শুণ্ডাদের পদ্বাহুদারে শুণ্ডা হ'তে প্রয়াদ পেয়েছে। এক পাড়ায় শুণ্ডাদের সহিত ছুতায় নাতায় অপর পাড়ার শুণ্ডাদের প্রায়ই মারপিঠ হয়ে থাকে। এইরূপ খণ্ডযুদ্ধে সোড়া-প্রাটার বিক্রেতারাই অধিক ক্ষতিগ্রস্ত হয়। কারণ এই সময় শুণ্ডারা তাদের বিপণি হ'তে সোড়ার বোতল সংগ্রহ ক'রে উহা পরস্পরের প্রতি নিক্ষেপ করে। এই যুদ্ধে ইট-পাটকেল, এ্যাদিড্বাল্ব, ছোরাছুরি এবং লাঠিও ব্যবহৃত হয়েছে। স্ব স্ব পল্লীর প্রতি এই শুণ্ডারা মমতাশীল হয়ে থাকে। এদের কেহ কেহ পল্লী হ'তে অধিক দ্বে গমন করতেও নারাজ। এরা আত্মপরিচয়ে সগর্কে প্রত্যুম্ভর করে, "জানো আমি কে । আমি গোয়াবাগানের শুণ্ডা ইত্যাদি।" এরা শুণ্ডা নামে পরিচিত হ'তে সর্কানই সচেই, দান্ডিকতাই ইহার মূল কারণ। "নন্দ শুণ্ডা, ছিন্তাই ছিদাম, মণি শুণ্ডা" এইরূপ এক একটা নামে তারা স্ব স্ব পল্লীতে পরিচিত। এইরূপ নামে তাদের সন্ধোধন করলে তারা রাগ করে না, বরং এল্প্র তারা সকল সমরেই গর্কাম্ব্রত্ব করে। পল্লীর ভদ্রব্যক্তিরাও

এদের উপর বহুলাংশে নির্ভরশীল। ব্যবসায়ীদের সম্বন্ধে ইহা বিশেষক্রপে সত্য। এদের প্রায়ই বলতে শুনা গিয়েছে, "এই ও আমাদের পাড়ার শুড়া। ওকে কিছু বলবে না। না, মশাই! লোকটা যে থুব খারাপ ভা নয়।"

একক গুণ্ডাদের মধ্যে অপরাধী-গুণ্ডাদেরই প্রান্থর্ভাব দেখা যায়।
নিমের বিবৃতি হ'তে এদের অপপদ্ধতি সম্বন্ধে বুঝা যাবে।

"আমি ঐ দিন রাত্রে অমুক রান্তা দিয়ে যাচ্ছিলাম। এই সময় একজন খঞ্জ ভিখারী আমার পথ অবরোধ করে দাঁড়ালো। বিরক্ত হয়ে জিজ্ঞাসা করলাম, 'কি চাও ?' কাত্রাতে কাত্রাতে সে উত্তর করলো, 'ছুই দিন খাইনি, বাবু!' দয়া পরবশ হয়ে তাকে একটা আনি দিবার জন্ম মানি-ব্যাগটা খুললাম। ব্যাগের মধ্যে এই দিন তিনশো টাকার তিন খানা নোট ছিল। ভিখারী লোকটা তা দেখে খাড়া হয়ে দাঁড়ালো। নিমিষে সে একটা ছুরি বার করে বললে, 'দে এক্ফ্নি লোট ক'টা, নইলে দেবো তোকে সাবড়ে।' লোকটা যে ভিখারীর ছয়বেশে একজন গুড়া তা আমি কল্পনাও করিনি।"

সাময়িক শুণ্ডারা, কিন্তু ভিন্ন প্রকৃতির হয়। এরা সাধারণতঃ গৃহস্ব ব্যক্তি। কোনও একটা উত্তেজনার স্পষ্টি হ'লে এরা সাময়িক ভাবে মাত্র ঐ সময়ের জন্ম শুণ্ডায় পরিণত হয়। রাজনৈতিক এবং সাম্প্রদায়িক উত্তেজনার স্পষ্টি হলে এরা আবিভূতি হয়ে পাকে।

সাম্প্রদায়িক দাঙ্গার সময় সাধারণতঃ প্রতিশোধ গ্রহণের কারণেই বহু মামুষ গুণ্ডায় পরিণত হয়ে থাকে। তবে এদের মধ্যে এমন বহু ব্যক্তিও থাকে যারা মাত্র লুঠের লোভে গুণ্ডায় পরিণত হয়েছে, কিন্তু সাম্প্রদায়িক উত্তেজনার উপশ্যে এদের আর দেখা পাওয়া যায় নি। এর কারণ স্থপ্ত অপস্পৃহা লোকলজ্জার কারণে এরা এতো দিন বহিদ্ধৃত করতে পারে নি। এই সময় তারা ভেবেছে যে এই লুঠপাটে পড়শীরা তাদের চোর ছাঁচোড় বলবে। না। বড় জোর তারা তাদের বলবে সাম্প্রদায়িক। কেউ কেউ এজন্ম তাদের স্থ্যাতিও কবতে পারে। এইরপ ধারণা প্রস্ত সাহসই তাদের এই অন্তনিহিত অপস্পৃহার নিকাসন ঘটাতে সাহায্য করে।

অপরাধ – বাটী ভাড়া সংক্রান্ত

এক বে বাস করতে হ'লে বাদবিসংবাদ এবং কলহ হওয়া স্বাভাবিক।
এই কারণে বাটীর মালিক এবং ভাড়াটীয়াদের মধ্যে বিসংবাদ মোটেই
বিচিত্র নয়। পূর্ব্বকালে বাটীর প্রাচুর্য্যতার কারণে এই অবস্থায় ভাড়াটীয়া
অন্ত এক বাটীতে উঠে যেতো, কিন্তু এক্ষণে বাটীর ছ্প্রাপ্যতার কারণে
এই কলহ চিরস্থায়ী কলহে পরিণত হয়েছে। একপক্ষ অন্তর্জন না
গেলে এই কলহ হয় বিরামহীন। দেওয়ানী এবং ফৌজদারী উভয়বিধ
মামলাতে বছক্ষেত্রে উভয় পক্ষই সর্বস্থান্ত হয়ে গিয়েছে। প্রবাদ আছে,
যে দেশ পূন: পূন: জয় করতে হয়, সে দেশ জয় করা বা না করা সমান
কথা। এইরূপ অবস্থায় ভাড়াটীয়া পক্ষীয় ব্যক্তিরই স্থান ত্যাগ করা
উচিত, যেহেতু বাটীর মালিকের পক্ষে আপন বাটী ত্যাগ করা সম্ভব
নয়। এই অনস্ত কলহের কারণে পূত্র ক্যাদের শিক্ষা-দীক্ষাও ব্যাহত
হয়, কাচ্চক্র্যের ক্ষতি তো হয়ই; মনের শান্তির প্রশ্ন না হয় ছেড়েই
দিলাম। প্রকৃতপক্ষে বাড়ীর ছ্প্রাপ্যতাই এক্রপ কলহের মূল কারণ।
যে সময় ভোষামোদ করে ভাড়াটীয়া সংগ্রহ করতে হতো, সে সময়

এক্লপ বিসংবাদ কদাচ দেখা গিয়েছে। দেশে কোনও এক সমস্থা উদয় হ'লে ঐ সমস্থা সম্বন্ধে বহু মুখরোচক গণ-গল্পের (Folk tale) স্বষ্টি হয়। এই গণ-গল্প হতে ঐ সমস্থার প্রকৃত তাৎপর্য্য উপলব্ধি করা যাবে। নিয়ে এইক্লপ একটা গণ-গল্প উদ্ধৃত করা হলো।

"একটী ভদ্রলোক এক দিন গড়ের মাঠে এক পুকুরে মাছ ধরবার সময় উল্টে পড়ে যান। ভদ্রলোক সাঁতার না জানায় ডুবে যাচ্ছিলেন। এই সময় তার লক্ষ্য পড়লো পাড়ে দণ্ডায়মান এক ভদ্রলোকের প্রতি। ডুবে যেতে যেতে প্রথম ভদ্রলোক দ্বিতীয় ভদ্রলোককে উদ্দেশ করে বললেন, 'মশাই, বাঁচান আমাকে, ডুবে যাচ্ছি আমি।' উত্তরে দ্বিতীয় ভদ্রলোক জিজ্ঞাদা করলেন, 'আচ্ছা, বাঁচাচিছ। কিন্তু তার আগে বলুন, পাকেন কোথায় আপনি ।' উন্তরে ভদ্রলোক চিৎকার করে জানালেন, ৫৯।এ।১ ল্যান্সভাউন রোড, এখন।' দ্বিতীয় ভদ্রলোক এইবার উন্তর করলেন, 'আচ্ছা, তা'হলে ডুবুন আপনি। আমি এখন ঐ বাড়ী ভাড়া নিতে চললাম।' এরপর ঐ দ্বিতীয় ভদ্রলোক তুরিত গতিতে উক্ত বাড়ীতে এসে দেখলেন অপর এক ব্যক্তি মালপত্র সহ ঐ বাড়ীতে প্রবেশ করছেন। দ্বিতীয় ভদ্রলোক স্তম্ভিত হ'য়ে জিজ্ঞাদা করলেন, 'সে কি মশাই, বাড়ীটা তো এইমাত্র খালি হয়েছে। এতো শীঘ্র আপনি খবর পেলেন কি করে ?' উন্তরে স্মিতহাস্থে তৃতীয় ভদ্রলোক বললেন, 'তা বুঝি জানেন না ? এ লোকটাকে তো আমিই ঠেলে জলে ফেলে দিয়েছি। আমার আগে আপনি কি করে খবর পেতে পারেন !"

"কিছুকাল পূর্বের ক্রোধ বশতঃ কোনও এক ব্যক্তি তার শত্রুপক্ষীয় এক ব্যক্তির বাটার দেওয়ালে লিখে রেখেছিলেন—'এই বাটা ভাড়া দেওয়া যাইবে।' এরপর হতে বহু ব্যক্তি ক্রমাগত ঐ ব্যক্তিটাকে উত্যক্ত করতে স্বর্ফ করে দেয়। পরে অবশ্য ঐ ভদ্রলোক দেওয়ালের

ঐ লিপিকা সম্বন্ধে অবগত হয়ে উহা উট্টিয়ে কেলে ভবে পরিত্রাণ পান।"

थायाबारनत चित्रिक या किছू, जा नकन नगरतहे चनरर्वत भून। वृहर मन्निखि मानिकानत कथन७ प्रथी कात्र नि । এमन कि वहाकात छ। তাঁরা অথে ভোগও করতে পারেন নি। ঐ সম্পত্তি রক্ষা ও তত্তা-বধানের জন্ম তাদের সমুদয় সময় ও শক্তি নিয়োজিত হয়েছে। একটু সময়ও তাদের সুথ ভোগের জন্ম অবশিষ্ট থাকে নি। অকারণে তাদের শক্ত বৃদ্ধি হয়েছে ৷ নানা আশব্ধায় ও লোভের কারণে তারা একদিনও শান্তি পাননি। স্বকীয় জীবনে তাঁরা কষ্ট পেয়েছেন এবং ভবিষ্যৎ বংশীয়-দের মধ্যে এই সম্পত্তি হারা ভারা বিবাদ ও সংগ্রামের কারণ হয়েছেন। বছক্ষেত্রে ব্যক্তিগত 'প্রভৃত সম্পত্তি' দেশে অলম ও পরগাছা শ্রেণীর মামুষ সৃষ্টি করেছে। তা'বলে ব্যক্তিগত সম্পত্তির আমি বিরোধী নই। উহা আহরণ করা মামুষের স্বাভাবিক ধর্ম। উহা হ'তে মামুষকে বঞ্চিত করলে মামুষ আর মামুষ থাকে না। এইরূপ কেত্রে ব্যক্তিগত মেধা প্রকাশ পায় না। এর ফলে পুথিবীর অগ্রগতির পথ রুদ্ধ হয়ে যায়। ভূলে 'গেলে চলবে না যে পৃথিবীর যে কোনও বুহৎ বা মহৎ কাজ তা একজন ব্যক্তি ছারা বা একক প্রচেষ্টায় বা নেতৃত্বে সাধিত হয়েছে। ব্যক্তিগত সম্পত্তির অভাব মামুষের পারিবারিক পবিত্রতা ও দোষ্ঠব বিনষ্ট করে এবং ব্যক্তিগত প্রতিপত্তির অভাবে নিয়মতান্ত্রিকতা কুপ্ল হয়। মাতুষ তখন একযোগে দেশের ও দশের উপকার করতে সক্ষম হয় না। এই কারণে আমি 'প্রয়োজনের' অতিরিক্ত বাকাটী ব্যবহার করেছি। আমার মতে বাডী করতে হ'লে এমন এক হান্ধা বাড়ী তৈরি করা উচিত যা মালিকের মৃত্যুর পাঁচ বা দশ বংসর পরে এমনিই ভেঙে পড়বে, তা না হ'লে এ

ষদ্ধপরিপর বাড়ীটীর অধিকার সম্পর্কে ওয়ারীশগণের মধ্যে বিবাদ, বাধবে। যত বড়ই ঝাড়ী আপনি করুন না কেন, ছই পুরুষ পর উহাতে কারো ছান সন্থুলান হর না এবং উহার অবশুদ্ধাবী ফল স্বরূপ মামলা বাধে। এই কারণে বহু দেশে মাত্র প্রথম পুত্রকে সম্পত্তির মালিকানা দিয়ে অক্সান্ত পুত্রদের নগদ অর্থ দিয়ে বিদায় দেওয়ার রীতি আছে। এতে অন্ত পুত্ররা শৈশব হতেই উপলব্ধি করে যে বাবার যা কিছু আছে তা দাদার। তাকে দাদার মত ধনী হ'তে হ'লে ব্যবসা-বাণিজ্যে মন দিতে হবে। তাকে পড়ান্তনা করতে হবে, কিংবা বিদেশে গিয়ে ভাগ্য অছেবণ করতে হবে। এই মনোর্ভির কারণে ওদের অন্ত পুত্রেরা বিদেশে গিয়ে সম্পত্তি আহরণ করেছে, স্বদেশের জন্তা সামান্তা বা উপনিবেশ ক্ষিও করেছে। এরা পিতার রুষ্টি, সংস্কৃতি ও সামান্তা নগদ অর্থের উন্তরাধিকারী মাত্র—এই দ্বব্যত্রয় মাত্র মূলধন করে তারা সাফল্যের সহিত্ত জীবনের পথে অগ্রসর হ'তে পেরেছে এবং দেই সঙ্গে তারা জাতি এবং দেশেরও বহু উপকার সাধন করেছে।

প্রকৃতপক্ষে ব্যক্তিগত প্রভূত সম্পত্তি আহরণ না করে যৌধভাবে উহা আহরণ করলে এই সকল অস্থবিধা ঘটে না। য়ুরোপীয় দেশ সমূহ হ'তে এই বিষয়ে আমাদের শিক্ষা করা উচিত। এই বিষয়ে নিয়ের বিবৃতিটী প্রণিধানযোগ্য।

"আমাদের থামে জিলা হাকিম অমুক সাহেব পরিদর্শন করতে এসেছিলেন। ইংরাজ ভদ্রলোক এদেশে নৃতন এসেছিলেন। যে দিকেই তিনি দৃষ্টিপাত করেন সেই দিকেই বৃহৎ অট্টালিকা সমূহ দেখতে পাছিলেন। বিশিত হয়ে তিনি জিজ্ঞাসা করলেন, এ থামে কতো জন ক্রোড়পতি বাস করেন। সাহেরের এই প্রশ্নে আমরাও কম বিশিত হইনি। সাহেব জানতেন না যে এদেশের লোক সারা জীবনের স্ঞ্ভিত

অর্থ দারা কন্সার বিবাহ দেন এবং পরিশেষে একটা অট্টালিকা নির্মাণ করেন। এর পর তার একটা কপর্দ্ধকও আর অবশিষ্ট থাকে না, এমন কি এ'জন্ম তাকে অনাহারেও থাকতে হ্রেছে। কিছু অন্ত দেশে অর্থ সঞ্চর মাজ উহা ব্যবসা-বাণিজ্যে প্রয়োগ করা হয়। ব্যবসার প্রয়োজনীয় অর্থ ব্যব্ধ করার পরও যদি অর্থ থাকে, তবেই উহা দারা বাড়ী নির্মাণ করা হয়, কিছু বৃহৎ বাটা নয়। বৃহৎ অট্টালিকা কেবলমাত্র বহু ক্রোড়পতি অন্ত দেশে নির্মাণ করেছেন।

ক্ষমতার বহিন্তু ত বা প্রয়োজনের অতিরিক্ত কোনও কিছু কল্যাণকর হয় না। এইজয়্ম জীবনধারণের অন্যান্থ খরচ খরচা বা ব্যয়
সক্ষ্মান করতে না পেরে অনেকে তাঁদের বাড়ী বাঁধা দিতে বা বিক্রয়
করতেও বাধ্য হয়েছেন। বছ লোকে ধার করে বাড়ী ক'রে পরে অদ
সহ আসল শুখতে না পেরে বাড়ী বিক্রয় করেছেন। এইজয়্ম বহু ব্যক্তি
বসবাসের জয়্ম বাটী নির্মাণ ক'রে পরে তা ভাড়া দিতে বাধ্য হয়েছেন।
এঁদের অনেকে বাটীর একাংশে নিজেরা বাস করে অপরাংশে ভাড়াটিয়া
বসিয়েছেন। একমাত্র শহরে বাটী ভাড়া করার প্রয়োজন হয়। এর কারণ
সেখানে বহু লোকই সাময়িক ভাবে বা কাজকর্ম ব্যপদেশে উপস্থিত
হয়। স্থায়ী ভাবে বাস করার প্রয়োজন তারা উপলব্ধি করেনি।
অবসর গ্রহণের পর এরা শহর ত্যাগ ক'রে প্নরায় গ্রামের পৈতৃক
বাটীতে ফিরে যায়। এ'ছাড়া শহরে ভূমি ক্রয় ক'রে বাটী নির্মাণের
জয়্ম অর্থব্যয় করা সাধারণ ব্যক্তির সাধ্যাতীত। এই কারণে শহর
মাত্রেই বাটী ভাড়া সংক্রাম্ব বহু অপরাধ সংঘটিত হয়েছে।'

এইবার আমরা এই শহরের বাটী ভাড়া সম্পর্কীয় সমস্তা সমূহ সম্বন্ধে আলোচনা করবো। এই শহরে ছই প্রকারের বাটি ভাড়া পাওয়া যায়। যথা—

(১) প্রথম প্রকারের বাটা কেবলমাত্র ভাড়া দেওয়ার জন্তে নির্মিত হয়েছে। ইহা এক প্রকারের ব্যবসায়। ধনী ব্যক্তিরা এই কারণে বাটার পর বাটা নির্মাণ করে থাকেন; কিন্তু বাণিজ্যের কারণে একটা পয়সাও ব্যয় করেন না। এর ফলে বাণিজ্য অপর শ্রেণীর কৃষ্ণিগত হয়ে পডে। এঁরা মনে করেন এই ব্যবসায় লোকসান নেই। যা পাওয়া যায় তাই লাভ। কোনও রূপ 'রিস্ক' গ্রহণ করতে এঁরা রাজী নন। এই ক্ষেত্রে বাটার মালিক ভিন্ন এক বাটাতে বাস করেন, কলাচ ভাড়াটিয়াদের সহিত এক বাটাতে বাস করেন না। এইজন্ত মালিক ও ভাড়াটিয়াদের মধ্যে কোনও ব্যক্তিগত বা পারিবারিক কলহের স্থাই হয় নি। প্রায়শক্ষেত্রে তাঁদের বারবান বা ম্যানেজারদের সহিত বক্রী ভাড়া বাবদ বিবাদ হয়েছে এবং পরিশেষে আদালতে উহার শেষ নিজ্পান্ত হয়েছে। এই প্রকার মালিকরা ভাড়াটিয়া সংক্রান্ত মামলান্মকদ্মা সম্পর্কে অত্যন্ত থাকেন। উহা তাঁদের ব্যবসার এক স্বাভাবিক পরিণতি মাত্র। এজন্ত এঁদের কথনও কোনও মনোকন্তের কারণ ঘটে নি।

ভাড়াটিয়া বাটীর বাংসরিক মেরামতের বা কলি ফেরানোর
প্রশ্নোজন হয়। এইজন্ম হিসাবের এই খাতে বিশেষ অর্থ মজুত রাখা
হয়। ঐ অর্থ দারা বাটী সম্হের নিয়মিত মেরামতের কার্য্য সাধিত
হয়েছে। এইজন্ম বক্রী ভাড়া ব্যতীত অন্ত কোনও ব্যাপারে এদের
বিবাদ বাধে নি।

(২) বিতীয় শ্রেণীর বাটীর মালিকদের ভাড়াটিয়া বাটীর সংখ্যা থাকে কম। দ্রে বাস করার কারণে ভাড়াটিয়াদের সহিত ব্যক্তিগত বা পারিবারিক কলহ না বাধলেও বাৎসরিক মেরামত প্রভৃতি কার্য্য এরা অর্থের ভাভাবে সমাধা করতে পারে না। এইজন্ত কুদ্ধ হয়ে কোনও ভাষাটিয়ারা ভাড়া বন্ধ করে দেওয়ায় বিবাদ বেধেছে। এঁদের ছারবান বা ম্যানেজার থাকে না, এঁরা নিজেরা ভাড়ার জন্ম তাগিদ দিয়ে থাকেন। এইজন্ম কোনও কোনও কেত্রে ব্যক্তিগত কলহও ঘটেছে। তবে এঁরা দ্রে বাদ্ করার জন্ম এই কলহ মুহুমুহুঃ হয় না। অনাবিল বা নিরবিচ্ছিয় অশান্তিও এ'জন্ম তাদের ভোগ করতে হয় নি।

(৩) ভৃতীয় প্রকার বাটীতে মালিকরা ভাড়াটিয়াদের সহিত এক বাটীতেই বাস করায় উভয়পক্ষই নানাবিধ অস্ত্রবিধা ও অশান্তি ভোগ করেছেন। এই বিশেষ ক্ষেত্রে উভয়ের কলহ চরম সীমার উঠেছে। বহুক্ষেত্রে মারপিঠ এমন কি থুন-খারাপীও এদের মধ্যে ঘটে গিয়েছে। এই কারণে ভাড়াটিয়ার সহিত বাটীর মালিকের এক বাড়ীতে বসবাস করা উচিত নয়।

ভাড়াটিয়াদের অভিযোগ হয় যে বাড়ীওয়ালা তাকে অস্তায় ভাবে উচ্ছেদ করতে সচেই। কারণ তাকে উচ্ছেদ করতে পারলে ঐ বাটীর জন্ত সেলামী সহ অধিক ভাড়ায় ভাড়াটিয়া সংগ্রহ করতে তিনি সমর্থ। অপরদিকে বাটীর ত্বপ্রাপ্যতার কারণে অপর একটি বাটীতে উঠে যাওয়াও তাদের পক্ষে সম্ভব নয়। ভাড়াটিয়া নিয়মিত ভাড়া দিতে স্বীকৃত আছে। কিন্তু রসিদ না দেওয়ায় তারা এতাদিন ভাড়া দেয় নি। এ'ছাড়া বাড়ীওয়ালা বাড়ীটি একটুও মেরামত করে দিতে রাজী নয়। তাদের অভিযোগ হয় যে ছাদ হ'তে জল পড়ে। জানালাগুলি থারাপ হয়ে গিয়েছে। বছদিন দেওয়ালে কলি ধরানো হয় নি। এই মেরামতের কার্য্য শেষ না করলে তারা কিছুতেই ভাড়া দিবে না।

বাটীর মালিকের অভিযোগ হয় যে ভাড়াটিয়া বাটীর বহুস্থান ভেঙে দিয়েছে। এ'ছাড়া তারা ঐ বাড়ীর একটি বা ত্ইটি অতিরিক্ত কক্ষ যা ভাদের ভাড়া দেওয়া হয় নি, তা'ও তারা জোর করে অধিকার করে নিয়েছে। বাটীর মালিক গরীব, ভাড়া হ'তে তারা সংসারঘাত্রা
নির্বাহ করে। এই বাড়ীটর অবস্থা যে ভালো না, তা দেখে
ও জেনেই তারা উহা ভাড়া নিয়েছে। তাদের পুর্বেই বলা
হয়েছিল যে মালিকের পয়সার অভাব। এজন্ত ঐ বাড়ী মেরামত
করা তার পক্ষে সম্ভব নয়। একণে তারা বাড়ী না সারানোর
অজ্হাতে ভাড়া বন্ধ করে দিয়েছেন। কিংবা ছ্মুল্যের কারণে ভাড়া
বাডানোর প্রয়োজন হয়েছে। কিন্তু ভাড়াটিয়া ভাড়ার র্দ্ধি মেনে নিতে
রাজী নয়। কিংবা মালিকের ছই পুত্রের বিবাহের কারণে সমগ্র বাটী
তাদের প্রয়োজন হয়েছে। এই কারণে ভাড়াটিয়াকে অভ্যা যেতে তারা
অমুরোধ করেছে, ইত্যাদি।

এইরূপ কলহের ফলে বাটীর মালিক নিম্নোক্তরূপ উপায়ে ভাড়াটিয়াকে উচ্ছেদ করতে চেষ্টা করে।

- (১) অকারণে গালিগালাজ করা, দরোয়ান দারা অপমান, মারপিঠের ভয় দেখানো, কলের জলের পাইপ কেটে দেওয়া এবং বিজলীবাতির সংযোগ কণ্ডিত করা, সদর দরজা রাত্রে না খোলা, পাইখানা বা সাধারণ পথ বন্ধ করে দেওয়া ইত্যাদি।
- (২) কেহ কেহ মেরামতের ছুতায় কক্ষের ছাদ ফুটা করে রাখেন বৃষ্টির জলে কক্ষণ্ডলি প্লাবিত করবার জন্তে। ভাড়াটিয়ারা নীচের তলায় থাকলে উপর হ'তে ময়লা জল ফেলেও তাদের উত্যক্ত করা হয়েছে। কেহ কেহ ইচ্ছা করে ভাড়া নেন নি এবং পরে বক্রী ভাড়ার জন্ত নালিশ করে আদালতের সাহায্যে তাদের উচ্ছেদ করেছেন। পুর্বের উপভাড়াটিয়া (Sub-let) পদ্ধতি বে-আইনি ছিল। কোনও মালিক কোনও এক তাঁবের লোককে রসিদ কেটে দিয়ে তাকেই প্রকৃত ভাড়াটিয়া সাজিয়ে তার নামে এক নালিশ জুড়ে দিতেন। ঐ অলীক প্রতি-

বাদী আদালতে দোব স্বীকার করে বা হাজির না হয়ে উচ্ছেদ মেনে
নিয়েছেন। এইরূপ যোগসাজস মামলার নিম্পত্তি একতরফাই হয়ে
থাকে। ভিতরের ব্যাপার না বুঝে আদালত মালিকের পক্ষে ডিক্রি
দিয়েছেন এবং সেই সঙ্গে উচ্ছেদের পরওয়ানাও। এরপর সহসা
একদিন প্লিশ সহ আদালতের বেলিফ হাজির হয়ে ভাড়াটিয়াকে
ঐ বাটী হ'তে বিভাড়িত করেছে। ভাড়াটীয়ারা আত্মসমর্থনের একটু
মাত্রও স্থোগ পার নি। আদালতের পরোয়ানা থাকায় এই সম্বন্ধে
কাহারও কোনও প্রতিবাদ গ্রাহ্ম হয় নি।

4

এক্ষণে উপ-ভাড়াটিয়া (Sub-lease) আইনসন্মত হয়েছে। ভাড়াটিয়ারা উচ্ছেদ হ'লে বা চলে গেলে মালিকরা উপ-ভাড়াটিয়াদের প্রত্যক্ষ
ভাড়াটিয়ারূপে মেনে নিতে বাধ্য। বছ ভাড়াটিয়া আইনের এই
কাঁকেরও প্রযোগ গ্রহণ করে থাকে। এরা ছয় সাত বা বৎসরাধিক
ভাড়া বন্ধ করে দেয়। বাটার মালিক তাদের আইনের সাহায্যে উচ্ছেদ
করলে এরা পিছনের তারিখ দিয়ে রসিদ কেটে কোনও এক আশ্বীয় বা
স্বজনকে উপ-ভাড়াটিয়ারূপে বাড়ীর অর্দ্ধেকাংশ বা একটি কক্ষ ব্যতীত
সম্পূর্ণ বাড়ীটি ভাড়া দিয়েছে—এইরূপ অবস্থার স্থষ্টি করে তারা স্থান
ত্যাগ করেছে। এই অবস্থার উপ-ভাড়াটিয়ার বক্তব্য হয় যে তারা
পূর্ব্বতন ভাড়াটিয়াকে এয়াবৎকাল ভাড়া দিয়ে এসেছে, তবে এই দিন
হ'তে এই একই হারে মালিককে ভাড়া দিতে তারা প্রস্তুত আছে।
এই স্থ্যোগে পূর্ব্বতন ভাড়াটীয়ার স্বজনবর্গ ঐ বাড়ীতেই পূর্ব্বের স্থায়ই
বসবাস করে। কেবলমাত্র যে ব্যক্তির নামে বাড়ীটি ভাড়া করা ছিল মাত্র
তিনিই উধাও হয়ে যান। বলাবাহল্য কয়েক মাসের ভাড়া বাবদ টাকা
মেরে দিয়ে তিনি এই ভাবে পালিয়ে গিয়ে থাকেন।

কোনও কোনও ভাড়াটিয়া বাড়ীওয়ালাকে হায়রাণি করবার জন্তে

রেণ্ট কণ্ট্রোল অফিসে ভাড়া জমা দেওরার পক্ষপাতী। কেহ কেহ ২০ টাকা থরচ করে বাটীটি মেরামত করে বিল্ তৈরী করেন, ২০০ টাকার, এবং তার পর নিজ থরচে বাড়ী মেরামত করেছেন—এই অজ্হাতে, (আইনের সাহায্যে) করেক মাসের ভাড়ার দায় হ'তে অব্যাহতি পেরেছেন।

করেক মাস ভাড়া বক্রী রেখে গোপনে বাটী ত্যাগ করে অন্তর চলে যাওরাও এক সাধারণ ঘটনা। এই অবস্থায় বাটীর মালিক ভাড়া আদারের আশু পস্থা রূপে মালপত্র আটকে রেখে থাকে। কোনও কোনও ক্ষেত্রে মাসুষও যে না আটকান হয় তাও না। কিছু ইহা একপ্রকার অপরাধ, ইহাকে বে-আইনী আটক বা অবরোধ বলা হয়ে থাকে। মালিকের পক্ষে বলা হয় যে এই ভাবে না আটকালে তাদের ঠিকানা জানা যায় না এবং উহার অভাবে দেওয়ানজী মামলা দারের করা বা না করা সমান কথা। এ'ছাড়া এইরূপ মামলায় যথেষ্ট খরচ-খরচাও আছে। বস্ততপক্ষে শহরে এমন বহু ব্যক্তি আছে যাদের পেশা হচ্ছে বাড়ী ভাড়া না দিয়ে বাস করা। এক বাড়ী হ'তে তাড়া খেয়ে ভাড়া মেরে তারা গোপনে অপর এক বাড়ীতে আশ্রয় নিয়েছে কিছু কোনও মালিককেই তারা এক কপদ্বিও ভাড়া দেয়নি। কেহ কেহ বাড়ী ত্যাগ করবার সময় দরজা জানালা, ইলেকটী ক লাইন ইত্যাদিও খুলে বা ভেঙে নিয়ে গেছে।

একই বাড়ীতে বহুক্তের একাধিক ভাড়াটিয়া বাস ক্রে থাকে। এইরূপ অবস্থায় নানারূপ কলহের স্ষ্টি হয়ে থাকে। প্রধানতঃ জল কল, পায়খানা এবং পথ ও প্রাঙ্গন ব্যবহার নিয়ে এই কলহের স্ষ্টি হয়। কোনও বাড়ীওয়ালা ভাড়াটিয়াদের বহু আত্মীয় স্বজনের আনা-গোণা নানা কারণে পছন্দ করেন নি। এই সকল বিষয় নিয়েও মালিক ও ভাড়াটিয়ার মধ্যে কলহের স্থাষ্ট হয়েছে। বেশী লোক বাস করলে জল কল ও পায়থানা ব্যবহারের অস্থবিধা ঘটে। এ'ছাড়া মেয়েছেলে থাকলে বাড়ীতে বছ অচেনা প্রুষ বারে বারে এলেও অস্থবিধা আছে। অস্থদিকে কোনও আপন জন এলে ভাড়াটিয়ারা তাদের তাড়িয়েও দিতে পারে না। এবং এর অবশুদ্ভাবী ফল স্বরূপ নানারূপ কলহের স্থাষ্ট হয়ে থাকে।

বহুক্তেরে ভাড়াটিয়ার উৎপাতে বাটার মালিককেই বাটা ত্যাগ করে অক্তর আশ্রম নিতে হয়েছে। এজন্য কেউ কেউ বলে থাকেন নিজ বাটার কোন অংশ কেছ যেন ভাড়া না দেন। ভাড়া দিলে, এক দিকে তাঁরা ভাড়া তো পাবেনই না। অন্তদিকে তাঁরা বাটার ত্রিদীমানাতেও যেতে পারবেন না। সারা জীবনের অজ্জিত অর্থে নির্দ্মিত বাটা অপরের হয়ে যাবে। অবশ্য এই অভিযোগ সকল ক্ষেত্রে সত্য নয়।

অপরাধ—দৃত্য ক্রীড়া

"দৃত ক্রীড়া" একটি প্রাচীন অপরাধ। কিন্ত ইহা সকল যুগে এবং সকল দেশে অপরাধর্মণে বিবেচিত হয় নি। একই দেশে এক কালে ইহা অপরাধর্মণে বিবেচিত হ'লেও অপর এক কালে উহাকে অপরাধ মনে করা হয় নি। এমন বহু দেশ আছে, বেখানে ইহা অপরাধর্মণে আজও বিবেচিত হত না। কোনও কোনও আধুনিক দেশে পূর্বকালে ইহাতে দোষ ধরা হত না। কিন্ত দৃতে ক্রীড়া বে আবেরে মাহুষের সর্বনাশ সাধন করে, তা বিবেচক মাহুষ মাত্রেই স্বীকার করেছেন। এজম্ব অধুনা-কালে সভ্য মাহুষ এই সর্বনাশী ক্রীড়াকে বে-আইনী ঘোষণা করেছেন।

এই ক্রীড়া দৈবের (Chance) উপর নির্ভর করে, নৈপুণ্য বা ধিয়াথির উপর নির্ভর করে না। এই দৈব এবং নৈপুণ্যের প্রভেদ পুস্তকের দিতীয় খণ্ডে আলোচিত হয়েছে। একেত্রে উহার পুনরুদ্ধেখ নিপ্রয়োজন।

এই ক্রীড়া বিত্তশালীদের ধন-সম্পত্তি বণ্টনের সহায়ক হয়, কিছ গরীবদের ইহা সর্কানশ সাধন করে থাকে। দীন মজুরদের পক্ষেইহা অতীব সত্য। কেহ কেহ এই ক্রীড়ার সাহায্যে প্রভূত ধন-সম্পত্তি আহরণ করেছেন, এইরপ শুনা গিয়েছে। কিন্তু তা তারা করেছেন, বহু ব্যক্তিকে গরীব করে। কিন্তু এই সম্পত্তি তারা অধিককাল আয়ত্তে রাখতে পারেন নি। কারণ দ্যুত ক্রীড়া একটি সর্বনেশে নেশাও বটে। এই নেশার বশে সম্পত্তির অধিকারীরা পুনরায় দ্যুত ক্রীড়ায় মন্ত হয়ে তা অচিরে হারিয়ে ফেলেছেন। যে ধন দৈব তাদের দিয়েছিল সেই ধন পুনরায় দৈবের গর্ভে বিলীন হয়েছে। হার-জ্বিত নিয়েই দ্যুত ক্রীড়া। প্রতিবারেই দৈব লক্ষ্মী একজনের কৃক্ষিগত হয় না। গরীবরা এই সম্প্রতি-নাশ সকল সময় সহু করতে পারে নি, কেহ কেহ অভাবের তাড়নায় আত্মহত্যাও করেছে। নিয়ের বির্তি হ'তে বক্তব্য বিষয়টি বুঝা যাবে।

"আমার এক বন্ধু এইদিন এসে বললো, 'ঘোড়দৌড়ে বাজী রাখবে ? আমি শিউরে উঠে তাকে বলেছিলাম, 'মাপ করো, ও সবে আমি নেই।' একটু হেসে বন্ধু বললেন, 'এতো ভয়! আচ্ছা তোমার নামে আমি খেলবো, টাকাটা পরে দিয়ে দিও।' এই দিন সন্ধ্যায় ফিরে এসে তিনি বললেন, '৫০০ টাকা তোমার নামে ধরেছি। কি কপাল তোমার! ৫০০ টাকায় ৫০০০ টাকা পেয়ে গিয়েছো।' এরপর ঐ টাকা হ'তে ওর টাকা কেটে নিয়ে বক্রী ৪৫০০ টাকা বন্ধু আমাকে প্রদান করলেন। এই অভাবনীর অর্থ প্রাপ্তি আমাকে উতলা করে দিলে। এর পরদিন আমি বন্ধুর সঙ্গে মাঠে গিয়ে ৫০০ টাকা বাজী রাখি। টাকাটা ছিল বাড়তি পাওনা। এই জন্ম লোকসানের ভর ছিল না। কপাল গুণে এই দিন আমি ৭০০০ টাকা জিতে নিই। কিন্তু পরের কয়েক সপ্তাহে আমি ক্রেমাগত হারতে থাকি। পরিশেষে ঐ ৭০০০ টাকার মাত্র ৭০০ টাকা অবশিষ্ট থাকে। এর পর বহুদিন আমি রেশ খেলিনি। এই ৭০০ টাকাই আমার লাভ থেকে যায়।"

বহু বার হার হ'লেও মাহুষ মনে করে যে পরের বার সে নিশ্চয়ই জিতবে এবং হারানো অর্থ তো সে ফিরে পাবেই, এমন কি বাড়তি বহু টাকাও সে পেয়ে যাবে। এই কারণে মাহুষ স্ত্রীর গহনা এবং পৈছুক বাটী বন্ধক দিয়েও অর্থ সংগ্রহ করেছে। সর্বাস্থ খুইয়ে বহু লোক আথেরে আত্মহত্যাও করেছে। নিমে এই সম্বন্ধে একটি বিবৃতি উদ্ধৃত করা হলো।

"এই দিন ঘোড়দৌড়ের শেষে রেশ কোসের উপর দিরে আমি পাড়ি দিছিলাম। এমন সময় আমি পরিলক্ষ্য করলাম যে মাঠের মাঝে একটা লোক বিষ ভক্ষণ করে নেতিরে পড়েছে। জিজ্ঞাসা করে জানলাম যে ২নং বাজীতে হেরে যাওয়ায় সে আছহত্যা করেছে। তার হাতের টিকিট দেখে আমি ব্যলাম ভদ্রলোক ভূল খবর পেয়েছেন। প্রকৃতপক্ষে তাঁর ধরা ঘোড়াই জিতেছে। কিন্তু বিশেষ চিকিৎসা সত্ত্বেও তাঁকে বাঁচানো সম্ভব হলো না।"

এই দ্যুত ক্রীড়া সকল সময়েই দৈব বা chance এর উপর নির্ভর করলেও সকল সময় ইহা সততার পথে পরিচালিত হয় না। ইহার মধ্যে বহু প্রবচঞ্চনাও দেখা গিয়েছে। দ্যুত ক্রীড়ার প্রকৃত সংস্থা এবং ইহার সহিত প্রবঞ্চনার প্রভেদ পুস্তকের দ্বিতীয় খণ্ডে পর-প্রবঞ্চনা, দুটা খেলা এবং ফিতা খেলা, সম্বন্ধীয় প্রবন্ধে বিশদভাবে বলা হয়েছে। এক্ষেত্রে উহার পুনরুল্লেখ নিপ্রয়োজন।

মহাভারত হতে প্রাচীন ভারতের দ্যুত ক্রীড়া সম্বন্ধে আমরা অবগত হই। একজন ক্ষত্রিয় অপর এক ক্ষত্রিয়কে যুদ্ধে বা দ্যুত ক্রীড়ায় আহ্বান করলে উহা প্রত্যাখ্যান করার রীতি ঐ যুগে ছিল না। মহাভারতের উল্লিখিত দ্যুত ক্রীড়াতেও আমরা দেখেছি যে প্রবন্ধনার আশ্রেয় নেওয়া হয়েছিল। ঠিক ঐরপ পছায় বর্তমান বিড্ গ্যাম্বলীঙে নওসেরা প্রবন্ধকরাও মাহ্মদের ঠকিয়ে থাকে। প্রতকের দ্বিতীয় খণ্ড দেখুন। এই কারণে এইরূপ দ্যুত ক্রীড়াকে আমরা দ্যুত ক্রীড়া বলি না, উহাকে আমরা বলে থাকি প্রবন্ধনা। অলক্ষ্যে বা হাতের কায়দায় পাশার ছক বা তাসের বিবি পান্টিয়ে বা সরিয়ে দিয়ে এইরূপ প্রবঞ্চনা সাধিত হয়েছে।

কলিকাতা সহরে বহু প্রকার দ্যুত ক্রীড়ার প্রচলন আছে, তন্মধ্যে নিম্নোক্রন্নপ ১২ প্রকারে দ্যুত ক্রীড়ার প্রচলন অধিক, যথা—(১) সাধারণ জ্য়া, (২) বাকেট সপ্বা রেশ গ্যাম্বলীঙ, (৩) ফটকা থেলা বা কাটনী জ্য়া, (৪) চাঁদি থেলা বা সিলভার গ্যাম্বলীঙ, (৫) ভূলা থেলা বা কটন গ্যাম্বলীঙ, (৬) বর্থা জ্য়া বা পাণি খেলা বা রেইন গ্যাম্বলীঙ, (৭) ফিতা খেলা, (৮) তেতাস, (২) ম্যাচ গ্যাম্বলীঙ, (১০) বালা খেলা (১১) টারগেট খেলা (১২) ইাডি খেলা, বাদাম খেলা, ইত্যাদি।

দ্যুত ক্রীড়া সকল কোনও এক ব্যক্তি বা দলের স্বার্থে সংগঠিত বা পরিচালিত হয়ে থাকে। এইরূপ ব্যক্তি বা দলকে বলা হয় চালক বা বৈঠো, অর্থাৎ যারা ইহা বসায় বা তা চালায়। ইংরাজীতে ইহাদের বলা হয় ডেন্-কিপার কেছ কেহ এদের আড্ডা সন্দার বা মালিকও বলে। এই পরিচালকের অনুমতি পেলে তবে খেলোয়াড়রা আড্ডা ঘরে প্রবেশ

করতে পারে। দ্যুতক্রীড়কগণ অর্থাদি সহ আড্ডা ঘরে আসে এবং বেলায় অংশ গ্রহণ করে। এরা যে টাকা ধরে তা ভূমির উপর গ্রন্থ হয়। এই বিশেষ অর্থকে বলা হয়ে থাকে গ্রাউগুমণি, বাংলায় ইহাকে বলা হয় লালের টাকা। যে সকল থেলোয়াড় অর্থ জেতে তাকে তার লভ্যাংশের একটা মোটা হিস্তা বা ভাগ পরিচালকদের প্রদান করতে হয়। কোনও কোনও কেত্রে পরিচালকরা ফি হিসাবে প্রত্যেক দ্যুতক্রীড়কের নিকট হতে ঐ অর্থ প্রোরম্ভেই আদায় করে নিয়েছেন। অর্থাৎ দ্যুতক্রীড়কগণ জিতুক কিংবা হারুক, এজগ্রু পরিচালকদের লোকসান নেই। এই খেলায় উহাদের সকল সময়ই লাভ থাকে। এর কারণ তারা লাভের ভাগ নেয়, কিছ লোকসানের ভাগ নেয় না। যদি কাহারও লাভ বা লোকসান না হয় তা'হলে নালের সকল টাকা পরিচালকই পেয়ে থাকে।

দ্যত ক্রীড়া মূলত: ছই ভাগে বিভক্ত হয়ে থাকে, যথা—(ক) অন্ধরজ্য়া এবং (খ) বহির-জ্য়া। অন্ধর-জ্য়া বাটীর মধ্যে হয়ে থাকে এবং
বহির-জ্য়া পথে ঘাটে, অর্থাৎ উন্মুক্ত স্থানে বসানো হয়। ইংরাজীতে
অন্ধর-জ্য়াকে "হাউদ গ্যাম্বলীঙ" এবং বহির-জ্য়াকে "দ্রীট গ্যাম্বলীঙ"
বলা হয়। এই উভয় জ্য়াই একজন পরিচালক, নাল গ্রাহক বা পরিচালক
গোর্টির বা দলের ম্যানেজার হারা পরিচালিত হয়। এইবার প্রচলিত
বিভিন্ন প্রকার দ্যুত ক্রীড়া সম্বন্ধে আলোচনা করা যাক।

(১) সাধারণ জ্য়া,—এই জ্য়া গৃহের মধ্যে এবং পথে সমভাবে বসানো হয়। প্রগঠিত বড় বড় জ্য়া সকল সময় অন্দর-জ্য়া হয়ে থাকে। কিন্তু সাধারণ বহির-জ্য়া প্রায় সকল ক্ষেত্রেই গরীব লোকের দারা পরিচালিত হতে দেখা যায়। সাধারণ জ্য়ার জন্ম যে সকল সরঞ্জামের প্রয়োজন হয়; ইংরাজীতে ইহাকে বলে গ্যাম্বলীঙ ইন্সটুমেন্ট। তাস এবং ঘুটীই প্রধানতঃ দ্যুত ক্রীড়ার সরশ্বাম হিসাবে ব্যবহৃত হয়। ঘুটী

পরিচালনের জন্ম চৌকো ঘর আঁকা কাগজ বা কাপড়ও থাকে।
বহুক্তের পাশা খেলার জন্ম ঘর আঁকা বার্ড এবং ডাইসও
ব্যবহৃত হয়েছে। এই ঘুঁটা বা ডাইস আঁকা বার্ডের
উপর ছড়িয়ে দেওয়া হয়। কেহ কেহ এজন্ম ফুটকী আঁকা
ডাইসও ব্যবহার করেছেন। কৌটার মধ্যে নেড়ে নেড়ে এই
ছক কেলা হয়। সাধারণ জ্য়া বহু প্রকারের হয়ে খাকে। প্রতিদিনই
এইজন্ম নৃতন সাজসরঞ্জাম আবিদ্ধৃত হছে। এই জ্য়ার বহু পদ্ধতি
এবং যন্ত্রপাতির ব্যবহার কেবলমাত্র দ্যুতক্রীড়কদেরই (গ্যাঘলার
বা জ্য়াড়ী) শিকা দেওয়া হয়েছে। এর পদ্ধতি সমূহ নিজেয়া না
বুমলে আদালতকে তা বুঝানো যায় না। এই কারণে বহু শান্তিরক্ষক
আদালতে সাক্ষ্য দিতে এসে বোকা বনে গিয়েছেন।

জুয়ার আড্ডার আদবাবপত্র,—দতরঞ্চ বা গালিচা, চৌকী বা টেবিল এমন কি বৈত্যুতিক পাথাকেও জুয়ার সাজ-সরঞ্জামের মধ্যে ধরা যেতে পারে এবং এই আড্ডা ঘরে খেলোয়াড় বা অথেলোয়াড় বা দর্শক, যে কোনও ব্যক্তি যে কোনও উদ্দেশ্যে আত্মক তাকে দ্যুতক্রীড়ক বলে ধরে নেওয়া হয়। জুয়া প্রমাণ করবার জত্যে নিমোক্ত তথ্যসমূহ সংগ্রহ করার নিয়ম, যথা—(১) দ্যুতক্রীড়কদের নিকট কিছু পয়সা-কড়ি থাকবে, (২) ভূমির উপর নালের টাকা এবং জুয়ার যন্ত্রপাতি পাওয়া যাবে, (৩) জুয়ার একজন পরিচালক বা নাল-গ্রাহক থাকবে। এই ব্যক্তি অকুস্থলে উপস্থিত থাকতে পারে কিংবা সে সেথানে উপস্থিত নাও থাকতে পারে।

এই সাধারণ জ্বার ধারা সম্বন্ধে পৃত্তকের বর্চ খণ্ডে "অপরাধ তদন্ত" শীর্ষক প্রবন্ধে আমি আলোচনা ক্রবো। সাধারণ জ্বার পরিচালকর। ধনী এবং প্রভাবশালী ব্যক্তি হয়ে থাকে। এদের পুলিশ সম্বন্ধে সর্বনাই সতর্ক দেখা যায়। পুলিশের সহিত বন্দোবন্ত করতে অপারক হ'লে এরা নিজেদের জ্বান্থ পৃথক রক্ষী এবং গোয়েন্দা নিয়োগ করে। এই সকল গোয়েন্দা বঁতির মোড়ে মোড়ে পুলিশের জন্ম অপেক্ষা করে এবং পুলিশের গাড়ী দেখা মাত্র সঙ্কেত দ্বারা পরিচালককে সাবধান করে দেয়। পরিচালকগণ সংবাদ পাওয়া মাত্র খেলোয়াড়দের চোরা দরজা দিয়ে বার করে দেয় এবং অকুস্থলের জ্বার সাজ-সরঞ্জাম ত্ববিত গতিতে অন্তত্র সরিয়ে ফেলে। বহুক্তেত্রে জ্বার আড্ডার অন্ট কক্ষের দরজা লৌহ নিন্মিত হয়। পুলিশ এই দোরে বারে বারে ধার্কা দেয় কিন্তু উহা খুলতে কিংবা ভাঙতে পারে না। এই স্থযোগে জ্বার সাজ-সরঞ্জাম ক্রতগতিতে সরিয়ে ফেলা হয়। বড় বড় জ্বা সাধারণতঃ গভীর রাত্রে খেলা হয়ে থাকে। নিমের বিবৃতি হ'তে বিষয়টী বুঝা যাবে।

"এই দিন অধিক রাত্রে আমরা জানতে পারি যে ঐ বাড়ীতে জ্যা বসেছে। পূর্বাহেই সংবাদদাতাকে কিছু অর্থ দিয়ে ওদের সঙ্গে জ্যা থেলতে পাঠালাম। এর পর রাত্রি দেড় ঘটিকায় সিপাই শাস্ত্রী সহ ঐ আড্ডাখানায় হানা দিই, কিন্তু লোহার দরজা খুলতে পারি না। বার বার ধাকাধাকির পর আধঘন্টা বাদে একজন দরজাট। খুলে দিলে। এই সময় অবাক হয়ে আমরা পরিলক্ষ্য করি প্রায় ত্রিশ জন লোক একটা জলচৌকী ঘিরে বসে রয়েছে এবং এই চৌকীর উপর একটা ভাগবত গ্রন্থ রেখে এক ব্যক্তি তা পাঠ করছে। এদের একজন আমাকে সন্থোধন করে বললে, 'হিঁয়া পূজা হোতা, বাবু সাব। লেকেন বাত কেয়া ?' এই দলের মধ্যে আমার ইনফরমারও বসে ছিল। সে আড্চোথে জানালার একটা তাক দেখিরে দিল। তাকের উপর হতে আমরা হাজার ছই টাকা, তিন জোড়া তাস, করেকটা কুটকী কাটা ছক, ঘুটা এবং কোটা সহজেই আবিষার করলাম। এ ছাড়া প্রত্যেক ব্যক্তির পকেট, জেব এবং গাঁট হতে আরও ছুই তিন হাজার টাকা আমরা বার করে নিলাম। বলা বাহুল্য যে নালের টাকা এবং জুয়ার যম্মণাতি প্লিশের আগমনে ওরা ঐথানে লুকিয়ে ফেলেছিল। কিন্তু আমাদের সাক্ষিগণ অচক্ষে এনের জ্য়া থেলতে না দেখায় এরা যে জ্য়া খেলছিল তা আমরা প্রমাণ করতে পারিন।"

জুয়া এমনই এক নেশা যে এই খেলার জন্ম মামুষ চুরি করে বা লোক ঠিকিয়েও অর্থ সংগ্রহ করে। কেহ পরিবারের গহনা এবং পৈতৃক বাটা বিক্রেয় করেও উহা সংগ্রহ করেছে। এই সকল আড্ডা গৃহে বহু চোর শুণোদেরও দেখা গিয়েছে। জুয়ার মধ্যে জুয়াচুরী কেহ পছন্দ করে না; এইজন্ম বেপরোয়া লোক কর্তৃক বহু খুন খারাপিও হয়ে গিয়েছে।

বড় জুয়া কথনও একস্থানে অধিক দিন চলে না। পুলিশের নজর এড়াবার জন্মে এক কৃঠি হতে অপর কৃঠিতে জুয়ার আড্ডা সরিয়ে নেওয়া হয়। এইয়ৢয় স্থানপরিবর্জন প্রতি সপ্তাহে একবার বা ফুইবার করা হয়ে থাকে। এক থানার এলাকা ছেড়ে অপর থানার এলাকাতে সরে যাওয়ারও রীতি আছে।

(২) রেইশ গ্যাঘলীঙ,—এই জ্যার আড্ডাকে বাকেট্সপ্ বলা হয়।
সাধারণতঃ চায়ের দোকানে এই জ্যা হয়। এমন কি অফিস
এবং বাস-গৃহেও ইহা অফুঠিত হয়েছে। কলিকাতা, টালিগঞ্জ,
বারাকপুর প্রভৃতি রেশ কোসে যে ঘোড়দৌড় 'হয় এবং উহার
উপর যে বাজী রাখা হয়। তাহাকে অবৈধ জ্যা বলা হয়
না, যদিও ইহা জ্য়া ছাড়া অপর কিছুই নয়। আইন হারা রেস
কোসের ভিতরকার ইয়ার্টগণ পরিচালিত এই জ্য়া বৈধ করা হয়েছে।
এই রেস কোস সমূহ হ'তে বহু অর্ধ ট্যাক্স বাবদ সরকারী তহুবিদে জমা

হয়। এই জ্বা রাষ্ট্রের পক্ষে ইহা সহসা বন্ধ করা সম্ভব নয়। আজও ইহা বিদেশীদের পৃষ্ঠপোষকতায় পরিচালিত। কিছু অর্থ যদি এইভাবে তারা এদেশে থরচ করে, তো ক্ষতি নেই। এইজন্ম এই জ্বা এখনও এদেশে বৈধ আছে। উপরস্ক মাহুষের জ্বা থেলার স্বাভাবিক স্পৃহা এতারা বৈধ পথে নিবৃত্তি হয়ে যায়। কিন্তু এই জ্বাকে অবলম্বন এবং উপলক্ষ করে যে অবৈধ জ্বা সহরে চলে তাহাকে বলা হয় রেইশ গ্যামলীঙ। কিন্তুপে ইহা পরিচালিত হয় তা এইবার বলা যাক।

এই জুয়ার অবৈধ পরিচালকদের বলা হয় "বুকিই"। এই বুকিইগণ ধনী এবং চতুর হয় এবং ইহারা প্রত্যক্ষভাবে এই জুয়ার সংশ্লিষ্ট থাকে না। এই বুকিইগণের অধীনে বছ "পেন্সিলার" বা লিপিকার নিযুক্ত থাকে। রেশ-গাইড বা বাজীর অগ্রিম পুগুক সহ এই লিপিকার-গণ চায়ের দোকান, বাটীর রোয়াক, পানের দোকান, অফিস বা বাসগ্হে শনিবার বৈকালে উপস্থিত হয়। খেলোয়াড়গণ এই সকল निर्फिष्टे ज्ञारन धरम राजी तारथ। ह्यां ह्यां क्रिश 🖣 हित्रकृति ক্রীডকগণ তাদের মনোনীত ঘোড়ার নম্বর সঙ্কেতে লিখে রাথে, যথা-"১--২ বা ২--৩ বা ৩--১" অর্থাৎ ১ নম্বরের বাজীর ২ নম্বর বোড়া, ২ নম্বরের বাজীর ৩ নম্বরের ঘোড়া, ৩ নম্বরের বাজীর ১ নম্বর ঘোড়া। এই ভাবে ঘোড়াগুলি ধরে জুয়াড়ীরা ঘোড়া। পিছু ধরা অর্থ পেন্দিলারের নিকট জমা দেয়। পেন্দিলার এরপর জুয়াড়ীদের নাম-ধাম টুকে নিয়ে এবং ঐ স্লিপগুলি সংগ্রহ করে তারা ঐ গুলি স্ব স্ব বুকিইর কাছে পৌছে দেয়। এক এক বুকিইর নিকট বহু পেন্সিলার কর্মবহাল থাকে এবং এজন্ত তারা নির্মিত পারিশ্রমিকও পায়। লাভ লোকসানের যা কিছু দায়িত্ব তা বর্জায় এই বুকিইদের উপর। কারণ তাদেরই ভাগ্যবান জ্যাড়ীকে পেমেণ্ট বা অর্থনান করতে হয়। পরদিন রবিবার এরা জানতে পারে তাদের ধরা বোড়াগুলির ভাগ্যে কি ঘটেছে। এক কথায় রেশ কোর্সেনা পিয়েই তারা ঘোড়দৌড়ের বাজী রাখে। পরদিন পেনসিলারগণ ভাগ্যবান জ্যাড়ীদের প্রাপ্য অর্থ ঐ আড্ডা স্থানে এসে বুঝিয়ে দের। এই অর্থ তারা বুকিইদের নিকট হ'তে হিসাব করে নিয়ে আসে। এজন্য এরা বিশেষ কমিশনও পেয়ে থাকে।

প্লিশ এই সকল বাকেট সপে হানা দিয়ে মাত্র পেনসিলার এবং জুরাড়ীদের ধরতে পেরেছে, কিন্তু মূল পরিচালক বুকিইদের গাত্র শর্পার্থ করতে পারে নি। কারণ ইহারা অকুন্থলে কথনও হাজির থাকে নি।

শাস্তিরক্ষকগণ তিনপ্রকারে এই রেইশ-গ্যাঘলীঙ বন্ধ করতে পারেন। এই বিশেষ পন্থা ত্রয় নিমে লিপিবদ্ধ করা হলো।

- (ক) শনিবার সকালে কিংবা বিকালে যে সময় রেশ কোর্সের রেশ চলে এবং যে সময় শহরের বিভিন্ন স্থলে এই উপলক্ষে জুয়া চলে, সেই সময় এই অবৈধ আড্ডা গৃহে শান্তিরক্ষকরা হানা দিতে পারেন। বছ স্থলে জুয়া ভালোরপে জমবার পুর্বেই হানা দেওয়া হয়েছে। এইজয়্ম সমধিক সফলতা লাভ করা যায় নি। শান্তিরক্ষকগণ এই স্থানে উপরোক্তরূপ বছ স্লিপ, মুদা ও কাগজ পেনসিল পেতে পারেন এবং জুয়াড়ীদের গ্রেপ্তার করতে পারেন।
- (খ) ছন্নবেশে আড্ডার বাহিরে অপেক্ষা করলে শান্তিরক্ষকগণ দেখবেন যে উপ-পরিচালক বা পেনসিলার একটী পুঁটলী করে বা বড় পকেটে ভরে বহু স্লিপও নামের লিষ্ট, কোনও কোনও সময় দশ বারো ছাজার: টাকা নিয়ে গুটি গুটি বেরিয়ে আসছেন। সকল ক্ষেত্রে তাঁরা যে পায়ে হেঁটে আদে না তা নয়। বহুক্ষেত্রে এঁরা বুকিইদের নিজস্ব

মোটরকারেও আনাগোণা করেন। এই পেনদিলাররা বিচক্ষণ এবং চতুর হয়ে থাকে। এদের গ্রেপ্তার করলে কিছুদিনের জন্ম এই জুয়া বন্ধ হয়ে যাবে।

(গ) এই পেনসিলারগণ প্রাণের বিনিময়েও তাদের নিয়োগ কর্ডা
বুকিইর নাম-ধাম বলতে স্বীয়ত হয় না। এইজয় এই পেনসিলারকে
গোপনে অয়্সরণ ক'রে বৃকিইর বাটা পর্যান্ত গেলে ভাল হয়। যে সময়
এরা তার কাছে টাকা এবং প্লিপ জ্বমা দেবে সেই সময় উভয়কেই গ্রেপ্তার
করা যায়। বুকিইগণ এই জ্য়ার ফাইনেন্সার হয়ে থাকে। তাকে
ধরলে এই জ্য়া এমনিই বয় হ'য়ে যাবে। এ ছাড়া এই বৃকিইর বাটীতে
অয়ায়্র পেনসিলারদেরওক অর্থ এবং প্লিপয়হ সাক্ষাৎ পাওয়া যাবে।
বুকিইদের মোটরে অর্থ ও প্লিপয়হ পেন্সিলারদের ধরতে পারলে এই
ব্যাপারে বৃকিইদের সহজে দায়ী করা যেতে পারে। এ'ছাড়া মোটরকারটীকে জ্য়ার সাজসরঞ্জামের একটা অক্রপে ধরে উহা আদালতে
পেশ করলে মোটরকারটা বাজেয়াপ্র করলেও করতে পারে।

ে এই জ্য়ার জম্ব বিচারে সামাত অর্থণণ্ড হর মাত্র। অধিক অর্থদণ্ডকেও এই সকল ধনী ব্যক্তিরা ভয় করে না। এইজন্ত অর্থনণ্ডের পরও
এরা পূর্ব্বের স্থায়ই এই লাভজনক ব্যবসায়ে রত থাকে। শান্তিরক্ষকদের
উচিত উপরোক্ত উপায়ে বৃকিই এবং তার কয়েকজন পেনসিলারকে
পাকডাও করে একটী গ্যাস কেস দায়ের করা, যাতে করে তাদের অর্থদণ্ডের স্থলে দীর্ঘকালীন মেয়াদ বা জেল হতে পারে। এতে একজন
রাজসাক্ষী বা এপ্রভার পেলে আরও ভালো হবে।

একজন বুকিইর বহ পেনসিলার আছে। সারা সহরময় এই পেনসিলারগণ
 ছডিয়ে থাকে।

(च) काठेका (थना वा काउँनि जुरा এकमाख कनिकाजात तरहन এক্সচেঞ্চের চতুষ্পার্শ্বের রান্তাতে দেখা যায়। তেজী মন্দা, ভাউ এবং দ্রব্যাদির উচু নীচু দর উপলক্ষ করে এই জুয়ার অবতারণা করা হয়েছে। রয়েল এক্সচেঞ্চের অফিস-হলে এ ব্যবসায় প্রতিষ্ঠানসমূহের "শেয়ার পিছু मत्र" এक এक मिन এक এक প্রকার দৃষ্ট হয়। এই দ্রব্যাদি এবং শেয়ারের দরের উঠা নামার হুযোগে জুয়াড়ীরা জুয়া খেলে। এই জুয়া খেলায় জুয়াড়ীরা মুখে মুখে ক্রয় বা বিক্রয় করে, এরপ কোনও দ্রব্য নিজেদের पथल ना थाका मरख्छ। वर्षार मृद्म् इः ज्वा এवः भाषात क्वा-विक्य হলেও ঐক্নপ কোনও দ্রব্য বা শেয়ারের অন্তিত্ব থাকে না। একজন হয়তো বললো, ১০ শেয়ার অমৃক কোম্পানীর, এক এক শেয়ার ১০০ রূপেয়া ভাউকো। উত্তরে অপর একজন হয়তো বললো, ঠিক হায় ভাই, খা'লেয়া অর্থাৎ নিয়ে নিলাম। প্রকৃতপকেইকিল্ক এই লেন-দেন মাত্র কাগজে কলমে হলো। কোনও ভাও বা শেয়ারের প্রকৃত লেন-দেন দেখানে হলো না। কারণ যে ব্যক্তি বিক্রি করলে তার ঐাশেয়ার বাস্তব্যের উপর কোনও অধিকার নেই। এই জুয়া খেলা একটা বা ছুইটার পুর্বে সাধিত হয়। কারণ এর ষ্টক্ এক্সচেঞ্চ অফিস ঐসময় বন্ধ হয়ে যায়। অর্ধাৎ ছুইটার পর কেনা-বেচার বাজার বন্ধ হয়ে গিয়ে থাকে। পরের দিন শেয়ার বাজার পুনরায় খুললে দেখা যাবে যে ঐ শেয়ার বা ডব্যের মুল্যের হাস-বৃদ্ধি ঘটেছে। এইজন্ম জুয়াড়ীদের ভাগ্য বা জন্ম পরাজন্ম নির্ভর করে পরের দিন বাজারের নির্দ্ধারিত দরের উপর। পুর্বাদিন জ্যায় হয়তো এক ব্যক্তি ১০ টাকা ১মূল্যের দশখানি শেয়ার মুখে মুখে কিনেছিলো। পরের দিন ঐ ক্রেডা দেখলো ঐ শেরারের বাজার দর শেয়ার পিছু ২ টাকা কমে গেছে অর্থাৎ তার ২০ টাকা লোকসান হয়েছে, তখন তাকে ব্যালেষ্স বা পার্থক্যের ২০১ টাকা

ক্রেতাকে প্রদান করতে হবে। সে যদি দেখতে পেতো যে বাজার দর শেরার পিছু ২ টাকা বেড়ে গেছে তা'হলে সে বিক্রেতার দিকট উভয় অঙ্কের পার্থক্য ২০ টাকা আদায় করে নিতো। এই কারণে শেয়ার বাজার বন্ধ হওয়ার পর এই জ্রাও বন্ধ হয়ে যায় এবং শরদিন শেয়ার বাজার খুললে ইহা পুনরায় অ্রুক করা হয়। ভাগ্যবান জ্রাড়ীকে পেমেন্ট বা অর্থ পরের দিনবাজার দর জানবার পর প্রদান করা হয়ে থাকে; অর্থাৎ যেদিন জ্যা খেলা শেষ হয়, তার পরের দিন লাভের অর্থ বিন্টন করা হয়ে থাকে।

এই জুয়া খেলারও একজন পরিচালক থাকে। পৃর্বাহে জুয়াড়ীদের নিকট নাম রেজিপ্তারী করতে হয়। যে সকল ব্যক্তির নাম এই পরিচালকের তালিকাভুক্ত হয়, কেবলমাত্র তাদেরই এই খেলায় যোগ দিতে দেওয়া হয়েছে। জুয়াড়ীদের তালিকাভুক্ত করার দায়িত্ব এই পরিচালকের। যাকে তাকে এই দ্যুতমগুলীর সভ্য করা হয় না। কেবলমাত্র ধনী এবং দায়িত্বপূর্ণ ব্যক্তিদের এই মণ্ডলীর (Association) সভ্য করা হয়; কারণ সভ্যগণ সভ্য সভ্য মণ্ডলীতে জুয়ার দেয় টাকা জমা দেয় না। যারা হেরে যায় তারা পরের দিন জেভুদের প্রাপ্য টাকা দিয়ে আদে। এই বিষয়ে এদের মধ্যে অত্যন্তত সততা পরিলক্ষিত হয়েছে। কেহ হয়তো পরের দিন জানলো যে সে এক লক্ষ টাকা হেরে গিয়েছে। ইচ্ছা হলে দে অতো টাকা মণ্ডলীতে জমা নাও দিতে পারতো। আইনত: দে তা জমা দিতে বাধ্যও না। কিন্তু তা সত্ত্বেও সে সর্বস্বাস্ত হয়েও তার মুখের জবানী ঠিক রাখে। বহুক্ষেত্রে জুন্নাড়ীরা পৈতৃক বাটী এবং স্ত্রীর গহনা বিক্রয় করেঁও প্রতিশ্রুতি মত এ অর্থ মণ্ডলীতে জমা দিয়েছে। যদি কেহ কোনও ছর্বল মুহুর্ভে त्वहैमानि करत तरन छा'रहल वात्रमायी मागतिकणन देवस वा चादेवस. কোনও লেন-দেন তার সহিত করে না—মড়োয়ারী সমাজে তাদের বদনাম এতো অধিক হয় যে তার পক্ষে শহরে বাস করাও সম্ভব হয় না। সামাজিক এবং অর্থনৈতিক বয়কটের চাপে তাকে অচিরে দেশত্যাগী হতে হয়।

এই জুরা মাড়োরারীদেরই একচেটিরা। রয়েল এরচেঞ্চ অফিসের সম্থে পথের উপর মাড়োরারীদের একটা বড় ভীড় অনেকেই দেখেছেন এবং তাদের কাউকে কাউকে হৈ চৈ করে অবোধ্য ভাষার কথাও বলতে জনেছেন। এই ভীড়টা প্রারই জ্য়াড়ীদের ভীড় এবং এই জ্য়াকে বলা হয় কাটনী জ্য়া। অপরাপর জ্য়ার সহিত ইহার প্রভেদ এই যে এতে মামূলী ব্যক্তি যোগ দেয় না। ব্যবসা ব্রে এমন বৃদ্ধিমান ধনী ব্যবসারীরা মাত্র এতে যোগ দেয়।

এই জুয়া বদ্ধ করতে হলে পরিচালককে খুঁজে বার করতে হবে।
পরিচালকদের নিকট জুয়ার কাগজপত্র পাওয়া যাবে। এই কাগজপত্র
হতে জুয়া প্রমাণ করা সহজ। পরিচালকরা এই জুয়া হতে নিয়মিত
কমিশন পায়। এই পরিচালক নামাধেয় ব্যক্তিকে 'ডেন কিপার' আখ্যাও
দেওয়া যেতে পারে।

(৩) চাঁদি খেলা বা দিলভার গ্যাম্বলীঙ,—এই জ্যাও ব্যবসায়ীদের একচেটীয়া। কটন খ্রীট প্রভৃতি স্থানে এই খেলার প্রচলন আছে। চাঁদির ভেজী বামনা ভাউ বা দর উপলক্ষ করে এই জ্যার প্রচলন হয়েছে। এই দর জানবার জন্ম বােষে প্রভৃতি শহরের অফিস সমূহে এই সকল জ্যাড়ীদের আড়াম্বল হ'তে মূহ্মূহ: টেলিকোন করা হয়। বহুক্তে লগুন আমেরিকা প্রভৃতি দেশ হতেও বেতারযােগে খবর আনানা হয়েছে। সাধারণ টেলিগ্রাফেরও সাহায্য নেওয়া হয়। কাটনী জ্যার পদ্ধতিতেই এই জ্যা খেলা হয়ে থাকে। ইহার মগুলী সংগঠনও ঐ একই পদ্ধতিতে গঠিত।

জুয়াড়িগণ এই খেলায় কৃতকার্য্যতার জন্ম দেশ বিদেশের বাজার সরবরাহ, পরিবহন, অর্থ নৈতিক এবং রাজনৈতিক পরিবর্তনসমূহ মনোযোগ এবং থৈর্য্যের সহিত অমুধাবন করে; কারণ এই পরিবর্তনের উপর চাঁদির বাজারের প্রাস বৃদ্ধি ঘটে থাকে।

ৈ (৪) তুলা খেলা বা কটন গ্যাম্বলীঙ,—এই জুয়া কটন খ্রীট প্রভৃতি স্থানে খেলা হয়। উপরোক্ত পদ্ধতিতে এই জুয়া পরিচালিত হয়। ইহার মণ্ডলী সংগঠনও ঐ একই প্রকারের। অভিজ্ঞ ব্যবসায়ীরা এই খেলা খেলে থাকে। তুলার বাজার দর উপলক্ষ করে এই জুয়ার স্থাষ্টি হয়েছে। এই খেলা এক শ্রেণীর মাড়োয়ারী ব্যবসায়ীদের একচেটিয়া।

বহু ব্যবসায়ীদের জীবন ইতিহাস অহুধাবন করে দেখা গেছে যে, তারা উপরোক্ত জুয়া হতে ক্রোড়পতি হয়েছে। প্রথমে এই জুয়া হতে বহু অর্থ উপার্জ্জন করে তারা ঐ অর্থ বৈধ-ব্যবসায় এবং কলকারখানায় প্রেরাগ করে বড় ব্যবসায়ী হয়েছেন। বহু মধ্যবিত্ত মাড়োয়ারী আজও এই জুয়া হতে ব্যবসায় বা উভোগ-শিল্পের জন্ম মূলধন আহরণে সচেই। এই সকল খেলা নিঃস্থকে ঘেমন ধনী করেছে, ধনীকেও তেমনি ইহা নিঃস্থ করেছে। কিন্তু দেখা গিয়েছে যে ঐ মাড়োয়ারীয়া এ খেলা হ'তে কিছু অর্থোপার্জ্জন করার পর ঐ খেলায় পুনরায় আজনিয়োগ করে নি। তারা এরূপে উপাজ্জিত অর্থ মূলধন স্বরূপ বৈধ ব্যবসায় নিয়োগ করে প্রেরুর বিন্তু লাভ করেছে। এই খেলা সকল সময় দৈবের উপর নির্ভ্র করে মা। বরং উহা খেলোয়াড়দের বৃদ্ধিবৃদ্ধি, পরিশ্রম, ব্যবসায়-জ্ঞান, সংবাদ সংগ্রহের উপর অধিক নির্ভর করে। এইদিক হ'তে বিচার করলে ইহা প্রকৃত জুয়া কি'না তাতে সন্দেহ আছে। পারিপার্শ্বিক অবস্থা এবং পৃথিবীর পরিস্থিতির উপর কোনও ম্বনের মূল্য বাড়বে বা

কমবে তা বুঝা যায়। কিন্তু ইহা উপলব্ধি করতে হলে সংবাদ সংগ্রহ, কুরধার বুদ্ধি এবং বিবেচনা শক্তির প্রয়োজন।

(৫) বরখা জ্যা—ইংরাজীতে ইহাকে রেইন গ্যাম্বলীঙ (Bain Gambling) বলে। আদপে বৃষ্টি হবে কিংবা হবে না এবং বৃষ্টি হলে তা কতো ইঞ্চি পরিমাণ হবে—এই তথ্যের উপর এই জ্য়া পরিকল্পিত হরেছে। বহুক্ষেত্রে মাটিতে গর্জ করে কিংবা একটী পাত্র স্থাপন করে—ঐ গর্জ বা পাত্রে একটী স্বেল (পরিমাপ কাঠি) রক্ষা করা হয়। এই ইঞ্চির স্কেলের উপর জলের হ্রাস বা বৃদ্ধির উপর বাজী রাখা হয়। বড়বাজার অঞ্চলে ছাদের জল নালা বেয়ে ড্রেনে পড়ে। এই ড্রেনের মুখে পাত্র স্থাপন করে কিংবা উহার মুখ বন্ধ করে দিয়ে জল মাপা হয়েছে। জ্ঞানী জ্যাড়ীরা আকাশের অবন্ধা হতে এই সম্বন্ধ ধারণা করে নেয়। কেহ কেহ এই সম্পর্কে হাওয়া অফিনেও বিশেষক্সপে খোঁজখবর করে থাকে।

খেলা-খুলাকে উপলক্ষ করেও বহু জুয়া প্রবর্ত্তিত হয়েছে। ফুটবল
ম্যাচের সময় এই জুয়া হামেসা খেলা হয়ে থাকে। ফুটবল ম্যাচে হার
বিশতের উপর এই জুয়া নির্জর করে। এই উপলক্ষে লক্ষ লক্ষ টাকা
বাজী ধরা হয়।

জ্য়া সকল সময় সং পথে পরিচালিত হয় নি । অর্থাৎ বছকেত্রে উহা ভাগ্যের উপর নির্ভর করা হয় নি । বরং এই ব্যাপারে জ্য়াচুরীর আশ্রয় নেওয়া হয়েছে। ফুটবল ম্যাচের জ্য়ায় উৎকোচ প্রদানের প্রথা আছে। কোনও এক খেলোয়াড় দল ক্রীড়া-নৈপুণ্যে অপরাজেয়। কারণ তাদের বিরুদ্ধ পক্ষীয় দলে ভালো খেলোয়াড় নেই। কিছ তা সভ্তেও কোনও এক জ্য়াড়ী এই ত্র্বল পক্ষের উপর লক্ষ টাকা বাজী রাখলো। এর পর এই জ্য়াড়ী সবল দলের এক উৎকৃষ্ট খেলোয়াড়কে

দল সহস্র টাকা উৎকোচ দান করলো। পরিবর্তে ঐ জ্যাড়ী তাকে নির্দেশ দিল যে সে যেন ঐ দিন ভালো না খেলে। কিংবা ঐ দিন যেন তারা পরাজয় মেনে নেয়। এই ব্যাপারে খেলোয়াড় দলের একাধিক ব্যক্তিকে উৎকোচে বশীভূত করা হয়েছে। বহু খেলোয়াড় এমনই দরিদ্র যে দশ বিশ হাজার টাকা তাদের নিকট খগ্ন। এই অবস্থায় লোভ দমন করা তাদের পক্ষে কঠিন। এই কারণে ভালো ভালো দলকে অভাবনীয় ভাবে আমরা পরাজিত হতে দেখছি। ক্রিকেট খেলার ব্যাপারেও এইক্রপ জ্রা খেলার কাহিনী আমরা শুনেছি। টেনিস এবং অপরাশর ক্ষেপ্রির খেলা উপলক্ষেও এই জ্রা হয়ে থাকে।

জ্যার জ্রাচ্রীর প্রথম প্রবর্ত্তক মহাভারতোক্ত গান্ধাররাজ শকুনি। ঐ দিন হ'তে আজও পর্যান্ত জ্যাড়াদের কেহ কেহ জ্যাচ্রীর আশ্রে নিয়ে থাকে। বৈধ রেশ খেলায় এইজক্ত ভালো ঘোড়ার জকিদের লক্ষ লক্ষ টাকা উৎকোচ দেওয়া হয়েছে। ঐ ঘোড়াকে রাশ টেনে অলাধু জকি ইচ্ছা করে হারিয়ে দিয়ে থাকে। যে ঘোড়া প্রতিদিন প্রথম হচ্ছে তাকে সহসা একদিন ভূতীয় স্থানে নামতে দেখে আমরা হতভন্ব হই, কিন্ত ইহার মূলে কোনও জ্য়াড়ী থাকলেও থাকতেও পারে।কোনও কোনও ক্ষেত্র ভূতীয় প্রেণীর অলকে প্রারম্ভে মন্তপান করিয়ে তাকে তেজী করা হয়েছে। কিন্ত ইহাও এক প্রকার জ্য়াচুরী। এইয়প ক্ষেত্রে অশ্বের মৃত্ত-পরীক্ষার রীতি আছে।মৃত্র পরীক্ষার পর কোনও এক জকির এজন্ত সাজাও হয়েছিল।

কতকণ্ডলি জুয়া আছে, যা মাত্র প্রতারণার কারণে পরিকল্পিত হয়েছে। এই জুয়ার মধ্যে কৃতিত্ব, নৈপুণ্য বা দৈবের কোনও সম্বন্ধ নেই। কেবলমাত্র প্রবঞ্চনার কারণে এই খেল। হয়ে থাকে। এই সকল প্রভারক দলের মধ্যে নওসেরা প্রবঞ্চকরা অঞ্জতম। তেতাস, ফিতা খেলা এবং বিভ্গাস্থলীও—এই শ্রেণীর জ্যা। পুতকের দিতীয় খণ্ডে প্রবঞ্চনা শীর্ষক প্রবন্ধে এই সম্বন্ধে আলোচনা করেছি। এ ক্ষেত্রে উহার পুনক্রেখে নিপ্রয়োজন।

জ্য়া সকল সময় দৈব বা ভাগ্যের উপর নির্ভর করে। নৈপুণ্যের উপর উহা নির্ভর করে না। বালা খেলা প্রভৃতি কয়েকটি খেলা আছে। আপাতঃ দৃষ্টিতে উহা নৈপুণ্যমূলক মনে হবে, কিন্তু প্রকৃতপক্ষেউহা দৈব জ্মা বা প্রভারণা। নৈপুণ্যের কথা শুনিয়ে খেলাকে ভাগ্যের গণ্ডীতে আনাও এক প্রকার প্রবঞ্চনা। ধরুন কিছুদ্রে একটা কাঠের বোর্ডে কয়েকটা লোহ শল্পা আঁকা আছে। দ্র হতে এক লোহ বালা খেলোয়াডরা ছুঁড়ে দিলে। এই বালা ঐ শল্পাতে আটকে গেলে হবে জিত, তা না হলে হবে হার: এই পদ্ধতিতে বালা খেলা হয়ে থাকে, কিন্তু এমন দ্রে শল্পা যুক্ত বোর্ড রাখা হয় যাতে সাধারণ মাছ্যের পক্ষেতাগ্রক্ষা করা সম্ভব নয়। এইজন্ম এই খেলাতে খেলোয়াডরা জেতে খ্রব কম। কোনও কোনও ক্ষেত্রে চুম্বক প্রস্তর শল্পার নীচে রেখে লোহ বলমের গতি অন্তও করা হয়েছে।

তীর ধম্ক এবং ছোট রাইফেল দারা লক্ষ্য ভেদ উপলক্ষ করেও জ্য়া
পরিকল্পিত হয়েছে। কোনও কোনও কেত্রে একটা দীর্ঘ লোই দণ্ডের উপর
একটা ঘণ্টা এবং নিমে অর্দ্ধোল্পক লোই পাত সংযুক্ত করা হয়েছে।
খেলোয়ডেরা নিমের লোহ পাতে হাতুড়ীর ঘা দিলে এক টুকরা লোহ
বেগে ঐ দণ্ডের গা বেয়ে উপরের ঘণ্টায় আঘাত করে। কিছ লোহদণ্ডটা
এতো দীর্ঘ করা হয় যে ঐ লোহ টুকরা প্রায়ই উপর পর্যাস্ত পোঁছায় না।
কিছ খেলার পরিচালক উহা উপর পর্যাস্ত পোঁছানোর কায়দা অবগত।
ঐ ব্যক্তি নিমের লোহ পাত এ্যাডলাই করে উপর পর্যাস্ত উহা উঠিয়ে
মামুবকে আকৃষ্ট করে। প্রথমে মালিকরা আপন দলের ব্যক্তিদের

এই সকল জ্বাতে মৃত্মুহ: জিভিয়ে দিয়ে সাধারণ মাছ্বকে উহাতে আকৃষ্ট করে। বহু ব্যক্তিকে জিভতে দেখে লোভী মাছ্ব জ্বা খেলার আকৃষ্ট হয়েছে। নৈপুণ্যমূলক জ্বার পদ্ধতি বহু প্রকার। বহু প্রভাবশালী ব্যক্তি কার্নিভ্যাল, একজিবিসন উপলক্ষে নৈপুণ্যমূলক খেলার অজ্হাতে এই সকল খেলার জন্ম অনুমতি সংগ্রহ করেছেন, কিন্তু প্রায়শক্ষেত্রে দেখা গিয়েছে যে এঁরা এতহারা বর্ণচোরা জ্বা এবং প্রবঞ্চনার প্রবর্তন করেছেন। কেহ কেহ বন্তা, ছভিক্ষ-ছর্গত জনগণের সাহাধ্যের অজ্হাতে কর্ত্বপক্ষকে বিদ্রান্ত করে এই জন্ত অনুমতি প্রেছেন।

এই সকল মেলাতে চক্রঘড়ীর জুয়া অধিক দেখা যায়। এই থেলায় ঘড়ীর কাঁটা যুক্ত বড় ডায়েল তৈরী করা হয়। এই ডায়েলের প্রতিটী নম্বরের মুখে এক এক প্রকার দ্রব্য রাখা হয়। এই ঘড়ীর ছয় নম্বর এবং বারো নম্বরের মুখে ম্বয়ং মালিক এবং তাহার সহকারী দণ্ডায়মান থাকে। এর পর ঘড়ীর কাঁটাটী জোরে ঘুরিয়ে দেওয়া হয়। উদ্দেশ্য, যে ব্যক্তির নিকট উহার ছোট মুখটী থামবে সেই ব্যক্তি ঐ নম্বরের মুখে রাখা দ্রব্য লাভ করবে। খেলোয়াড়গণ তালের নম্বরের মুখে দেয় অর্থ রক্ষা করলে ঐ কাঁটা ঘুরিয়ে দেওয়া হয়। ছই একটী দ্রব্য ব্যতীত সকল দ্রব্যই খেলো এবং কম মুল্যের দেখা যায়। প্রায়শক্ষেত্রে এই কাঁটার ছোট মুখ পরিচালক বা তাহার সহকারীর, (ছয় এবং বারো নম্বরের) মুখে এসে থেমে গিয়েছে। এই যয় নিশ্বাণের কারসাজীর জন্মই এইয়প সম্ভব হয়। ইহা এক প্রকার প্রবঞ্চনা।

শান্তিরক্ষীদের নজর এড়াবার জন্মে বহু জুয়াড়ী ষ্টিমার বা হাউস-বোট ভাড়া করে মাঝ-নদীতে বা মোহনায় নঙ্গর করে ঐ সকল জল্যানে নিরাপদে জুয়া খেলেছে। জ্বল-পুলিশ নিকটে এলে জুয়ার সরঞ্জাম জ্পলে নিক্ষিপ্ত করা হয় এবং বলা হয় যে তারা পিকনিকের জন্ম ঐ জলযান ভাড়া করেছে।

দ্যত ক্রীড়া কেবলমাত্র পরস্পরের মধ্যে অর্থবিনিময় বা লাভ লোক-সানের উপর নির্ভর করে না। কোনও এক মালিকের (Den-keeper) স্বার্থে নিযুক্ত না হ'লে উহা বে-আইনি হয় না। ঘরোয়া ভাবে বা আপোষে বন্ধুবান্ধবরা যে জুয়া খেলে, তাহা অবৈধ জুয়া নয়। এই কারণে সাধারণ 'তাসের ফ্লাস' খেলাকে বৈধ জুয়া বলা হয়েছে।

(১৩) হাঁড়ী খেলা—এই জুয়া খেলা নিম্ন শ্রেণীর ব্যক্তিদের মধ্যে প্রচলিত। এই জুয়ার আড্ডাঘর শকট চলাচলের পথের পার্শ্বে বা নিকটে অবস্থিত। জুয়াড়িগণ প্রথমে আড্ডাঘরে একটা বড় হাঁড়ী খ্রম্ভ করে। এরপর যত ব্যক্তি জুয়া খেলবে উহাদের সমসংখ্যক কাগজের টুকরা কুগুলী করে ঐ হাঁড়ীতে তা তারা নিক্ষেপ করে। কিন্তু ঐ কাগজে কোনও লিপিকা বা সংখ্যা আদি থাকে না। অর্থাৎ ঐ কাগজে কোনও কিছু লেখা থাকে না। এর পর জুয়াড়ীরা আড্ডাঘর হ'তে বেরিয়ে রাজপথে উপস্থিত হয়। প্রথম যে শকটী তাদের দৃষ্টিগোচর হবে, ঐ চলস্ত শকটের পিছনকার নম্বর প্রেটের তা রিক্সা ট্যাক্সী ঘোড়ারগাড়ী বা বাদ যাহাই হোক না কেন] ডানদিক-কার শেষ সংখ্যাটী এদের একজন একটুকরা কাগজে টুকে নেয়। এর পর তারা ত্বরিত গতিতে পূর্বস্থানে ফিরে ঐ নম্বর লেখা কাগজটী কুগুলী করে ঐ হাঁড়ীতে রেখে দেয় এবং এর পর ঐ হাঁড়ী নেড়ে নেড়ে সব কয়টী কাগজ একাকার করে দেওয়া হয়। এদের এক একজন এইবার হাঁড়ী হ'তে একটা কাগজ তুলে নেয়। নম্বর লেখা কাগজটা উঠাতে পারলে ঐ ব্যক্তি বহু অর্থ লাভ করবে। এই ভাবে পর পর প্রত্যেক ব্যক্তি ঐভাবে কাগজ ভূঁলে দেখে যে ঐ কাগজে নম্বর লেখা আছে কি'না ? যদি কেহই নম্বর লেখা কাগজ না তুলতে পারে তাহ'লে সকলেরই লোকসান, কিন্তু জুয়া খেলার মালিকের (Den-keeper) তাতে লাভ প্রোপ্রি। এই খেলার পদ্ধতিতে বহু ঘোরফের করা হলেও মূল পদ্ধতি থাকে উপরোক্তরূপ।

(১৪) ডিঅ থেলা—এই থেলা কয়েকটা রঙ বেরঙের চাকতির সাহায্যে থেলা হয়ে থাকে। এই চাকতির উপর বিভিন্ন নম্বরও লেখা থাকে। এই চাকতির রঙএর উপর ধরা হয় একটা অঙ্কের সংখ্যা এবং চাক্তির উপর লেখা নম্বরাম্যায়ী অপর একটা অঙ্কের সংখ্যা ধরা হয়। প্লেশকে ফাঁকি দেবার জ্ব্যু এই সকল সঙ্কেতের স্ফি হয়েছে। এইরূপ এক ডেন্-কিপারের বাটা তল্পাদ করে একটুকরা কাগজ পাওয়া যায়, তাতে এই সঙ্কেত সম্হের প্রকৃত অর্থ লেখা ছিল। যথা হল্দে রঙ—১০০্টাকা, সবুজ রঙ ২০০্টাকা, লাল রঙ ৩০০্টাকা ইত্যাদি এবং চাকতির উপরকার ১ নং অর্থে ১০্, ২নং অর্থে ২০্টাকা ইত্যাদি। বিভিন্ন দিনের থেলার জন্মে বিভিন্ন রূপ সাঙ্কেতিক সংখ্যা স্টে হয়ে থাকে। জ্রা থেলার প্র্রায়ে এই সঙ্কেত সকল জ্য়াড়ীদের বৃঝিয়ে দেওয়া হয়।

এই সকল দ্যত ক্রীড়ার প্রকৃত তাৎপর্য্য এবং নিয়মকামুন শান্তি-রক্ষকরা নিজেরা জ্ঞাত না থাকলে আদালতে তা তাঁরা প্রমাণ করতে পারেন না। কিন্তু এই সকল ক্রীড়ার পদ্ধতি সাক্ষ্য দ্বারা আদালতকে ব্ঝিয়ে দিয়ে ঐ খেলার সাজ সরঞ্জাম আদালতে পেশ করলে আদালত বিষয়টী সহজেই বুঝে নিতে পারে। বিষয়টী আদালতকে সম্পূর্ণরূপে ব্ঝাতে না পারার জন্ম বহু জ্বার কেস্ বা মামলা অভাবতঃই টেকেনা।

(১৫) শকট জুয়া—এই খেলায় জুয়াড়ীয়া রাল্ডার চৌমাথায় এসে

দাঁড়ার। এরপর কেউ বলে যে শকটটী মোড়ের ডান দিকে যাবে, কেউ বা বলে যে উহা মোড়ের বাম দিকে যাবে। শকটগুলির এইরূপ দিক পরিবর্জনের উপর বাজী রাখা হয়ে থাকে।

লটারী বা ভাগ্যদক্র

লটারী বা ভাগ্যচক্র জুয়া নয়। কারণ কোনও ব্যক্তি বা গোষ্ঠীর একান্ত স্বার্থে এই খেলা প্রযুক্ত হয় না। দৃষ্টান্ত স্বরূপ বিক্রয়ার্থে দ্রব্যাদির লটারীর কথা বলা যেতে পারে। ইহা সমমূল্যের টিকিট বিক্রয় দ্বারা সাধিত হয়ে থাকে। ধরুন কোনও এক ব্যক্তির একটী মোটরকার আছে এবং উনি তাহা বিক্রয়ের জন্ম লটারীর অবতারণা করলেন। ১১ টাকা বা ১০ টাকার বহু টিকিট বহু ব্যক্তির নিকট তিনি বিক্রয় করলেন, এবং এইরূপে তিনি ছয় হাজার মূদ্রা সংগ্রহ করতে পারলেন। ঐ যন্ত্র শকটটীর মূল্য চারি হাজার কিম্বা হয় হাজারও হ'তে পারে, কিম্বা উহার প্রকৃত মূল্য আট হাজারও হ'তে পারে। শকটের মালিকের লাভ লোকসানের প্রশ্ন এম্বলে আদপেই উঠে না। কারণ এই ক্ষেত্রে মালিক এক প্রকার ভাগ্যের হত্তেই নিজেকে সমর্পণ করছে। কিন্ত প্রকৃত জুয়ার মালিক বা ডেন্-কিপার নিজেকে জুয়াড়ীদের লাভ লোকসান বা ভাগ্যের সহিত কথনও জড়ায় নি। সকল সময় এই ডেন্-কিপারগণ লভ্যাংশ গ্রহণ করেছে, লোকসানের সহিত সংশ্লিষ্ট না থেকে। এই কারণে এইরূপ লটারী দারা দ্রব্যাদি বিক্রয়কে জুয়া वना इम्र ना। य वाकित नारम अ सावित्रकात छेठरन, छेश छाशास्क প্রদান করলে—ইহার মধ্যে কোনও অপরাধ নেই। কিন্তু বহকেত্রে এই লটারী স্থায়ের পথে পরিচালিত হয় নি। ক্রীপ্রায়শক্ষেত্র দেখা গিরেছেযে ঐ সকল দ্রব্য বিক্রেতার ভ্তাগণ বা আত্মীয়ম্বজন বা পরিচিত কোনও ব্যক্তির নামে উঠেছে। এই ব্যবস্থার মধ্যে যদি কোনও কারসাজী থাকে তা'হলে উহাকে প্রতারণা বলা হবে। অর্থাৎ উহাকে ত্র্পন জুয়া না বলে বলা হবে জুয়াচুরী।

এই কারণে পৃর্বাছে লটারী পরিচালকদের কর্ত্পকের অহুমোদন গ্রহণের প্রথা প্রচলিত আছে।

কোনও কোনও জনহিতকর প্রতিষ্ঠান এইরপ লটারীর একক লভ্যাংশ গ্রহণ করে থাকেন। একমাত্র ইহাদের উদ্দেশ্য থাকে জনহিতার্থে উহা ব্যর করা। কিন্তু দৃতে ক্রীড়ার সহিত এই ব্যবস্থার প্রভেদ থাকে অত্যল্প। কর্ত্পক্ষের অহুমোদন গ্রহণ করে এইরূপে অর্থ সংগ্রহ করা হয়। যে সকল দৃতে ক্রীড়ায় কর্ত্পক্ষের অহুমোদন আছে বা যাহাতে কোনও ব্যক্তি বা দল সমগ্র লভ্যাংশ গ্রহণ করে না, উহাকে জ্যা বলা হয় না; এমন অনেক লটারী আছে যাহা কার্য্যতঃ জ্যা, কিন্তু আইনতঃ জ্য়া নার; ইহা আইনতঃ জ্য়া না হলেও লোকতঃ উহা জ্যা বা দৃতে ক্রীড়া।

[কেছ কেছ বলে থাকেন যে জ্য়ার জিতের হার থাকে ৫০% এবং ৫০% অর্থাৎ হার হওয়ার সভাবনা শতকরা ৫০ ভাগ এবং জিত হওয়ারও সভাবনা থাকে শতকরা ৫০ ভাগ। একটা পয়সা একবার, দশবার বা পঞ্চাশ বার টস্ করে উহা কতবার হেড এবং কতবার টেল হবে তা বলা যায় না, কিছ ঐ পয়সাটা যদি ১ লক্ষ ৫০ হাজার বার ঐয়প টস্ করা হয়, তা'হলে দেখা যাবে অর্জেক হয়েছে হেড এবং অর্জেক হয়েছে টেল। এই আয়াআধি হার জিতের যদি ব্যতিক্রম ঘটে তা'হলে উহাকে জ্য়া বলা হবে না, উহাকে তখন বলা হবে প্রবঞ্চনা। বহু ক্লাবে এমন বহু মুদ্রা-ভাগ্যেক্ক এবং বাগাটালি মেসিন প্রভৃতি আছে যেখানে শত

চেষ্টায় বহু আনি ছু-আনির বিনিময়েও লোকে দিনের পর দিন হেরে এসেছে। আমার স্থচিস্তিতঅভিমত এই যে এইরূপ অবস্থা বা ব্যবস্থা সকল সময়েই প্রবঞ্চনারই সামিল।

বাদাম খেলা—এই জুয়া পদ্ধতিতে একটা চোকো চার-ঘরা ছক তৈরী করা হয়। এই সময় মাটির উপর কিছু চিনাবাদাম মজুত খাকে। এই মজুত বাদাম হ'তে আন্দাজে কয়েকটা বাদাম তুলে নিয়ে উহার একটি তুইটি বা তিনটি—এইরূপ হারে ঐ ছকের প্রতিটীর উপর উহাদের সাজানো হয় এবং এর পর ঐ বাদামের সমবেত সংখ্যা যদি জোডা সংখ্যা হয় তা হ'লেই জিত।

উপরোক্ত পদ্ধতি ব্যতীত এই খেলার বহু রকম-ফেরও আছে। তবে প্রায়শক্ষেত্রে রাহাজানির উদ্দেশ্যে এই খেলার অবতারণা করা হয়েছে। কিন্ধপে ইহা সম্ভব তা নিম্নের বিবৃতি হ'তে সম্যকরূপে বুঝা যাবে।

"ঐ দিন জ্যাড়ীর দালাল বাদাম খেলার পদ্ধতি আমাদের বুঝিয়ে দিলে। আমরাও বুঝে গেলাম যে এই খেলায় হার হওয়ার সম্ভাবনা আদপেই নেই। খেলার গোপন তথ্য ঐ মাড়োয়ারীকে প্রকাশ করতে আমাদের মানা ছিল। এর পর ঐ দালাল এক নৌকা করে আমাদের মাঝ গঙ্গায় নিয়ে আলে। ভূমির উপর ঐ মাড়োয়ারী ছই সহস্র টাকা বাখে এবং আমরা রাখি এক সহস্র টাকা। পূর্ব্ব শিক্ষা মত খেলে আমরা ঐ খেলা জিতে নিই। কিন্তু ঐ মাড়োয়ারী তার নিজের এবং আমাদের টাকা জোর করে ভূলে নিয়ে বলে যে আমরা হেরে গেছি। মাঝি মাল্লারা এবং তার সঙ্গিগণ কয়েকখানি ছোরা ছুরীও বার করে।"

[জুরা তিনটা উদ্দেশ্যে খেলা হরে থাকে। যথা—(১) প্রকৃত জুরা থেলা, (২) প্রবঞ্চনার উদ্দেশ্যে এবং (৩) রাহাজানির উদ্দেশ্যে।]

অপরাধ—জালিয়াতি

जानिशां ि वह धौकारतत हरत थारक, यथा-भूजो जान, नाढे जान, খতপত্র বা দলিল জাল, ব্যাঙ্কের চেক জাল ইত্যাদি। প্রথমে নোট বা মুদ্রা জালের সম্বন্ধে বলা যাক। রাষ্ট্রের পক্ষে এইরূপ মুদ্রা জাল ব্যবসায় অতীব ক্ষতিকর। শত্রুরাষ্ট্রসকল বিরোধী-রাষ্ট্রের পতন ঘটানোর জন্ত এইরূপ পৃষ্ঠা অবলম্বন করে থাকে। এরা লক্ষ্ণ লক্ষ্ণ মূদ্রার কাগজের নোট জাল করে ঐ সকল নোট শক্তরাষ্ট্রে অপবহন (Smugling) করে থাকে; অসম্ভব মুদ্র। স্ফীতির কারণে রাষ্ট্রের অর্থ নৈতিক কাঠামো ভেঙে পড়ে এবং এইক্লপ অবস্থায় স্বভাবত ঐ রাষ্ট্রের পতন ঘটে। স্কলেই অবগত আছেন যে কাগজের কারেন্সি নোটের সম সংখ্যক ধাতৃ মুদ্রা কোষাগারে মজুত থাকে। এই সকল কাগজের নোট সরকারী ছ্যাণ্ডনোটের সামিল হয়ে থাকে। জাল নোটের প্রচলনের ফলে অর্থনৈতিক ঘাটতি পড়ে এবং সরকারী তহবিল শৃত্য হয়ে যায়। এই অবস্থা অবগত থাকা সত্ত্বেও রাষ্ট্র সমূহের বহু প্রজা বা নাগরিক এইরূপ জাল ব্যবসায় चाज्रमित्यां करतह । এই সকল লোভী দেশবাদী একাধারে দেশ, জাতি এবং রাষ্ট্রের শক্ত। আমার মতে এদের এই রাষ্ট্র-বিরোধ অপরাধ ক্ষারও অ্যোগ্য।

এদেশে नित्याककार हातिथाकात रहार मूखा जान कता हरत पारक।

(১) রোপ্যকরণ—ইংরাজীতে ইহাকে বলে, কুইক্-সিলভারিঙ প্রসেস্। এক টাকার অহরেপ মুদ্রা তামা দারা তৈরী করে উহা ইলেক্টোপ্রেট্ করে রৌপ্য নিশ্বিত মুদ্রারূপে চালানো হয়ে থাকে। মুদ্রাজালের এই পদ্বাকে বলা হয় 'রৌপ্যকরণ'। কখনও কখনও ভাত্র মুদ্রাকে এই পছায় স্বর্ণ বর্ণেরও করা হয়ে থাকে। অফুরূপ ভাবে এই পছাকে বলা হয় 'ক্রণকরণ'। এই ব্যবস্থার উদ্দেশ্য থাকে তাত্র-মুদ্রাকে গিনি বা মোহর রূপে সরবরাহ করা।

- (২) উত্তোলন—রোপ্য বা স্থণ মুদ্রা হ'তে সামান্ত সামান্ত সোণা বা রূপা সাবধানে চেঁছে (Scraping) তুলে নেওয়া হয়, যাতে করে মনে হবে ঐ সকল মুদ্রা হাতে হাতে এমনিই ক্ষয়ে গিয়েছে। প্রকৃত মুদ্রার কাণা (সারকুলার রিম্) এবং উপরিভাগ (Miling)—এই উভয়াংশ হ'তেই ঐ মূল্যবান ধাতুর কিছু ভাগ তুলে নেওয়া হয়েছে।
- (৩) ভেজাল পন্থা—ইংরাজীতে ইহাকে (Sweating) বলে।
 এই পন্থায় মূদা হ'তে ইলেকট্রোগ্লাইডিঙ পন্থায় ধীরে ধীরে কিছু
 রৌপ্য তুলে নেওয়া হয়। এই ইলেকট্রোগ্লাইডিঙ ব্যবস্থা তামার সহিত
 করা হয়। এতথারা মূদার রৌপ্যকণা উন্তোলিত হয়ে আনে এবং
 তৎপরিবর্ত্তে তাম্রকণা উহাদের স্থলাভিষিক্ত হয়।
- (৪) ছাঁচ প্রথা—এই পদ্বায় ছাঁচ নির্মাণ করে উহার সাহায্যে ছবছ অফুরূপ মূলা সকল নির্মিত হয়ে থাকে। এই নকল মূলা তৈরী করার জন্ম যে ছাঁচ তৈরী করা হয়, তাহা একটী আসল মূলার সাহায্যে নির্মিত হয়। এইজন্ম একই সালের বহু জাল মূলা বাজারে চালু হ'তে দেখা যায়।

এই মুদ্রা জালের ছাঁচ তিন প্রকারের হয়ে থাকে, যথা—(ক) খোঁদলছাঁচ বা প্রক হ ছাঁচ। কেহ কেহ ইহাকে পাতকো-ছাঁচও বলে থাকে।
ইংরাজীতে ইহাকে বলা হয় কাই (Cust)। (খ) ডাইস্-ছাঁচ বা ডাইস্।
কেহ কেহ ইহাকে বহি:ছাঁচ বা চাতাল-ছাঁচও বলে থাকে। ইংরাজীতে
ইহাকে বলা হয় খ্রাক (Struk), (গ) ছাঁচ বা মোভ (Mould)
এবং (ঘ) ডাইস্ বা সিল্ অর্থাৎ এই উভয়বিধ ব্যবস্থার একক সমাবেশ।

মুদ্রা জালের খোঁদল-ছাঁচ সকল নরম মাটি এবং কাঠ করলার ভাঁড়োর সাহাব্যে সাধারণতঃ তৈরী করা হরেছে। এই সকল পদার্থের সহিত কথনও কথনও রজন (Resin) এবং ইটের ভাঁড়াও মিপ্রিভ করা হরেছে। এতঘুতীত ছাঁচ তোলার স্থবিধার জন্ম এদের সহিত জল এবং আঠা জাতীর পদার্থ—গুড়, মধু, গাঁদ, এ্যারাবিক্, সিমেন্ট প্রভৃতিও ব্যবহার করা হরে থাকে। মৃত্তিকা নির্মিত ছাঁচ সকল বছ ক্ষেত্রে পৃড়িরে শক্ত করা হরেছে। এই সকল ছাঁচ কেহ কেহ খড়ির ভাঁড়া এবং প্র্যাসটার অব্ প্যারিস্থর সাহায্যেও নির্মাণ করে থাকে।

মুদ্রা জালের ভাইস্ বা চাতাল-ছাঁচ সকল কতকটা হাণ্ডেল যুক্ত শব্ধ গালা-সিলের মতন দেখতে হয়। এই ভাইস্ বা চাতাল-ছাঁচ সাধারণত: পিতল কিংবা লোহ দারা নিশ্মিত হবে থাকে।

খোঁদল-ছাঁচের ছুইটা অংশ থাকে এবং এই উভয় ছাঁচের মধ্যে মুদ্রার পরিধি অস্থারী স্থল গহর বা থোঁদল থাকে। ইহাদের একটার গহরের নিমদেশে মুদ্রার এক পিঠ এবং উহার অপর ছাঁচের গহরের নিমদেশে ঐ মুদ্রার অপর পিঠ চিত্রিত বা ছাঁচিক্বত থাকে। এর পর এই ছাঁচ ছুইটার উপরি অংশ মুখোমুখি করে বিসিয়ে দিয়ে এটে বা বেঁধে দেওরা হয়, এবং এই উভয় ছাঁচের সংখোগের মুখে একটু ফুটা করে ঐ ছিদ্র-পথে তরলাক্বত ধাতু ঢেলে দেওরা হয়ে থাকে। এইভাবে কিছুক্দণ থাকার পর ঐ ধাতু উভয় ছাঁচের গহরের জমাট বেঁধে গেলে ঐ ছাঁচের উভয়াংশ বিষুক্ত করলে ভিতর হ'তে একটা নকল হবহ মুদ্রা বার হয়ে এলে থাকে।

বোদল-ছাঁচের স্থায় চাতাল-ছাঁচেরও ছুইটা অংশ থাকে, কিন্তু উহাদের মধ্যে কোনও গহার বা বোদল থাকে না। উহাদের উভরাংশ থাকে সমতল, এবং ঐ সমতল ছাঁচ বা ডাইসহরে বথাক্রমে মুদ্রার হেড্ এবং টেল অন্ধিত বা ষল্প গভীর রেথাকারে চিত্রিত থাকে। মুদ্রার উপরি অংশকে, অর্থাৎ যে অংশে রাজার মূথ বা কোনও চিত্র অন্ধিত থাকে, তাহাকে বলা হয় হেড এবং উহার নিয় অংশকে অর্থাৎ যেথানে মাত্র লিপিকা থাকে, তাহাকে বলা হয় টেল। এই চাতাল-ছাঁচ্ছয় কতকটা সিল মোহরের মতন দেখতে হয়। এই উভয় সিল মোহরের মধ্যে অর্কতরলাকতি বা নরম অবস্থার ধাতু রক্ষা করে উভয় দিক হ'তে চাপ দিলে হবছ নকল একটা মুদ্রা বার হয়ে আসে। এর পর উকা বা অক্স কোনও যজের সাহায্যে ঐ জাল বা মেকি মুদ্রার কানার বাঁজগুলি আসল মুদ্রার অক্সল করে কেটে দেওয়া হয়ে থাকে।

কখনও খোঁনল এবং চাতাল, এই উভয়বিধ ছাঁচের সাহায্যে মেকি
মুদ্রা নির্মাণ করা হয়েছে। এই পস্থার খোঁদল বা কাষ্ট ছাঁচে তরলাক্ষতি
ধাতু রক্ষা করে উহার মুখ চাতাল-ছাঁচ দিয়ে চেপে দেওয়া বা বন্ধ করা
হয়ে থাকে। মুদ্রার এক পিঠ খোঁদল-ছাঁচের এবং উহার অপর পিঠ
চাতাল-ছাঁচের সাহায্যে মুদ্রিত বা জাল করা হয়ে থাকে।

মেকি বা জালি রৌপ্যমুদ্রাসমূহ সকল সময় পুরাপুরি রৌপ্যেতর থাঙু ছারা তৈরী করা হয় নি। প্রায়শক্ষেত্রে অধিক রূপা না দিরে, কম বেশী রূপার সহিত রৌপ্যেতর ধাড়ু খাদ রূপে ব্যবহৃত হয়েছে। এই অপকার্য্যে যে সকল ধাড়ু খাদ রূপে প্রযুক্ত হয়, তাহাদের মধ্যে পিতল, তামা, সিলভার, রাঙ, টিন, কাঁদা এবং দীদা অক্তম। কখনও কখনও মুদ্রার তুই দিককার উপরিভাগ রূপা এবং উহার মধ্যদেশ রৌপ্যেতর ধাড়ু ছারা নির্মিত হয়েছে।

নিকেল নিশ্মিত মুদ্রা প্রায়শক্ষেত্রে সীসা এবং টিনের মিশ্রণ ছারা জাল করা হয়েছে। জাল বা মেকি স্বর্ণ মুদ্রা পিতলের সাহায্যেও তৈরী করা হয়ে থাকে। পরে উহা পালিস করে বা সোনার জল বা সোনার কোটিঙ্ দিয়ে চকচকে করা হয়। কখনও কখনও মেকি মুদ্রা ইলেকট্রোপ্লেট করে প্রকৃত স্বর্ণ বা রৌপ্য মুদ্রা রূপে চালু করে লোক ঠকানো হয়েছে।

মুন্তা জালের জন্ম নিয়োক্ত যন্ত্রপাতি এবং দ্রব্য নিচয়ের প্রয়োজন হয়ে থাকে। খানাতপ্রাসীর সময় এইগুলি বিশেষক্রপে হেপাজতে নেওয়া শাস্তিরক্ষীদের পক্ষে উচিত হবে।

- (১) পাউডার—পোড়া ইট্, কাঠ কয়লা, দিমেণ্ট, খডি ভুঁড়া বা খড়ি, প্লাদটার অব প্যারিদ, গন্ধক ইত্যাদি।
- (২) যন্ত্রাদি—উনান, চিমটা, ফোঁদেল বা ফানেল, দ্রব্যতরলাকৃতি করার পাত্র, করাত, হাতৃড়ী, ছুরী, উকা, স্কেল বা মাপকাঠি, সাঁড়াশী, বাটালি, কড়াই, বড় চামচ, ফুয়াট ষ্টোন ইত্যাদি।
- (৩) ধাতৃ—কত্তা, সীসা, টিন, তামা, ক্লপা, পিতল, কাঁসা, সোলভার, রাঙ ঝাল ইত্যাদি।
- (৪) আঠা বা লেই—ওড, আলকাতরা, রজন, গঁদ, মধু ইত্যাদি।
 এতদ্যতীত সালফিউরিক এ্যাসিড, নাইট্রিক এসিড্ তেঁতুল, সোপনাট প্রভৃতি দ্বেরেও প্রয়োজন হয়ে থাকে। অবশ্য একটা পুরা ছাঁচ
 বা ডাইস এবং ঐ ছাঁচ বা ডাইস তৈরী করার জন্ম একটা প্রকৃত মুদ্রার
 প্রয়োজন সর্বপ্রথম।

অধুনাকালে রাষ্ট্রদমূহ অক্তরিম রূপা বা সোনা দিয়ে মুদ্রা তৈরী করা পছন্দ করে না। ঐ দকল রোপ্য বা স্বর্ণ মুদ্রায় তারা প্রচুর খাদ মিশ্রিত করেন। বহু রাষ্ট্র আদপেই উচ্চমূল্যের মুদ্রাতেও রূপা প্রদান করে না, উহাদের তাঁরা সীসা বা দন্তার সাহায্যে নির্মাণ করে থাকেন। অনেক বিশেষজ্ঞাদের মতে, এতদ্বারা মেকি মুদ্রা তৈরী লাভজনক থাকে না। কিন্তু যদি কোনও এক দন্তা বা সীসার মুদ্রার বিনিময়ে অধিক মূল্যের দন্তা বা সীদা ক্রেয় করা সম্ভব হয়, তা'হ'লে ঐ মূল্রার জাল লাভজনক হবে। কিন্তু ঐ কাঁচা মাল উহাদের সমমূল্যের হ'লে উহাতে কোনও লাভ থাকবে না। এই অবস্থায় কাহারও পক্ষে মূলা জাল করা বা না করা সমান কথা হয়। এমন বহু রাষ্ট্র আছে, যেখানে রৌপ্য বা অর্ণ মূল্যাসমূহ সমমূল্যের বা ন্যুনাধিক মূল্যের ক্রপা বা সোনা দ্বারা তৈরী করা হয়ে থাকে। এইক্রপ মূল্যাসমূহ খাদ মিশিয়ে মেকি বা জাল করতে পারলে জালিয়াতের লাভ অধিক থাকে। কেহ কেহ বলেন, খাদমিশ্রিত রৌপ্য বা অ্বর্ণ মূল্য জাল করা সহজ, কারণ প্রদন্ত খাদের সহিত আরও একটু খাদ মিশ্রিত করলে উহা সহজে চোখে পড়েনা। কিন্তু অবিমিশ্র বা থাটি অর্ণ বা রৌপ্য মূল্যার সহিত একটু মাত্রও অপর ধাতু মিশ্রিত করলে বৃদ্ধিমান ব্যক্তিমাত্রেই উহার ওজন, বর্ণ এবং ঝল্লার হ'তে উহাদের সহজেই চিনে নিতে পারে।

কাহারও কাহারও মতে শ্বল্প মৃল্যের ধাতৃ দারা অধিক মৃল্যের মৃদ্যাদি নির্মাণ করা হ'লে উহা বহু সংখ্যায় জ্ঞাল করা সম্ভব হয়েছে। এই মতাবলদী ব্যক্তিগণ এ'ও বলে থাকেন যে, রূপার বদলে যদি সীসা দিয়ে টাকা তৈরী করা হয় এবং ঐ সীসার টাকা দিয়ে যদি এক ভরি রূপা এবং বহু ভরি সীসা ক্রয় করা সম্ভব হয় তা'হলে ঐরূপ মৃদ্রা জ্ঞাল করা সর্বনাই লাভজনক। তবে ইহার সত্যতা সম্বন্ধে নানারূপ মতভেদও আছে। তবে ইহাও দেখা গিয়াছে যে পৃর্বেকার খাঁটি রূপার টাকা অধুনাকালে টাকা রূপে কেহ ব্যবহার করে না। ঐরূপ প্রানো টাকা পাওয়া মাত্র উহা গালিয়ে ফেলে বিক্রয় করা হয়েছে।

মুদ্রা সম্পর্কে অপরাধিগণ মূলতঃ ছ'ভাগে বিভক্ত, যথা—(১) মুদ্রাকার (Coiner) বা প্রস্তুতকারক, (২) সঞ্চালক (Utterer) বা শরিবেশক। প্রথোমক অপরাধিগণ কেবলমাত্র মেকি মৃদ্রা নির্মাণ করে থাকে, কিন্তু তারা নিজেরা কদাচিৎ উহা বাজারে চালু করেছে। অপর শ্রেণীর অপরাধী প্রস্তুতকারকদের নিকট হ'তে মেকি মৃদ্রা ক্রের করে বাজারে উহা চালু করে থাকে। মেকি মৃদ্রার প্রস্তুত প্রণালী সম্বন্ধে উহারা থাকে একাস্তুই অজ্ঞা।

মেকি মুদ্রার সঞ্চালকরা (Utterer) বাজারে উহা চালু করার জন্ম বহু সহকারী নিয়াগ করে থাকে। এই সকল সহকারীদের অনেকে নাবালক বালক মাত্র। এই সকল বালকগণ মেকি টাকা এবং আধুলিসহ বাজার করতে বার হয় এবং তুই এক প্রসার প্রয়োজনীয় দ্রব্য কিনে মেকি আধুলি ও টাকার বিনিময়ে প্রকৃত ছোট মুদ্রা বা রেজকী-সমূহ সংগ্রহ করে আনে। এই সকল মেকি আধুলি এবং টাকা রাত্রে বাস ও ট্রামে মাত্র ৪ প্রসার টিকিট কিনে তুর্ব্যন্তর। ভাঙিয়ে নিয়েছে। দোকানিগণও দৈবক্রমে উহা প্রাপ্ত হ'লে মুদ্রাটী জাল বুঝা মাত্র উহা অপর একক্ষনের নিকট গছিয়ে দিতে প্রয়াস পার।

বিবিধ প্রকার মুদ্রা জালের কথা বলা হলো। এইবার নোট জাল সম্বন্ধে বলবে।। অধুনাকালের বহু ধনী পরিবারের পূর্ব্ধপুরুষ নোটজাল বা ডাকাতি করে বড়লোক হয়েছিলেন, এইক্লপ বহু প্রবাদ এদেশে প্রচলিত আছে। এখনও নির্জ্জন স্থানসমূহে অবস্থিত বহু পরিত্যক্ত বড় প্রাতন বাড়ী দেখা যায়। জন প্রবাদ, এই সকল বৃহৎ অট্টালিকাতে পূর্বে নোট জাল করা হতো। অধুনাকালে নোটের বর্ণছ্টা এবং প্যাটার্ণ বা সমাবেশ এমন ভাবে করা হয়ে থাকে যাতে উহা জাল করা অসম্ভব হয়। এই প্যাটার্ণ এবং প্রস্তুত প্রণালীর বদলের কারণে মোট জাল করা অধুনাকালে অতীব করিন। জনস্বার্থের কারণে নোটের প্যাটার্ণ প্রস্তুতির শুহুতন্ত সম্বন্ধে এখানে আলোচনা করকো

- না। তবে মোটাম্টি বলা যেতে পারে যে নিম্নোক্ত কতিপর পছার অধুনাকালে কারেজি নোট জাল করা হয়ে থাকে, যথা:---
- (১) হস্তান্ধন—এই পদ্ধার কালী এবং কলমের সাহাব্যে নোট হবহ
 আন্ধন করে উহাতে তুলির সাহাব্যে রঙ ধরানো হরে থাকে। এই
 ব্যবস্থার স্থন্দর এবং নিখুঁত ক্লপে নোট জাল করা সম্ভব হর নি।
- (২) লিখোগ্রাফি—এই পদ্বায় নোটের চিত্র লিখোগ্রাফির
 দারা ভোলা হ'লেও উহাতে রং চড়ানোর কার্য্য হস্ত দারা করা হয়ে
 থাকে। এর ফলে নোটের ছাপ স্থুম্পষ্ট রূপে ফুটে উঠে না এবং
 ছাপা কতকটা ধ্যাবদা আকার ধারণ করে। বারকতক ছাপার পরই
 উহার অবস্থা আরও শোচনীয় হয়ে উঠে। একদিন এই বিশেষ
 পদ্বায় নোট জাল ভ্যাবহ রূপ ধারণ করেছিল, কিছু অধুনাকালে
 নোটের প্যাটার্ণ এবং প্রস্তুত প্রণালী বদলে যাওয়ায় এই প্রণালী
 আজ অকেজো হয়ে গিযেছে।
- (৩) ফটো-লিপোগ্রাফি—একটী অক্বরিম বা সাচচা নোটের ফটোগ্রাফ বা আলোকচিত্র প্রথমে একটী লিপোগ্রাফিক প্রস্তরে আরোপিত করা হয় এবং তার পর উহা হ'তে নোটের ঐ প্রতিক্বতি কাগজে ছেপে নিয়ে হস্ত দারা উহার সক্ষ কার্য্যগুলি সমাধা করা হয়। এই প্রণালীর সাহায্যে নকল কার্য্য স্থকর হ'লেও লিপোগ্রাফির সাধারণ দোহগুলি এমনিই থেকে বায়।
- (৪) ফটো-জিনকোগ্রাফি—এই পদ্বার ফটো-লিথোগ্রাফির স্থায় একটি নেগেটিভ প্রথমে তৈরী করা হয়। এই পদ্বার উহা প্রথমে ধাতু নির্দ্ধিত দ্রব্যের উপর ছাপা হয়ে থাকে। এইজ্বস্থ ইহাদের নেগেটিভের ছবি উন্টা হওয়ার প্রয়োজন আছে। এইরূপ উন্টা ছাপকরণের জম্ম কটো তুলবার সময় ফটোর লেজ্বের সমূথে একটা প্রিসিম্ রাধার

রীতি আছে। এই ভাবে যে ফটো প্লেট তৈরী হয়, উহার সাহাব্যে লিখো-প্রভারের পদ্ধতির স্থায়ই নোট জাল করা হয়েছে। কিছ এই ক্ষেত্রেও উহাদের ছাপার সাধারণ দোষগুলি এড়ানো সম্ভব হয় নি।

- (৫) ফটো-রিলিফ ব্লক—এই পদ্বায় ফটোগ্রাফির নেগেটিভ্রেট হতে প্রথমে ছুল তাম বা দন্তার প্লেট নোটের প্রতিক্ষতি তুলে নেওয়া হয়। এই প্লেটের যে যে অংশ সাদা করার প্রয়োজন, সেই অংশের রং এ্যাসিড প্রয়োগ করে তুলে দেওয়া হয়। ঐ প্লেট তামার হ'লে লোহ পেরিক্রোরাইড এবং উহা দন্তার হলে নাইট্রিক এ্যাসিড, এই 'জালের' কার্য্যের জক্ম ব্যবহার করা হয়ে থাকে। নোটের পিছন দিকটি পরীক্ষা করলেই কিন্তু বুঝা যায় যে ঐ নোট এই প্রণালীতে প্রস্তুত করা হয়েছে।
- (৬) ইটাপ্লিও প্রশেস্—ইহাকে ফটো-এপ্রিচিঙ্ বা ফটো এন-গ্রেভিঙ্ প্রণালীও বলা হয়ে থাকে। ছাপার কালীর সাহায্যে নোট জাল করতে হলে এই প্রণালীটী সর্ব্বোৎকৃষ্ট। এই প্রণালীতে কেবলমাত্র তাম নিশ্মিত প্লেট ব্যবহার করা হয়ে থাকে। এই পদ্বায় ঐ তাম্র প্লেটের নিম্নদেশে এসিডের সাহায্যে নোটের প্রতিকৃতি তোলা হয়। এইজন্ম ইহাতে একটা নেগেটিভ্ প্রিণ্ট্ এরও প্রয়োজন হয়ে থাকে। প্রথমে মূল নেগেটিভ হ'তে একটা পজেটিভ্ এর স্থাষ্টি করা হয়ে থাকে। অবশ্ম ইহা করা হয়ে থাকে তাম প্লেটের উপর ইহার সংযোজক ক্লপ ছাপা হ'তে। এরপর কপার-প্লেট-প্রেসের প্রণালী অন্থ্যায়ী ঐ প্লেট হতে সরাসরি ছাপ নিয়ে নোটগুলি জাল করা হয়। এরপর প্লেটের নামাল অংশে ঘদে ঘদে কালি লাগানো হয়ে থাকে এবং উহার উচ্চাংশ হ'তে ঐ কালি স্থল থস্থদে বস্ত্রপণ্ডের সাহায্যে পুঁ ছৈ কেলা হয়ে

খাকে। এরপর এই প্লেট ছাপার প্রেসে সংযুক্ত করে উহার উপর এক খণ্ড স্থাতস্থোতে নোটের সাইজে কাটা কাগজ রেখে ঐ প্রেসে চাপা দেওয়া হয়। এই অতীব চাপের ফলে ঐ কাগজ ঐ প্লেটের নামালাংশ প্রোথিত হয়ে প্রয়োজনীয় ছাপ গ্রহণ করে। এইরূপ পদ্বায় ছাপার কারণে ছাপার কালি কিছুটা স্পষ্ট রূপ ধারণ করে এবং এইজন্ম চতুর অভিজ্ঞ ব্যক্তিরা উহাকে জাল বলে বুঝে নিতে পারে।

(৭) হেড্-এন্গ্রেভড্রক—এই পছায় কাঠের রকের উপর হস্ত হারা নরণের সাহায্যে একটা নোটের প্রতিকৃতি তৈরী করা হয়ে থাকে। একমাত্র ধ্রন্ধর ব্যক্তি এবং এই ব্যাপারে গুণিগণ এইর্ন্নপ রুক তৈরী করতে সক্ষম। এইর্ন্নপ রুক হ'তে প্রস্তুত নোট প্রায়শ: ক্ষেত্রে নিথ্ত এবং স্কম্পন্ত হয় নি এবং ছাপার মধ্যে কর্ত্তন-যন্ত্রের [যে যন্ত্রের হারা ঐ রুক তৈরী হয়েছে] দাগও দেখা গিয়েছে।

এইরূপে নোট সকল জাল করার পর ত্র্কৃত্র। মোম, গ্লিসারিন, প্যারাফিন প্রভৃতির সাহায্যে উহার উপর জল-দাগ (water-mark) আরোপ করে থাকে। কথনও কথনও জল-দাগ আরোপ করার জন্ম এই সকল পদার্থ ছাপার ব্লকের উপর নিক্ষেপ করে উহাকে কিঞ্চিৎ উষ্ণ করাও হয়ে থাকে, এবং এরপর ছ্রিত গতিতে ঐ নোটের একটা কাগজ্ব উহার উপর ন্যুত্ত করে উহাতে চাপ দেওয়া হ'তে থাকে। কথনও কথনও এই জল দাগ স্টে করার জন্ম নোটের কাগজ্বটীকে এমোনিয়া সলিউসন সিক্ত ওয়ার-গজ্বের উপরও রেখে দেওয়া হয়েছে। এই ব্যবস্থার ঐ সলিউসনের উপর ঐ কাগজ টেনে নিয়েও জল-দাগের স্টে করে থাকে। কিছু এই পছায় জল-দাগ স্টে হলেও

উহা বহুক্রণ স্থায়ী হয় না এবং অভিজ্ঞ ব্যক্তিদের নিকট ঐ জাস ৰোট জালরূপে ধরা পড়ে যায়। *

মুদ্রা এবং নোট-জাল সম্বন্ধে বলা হলো, এইবার লেখা বা দলিল জাল সম্বন্ধে বলবো।

খত, পত্র, দলিল ও চেক জাল প্রভৃতিকে সাধারণ ভাষায় আমরা জালিয়াতি বা কোরজারী বলে থাকি। এই জালিয়াতি কার্য্য ছই প্রকারে হয়ে থাকে, যথা—(১) ট্রেসিং হস্তলিপি এবং হস্তলিখন বা ক্রি ফাণ্ডরাইটীং।

প্রমোক্ত পদ্বায় একটা স্বচ্ছ কাগজ কোনও লিপিকার উপর স্বস্তু করা হয়। এই অবস্থায় নিয়ের লিপিকা উপরের ঐ কাগজ ভেদ করে পরিদৃষ্ট হতে থাকে। এই সুযোগে পেন্সিল বুলিয়ে নিয়ের লিপিকার অফুরূপ একটা লিপিকা ঐ স্বচ্ছ কাগজে তুলে নেওয়া হয়ে থাকে। এর পর ঐ স্বচ্ছ কাগজ একটা স্থল কাগজের উপরস্তু করে ঐ বুলানো লেখার উপর পেন্সিল বা শক্ত কাঠি দ্বারা চেপে লিখলে নিয়ের কাগজেও অফুরূপ একটা লিপিকার প্রতিকৃতি স্কুটে উঠবে। এর পর ঐ লিপিকার দাগে দাগে পেন্সিল বা কলম চালালে পুর্বেকার লেখার অফুরূপ একটা নকল লিপিকার স্থষ্টি করা অসম্ভব হবে না। এই পদ্বায় লেখা জাল করাকে বলা হয় ট্রেসিং বা বুলানো পদ্বা।

দিতীয়োক্ত প্রথার সাধারণ ভাবে হস্ত লিখনের সাহায্যে ছবছ নকল লিপিকার স্ষ্টিকরা হয়ে থাকে। সহজ হস্ত লিখন বা নকল

সম্বন্ধে বিশেষরূপ পারদর্শী ব্যক্তিরাই এইরূপে জাল করতে সক্ষ।
এমন বহু প্রতিভাশালী ব্যক্তি দেখা যার, ষারা মাত্র এই একটা
বিষয়ে পারদর্শিতা লাভ করেছে। এদের কেহ কেহ লেখাণড়া পর্যন্ত জানে না। কিন্তু কোনও কিছু নকল করতে এরা অতীব ওস্তাদ। যে সকল ভাষার অক্ষর তারা আদপেই জানে না, সেই সকল ভাষার অক্ষরও তারা হবহু নকল করে দিতে পারে।

এই উত্য প্রধার মধ্যবর্তী একটা প্রধাও অধ্নাকালে প্রচলিত হচ্ছে। এই প্রধায় একটা কাঁচের উপর প্রথমে লিপিকা যুক্ত কাগজ এবং তার উপর একটা অফুরূপ সাদা কাগজ হাস্ত করা হয় এবং তার পর ঐ কাঁচের নিয়ে অতীব তীত্র আলোক রাখা হয়। এই তীত্র আলোক উভয় কাগজকেই স্বচ্ছ করে তুলে। এই অবস্থায় হস্তম্বারা নিমের কাগজের লেখার রেখার উপর পেনসিল বা কলম বুলিষে উপরের কাগজে ঐ লিপিকার হবছ প্রতিকৃতি নকল করা হয়ে থাকে। নিমের আলো যাতে উপরে তীত্ররূপে প্রকট হ'তে পারে—এই উদ্দেশে একটা কাঠের বাল্মের মধ্যে বিজলী আলো রেখে উহার উপরিভাগে ঐ কাঁচ রাখা হয়ে থাকে, এবং ঐ কাঁচের উপর রাখা হয়ে থাকে ঐ কাগজন্ব। পল্লী গ্রামের লোকেরা কিন্ত এই প্রথা সম্বন্ধে বহুকাল পূর্ব্ব হতেই অবহিত ছিল। বিজলী বাতির অভাবে তারা এই উদ্দেশ্যে হারিকেনের আলো ব্যবহার করতো। এই হারিকেনের চিমনির পাশে এই লেখা এবং অলেখা কাগজ একত্তে হাস্ত করে ঐক্পণে বহু লোক দলিল বা উইল জাল কার্য্য সমাধা করেছে।

পুরানো দলীল বা উইল জাল করার উদ্দেশ্যে জালিয়াতরা পুরানো যুগের কাগজ এবং রেভিনিউ ষ্ট্যাম্প বহু অর্থ ব্যয়ে যোগাড় করে থাকে। কথনও পল্লী অঞ্চলের সাবরেজিষ্টারী অফিন এইরূপ জাল করার উদ্দেশ্যে পুড়িরে দেওয়া হয়েছে। সাবরেজিটারী অফিস পুড়ে যাবার পর ঐ সাব-রেজিটারী অফিসে রক্ষিত, [কিন্তু পরে দম্মীকৃত] এমন বহু দলিল পত্র নকল বা জাল করার মরস্ব্যুম পড়ে গিরে থাকে। প্রায়শক্ষেত্রইলোক ঠকানোর উদ্দেশ্যে মৃত ব্যক্তির দশুখতই অধিক সংখ্যায় জাল করা হয়েছে।

এই মুদ্রা, নোট এবং খত, উইল, দলীল-পত্র প্রভৃতি জাল করা হয়েছে কি'না তা জানবার বহু পদ্ধতি, রীতি এবং যন্ত্রপাতি আছে। এই পদ্ধতি, রীতিনীতি এবং যন্ত্রপাতি সম্বন্ধে পৃত্তকের বঠ খণ্ডে আলোচনা করা হবে। এই সম্পর্কে চেক এবং পত্র জাল সম্বন্ধেও বলা যেতে পারে। চেক জাল সম্বন্ধে পৃত্তকের দিতীয় খণ্ডে ব্যাক্ষেড কেস' এবং 'ব্যবদায় সংক্রান্ত অপরাধ' সম্পর্কীয় অধ্যায়ে বলা হয়েছে। উহা পাঠ করলে কিরূপে রাদায়নিক দ্রুব্য দারা চেকের সংখ্যা পুঁছে ফেলে 'বর্দ্ধিত সংখ্যা' লেখা সম্ভব তা জানা যাবে। বর্ত্তমান প্রবন্ধে উহার পুনক্রম্প্রে নিপ্রয়োজন। চিঠি পত্র প্রায়শক্ষেত্রে টাইপ করা হয়ে থাকে। এক্মেন্তে কেবলমাত্র দত্তখৎ জাল করার প্রয়োজন হয়। অফিসসমূহের বড় সাহেবরা টেবিলের ব্লাটিং প্যাডের উপর কর্দাজ রেখে দই করে থাকেন। এইভাবে পুনঃ পুনঃ সই করার সময় অলক্ষ্যে ঐ প্যাডের উপরও দন্তথতের স্কম্পন্ত দাগ পড়ে। জালিয়াতগণ এই প্যাভের উপরকার ব্লাটিং পেপারের সাহায্যে বহু ব্যক্তির দই জাল করতে পেরেছে।

ঔষধ, তৈল, খাছ এবং পেটেণ্ট দ্রব্যাদির নকলও এই জালিয়াতি অপরাধের অন্তর্গত। ঔষধ-জাল এদেশের এক ক্ষমার অযোগ্য অপরাধ। এই অপরাধকে সাধারণতঃ ভেজাল বলা হয়ে থাকে। নামকরা ঔষধ, তৈল, এয়ারেটেড্ ওয়াটার প্রভৃতির পুরাতন বোতল-

সমূহ খরিদাররা পরে বাজারে বিক্রয় করে দেয়। জালিয়াতগণ এই সকল কোম্পানির নাম লেখা বহু বোতল বাজার হ'তে সংগ্রহ করে এবং ঐ বোডলের কাগজের লেবেলের অমুদ্ধণ লেবেল কোনও এক প্রেস হ'তে ছাপিয়ে আনে। এর পর তারা বাজে মাল মদলার সাহায্যে ঐ ঔষধ নকল করে উহা ঐ বোতলে পুরে লেবেল এঁটে বাজারে বিক্রয় করতে থাকে। যে সকল ঔষধ বা তৈল আদি বাজারে নাম করেছে এবং যাহার বিক্রেয় অধিক সেই সকল ঔষধ বা তৈলই নকল করা হয়ে থাকে। এই প্রকার নকল ঔষধকে ইংরাজীতে বলা হয় Spurious drug. বাংলায় বলা হয় নকল বা ঝুটা বা জাল। খাতাদিতে ভেজাল দেওয়াও জালিয়াতি অপরাধের দামিল। বহুক্ষেত্রে গব্য ঘুতের সঙ্গে ভেজিটেবেল ম্বত মিশিয়ে উহাতে মুতের কৃত্রিম গন্ধ প্রদান করে উহাকে খাঁটি ম্বত বলে চালানো হয়েছে। গ্রীম্মকালে নারিকেল তৈল জমে না। এই ভুষোণে উহার দহিত হোয়াইট অয়েল বা রিফাইন কেরোসিন তৈল প্রয়োগ করে উহাকে খাঁটি নারিকেল তৈল রূপে চালানো হয়েছে। কিছ শীতকালে এই জাল তৈল ছাড ছাড় ভাবে সামাম্য মাত্ৰ জমে। **এইজ**ञ्ज भी ज्वारन नातिरकन रेजन क्यं क्लाव्यर जान कता रात्र थारक। হোয়াইট অয়েল থাকায় এই তৈল বহুদিন ব্যবহার করলে মাথার কেশ ধীরে ধীরে উঠে যায়। এইজন্ম এই অপরাধের গুরুত্ব অসামান্ত। খাত এবং তৈলের অফুরূপ বহু বর্ণ বা গন্ধ বাজারে কিনতে পাওয়া যায়। এই গন্ধ এবং বর্ণের সাহায্যে অপরাধীরা ভেজাল এবং বাজে মাল ছারা ক্রতিম উপায়ে খাঁটি মালের অফুরূপ খাত্ম বা দ্রব্যাদি জাল করতে সক্ষম। বহুক্ষেত্রে খাঁটি গো ছ্গ্ধ হ'তে অসাধু ব্যবসায়ীরা যন্ত্রের সাহায্যে নবনীর (Cream) কিছু অংশ তুলে নিয়ে উহা খাঁটি গোছ্য বলে বিক্রয় করতে কুষ্ঠাবোধ করেন নি। বহু ব্যবসায়ী 'আটা বা ময়দার সহিত খেত পাথরের শুঁড়া এবং সরিষার তৈলের সহিত অব্যবহার্য্য তৈল মিশিয়ে বাজারে তা বিক্রয় করে নাগরিকদের স্বাস্থ্যহানিও স্বটিয়েছেন।

অপর ব্যক্তির আবিষ্কৃত পেটেণ্ট দ্রব্যাদি নকল করে বাজারে বিক্রের করাও এক জঘন্ততম অপরাধ। এইরূপে বেপরোয়া নকল * প্রতিরোধ করতে লা পেরে বছ অক্লব্রিম ব্যবসায় প্রতিষ্ঠান ক্ষতিগ্রন্থ হরেছে। এমন কি ক্ষেত্রবিশেষে উহা ক্ষতিগ্রন্থ হয়ে বিনষ্টও হয়েছে। এই বিষয়ে জনসাধারণ এবং সরকার বাহাছর, উভয় পক্ষেরই সতর্ক হওয়া প্রয়োজন।

মুদ্রা ও নোট জালকে সাধারণ লোক "জাল", খাছা-ভেজাল ও দ্রব্য-জালকে জালিয়াতি এবং প্রবঞ্চনাকে জ্য়াচুরি বলে থাকে। এই 'জাল, জালিয়াতি ও জ্য়াচুরি' সমপর্য্যায়ের অপরাধ। পূর্ব্বকালে এইরূপ প্রবঞ্চনা-অপরাধ কদাচিৎ সংঘটিত হতো। এমন কি উহার সংজ্ঞা পর্য্যন্ত কারো জানা ছিল না। তবে চুরি এবং দ্যুতক্রীড়া বা জ্য়ার সমধিক প্রচলন ছিল। এই জ্য়ার সময় ঘুঁটা পাল্টিয়ে বা উহা চুরি করে লোককে অবৈধভাবে হারিয়ে দেওয়াও হতো। জ্য়ায় এই চুরিকে বলা হতো জ্য়াচুরি। এই জ্য়াচুরি প্রবঞ্চনার নামান্তার মাত্র। এই

এ' ছাড়া বিদেশী পুস্তক বা ঔষধাদি জাল করার স্থবিধা আছে। এর কারণ দূর দেশ হ'তে থবরাথবর নেওরা সন্তব হর না। মহাবুদ্ধের সমর এইক্সপ জাল বা নকল করার মরস্ম পড়ে বার। কথনও কথনও যে নকল আগলের চেয়ে উৎকৃষ্ট হরনি তা'ও নর। বাজে নকল ছারা বিদেশী দ্রব্য বাজারে অচল করে দিয়ে অনুরূপ এক দেশীর শিজের ভিত্তি স্বদৃদ্ করারও নলীর আছে। তবে বেশীর ভাগ কেত্রে ভেজাল কার্য বাজে ক্রব্য ছারাই সমাধা হয়েছে। এই সব ভেজালের মধ্যে খাছা ও উবধ ভেজালই সর্বাপেক্ষা ক্রেছর। ইহা সমগ্র জাতিকে একেবারে পঙ্গু ও ক্লীব করে তুলে।

জুয়াচুরি হ'তেই জুচ্চুরি শন্দের প্রচলন হয় এবং এই অগ:পদ্ধতি ব্যাপকভাবে প্রচলিত হ'তে থাকে।

ছাপাধানাসমূহ প্রেদের নাম না দিয়ে কোনও প্রকার পত্র বা অন্ত কিছু ছাপলে উহা বে-আইনী হয়। এমন বহু অসাধ্ প্রেস আছে বেখানে এমন বহু নিষিদ্ধ প্রচার পত্র বা আপন্তিকর প্রচার পত্র ছাপা হয়েছে। কোনও প্রেস খরিদ্যারদের দেওয়া কাগজও নানা অছিলায় চুরি করে থাকে।

অপরাধ—রাস্তাবদী

রান্তাবন্দী অপরাধ বহু প্রকারের হয়ে থাকে। রাজপথে অবৈধ
ভাবে দোকান-পাট নসানো রান্তাবন্দী অপরাধ। অপরাধীরা নিজেদের
কিরিওয়ালা রূপে পরিচয় দিলেও কদাচ ফিরি করে দ্রব্য বিক্রয় করে।
এদের কেই কেই ফুটের উপর ছোট বড় বিপণিও বদিয়েছে। এইরূপ
বিপণিকে তারা সাময়িক বিপণি বলে থাকে। এরা এতদ্বারা পথ
অবরোধ করে এবং ফলের থোসা ছড়িয়ে পথচারীর মৃত্যুও ঘটায়।
খোসায় পা পিছলে আছাড় খাওয়া বহু পথচারীর ভাগ্যে ঘটেছে।
এতদ্বাতীত এরা বৈধ ব্যবসা-বাণিক্যেরও ক্ষতি করে। এরা রাজপথে
বড় বড় ছাউনি ফেলে বিনা ভাড়ায় দোকান করে। বিক্রয়কর, পথকর,
আয়কর প্রভৃতি হ'তে এরা অব্যাহতি পায়। এইজ্লা কথিকিত স্লেভ
মূল্যে এরা দ্রব্য বিক্রয়ে সক্ষম। অপর দিকে স্থামী ব্যবসামীরা
শক্ত শত টাকা বাড়ী-ভাড়া, বিক্রয়কর এবং আয়কর দিয়ে থাকে।
এই কারণে এদের পক্ষে ফুটপাত দথলকারীদের সহিত প্রতি-

বোগিতা করা সম্ভব হয় না। এইজন্ম এরা কেউ কেউ নিজেদের বেতনভূক্ত ব্যক্তিদের দ্বারা ফুটপাতেরও কিছুটা দখল বাখে। তাদের দোকানের দ্রব্যাদি এই সাময়িক বিপণিসমূহে ছন্মনামে বিক্রীত হয়। পুলিশের হামলা হ'লে এরা ছরিত গতিতে তাদের স্থায়ী দোকানে-শাশ্রয় নেয়।

কোনও কোনও কিরিওয়ালা ক্রেভাদের উপর বহুবিধ জুলুম করেছে।
এজস্থ জনসাধারণের সহাস্থৃতি এদের কাহারও কাহারও প্রতি কম।
কোনও একটা দ্রব্য বা বস্ত্র ক্রেভারা কিছুক্ষণ পরীক্ষা করলে এরা তাদের
উহা ক্রয় করতে বাধ্য করে এই অজ্হাতে যে দ্রব্যটা নাড়াচাড়ার ফলে
অপর থরিদ্ধাররা উহা নিবে না। এই ব্যাপারে বচসা, মারপিঠ এবং
খুনখারাপিও হয়ে থাকে। কলহের কারণে থরিদ্ধারদের বিক্লদ্ধে মিথ্যা
চুরির অভিযোগও করা হয়েছে। কখনও কখনও ভাল দ্রব্য দেখিয়ে
নিক্ট দ্রব্যও গছিয়ে দেওয়া হয়। অপরাধ এরা সহজেই এডিয়ে
বেতে পারে। বহুক্ষেত্রে প্লিশ পৌছরার পুর্বেই এরা সরে
পড়তে সক্ষম। এই স্ক্রিধা স্থায়ী দোকানীদের নাই। এইজন্থ তারা
অপরাধও করে কম।

গরু মহিব আদি জীবদের রাজপথে পালন করা একপ্রকার রান্তাবন্দী অপরাধ। এই অপরাধ দেশবালী ব্যক্তিদের ঘারা অধিক কৃত হয়েছে। খাটাল ভাড়া, আরকর, মিউনিসিপ্যাল ট্যাক্স প্রভৃতি হ'তে এরা সর্ব্বদাই মৃক্ত। যারা খাটাল আদি ভাড়া করে গরু রাখে সেই সব ছ্ম ব্যবসায়ীরা এদের সহিত প্রতিযোগিতা করতে অক্ষম। বহুকেত্রে মহিবাদিকে রাজপ্থের জলকলে স্নান করানো হয়। এই ভাবে এরা সহরের স্বাস্থ্যও বিপন্ন করছে। বহু ব্যক্তি জমি কিনলেও অর্থের অভাবে বাটী নির্মাণ করতে পারেন নি। এই গোয়ালারা অবৈধ ভাবে

এই উন্মুক্ত জমিতে গরু মহিব রেখে প্রতিবেশীর স্বাচ্ছ্যের হানি ঘটিয়েছে।

রান্তাবন্দী অপরাধে অপরাধী গো-মহিষাদি জীবকে রাজপথে পেলে তাদের ধরে পাউণ্ডে দেবার রীতি আছে। পালিত জীবদের ছাড়িয়ে নিতে হ'লে উহাদের মালিকদের খোরাকী এবং পাউণ্ড 'কি' বাবদ কিছু অর্ধ গল্ডা দিতে হয়। বার বার অর্থ দণ্ডের কারণে গরু রান্তায় আর না রাখাই স্বাভাবিক। কিন্তু এই ক্ষেত্রে ইহা প্রযোজ্য নয়। কারণ ঐরপ অর্থ দণ্ড রান্তা ভাড়া রূপে তারা ধরে নেয়। প্রতিমাদে যে পরিমাণ অর্থ তারা দণ্ড দেয় তার চেয়ে বহু অর্থের প্রয়োজন খাটাল ভাড়া ও ঘাদের জমি জমা নিতে। শহরাঞ্চলে বিশেষ আইনের সাহায্যে এদের উপর রান্তাবন্দী মামলাও দায়ের করা হয়। কিছু পাউণ্ড চার্জ্জ, খোরাকা এবং আদালতের জরিমানা প্রদান করেও এরা রান্তায় গরু রাখা লাভজনক মনে করে। এইজন্ম আইনের ভয়ে গোয়াল বা জমি ভাড়া নিতে এরা সকল সময়েই নারাজ।

ফিরিওয়ালারাও রান্তাবন্দী অপরাধে জরিমানা দেওয়াকে ফুটপাত ভাড়ার সামিল মনে করে। আইন দারা গরু এবং দ্রব্যাদি বাজেয়াপ্ত করা সম্ভব হলে তবে এই অপরাধ বন্ধ হবে। মোটর, হাত-গাড়ী, বিক্রা শ্রেছতির মালিকরাও রান্তাবন্দী ক'রে তাদের শক্ট রক্ষা করে। কারণ ভারা এতদারা গ্যারেজ ভাড়া হ'তে অব্যাহতি পার।

পাউশু বা খোঁষাড় ছই প্রকারের হয়। যথা—সরকারী এবং বেসরকারী। শহরাঞ্চলে খোঁয়াড়গুলি পুলিশের রক্ষণাধীন থাকে। কিন্তু শহরতলী এবং পল্লী অঞ্চলে এইগুলি বেসরকারী ব্যক্তিদের ঘারা পরিচালিত হয়। জিলা হাকিম এইগুলি অফুমোদন করেন এবং বাংসরিক ডাকে এইগুলি সাধারণ ব্যক্তিগণ এক বংগরের জন্ম ক্রম করে। গরু পিছু কমিশন বাবদ এই খোঁরাড় হ'তে দিলাম ক্রেতারা বহু অর্থ উপায় করে থাকে।

শোঁরাড়ী পশুদের মালিকগণ নির্দ্দিষ্ট কালের বধ্যে উহাদের দাবী নাকরলে ঐ পশুশুলিকে শোঁরাড়-রক্ষকগণ নিলামে বিক্রয় করে দের। এবং এই বিক্রয় লব্ধ অর্থ হ'তে হেপাজতি, খোরাকী এবং শোঁরাড়-কর কেটে নিয়ে বাকি অর্থ সরকারী ধনাগারে তারা জমা দেয়। এই শোঁরাড় সম্পর্কেও বহুবিধ অপরাধের কথা শুনা গিয়েছে। প্রথমতঃ, নির্দ্ধারিত পর্য্যাপ্ত যা খাছ্ম এই বন্দীকৃত পশুদের জ্বল্প বরাদ্দ থাকে তা তাদের দেওয়াহ্ম না। এর ফলে কয়েকদিনের মধ্যে পশুশুলি জীবন্মৃত হয়ে যায় এবং তার ফলে অচিরে ঐশুলি অকেজো হয়ে পড়ে। দিতীয়তঃ, হয়বতী গাজীদের হয়ে হয়ে নেওয়াহয়, সরকারী দপ্তরে তার কোনও উল্লেখ নাকরে। ভূতীয়তঃ, ভালো গঙ্গকে কয়ে বলে কম মূল্যে বিক্রয় করা হয়। কারণ নিয়ম মত নির্দ্দিষ্ট মূল্যের নিয়ে নীলাম করার রীতি নেই। পাছে কেহ প্রশ্ন করে, যে মহিব বা গফ্ব বাজারে ৫০০, টাকার কমে পাওয়া যায় না, তাহা ৫০, টাকায় কিয়পে বিক্রয় হয় । এইজন্ম ভালো গঙ্গকে কয়া গঙ্গ কিংবা বাছুর বলে বিক্রয় করা হয়েছে।

হারানো পশুদের এমন মালিক আছে যারা এখানে ওখানে খোঁজাখুঁজির পর—বহুদিন পরে খোঁয়াড়ে এদে ঐ পত্তর সন্ধান করে। ইতিমধ্যে
খোঁয়াড়ী খোরাকী এবং কর বাবদ দেয় অর্থ এত বেশী হয়ে পড়ে যে ঐ
দাবী মিটিয়ে ওদের ফেরত নিলে তাদের লোকসান হয়। এর কারণ বহুক্ষেত্রে খোঁয়াড়ী করের দাবী পশুদের প্রকৃত মূল্যের বহু উর্দ্ধে উঠে পড়ে।
এই অবস্থায় তারা খোঁয়োড়-রক্ষকদের বা তাদের কর্মাচারীদের সহিত
অবৈধ বন্ধোবন্ত করে নীলামে উহা কম মূল্যে কিনে নেয়। সরকারী
খোঁয়াড়ে এই অপরাধ কৃত হওয়ার সন্ভাবনা বেশী। এর কারণ এখাদে

ব্যক্তিগত স্বার্থ নেই। এতে যদি কারো লোকসান হয় তা রাজসরকারের। এতদ্বাতীত নীলাম রীতিমত ইন্তাহার জারী করে প্রকাশ্যে করার নিয়ম। वहरकत्व हेश माख कागाल कनाम जांत्री कता हम **এবং** লোক जाना-कानि ना करत नीमाय शांशत गांधि इत्र। এই निमास वन्न-वान्नवरमत **খবর দিয়ে এনে মাত্র তাদের নিকট কম মৃল্যে উহাদের বিক্রয় করা** হয়েছে। কাগজে কলমে উহাকে প্রকাশ্ত মীলাম বলা হলেও কেত্র বিশেষে এই সকল বন্ধুদের মারফত পাউত্ত কর্ম্মচারীরাও সন্তায় এই সকল नीलाग थतिन करतरहन। এইक्सर्प वक्लरम निलाम क्रम ना कतरल তাঁদের পক্ষে এই নীলামে কিছু ক্রয় করা বিভাগীয় অপরাধর্মপে গণ্য হয়। এমন বহু অপুরাধী আছে যারা মূল্যবান গো-মহিষাদি চুরি করে এনে ্চুরির দায় এড়ানোর জত্তে এই খোঁয়াড়সমূহে উহাদের জমা দেয় এবং পরে খোঁয়াড় রক্ষকদের সহিত যোগ-সাজ্বদে উপরোক্ত উপারে সন্তার নামমাত্র মূল্যে ঐগুলি ক্রন্ন করে। সরকারী নীলামে উহাদের ক্রন্ন করার কারণে উহাদের বিরুদ্ধে কোনও মামলা দায়ের করাও সম্ভব নয়। এই উদ্দেশ্যে এই অপরাধীরা অপহৃত গো-মহিষদের বহু দ্রাঞ্চলের কোনও এক খোঁয়াড়ে জমা দিয়ে আসে। এইরূপ করার উদ্দেশ্য এই যে মালিকরা এদের সহজে খুঁজে বার করতে পারবে না।

পল্লী অঞ্চলে সামাজিক কারণেও রান্তাবন্দীর প্রথা আছে। কোনও গৃহন্তের কন্সার বিবাহের পর বরকর্জা বর-কনে সহ যাতা করার সময় পল্লীর বারোয়ারী হ'তে তাঁর নিকট চাঁদা চাওয়া হয়। এই সময়ে বলা হয় বর-পণ স্বরূপ যে অর্থ এ গাঁ থেকে তিনি নিয়ে যাচ্ছেন তা থেকে কিছু তাদের চাঁদা দিতে হবে। অস্বীকৃত হ'লে পল্লী যুবকরা রান্তায় খানা কেটে বা কাঁটা দিয়ে তা বন্ধ করে দিয়েছে। প্রাপ্য অর্থ চাঁদা দিলে তবে এই রান্তা খুলে দেওয়া হয়েছে।

পূর্বকালে পল্লী অঞ্চলে রেষারেষীর কারণেও রান্তাবন্দী করা হতো।
ওপাড়ার হুর্গা ঠাকুর এপাড়ার ঠাকুর অপেক্ষা ছই হাত উঁচু করা হলো।
ওপাড়ার লোকের ধারণা হলো, এই ব্যবস্থা তাদের পূজাকে হের করার
জন্তে। এর প্রতিবাদে এপাড়ার বাসিন্দারা রান্তার উপর এতো ছোট
করে গেট বানালো যাতে এ উঁচু প্রতিমার মাথা এ গেটে আটকায়।
এইরূপে রান্তাবন্দী করায় ওপাড়ার লোক কিপ্ত হয়ে এ গেট ভাঙতে
ছুটে এবং এপাড়ার লোক তাতে বাধা দেয়। এইরূপ রান্তাবন্দীর
কারণে পূর্ব্বে বহু দাঙ্গা খুনোখুনিও হয়ে গিয়েছে।

রান্তা বা জমি মেরে নেওয়া বা বেদখল করা (Encroachment) রান্তাবন্দীর সামিল অপরাধ। অপরের জমির সীমানার কিনারায় অবস্থিত আপন পুকুর বা সীমানির্দ্দেশক খানার মাটি প্রতিবংসর সংস্কারের অছিলায় এমন সরল তাবে কাটা হয় যাতে বর্ষার ধোয়াটে জল অপরের জমি ভেঙে তাদের স্ব স্ব পুকুর বা খানার পরিধি বাড়িয়ে দেয়। ঐ খানা বা পুকুরের উন্টা দিকে অবন্ধিত অপরাধীদের জমি ঢালু ভাবে কাটা হয় যাতে ঐ দিকের জমি বর্ষায় না ধ্যে পড়ে। যে সকল জমির মালিক বিদেশে বাস করে তাদের জমি এই ভাবে একটু একটু করে এরা দখল করে নিয়েছে। পুর্কালে পল্লীবাসিগণ ইহাকে জন্মতাম অপরাধ মনে করতো। 'ভূমিহরণ হচ্ছে মাতৃহরণ' এই প্রবাদটী ইহা প্রমাণ করবে। প্রতিবংসর বেড়া দেবার সময়ও পল্লীবাসিগণ রাজপথ একটু একটু করে মেরে নিয়ে থাকে। এই অপরাধ অত্যল্প তাবে সাধিত হয়। এইজন্ত সহসা উহা কাহারও চোথে ধরা পড়েন।

"কোনও কাজ করার" ভার "কোনও কাজ না করাও" এক প্রকার অপরাধ। কেহ যদি বাড়ী করার জন্ত স্থগভীর ভিত কাটে এবং উহা যদি নিরাপত্তার কারণে থিরে না রাখে তা'হলে শিশুরাঃ

ৈদবাৎ ঐ খাদের ভিতরে পড়ে আহত হ'তে পারে। বহ ক্রীড়ারত বালক বা শিশুর এইভাবে মৃত্যুও ঘটেছে। এই "করা বা না করা" এক প্রকার অপরাধ। অহুদ্ধপ ভাবে হিংশ্র জন্ত বা কুকুরাদি সাবধানতার সহিত রক্ষা না করাও অপরাধ। বহু কেত্রে এই হিংস্ত জন্ত দৈবাৎ মুক্তি পেয়ে মামুষের প্রাণ নাশ ঘটিয়াছে। অট্টালিকাদি ভাঙবার সময়ও নিমের চারিদিকে ঘিরে রাখার রীতি আছে যাতে নিক্ষিপ্ত ইষ্টক স্থারা কেহ আহত না হয়। নিশ্চিত বিপদ সম্বন্ধে অবগত হয়ে অপরকে সাবধান না করাও অপরাধ। মামুবের এমন কোনও কাজ করা বা না করা উচিত নয়, যাতে এদেশে ব্যাধির প্রকোপ, লোক শিক্ষার বিদ্ধ, শস্তের হানি হয় বা চলাচলের কোনও ক্ষতি হবে বা তা হতে পারে। দেশ. সমাজ, ধর্ম, এবং রাষ্ট্রকে ভালো না বাসা, এবং এর জন্ম যে কোনও স্বার্থ ত্যাগ না করা বা তা করতে ইতন্তত: করাও অন্তত্য অপরাধ। যারা বনভূমি স্বেচ্ছায় বিনষ্ট করে বা নদী বা নালার মূখ আপন স্বার্থে বন্ধ করে তারা অমার্জনীয় অপরাধ করে। এমন বহু খাল আছে যা নদীর জল বিলে বা মাঠে এনে ধাতা বাড়ার। এমন বহু জমিদার আছে যার। মৎস্তের জন্ম এই খালের মুখ বন্ধ করে দিয়েছে এবং তার ফলে শত শত विधा अभित উर्वत्रा नहें राम शिराह । এবং উर्शत अवशास्त्राची कन স্বরূপ দেশে ধান্তের মূল্য বেড়ে গিরেছে বা ছভিক্ষের সৃষ্টি হরেছে। এইজন্ম লোভ দমন না করা এবং অতিলাভ করার ইচ্ছাকেও আমরা অপরাধ বলি।

জনসাধারণ ব্যবহৃত পৃষ্ রিণীতে কলেরা প্রস্থৃতি রোগীর মলমূত্র শছ বস্ত্রাফ্রিধীত করা অপর এক অমার্জনীয় অপরাধ। এতদারা এরা সমগ্র পল্লীবাসীদের জীবন সংশয় করেছে। রাজপথে আবর্জনা নিক্ষেপকেও অপরাধ বলা হয়। এদেশের লোক এই অপরাধ প্রায়ই করে থাকে। কিন্ত মুরোপীয় রাষ্ট্রসমূহের জনসাধারণ এই অপরাধ কদাচ করেছে। এ সম্বন্ধে নিমের বিবৃতিটী উল্লেখযোগ্য।

"একদিন চৌরঙ্গী রান্তার আমি যাচ্ছিলাম। দেখলাম একজন যুরোপীর সাহেব লিচু খেতে খেতে চলেছে। কিছু তার খোসা এবং আঁটি রান্তার না ফেলে তার দামী স্থাটের পকেটে রেখে দিছে। আমার কৌতুহল হওরার সাহেবের পিছন পিছন কিছুটা দূর গিয়ে এবং তাকে আমি জিজ্ঞাসা করি, সাহেব! এ তুমি কি করছো? উত্তরে বিদেশী ভদ্রলোক বললে, কি করবো? নিকটে কোনও ডাষ্টাবিন খুঁজে পেলাম না যে! আরও কিছুটা দূর অগ্রদর হয়ে সাহেব চৌরঙ্গীর মোড়ের একটা ডাষ্টবিনে খোসা ও আঁটিঙলি ফেলে দিলে।"

এ সহদ্ধে অপর একটা বির্তি নিমে উদ্ধৃত করা হলো। এই বির্তিটা বিশেষরূপে প্রণিধানযোগ্য। শুধৃ তাই নয়। ইহা অমুকরণীয়ও বটে।

"আমি একজন ভারতীয়। ঐদিন মুরোপের অমৃক শহরে আমি
ছিলাম। বাস থেকে নেমে বাসের টিকিটটা আমি রাস্তায় ফেলি।
আর যায় কোথায়? সঙ্গে সঙ্গে এক পুলিশ আমাকে গ্রেপ্তার করে
নিকটের পুলিশ শুমটীতে নিয়ে যায়, এবং এই অপরাধের অন্ত আমাকে
তারা ফাইন করে। ফাইনের অর্থ আদায় করে তারা আমাকে একটা
রিসিদও দেয়। অভ্যাসমত ঐরিসিদটীও আমি রাজপথে নিক্ষেপ করি।
পুলিশ পুনরায় আমাকে এজন্ত পাকড়াও করে এবং আমাকে ফাইন
দিতে বাধ্য করে। কিন্তু এবার রিসিদ তারা কাটলেও ঐরিসিদ আমার
হাতে আর দেয় নি। বোধহ্য তাদের ধারণা হয়েছিল যে পুনরায় আফি
ঐভাবে রাস্তা নোঙরা করেলো।"

অপরাধ – আবগারী

निविष्क सुरा दो करनद श्रील मारूष मार्विदरे लाख बारक। जानाम ও ইভের গল্প হতে তা প্রমাণিত হবে। বাধা নিষেধকে উপলক্ষ্য करत এই আবগারী অপরাধ গড়ে উঠেছে। পরস্ক এই বাধা নিবেধ শাসনতান্ত্রিক অপরাধ। ইহা কোনও এক বৈজ্ঞানিক অপরাধ এই অপরাধকে সকল ক্ষেত্রে অসামাজিকও বলা मा। निरिष्क भना छूटे প্রকারের; यथा, (১) আবগারী, यथा অহিফেন আদি নেশার দ্রব্য, যাহার উপর সরকারের একচেটিয়া অধিকার আছে। (২) অপরাপর, যথা, দ্রব্যাদি যাহা রাষ্ট্রের উপকারার্থে বা জনস্বার্থের কারণে চিরকালের জন্ম বা সাময়িক ভাবে নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত (Controlled) করা হয়। অর্থাৎ যার হেপাজতি (Possession) এবং ক্রয়-বিক্রয়ের বা মূল্য নির্দ্ধারণের উপর উপরোজক্রপ বিধি নিষেধ আরোপ করা হয়। প্রথমত: আবগারী অপরাধের কথা বলা याक। এ দেশে প্রধান আবগারী দ্রব্য (১) অহিফেন, (२) কোকেন, (৩) মছা—পচাই, ধেনো ও বিদেশী, (৪) তাড়ী, (৫) চরদ, (৬) গাঁজা ইত্যাদি নেশা মাফুষের ক্ষতিকর একথা সকলেই জানে, কিন্তু তা সম্ভেও মামুষ আবহমান কাল হ'তে এই নেশার দাসত্ব স্বীকার করেছে। किन मकन ममबूहे (य এই छनि अपकात करत जा नव, नवः वह उद्देश ঔষধাদিও এই দ্রব্যসমূহ হ'তে স্পষ্ট হরেছে। দৈহিক যন্ত্রণায় লাঘব করতে ইহা এক অমোঘ ঔষধ। কোকেন ইন্জেক্সনের উপকারিতা শল্যতান্ত্রিক माजित्रहे जाना चाहि। त्कर त्कर गतन करतम त्य थरे ज्वा निष्टायत ज्वन মামুষকে কর্মাঠ রাখে। এই কারণে না'কি পুরাকালীন ঋষিরা দর্শনা-লোচনার পুর্বেক কারণ-সলিল পান করতেন। অবশ্য এ কথা স্বীকার্য্য বে, বল্প পরিমাণ মাদক দ্বব্য সেবন বার্দ্ধক্যে বা শীতের দিনে মানুষকে সতেজ রাখে। বর্ডমানকালীন মুদ্ধে মাহুষের স্নায়ুর বিকার ঘটা স্বাভাবিক। এই সময় যোদ্ধাগণ সামান্ত মন্তপান করলে স্নায়ুর শক্তি ফিরে পায়। কেছ কেহ বলেন যে আহারের পূর্কে মাদক পান বিষ তুল্য। কিন্তু আহারের পর উহা সেবন করলে টনিকের কার্য্য করে। বস্তুত: বহু টনিক-ঔবধে এই কারণে মন্ত দেওয়া হয়ে থাকে। কিন্ত প্রতিদিন অপরিমিত মাদক দ্রব্য সেবন মাহুষকে আর মাহুষ রাখে না। উহা তাকে পশুরও অধম করে তুলে। তার স্বায়্র শক্তি দে হারিয়ে ফেলে, তার মন্তিক ভিমিত হয়ে পড়ে, এবং তার ফুস্ফুস্ এবং হৃদপিতের অবনতি ঘটে। তথু তাই নয় আখেরে সে মৃত্যুমুখে পতিত হয়। এমন কি অতি মাত্রায় মাদকভার দোষ বহু-পুরুষ স্থায়ী হয়েছে। পুর্বপুরুষের পাপের প্রায়শ্চিত্ত করেছে পরবর্ত্তী বংশধরেরা। এই সম্বন্ধে পুত্তকের প্রথম খণ্ডে আমি বিস্তারিত আলোচনা করেছি। এ ক্ষেত্রে উহার পুনকল্পে নিপ্রয়োজন। আমরা দেখেছি কিরূপে ছর্দান্ত ব্যাহ্রকে অহিফেন সেবন দ্বারা মেষশাবকে পরিণত করা হয়েছে, আমরা দেখেছি কিন্ধপে কোকেন দেবন দারা অপরিণত বালকগণ অপরাধীতে এবং বালিকারা বেশ্যায় পরিণত হয়েছে। (পুত্তকের প্রথম খণ্ড দেখুন) একদিন চীনাবাসীদের অহিফেন নেশায় ছুবিয়ে বিদেশীরা ঐ দেশে সাম্রাজ্য স্থাপনের প্রয়াস পেয়েছিল। কারণ তারা জানতো এই নেশার সর্বনাশী পরিণাম। জুরার ভার এই নেশাও এদেশের বহু পরিবারের সর্বনাশ সাধন করেছে। বহু পরিবারের ত্বখ শান্তি এইজন্ম চিরদিনের মত অপস্তত হয়েছে। নেশাখোর এবং জুয়াড়ী স্বামীর স্ত্রীগণ এদেশে নিজেদের ভাগ্যহীম। মনে করে। এই নেশার এবং জুয়ার কারণে এদেশের বহু ধনী পরিবার আঞ্চ নি:স্ব পথের ভিখারী।

যারা মনে করেন "মদ খাওয়া ভালো, মদে না খেলেই হলো" তাদের ধারণা ভূল। নেশা এমন এক অভ্যাস যা একটু একটু করে খেলেও পরে অভ্যাসের সামিল হয়ে যায়। বেশী না খেলে আর তাতে কারো মন বসে না। এইজয়্ম ঔষধের কারণ ব্যতীত মাদক দ্রব্য বিষবৎ পরিত্যজ্য।

অভ্যাদ বা নেশা এমন এক জিনিদ যা মামুষ ইচ্ছা করলেও ত্যাগ করতে পারে নি। ক্লিপ্ত কুকুরের ভাষ নেশার দদ্ধানে এরা ইতন্ততঃ ছুটাছুটী করেছে। কারাগারসমূহে নেশার উপাদান দরবরাহ করা হয় না, এইজন্ত এদের অনেকে রুগ্ন হয়ে পড়ে। কেহ উৎকোচের বিনিময়ে উহা সংগ্রহ করে। মামুষের এই অভ্যুগ্র প্রয়োজন মিটানোর বিরুদ্ধে প্রতিবদ্ধক স্থাইর কারণে এই আবগারী অপরাধের স্থাই।

আবগারী অপরাধীরা ইহাকে এক প্রকার বে-আইনী ব্যবসায় মনে করে। উহাকে তারা অপরাধ রূপে স্বীকার করে না। এই বে-আইনী ব্যবসায় উপলক্ষ করে পৃথিবী ব্যাপী বহু অপরাধ গড়ে উঠেছে। এই অপদলকে বলা হয় আগলার বা অপবাহক। অপবাহকের কার্য্য কোনও ব্যক্তির একার দ্বারা সাধিত হয় না। এইজন্ম এই অপবহন কার্য্য দল-বদ্ধভাবে করা হয়ে থাকে।

এরপ প্রতিটী দলের একজন নেতা আছে এবং এই নেতার নির্দেশ মত দলের প্রতিটী কার্য্য সাধিত হয়। এই নেতাদের কেউ কেউ শহরের প্রভাবশালী ব্যক্তিরূপে পরিচিত। ক্ষেকদিন পূর্ব্বে যারা মাত্র সাধারণ শুণ্ডারূপে পরিচিত ছিল—পরবর্ত্তী কালে তাদের কাউকে কাউকে এই ব্যবসায় উল্লেখযোগ্য ব্যক্তি রূপে দেখা গিয়েছে। এই ব্যবসায় ছারা শ্রুচিরে তারা প্রচুর ধন দৌলত গাড়ী এবং বাড়ীর মালিক হয়ে উঠে। এরা বহু অর্থ সরকারী তহবিলে দান ধ্যান ও অভাক্ত

সৎকর্মের জন্ত দান করে প্রথমে নামার্জন করে। অর্থাদি বা দান ধ্যানের ব্যাপারে কর্তৃপক্ষের নিকট এদের যাতায়াত স্থগম হয়। শহরের বড় বড় অফিসারের সহিত এদের এই ভাবে মেলামেশার স্থযোগ ঘটে। এই উদ্দেশ্যে শহরের বড় বড় কাব এবং সমিতির এরা সভ্যও হয়েছে। বড় বড় অফিসারদের সহিত মেলামেশা করায় ছোট অফিসাররা এদের ভয় করে চলে। এইভাবে এরা শহরের প্রভাব প্রতিপত্তিশালী ব্যক্তি হয়ে উঠেছে। এরা সাক্ষাৎ ভাবে এই অপবহন বা ম্মাগলিঙএর ব্যাপারে কদাচ লিপ্ত থেকেছে। এদের অধীনে যে সকল গুণ্ডা শ্রেণীর উপনেতা থাকে তারা তাদের হয়ে এই ব্যবসায় চালিয়ে যায়। এই কালো ব্যবসায়ের পিছনে থাকে ঐ সকল প্রধান নেতাদের প্রভাব প্রতিপত্তি এবং অর্থ।

এই সকল দলের বেতন-ভূক বহু উকিল থাকে। দলের কেউ ধরা পড়লে তৎক্ষণাৎ এরা তাদের জামিনের বন্দোবন্ত করে। দৈবাৎ কেহ জেলে গেলে দলপতিরা জেলে থাকাকালীন তাদের পরিবারবর্গের ভরণ-পোষণের বন্দোবন্ত করে থাকেন। এদের জামীন হবার জন্তও একদল মানী বা ধনী লোক সর্ব্বদা মজ্ত থাকে। এই উভর শ্রেণীর ব্যক্তি ছাড়া এদের অধীনে একদল লোক আছে যারা জেলে যাবার জন্ত সর্ব্বদাই প্রস্তুত থাকে। প্রায়শঃ কেত্রে এরা দাগী বা প্রাণো চোর বা নিছম্মা হয়। এদের জেল ভীতি আদপেই নেই। দৈবাৎ কোনও নেভূছানীয় বা দক্ষ ক্ষার বাটীতে যদি বামাল ধরা পড়ে, তাহলে যে ঘরে উহা পাওয়া যায় সেই ঘর তার বলে সে দাবী করে। এই সময় পিছনের তারিথ লিখে কয়েকটী ভাড়ার রসীদও ঐ ব্যক্তির এবং উহা যে বাড়ীর মালিকের নম্ব তা সহজে প্রমাণিত হয়। এর ফলে বাড়ীর মালিকের বদ্ব তা সহজে প্রমাণিত হয়। এর ফলে বাড়ীর মালিকের বদ্বে প্রা

ব্যক্তিই জেল খেটে আসে এবং ঐ বাড়ীর মালিক ধরা পড়লেও সে অব্যাহতি পায়।

এইরূপ বিপদে পড়ে বহুক্ষেত্রে মনিব চাকর এবং চাকর মনিব সেজেছে

—মনিব নিরীহ চাকরের ভূমিকার অভিনয় করে অব্যাহতি পেরেছে।
এবং চাকর মনিবের ভূমিকার দোব কবুল করে জেলে গিরেছে। স্থদক্ষ

অপবাহকদের রক্ষার জন্ম দলের লোকেরা এইরূপে বহু অর্ধ ব্যয় করে
থাকে। কারণ দক্ষ লোক জেলে আটকা থাকলে ব্যবসায়ের ক্ষতি অসীম।

আবগারী দ্রব্য মূলত: ছই প্রকারের। (১) বিদেশ হ'তে আমদানী দ্রব্য, (২) এবং এই দেশে যাহা জাত। অপবাহকরা আমদানী ও রপ্তানী এই ছই প্রকার দ্রব্যেরই ব্যবদা করে থাকে। এইজন্ম এরা বছ আন্তর্জাতিক এবং আন্তঃপ্রাদেশিক দলও তৈরী করেছে। আমদানী প্রধানত: বিদেশী নাবিকদের সাহায্যে কৃত হয়েছে। এই অবৈধ আমদানী রপ্তানী বন্ধ করবার জন্মে বিশেষ প্র্লিশ এবং কাষ্টমস্ বাহিনী সদা সচেতন, কিন্তু তা সন্ত্তে প্রচুর অবৈধ আমদানী সকল দেশে স্মান। এই অপকার্য্যের জন্ম অসৎ নাবিকরা জাহাজে বছ গম্বর ও চোরা কুঠ্রীও বানিয়েছে।

রেলওয়ে কাষ্টমস্ এবং পুলিশের সতর্ক দৃষ্টি এড়িয়ে যে সকল দ্রব্য গস্তব্যস্থানে পৌছায়, সেইগুলি শহর এবং পল্লীর বিভিন্ন অপবাহঘাঁটীতে শক্ট যোগে, হাঁটা পথে বা নৌকা ঘোগে পৌছিয়ে দেওয়া হয়।

এই অপঘাঁটা সকল অধিক সংখ্যার শহরের বন্তী অঞ্চলে এবং ব্যবসায় কেন্দ্রে দেখা গিয়েছে। কলিকাতা এবং বোম্বাই শহরে পূর্বের এইরূপ বহু ঘাঁটীর সন্ধান মিল্তো। এই সকল ঘাঁটী অতি সতর্কতার সহিত নিশ্মিত হতো এবং বিক্রয়ের সময় প্রচুর সাবধানতা অবলম্বন করা হতো। নিম্নের বিবৃতি হ'তে বিষয়টী সম্যকরূপে বুঝা যাবে। "গুনতে পেলাম অমৃক আডায় অবৈধ ভাবে কোকেন বিক্রের হচ্ছে।

একজন কোকেন খরিদারকে ইতিমধ্যেই আমি হাত করে ফেলেছি।
লোকটী আমাকে এ-গলি ও-গলি দিয়ে একটা বন্তীর অভ্যস্তরে এক
দিতল মাঠ কোঠার সমূথে আনলো। লোকটা অকুন্থলে এসে শিল
দেওয়া মাত্র দিতলের জানালা হ'তে একটা মালা (পাত্র) দড়ির সাহায্যে
নীচে নামিয়ে দেওয়া হলো। কে যে উপর হ'তে ঐ দড়ী বাঁধা মালা
নীচে নামালো তা আমরা জানতে পারি নি। আমার পথ প্রদর্শক একটা
আধুলি ঐ মালায় রাখা মাত্র ঐ মালাটা উপরে উঠে গেল এবং কিছু পরে
ঐ পাত্র করে নেমে এলো এক পুরিয়া কোকেন।

এইরূপ সাবধানতার একমাত্র উদ্দেশ্য থাকে আইনকে কাঁকি দেওয়া।
এতে স্থবিধে এই যে বিতৃক্ষতা কে । তা কোনও ক্রেতা বলতে পারে
নি। এইজন্ম কাউকে দোষী সাব্যস্ত করাও যায় নি।"

এই সকল গৃহের মেঝেতে টালির তলায় কিংবা দেওয়ালের গায় বছ
তথ্য কোঁকর থাকে। কোঁকরে দ্রব্যাদি রেখে তা বাহির হতে গেঁথে
দেওয়া হয়। রাত্রি যোগে ঐ গুলি ভেঙে দ্রব্যাদি বাহির করা হয়ে
থাকে। এজন্ত স্থদক্ষ রাজ এবং ছুতার মিস্ত্রী এরা মাহিনা করে রাখে।
চীনা অপবাহকগণ এইরূপ কক্ষ নির্দ্ধাণে সর্ব্বাপেকা পটু।

এই সকল গৃহের অত্যন্তরে কিংবা প্রাচীর বেষ্টিত ভূমি বা প্রাঙ্গণে বিহিন্দেনের সহিত সংযুক্ত বড় বড় গহরর থাকে এবং এই গহররের পার্বে থাকে জলের ট্যান্ক। কলের ভল ট্যান্কে এসে জমা হয় এবং ট্যান্কের উপকল হ'তে অবিরল ধারায় জল এই গহররের পথে প্রবাহিত হয়। এর কারণ এই বে সকল সময় কলের জল স্বায়ী হয় না। এই জন্ম এই জলপূর্ণ ট্যান্কের ব্যবস্থা করা হয়েছে। যতক্ষণ ক্রয়-বিক্রের চলে বা দ্রব্যাদি শ্র্হে মজুত থাকে ততক্ষণ এই জলের পতন ধারাও অকুশ্র থাকে।

পুলিশ ভল্লাদীর কারণে এই গৃহ খেরাও করা মাত্র দ্রব্যাদি এই জালের তোড়ে নিক্ষেপ করা হয়। পুলিশ গৃহে এসে এর চি**হু** মাত্রও (नगरव ना। जकन मगग ज्वानि एव और जारव नहे कवा हम जा नम। এই জন্ম বহু বহির্দরজা এবং চোরাকুঠুরী নির্মাণ করা হয়। বহু কেত্রে মেরের। এই দ্রব্য পাচারের ব্যাপারে পুরুষদের সহায়ক হয়েছে। পুলিশ ঘরে আসা মাত্র এই মেয়েরা ছুতায় নাতায় পুলিশের ঘাড়ে লাফিয়ে পড়ে আঁচড়াতে কামড়াতে স্থক করে। তবে প্রথমে তার। বাক-বিতণ্ডা এবং পথ অবরোধ করে পুলিশকে যতকণ পারে ততকণ আটকে রাখে। এই স্থােগে পুরুষ অপবাহকগণ বামাল সহ গােপন পথে সরে পড়ে। কোনও কোনও ক্ষেত্রে স্ত্রীলোকগণ বস্ত্রাভান্তরে কটীদেশে এমন কি যৌনদেশাভ্যন্তরেও বামাল লুকিয়ে ফেলেছে। এই স্ত্রীলোকগণ পুরুষদের সহক্ষী, কেহ কেহ উপপত্নীও বটে ৷ এই অপবাহকের ব্যাপারে বহু নারীও নেতৃত্ব করেছে। এদের কেউ কেউ পুংশ্লী নারী। কেহ কেহ পুরুষ অপেকাও ছুর্দান্তা। পূর্বে মধ্য কলিকাতার এইরূপ এক ছুর্দান্তা অপবাহিকাছিল। অপবহনের কার্য্যদারা সে লক্ষ লক্ষ টাকা উপায় করেছে। সহরে এর বহু ত্রিতল বাড়ী এবং কয়েক খানি গাড়ী আমি গেদিনও দেখেছি। এই স্ত্রীলোকটা পুরুষের বেশে ঘোরাফিরা করতো। কোনও এক সময় সে পুরুষের বেশে ধরা পড়ে থানায় এক রাত্রি আটকও থাকে, কিন্তু জামীন হওয়ার সময় পর্যান্ত তাকে কোতোয়ালি লোকগণ পুরুষ মনে করেছিল। থাতা-পত্রে তার পুংনাম লিখে তারা তাকে পুরুষের হাজতে রেখেছিল। এই স্ত্রীলোকটী মাসিক মাহিনার চার জন উপপতিও নিজের জন্ম বাহাল রেখেছিল। এরা দিন রাত্রি প্রসার বিনিময়ে জ্রীলোকটীর মনোরঞ্জন করতো। মধ্যে মধ্যে এদের ছই একজনকে তাড়িয়ে জ্রীলোকটী নৃতনঃ

উপপতিও গ্রহণ করেছে। এই উপপতিগণের একজন তার গাড়ী চালাতো এবং অপর করজন তার ফাইফরমাস খাটতো এবং বাজারও করতো, স্ত্রীলোকটী এখন বৃদ্ধা এবং সে আজও বেঁচে আছে, তার উপপতিরাও।

এই অপবাহক নেতার। পুলিশকে উৎকোচে বশীভূত করতে সর্বাদাই সচেষ্ট। শুনা গিয়েছে এই জন্ম তারা বহু অর্থ গোপনে খরচ করেছে, কিন্তু পুলিশ বিভাগে সং অফিগারের প্রাচুর্য্যের কারণে অধ্না কালে এই অপবাহ ব্যবসায় প্রায় উঠে গিয়েছে।

যে সকল শকটে নিষিদ্ধ বামাল সরবরাহ করা হতো, সে শকটের
চতুর্দিক ঘিরে ছুর্ফান্তদের বহু ট্যাক্সিও ছুটতো। এই ট্যাক্সিতে বেলাইসেলী পিন্তল এবং ছোরা সহ বহু গুণ্ডা বসে থাকতো। প্রয়োজন
মাত্র এরা তাদের কটাজ্জিত বহু মূল্যের দ্রব্য রক্ষার জন্য জীবনও তুচ্ছ
করেছে। এই সম্বন্ধে বিশ বৎসর পূর্কোকার এক ঘটনার কথা উল্লেখ
করবো। এই অপবাহকরা যে কিরূপ ছুর্দান্ত প্রকৃতির তা নিয়ের বিবৃতি
হ'তে বুঝা যাবে।

"কলিকাতা এবং আবগারী পুলিশ একত্রে এই দিন ঐ বাড়ীটী ঘেরোয়া করে ফেলে। এই অভিযাত্রী দলে আমিও উপস্থিত ছিলাম। সময় তথন মধ্য রাত্রি হবে। বহুবার দারে করাঘাত করা সত্ত্বেও কেই উহা খুলে দিলে না। অবচ ভিতরে মাহুষের ক্রত চলা কেরার শব্দ আমরা শুনতে পাছিছ। আর দেরী করাও সম্ভব নয়। বুটের লাথির ঘারে আমরা বহু চেষ্টায় সদর দরজা ভেঙে ফেললাম। সম্পুথেই একটী লোহার সিঁড়ি ছিল। আমাদের কয়েকজন এই সিঁড়ির হাতল স্পর্শ করা মাত্র অর্কার মাত্রির উপর ছিট্কে পড়লো। তাদের কাতর আর্জনাদে আমরা হতভন্ম হয়ে গেলাম। পরে বুঝা গেল সিঁড়ির লোহদণ্ড

বা হাজল উল্প্কে লোহতার দিয়ে ইলেকট্র ক বল্লের সহিত সংযুক্ত। কিছ
এইথানেই শেষ নয়। সহসা বারটা ভাল কুন্তা অলক্ষ্য নির্দেশে আমাদের
উপর ঝাঁপিরে পড়লো। এইদিন আমাদের অনেকেই আহত হয়ে
পড়ি। সকল বিপদ কাটিয়ে আমরা গৃহাভ্যন্তরে প্রবেশ করি, কিছ
তা সন্ত্বেও আশাহ্যায়ী ফললাভ করি নি। এই ব্যাপারে বাড়ীর
মালিক আত্মপক্ষ সমর্থনে বলে যে বাহিরের চোরের ভয়ে বৈহ্যুতিক
শক্তি ছারা দে বাড়ী স্থরক্ষিত করে রেখেছে। ঐ বাটীতে প্রবেশ করার
পূর্বের প্রিশ তাকে ভাক দিয়ে আদে নি। এইজন্ম তার নাকি ধারণা
হয়েছিল যে আমরা প্রিশ নই, চোর বা ভাকাত। এইজন্ম আত্মরক্ষার্থে দে কুকুরগুলি ছেড়ে দিয়েছিল।"

জুরাড়ীদের ভায় অপবাহকরাও পুলিশের অপেকার তাদের ডেরার আশে-পাশে বহু দ্র পর্যান্ত গুপ্তচরদের মোতায়েন রাখে। এমন কি এদের অনেকে থানার গেটের নিকটও সাইকেল সহ অপেকা করে। পুলিশের গতিবিধির উপর নজর রাখার ফন্দি ফিকির এদের অসামান্ত। ক্রুত খবর পাওয়ার জন্ম এদের ডেরায় টেলিফোনেরও ব্যবদা আছে। এ ছাড়া এদের প্রধান ডেরার সহিত দ্রবর্তী দোকান এবং উপ-ডেরায় সহিত এদের ব্যক্তিগত সংবাদবাহী বৈছ্যতিক তারের সংযোগ থাকে। দ্রে পুলিশ পরিলক্ষ্য হওয়া মাত্র চরেরা ঐ উপ-ডেরা হ'তে প্রধান ডেরায় বিপদস্টক বৈছ্যতিক ঘণ্টা বাজিয়ে দিয়েছেন।

অপবাহকরা অপবহনের নিরাপন্তার কারণে বছবিধ কলা কৌশলের আশ্রের নিরেছে। কেহ কেহ মোটরকারের সীটের তলায়, ইঞ্জিনে বা দেওয়ালে বছ গুপ্ত গহরে নির্মাণ করেছে। চণমার খাপের তলায় কিংবা বাক্সাদির নিয়ে এজন্ত এরা উপ-গহরে তৈরী করেছে। বছ ক্ষেত্রে বাঁশের অভ্যন্তরে অহিফেন রেখে—এ বাঁশের মুখে জিশ্ল লাগিয়ে

সাধুর বেশে এরা দেশ হ'তে দেশান্তরে যুরে বেড়িয়েছে। জ্তার ত্বকতলার छला अवार्गाती स्वा दारथ अता राताकिता करतरह । हीनागन अह সকল কলা কৌশলে অভীব দক। এদের শিল্পজান এমনি যে বোতাম টিপে ঘরের এক্দিককার দেওয়ালও এরা অপর দিকে খুরিয়ে দিতে পারে। বৃহদিন পূর্বের এইরূপ এক চীনা রমণীকে একটি স্থন্তর শিশু সহ कांशक হ'তে নামতে দেখা যায়। এই শিশুটি শিল্পকলার এক অপুর্ব্ব ি मिদর্শন। মোম দিয়া ইহা তৈরী করা হয়েছিল। সাধারণ মাত্রুষ উহাকে ঐ স্ত্রীলোকের জীবন্ত সন্তানন্ধপে ভ্রম করে। শাস্ত্রী দলের নিকট এই সংবাদ ইতিপুর্বেই শুপ্তচরের মারফৎ পৌছে না গেলে তারাও ঐ বস্তাবৃত শিশুকে জীবস্ত শিশুরূপে ভ্রম করতো। শান্ত্রীদল স্ত্রীলোকটির নিকট হ'তে শিশুটিকে ছিনিয়ে নিতে চেষ্টা করলে সহযাত্রীরা ঐ স্ত্রীলোকটির পক্ষ সমর্থন করে বিরক্তি প্রকাশ করেছিল। পরে অবশ্য বৃষা বার শিশুটি যোমের এবং উহার উদরে বছমূল্যের কোকেন মজুত রয়েছে। সকলেই জানেন উটের বহু পাকম্বলী আছে। অপবাহকরা এই উটের পেট-চিরে আবগারী দ্রব্য রেখে উহা দিলাই করে দিয়েছে। পরে এ উট গন্তব্যস্থলে এলে উহাকে বধ করে আবগারী দ্রব্য বার করে নিষ্কেছে। কারণ উহা বার করবার সময় ঐ উট বধ না করে তাহা করা যায় मা।

অহিফেন আদি আবগারী গাছ-গাছড়ার চাষ একমাত্র গভর্ণ-মেণ্টেরই অধিকারভুক্ত। সাধারণ লোকের পক্ষে উহা চাষ করা অপরাধ। অপবাহক দল নিরালা জায়গায় অক্সান্ত শভ্যের ভিতরে ভিতরে ঐ পাছের চাষ করেও লাভবান হয়েছে।

মাদক জব্যের ব্যবসায় সরকারের একচেটিয়া—উহা পুর্বেই বলা হয়েছে, এবং উহার ক্রয়-বিক্রয়ও সীমাবদ্ধ রাখা হয়। ইচ্ছামত ক্ কোনও ব্যক্তি যে কোনও সময়ে যে কোনও পরিমাণে উহা লাভ করতে পারে না। বিশেষ দোকান হ'তে নির্নারিত সময়ে বিশেষ পরিমাণে উহা বিক্রেয় করা হয়। কিছু যে নেশাখোর সে ইহা ইচ্ছামত যে কোনও সময় অপরিমিত পরিমাণে উহা সংগ্রহ করতে উন্মুখ। এই কারণে অপবাহকরা এই মাদক দ্রব্য গোপনে প্রস্তুত করে নিরে থাকে। গোপন বাঁটিতে এরা এই জন্ত মদ চোলাই প্রভৃতি যন্ত্রাদি স্থাপন করেছে। এই সকল গোগান বাঁটিতে প্রধানতঃ ধান্ত—চাউল হ'তে ধেনো মদ তৈরী হয়। ইহার প্রস্তুত পদ্ধতি, যন্ত্রণাতি এবং নিদান সকল যাহা এই অপকার্য্য প্রমাণ করবার জন্ত প্রয়োজন, অর্থাৎ যে গুলি তল্লাসীর সময় শান্তিরক্ষকদের আটক করা উচিত, দেই সম্বন্ধে প্রত্তেকর ষঠ খতে অপরাধ তদন্ত শীর্ষক প্রক্রে আলোচনা করবো। এদেশে তাড়ী একপ্রকার মাদক দ্রব্য। উহা তাল গাছের রস হ'তে প্রস্তুত হয়। পল্লী অঞ্চলে প্রতিটী তাল গাছে এই জন্ত সরকার বাহাছর নম্বরী করে রেখেছেন, কিছু এতো সারধানতা সত্ত্বেও এই তাড়ীর প্রচলন পল্লী অঞ্চলে সমধিক।

এদেশে বছবিধ আবগারী দ্বেরর মধ্যে মন্থ, অহিফেন, চণ্ডু, গাঁজা চরস এবং কোকেন প্রধান। মন্ত এবং তাড়ী সম্বন্ধে ইতিপুর্বেই বলা হরেছে। এই মদ চাটের সঙ্গে পাঞ্চ করে পান করা হয়ে থাকে। চণ্ডু অহিফেন হ'তে তৈরী করা হয় এবং ইহার ধুম পাইপের সাহাধ্যে পান করা হয়। অহিফেন বা অফিমের আভিধানিক অর্থ 'সর্পের বিষ বা গরল'। অলেখক ডি কুইনিস, 'কুবলা খান', লেখক কবি কোজরিজ, অহিফেনসেরী ছিলেন। অফুরুপ বিষ নির্য্যাস পান করে কবি কীটসও লাইটেজল কবিতা লিখেছিলেন। এই একই কারণে ঋবি বিজ্ঞ্ম ক্ষমলাকান্তের মুখে অহিফেনের পাত্র তুলে ধরেছিলেন। পারসিক ক্ষিপাণ্ড ইহার অখ্যাতিতে পঞ্চমুখ ছিলেন। এই অহিফেন হ'তে বহু

व्यरबाजनीय वाबूर्व्यनीय जर जलानगाथि छेर्पछ रेज्याती करा इरहरह । व्यभन्न मिर्क এই व्यहिरकत्नन गर्कनामी तमा माञ्चरक व्यमाञ्च वर वर्षा करत पूर्वाह। वह विश्व त्रा पा नाना हि । হইতে উৎপন্ন করা হইয়া থাকে। ভারত সরকারের তত্ত্বাবধানে এই অহিফেন এদেশে যুক্ত প্রদেশের গাজীপুর অঞ্চলে উৎপন্ন করা হয়ে এতম্বতীত মধ্য ভারত, মালব, গোয়ালিয়র প্রদেশেও অহিফেন উদ্ভিদের সরকারী চাষ করা হয়ে থাকে। এই অহিফেন ব্যতীত সরকার নিয়ন্ত্রিত গাঁজার চাষও এই দেশে হয়ে থাকে। চরস শাঁজার আটা জাতীয় নিদান। ইহা মধ্য এসিয়ার ইরাকন অঞ্চলে উৎপন্ন হয়। েকোকেন এদেশে তৈরী হয় না, উহা বিদেশ হ'তে আমদানী করা হয়। ইহা 'কোকা' নামক গুলোর পাতা হ'তে উৎপন্ন হয়। এই জন্ম ইহার নাম কোকেন হইয়াছে। এই সাদা গুড়া পানের সহিত ভক্ষণ করা হয়ে থাকে। এই দর্বনাশী নেশার অপকারিতা দম্বন্ধে পুস্তকের প্রথম খতে বলা হয়েছে। পুরানো চোর এবং বেশ্যাগণের মধ্যে ইহার প্রচলন অত্যধিক। কোকেন ভক্ষণ করলে নাকি স্বৰ্গ স্থ্য অমুভূত হয়-কোকেন গ্রাহকরা বলেন একটি মাত্র পুরিয়া সেবন করার পর তাদের মনে হয় যে তারা সপ্তম স্বর্গে উঠে যাচেছ। চতুখোরেরা বিছানায় শুয়ে वालिएन भाषा द्वार्थ हथूत्र भारेभ हात-धरे व्यवसाय जाएनत्र ना'कि মনে হয় থাপে থাপে সপ্তম স্বর্গে উঠে যাছে। মছ-পচানো-ভাত প্রভৃতি হ'তে মূল্যবান যন্ত্রের দাহায্যে প্রস্তুত করা হয়ে থাকে।

এই সকল নেশা করার দ্রব্যের কোনটা এদেশে কোনটা বা বিদেশে প্রস্তুত করা হয়ে থাকে। এমন কি এদেশে এবং বিদেশে প্রস্তুত একই মাদক দ্রব্যের দরের এবং শুণাশুণের তারতম্য থাকে। এই সকল স্থাবগারী দ্রব্য মাত্রেই গভর্গমেণ্টের একচেটিয়া অধিকার। এই ব্যবসা

স্থারা সরকার বাহাছর বহু অর্থ প্রতি বৎসর উপার্জ্জন করে থাকে। অপবাহক বা আগ্লাররা এই ব্যবসায় গোপনে ভাগ বসিয়ে থাকে। পৃথিবীর বহুলোক একত্রে এই অপব্যবসায়ের জন্ম বিভিন্ন দেশীয় নাবিকদের সাহায্যে দেশে বিদেশে এই নিষিদ্ধ দ্রব্য রপ্তানি এবং আদমানী করে থাকে। কলিকাতা শহরে তিন শ্রেণীর ব্যক্তি অপবাহক-রূপে কার্য্য করে থাকে, যথা—(১) পেশোয়ারী, (২) পৃর্ববিদীয় মুসলমান এবং (৩) চীন দেশীয় লোক।

বিদেশের সহিত রপ্তানী ও আমদানী জাহাজে করে এবং উহার স্বদেশীয় চলাচল পোষ্ট অফিস এবং রেলযোগে কৃত হয়ে থাকে। এই সকল অহিফেন আদি বহু ক্ষেত্রে পোষ্টাল এবং রেলওয়ে পার্শ্বেল করে এখানে ওখানে পাঠানো হায়ছে—ঐ সকল পার্শ্বেল অন্ত কোনও নির্দ্দোষ দ্রব্যাদি আছে এই কথা লিখে বা বলে। মধ্যে মধ্যে এই সকল পার্শ্বেল দৈবাং ভেঙ্গে গিয়ে ঐ সকল দ্রব্য বার হয়েও পড়েছে।

বে-আইনী ভাবে বা বিনা লাইদেকে আগ্রেয়ান্ত বলা ও বিক্রয় বা বহনও এক অমার্জনীয় অপরাধ। অপবাহকগণ এই সকল অবৈধ অন্তর্পান্তরে আমদানি এবং সঞ্চালন কার্য্যেও আত্মনিয়োগ করে থাকে। ছুপ্রাপ্যতার কারণে বন্ধ, স্তা, চিনি, লোই প্রভৃতি দ্রব্য সময়ে সময়ে সরকার বাহাত্বর নিয়ন্ত্রিত করে থাকেন। এই সময় বিনা পারমিট বা ছাড়পত্রে এইগুলির ক্রয় বিক্রয় বা অধিকার নিষিদ্ধ করা হয়ে থাকে। অপবাহকগণ এই স্বেয়াগে এই সকল দ্বেয়র চোরা কারবার স্কর্ম করতে একটুও দেরী করে নি। এই দ্রব্যসমূহের নিয়ন্ত্রণ তিন প্রকারের হয়ে থাকে, যথা—(১) মূল্য নিয়ন্ত্রণ, (২) অধিকার নিয়ন্ত্রণ এবং (৩) ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণ। এই সর্কবিধ বাধা নিবেধ এবং নিয়ন্ত্রণের স্থ্যোগ স্মাণ্লারগণ সকল সময়ই গ্রহণ করেছে।

অপরাধ—হত্যা বা খুন

হত্যা বা খুন পৃথিবীর এক আদিমতম অপরাধ। আদিম কাল হ'তে আপন স্বার্থ-সিদ্ধি বা প্রতিশোধ গ্রহণের কারণে মামুষ মামুষকে হত্যা করেছে। প্রবল কেবল মাত্র ছুর্বলকে হত্যা করে কান্ত হয় নি, তারা প্রবলতর হবার ইচ্ছায় প্রবলকেও তারা হত্যা করেছে। সভ্যতার সহিত মামুষ প্রকাশ্যে নর হত্যারূপ অপকার্য্য পরিহার করেছে। একণে ক্রোধে উम्मान ना इल जाता अकात्य काशात्र अपून करत ना। अधुनाकात्न কাহারও পক্ষে প্রকাশ্যে খুন করা স্তব্পরও হয় না। এর কারণ এজন্ত রাজদারে তাদের অভিযুক্ত হ'তে হয়েছে। রাষ্ট্রমাত্রই হত্যাকে সর্বাপেকা শুরুতর অপরাধ মনে করে অপরাধীকে চরম শান্তি প্রদান করে থাকে। বহু রাষ্ট্রে হত্যার শান্তি হত্যা। অর্থাৎ ফাঁদী বা অন্ত কোনও উপায়ে নিধন। মাহুষ মাত্রেবই কাছে জীবন সর্বাপেকা প্রিয়। এইজন্ম হত্যার পর হত্যাকারীরও জীবনের আশহা থাকায় সহজে কেহ हजाकारण निश्च ह'रठ हाम ना। এই জন্ম नर्स (नर्भाई এই इज्जा অপরাধের সংখ্যা অত্যন্ত ।

হত্যা মূলতঃ ছই প্রকারের হয়ে থাকে, যথা— বৈধ এবং অবৈধ।

যুদ্ধের কারণে বা রাষ্ট্রীয় আদেশে মাহুষ মাহুষকে হত্যা করলে ঐদ্ধপ

হত্যাকে বৈধ হত্যা বলা হয়। কিন্তু মাহুষ রাষ্ট্রীয় বিধি উল্লেখন করে
কোনও মাহুষকে হত্যা করলে ঐদ্ধপ হত্যাকে বলা হয় অবৈধ হত্যা।


কারণ এইদ্ধপ হত্যা অসামাজিক এবং রাষ্ট্রীয় বিধির পরিপন্থী। প্রথমে

অবৈধ অপরাধ সম্বন্ধ আলোচনা করা যাউক।

হত্যা অপরাধ কেবলমাত্র মহন্ত সমাজ সম্বন্ধেই প্রযোজ্য। কোনও

পত বা পক্ষীকে মাহব হত্যা কর্লে উহাকে হত্যা বলা হয় না। যদিও ভারতীয় ধর্মসমূহে জীব হত্যাকে মহাপাপ বলে অভিহিত করা হয়েছে। হিন্দুধর্মে পশুহত্যার মধ্যে গো-হভ্যাকে অধিকতর অপরাধ বলা হয়ে থাকে। সম্ভবত: ছথের উপকারিতার কারণে গো রক্ষার প্রয়োজন বিধায় গো হত্যাকে অপরাধের পর্য্যায়ভুক্ত করা হয়েছিল। কোনও কোনও হিন্দু রাষ্ট্রে গো হত্যাকে মহায় হত্যার সমপর্য্যায় ভুক্তও করা হয়েছে। কিন্তু রাষ্ট্র-বিধির সহিত ধল্মীয় বিধির আজ আর কোনও সম্পর্ক নেই। এইজন্ম জন্ত হত্যাকে অধুনাকালে হত্যা বলা হয় না। বছ প্রাচীন হিন্দু রাষ্ট্রে ব্রাহ্মণ হত্যাকে বলা হতো ব্রহ্মহত্যা। এইরূপ হত্যার জন্ম দায়ী অপরাধীকে কোনও রূপেই রেহাই দেওয়া হয় नि। এর কারণ পুরাকালে ত্রাহ্মণগণ তাদের ত্যাগ, সম, দান, চরিত্র, নিলোভ এবং সমাজ-হিতৈষণার জন্ম জনদাধারণ দার। পূজিত হ'তেন। এইজন্ম তাদের প্রিয় ব্রাহ্মণদের প্রতি তারা কোনন্ধপ অত্যাচার সহ করে নি, যদিও এই সময ভারতের অধিকাংশ রাষ্ট্র অব্রাহ্মণ শাসকগণ ছারাই শাসিত হতো। বোধ হয় এই কারণে তৎকালীন রাষ্ট্রও তাদের বছবিধ স্থবিধা দান করেছিল। এই ব্রাহ্মণগণ জীবনভোর জ্ঞানের প্রদীপ নিমে এই পুণ্য ভূমিতে বিচরণ করেছে। এই জন্ম তংকালীন জনসাধারণ স্থবিধা পাওয়া মাত্র ব্রাহ্মণ পরিবারসমূহকে আপন আপন গ্রামে প্রতিষ্ঠা করে নিজেদের ধ্যা মনে করেছে। জন-সাধারণের শিক্ষার ভার এই সময় রাষ্ট্রের উপর ছিল না। তৎকালীন রাষ্ট্রের উহা কোনও এক করণীয় কার্য্যও ছিল না। আহ্মণগণকেই এই মহাদেশের প্রতিটি গ্রামে জ্ঞানের আলোক বিতরণ করতে হতো। এইজন্ম জনসাধারণ আপন হিতার্থে গো এবং ব্রাহ্মণকে রক্ষার জন্ম বিশেষ আইনের প্রচলন করেছিল।

অবৈধ হত্যা ছুই প্রকারে হয়ে থাকে, যথা,—নীরোগ এবং সরোগ অবস্থায়। এই নীরোগ হত্যাকেও ছুই ভাগে বিভক্ত করা হয়েছে; যথা,—সক্রিয় হত্যা এবং নিজ্ঞিয় হত্যা। শেষোক্ত দ্বিবিধ হত্যাকেও একই রূপে 'ছুই ভাগে' বিভক্ত করা যেতে পারে, যথা আক্রোশপূর্ণ এবং নিরাক্রোশী। নিয়ে তালিকা হ'তে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।




ভগ্নী, স্ত্রী প্রভৃতি প্রিয়জনের উপর অত্যাচার বা কলহের কারণে সহসা ক্ষিপ্ত হয়ে মাহ্য মাহ্যকে খুন করলে, উহাকে বলা হয় বিক্তত মন্তিকপ্রস্ত হত্যা। এইরূপ হত্যা অবৈধ হত্যা রূপে বিবেচিত হলেও রাষ্ট্র শান্তিদানের সময় ইহাদের সম্পর্ক বিবেচনা করে থাকে। ইহা ছাড়া উন্মাদ অবস্থায় বা মানসিক রোগের কারণেও মাহ্য মাহ্যকে হত্যা করেছে। এই সকল হত্যাকে বলা হয় সরোগ হত্যা। এইরূপ অপরাধ সম্বন্ধে পুত্তকের প্রথম থণ্ডে আলোচনা করা হয়েছে। এই ক্ষেত্রে উহার পুনস্ক্রেখ নিপ্রয়োজন।

মামুষ যখন সুস্থ অবস্থায় আপন স্বার্থনিদ্ধি বা প্রতিশোধ গ্রহণের কারণে মামুষকে হত্যা করে, তখন ঐরূপ হত্যাকে বলা হয় নীরোগ বা প্রকৃত হত্যা। এই স্থলে অবৈধ হত্যা বলতে আমরা এই নীরোগ

रुजा मद्यादे तुवारा। এই विराग चरिव रुजा हरे श्रकारत रुख পাকে, যথা—(১) নিরাক্রোশ এবং (২) ব্র্ত্রান্স্পৃ। প্রথমে আক্রোশক্ষনিত পুনের কথা বলা যাক। মাত্মৰ প্রতিশোধ গ্রহণের জন্ত মাহ্বকে খুন করলে ঐক্লপ হত্যাকে আমরা বলি আক্রোশজনিত খুন বা 'মার্ডার ফর গ্রাজ্'। কেহ কাহাকেও অপমান করলে বা কেহ কাহারও সহিত কলহে লিগু হ'লে বা কেহ কাহারও বিরুদ্ধে আদালতে সাক্ষ্য দিলে, কিংবা কেহ কাহারও স্ত্রীর সহিত গোপনে উপগত হ'লে কিংবা কেহ কাহারও বিরুদ্ধাচরণ বা ক্ষতি করলে বা তা করবার উপক্রম করলে, ঐ ব্যক্তিকে স্বকীয় প্রচেষ্টায় বা লোক মারফৎ গোপনে বা প্রকাশ্যে হত্যা করা হয়েছে। কোনও কোনও প্রদেশে এই আক্রোশজনিত খুন পুরুষামূক্রমে সংঘটিত হয়ে এসেছে। দৃষ্টান্ত স্বন্ধপ উত্তর-পশ্চিম প্রদেশের কথা বলা যেতে পারে। এই প্রদেশে কেহ কোনও আততায়ীর ঘারা নিহত হ'লে, নিহত ব্যক্তির পুত্র বা পরিজন ঐ আততায়ীর পূত্র বা পরিজনকে হত্যা করে পিকৃপুরুষের ঝণশোধ দিয়েছে। বহুস্থলে বংশপরম্পরায় এইরূপ হত্যা-काछ छूटे विरुताधी वर्शनत मञ्जानगंग द्वाता माधिण रुख अरमरह । পিতৃপুরুষের তুষ্কৃতির বোঝা এরা আজও পর্য্যন্ত আপন আপন প্রাণের বিনিময়েও বহন করে আসছে।


আক্রোশজনিত খুনের কথা বলা হলো। এইবার নিরাক্রোশ খুনের কথা বলা যাক্। নিরাক্রোশ খুন প্রায়শঃ ক্ষেত্রে স্ক্রমনা অপরাধীদের ধারা ক্ষত হয়েছে। এইরূপ খুনকে ইংরাজীতে বলা হয় 'মার্ডার ফর গেইন্'। অর্থ প্রাপ্তির কারণে মামুষ মামুষকে খুন করলে ঐরূপ হত্যাকে বলা হয় নিরাক্রোশ খুন। ডাকাতি বা রাহাজ্ঞানি করবার সময় বা চৌব্য কার্য্যে বাধা প্রাপ্ত হ'লে অপরাধীগণ এইরূপ হত্যা প্রায়ই সমাধা করেছে। এমন

অনেক অপরাধীদল আছে যারা অর্থাপহরণের স্থবিধার জক্ত পূর্বাছেই দ্রব্যাদি বা অর্থের বাহক বা ধারকদের হত্যা করেছে। অন্তান্ত অপরাধীদল এইরূপ ক্ষেত্রে অর্থাপহরণের সময় বাধা না পেলে কদাচ হত্যা কার্য্যে লিপ্ত হয় নি। এইরূপ বিবিধ কার্য্যকরণের মনন্তান্ত্বিক ব্যাখ্যা পৃত্তকের প্রথম খণ্ডে করা হয়েছে। সক্রিয় বা নিজ্রিয়, শোণিতাত্বক, সাম্পত্বিক প্রেছিতি শব্দের সংজ্ঞা দেখুন। এই স্থানে উহার পুনরুল্লেখ নিপ্রয়োজন। নিরাক্রোশ খুনের ব্যাপারে কোনও রূপ ব্যক্তিগত আক্রোদের প্রশ্ন থাকে না। এই ক্ষেত্রে নিহত ব্যক্তিদের এক্যাত্র অপরাধ থাকে অর্থ বা দ্রব্য ত্যাগের অনিচছা বা ঐ সকল অর্থ রা দ্রব্যের মালিক হওয়া। প্রায়শঃ ক্ষেত্রে আতভামীদের সহিত নিহত ব্যক্তিদের পৃর্বপরিচয়ও থাকে নি।



এই বিবিধ হত্যা ব্যক্তীত আরও বহু প্রকারের হত্যার কথা তুনা গিয়েছে। উহাদের যথাক্রমে রাজনৈতিক, যৌনজ এবং সামাজিক বা ধর্মীয় থুন বলা যেতে পারে। এই সকল-প্রকার খুনই ছুই প্রকারে সমাধিত হয়ে থাকে, অর্থাৎ কেহ খুন করে সক্রিয়ভাবে, কেহ বা তা করে নিক্রিয়ভাবে। বিষ-প্রেরোগ প্রভৃতি অপ্রত্যক্ষ রূপ খুন বাহা নিহত ব্যক্তির অজ্ঞাতে বিনা আঘাতে সংঘটিত হয়ে থাকে কিংবা বৈজ্ঞানিক পদ্ধতিতে যে সকল হত্যা সাধিত হয়, সেই সকল খুনকে বলা হয় নিজ্ঞিয় খুন। অপর দিকে যে সকল খুন অস্ত্রাঘাত দারা প্রত্যক্ষ রূপে সংঘটিত হয়, উহাদের বলা হয় সক্রিয় খুন।

একণে এই সক্রিয় এবং নিজ্ঞিন—অবৈধ হত্যাকার্য্যের অন্তর্গত এই উভয়বিধ হত্যা বা খুনকে আমরা নিম্নোক্ত রূপ করেকটি প্রধান বিভাগে বিভক্ত করতে পারি। এই সকল বিভাগীয় খুনই নিজ্রিয় বা সক্রিয় উপায়ে সাধিত হয় বা হ'তে পারে। উপরস্ক এই প্রতিটা হত্যা যৌনজ বা অযৌনজ—এই উভয় কারণে সংঘটিত হয় বা হ'তে পারে।



অপরাধ—রাজনৈতিক হত্যা

রাজনৈতিক হত্যা নিজ্ঞিয় এবং সক্রিয় এই উত্য উপায়ে সংঘটিত হয়েছে। পৃথিবীতে রাট্র স্থাপিত হওয়ার দিন হ'তে আজও পর্য্যন্ত এইরূপ হানাহানির বিরাম নেই। সাধারণতঃ গুপ্ত হত্যার হারা রাজ্যের কর্ণধার-দের নিহত করা হয়েছে। বহুক্ষেত্রে রাজার বা রাজ্যের কর্ণধারদের বিশ্বস্ত অফ্চরগণ হারা এই হত্যাকাণ্ড সাধিত হয়েছে। যুগ যুগ ধরে নূপতি-গণের বিশ্বস্ত অফ্চরগণকে প্রভৃত উৎকোচ হারা বণীভূত করে এইরূপ কার্য্যে নিযুক্ত করা হয়েছে। গুপ্ত ঘাতকদের উত্যত খড়া হতে আল্পরক্ষা করবার জন্ম নুপতিগণ পুর্বকালে যথেষ্ট সাবধানতা অবলম্বন করতেন।

রাজার আত্মীয়বর্গ বা ভাতাগণের মধ্যে বাঁরা উন্তরাধিকারী ক্তে রাজার মৃত্যুর পর সিংহাসন পেতে পারতেন, তাঁরাই অধিক ক্তেরে এই সকল হত্যা কার্য্যের জন্ম বড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। এ ছাড়া রাজ্যের রাজার স্বাভাবিক মৃত্যুর পরও সিংহাসন প্রাপ্তির আশার উন্তরাধিকারিদের মধ্যে হানাহানির অন্ত ছিল না। প্রায়শঃ ক্ষেত্রে উন্তরাধিকারিগণকেই সর্ব্বপ্রথমে নিহত হ'তে হয়েছে। এইরূপ হত্যাকাণ্ড প্রকৃতিপুঞ্জের অগোচরে গোপনে সাধিত না হলে প্রজা-বিল্রোহের আশহা থাকতো, এইজন্ম অধিক ক্ষেত্রে বিব-প্রযোগ দারা এই সকল হত্যাকাণ্ড সাধিত হয়েছে।

এই সকল কারণে নৃপতিগণ পূর্বকালে বছ প্রকারের পশু-পক্ষী প্রাাদির ক্ষা করতেন। এই সকল পশু-পক্ষাকে আহার্য্য বস্ত প্রথমে প্রদান করে উহাদের উপর ঐ আহার্য্যের প্রতিক্রিয়া পরিলক্ষ্য করে তবে তাঁরা উহা গ্রহণ করেছেন। এই সকল কারণে আপন প্রভাতের হন্ত হ'তেও রাজমাতা বা রাজরাণীগণ সিংহাসনের ভাবী উত্তরাধিকারী শিশু সন্তানদের আহার্য্য গ্রহণ করা আজও পর্যান্ত পছন্দ করেন না।

পারিবারিক ষড়যন্ত্র ব্যতীত রাষ্ট্রীয় ষড়যন্ত্রেরও অন্ত ছিল না। আপন পারিষদ, মন্ত্রী, দামন্ত এবং দেনাপতিদেরও এঁরা অন্তরে অন্তরে বিশ্বাস করতে পারেন নি। এই আন্তঃষড়যন্ত্র ব্যতীত বহিঃষড়যন্ত্র দ্বারাও নূপতি-গণ নিহত হরেছেন। পুরাকালে পরাক্রমশালী নূপতিগণকে অসৎ উপায়ে নিহত করবার জন্ম প্রতিদ্বলী রাষ্ট্রের নূপতিগণ বছবিধ উপায় অবলম্বন করতেন। এই সকল উপায়ের অন্তাতম উপায় ছিল বিষক্ষা প্রদান। উপহার বা যৌতুক রূপে এই সকল স্কর্মরী বিষক্ষাকে প্রতিদ্বলী নূপতিগণের নিকট প্রেরণ করা হতো। এই বিষক্ষার স্কর্মণ সম্বন্ধে মততেদ আছে। কেহ কেহ বলেন, শৈশব কাল হ'তে এই সকল

ক্সাকে অল্প অল্প করে বিষ পরিপাক করতে অভ্যাস করানো হতো। এই সব ক্সার বন্ধ:প্রাপ্তির সহিত এই বিষের মাত্রা বা হারও বর্দ্ধিত করা হতো। পরিশেষে এই সকল ক্সার ঘর্ম এবং নিশ্বাসও বিষময় হঙ্কে উঠতো। কিছু দিন এদের সংস্পর্শে থাকলে মাহ্ম্ম মাত্রকেই ধীরে ধীরে পীড়িত হয়ে প্রাণত্যাগ করতে হতো। এই সকল নারীরা বিষময় হয়ে উঠায় নিজেরা বিষ পান করলেও মৃত্যুমুখে পতিত হতো না। এই কারণে বিষ-মিশ্রিত হ্ম্মা পাত্র হ'তে কিছুটা বিষ নিজেরা গলাধঃকরণ করে বাকিটুকু প্রেমাম্পদ নূপতিকে পান করতে দিলে ঐ সকল নূপতিগণ নিঃসঙ্কোচে তা পান করে মৃত্যু বরণ করে নিয়েছেন।

বিষক্তা স্থাষ্টির মধ্যে বৈজ্ঞানিক সত্য কত্টুকু আছে, তা বলা বড় শক্ত। কেহ কেহ বলেন, অভিনয় দারা বশীভূত করে বিষপ্রদানে নিপুণা ক্যাগণকেই বিষক্তা বলা হতো। অধুনা যুগে এমন বহু ব্যক্তি দেখা গিয়েছে, যারা ধীরে ধীরে মাত্রা বন্ধিত করে বহুল পরিমাণ অহিফেন সেবন করতে সক্ষম। সাধারণ মাহ্য ঐ অহিফেনের দশভাগের এক ভাগ গ্রহণ করলেও মৃত্যুমুখে পতিত হয়ে থাকে। এইরূপ অহিফেন বিলাসী ব্যক্তিদের সর্প দংশন করলে ঐ সর্প মৃত্যুমুখে পতিত হয়ে থাকে কিন্তু অহিফেনসেবী ব্যক্তির উপর সর্প-বিষের সামান্ত মাত্র ক্রিয়াও দর্শায় না। বহু হাকিমী চিকিৎসক আছেন, বারা মোরগসমূহকে ধীরে ধীরে অধিক পরিমাণ আরসিনিক আহারে অভ্যন্ত করান। এইরূপ আরসিনিক বিষ আহারে অভ্যন্ত মোরগের মাংস রন্ধন করে আহার করিয়ে এঁরা বহু বৃদ্ধেরও যৌবন শক্তি ফিরিয়ে এনেছেন। অবশ্র এই প্রথার বৈজ্ঞানিক সভ্যতা সহত্বে সন্দহে প্রকাশ করার যথেষ্ট অবকাশ আছে।

পুরাকালে সমর অভিযানের সময় বা দিখিজয়ে যাত্রাকালে রাজ-চক্রবর্ত্তীগণ বীজাণু বিশারদ জ্ঞানী বৈছদের সঙ্গে নিতেন। এঁরা পানীয় জলের পৃষ্ধিণীসমূহ পরীকা করে মতামত প্রকাণ করার পরে ঐ পুকুরের পানীয় জল দৈলগণকে পান করতে দেওরা হতো। এই-ভাবে এদেশে রাজকীয় পোষকতায় আয়ুর্বেদীয় বীজাণু বিজ্ঞানের প্রনারলাভ হয়েছিল। প্রাতন আয়ুর্বেদ গ্রন্থের বহু প্রাতন শ্লোকে এইরূপ ব্যবহারের উল্লেখ আছে। বিপক্ষ পক্ষীয় চরগণ দৈল্যবাহিনীয় গমন পথের বহু পৃষ্বিণীতে রোগ বীজাণুসমূহ নিক্ষেপ করতো যাতে ঐ পানীয় পান করে তারা রোগাক্রান্ত হযে সহজে নির্মাণ হ'তে পারে।

বর্ত্তমানকালে স্থৈবতন্ত্র বা রাজতন্ত্র বহু দেশ হ'তে লুপ্ত হয়েছে।
আজিকার এই গণতন্ত্র বা সমাজতন্ত্রের ফুগে সিংহাসন অধিকারের প্রশ্ন
উঠে না। এইখানে আজ প্রশ্ন উঠে থাকে ক্ষমতা অধিকারের। এইজন্ত এই মুগে রাজনৈতিক কারণে শাসকদের এবং রাজকর্ম্মচারীদের হত্য।
করা হ'লেও ঐ সকল ব্যক্তিদের পুত্র পরিজনদের কোনও ক্ষতি করা হয়
না। কিন্তু যে সকল দেশে বংশগত শাসনব্যবস্থার প্রচলন আছে সেই
সকল দেশে শাসকদের উত্তরাধিকারীদের আজও হত্যা করা হয়ে থাকে।

বাজকর্ম্মচারী এবং শাসকদের অধিকক্ষেত্রে কর্ত্তব্যরত অবস্থার বা পথে-ঘাটে যাতাযাতের রাস্তার হত্যা করা হরে থাকে। কোনও কোনও ক্ষেত্রে দর্শনপ্রার্থিগণ স্থারাও হত্যা কার্য্য সমাধা হয়েছে। এই যুগে দর্শনপ্রার্থী মাত্রকেই বিদ্ধাপ করা সম্ভব নয়। এতম্বারা শাসকদের জন-প্রিয়তাক্ষ্ম হ'তে পারে। আজিকার এই গণতন্ত্রের যুগে শাসকদের গৃহ্ছার জনসাধারণের জন্ম উন্মুক্ত রাখাই বাঞ্ছনীয়। কিন্তু কোন ব্যক্তি কথন কোন উদ্দেশ্যে দর্শনপ্রার্থী হবে তা বলা বড় শক্ত। এইজন্ম পৃথিবীর ক্ষমতাশালী অধিনায়কগণ নিজেদের আকৃতির অম্ক্রপ এক ব্যক্তিকে দোনাখেল বা ডুপ্লিকেট দ্ধাপে নিয়োগ করে থাকেন। অজ্ঞাত অপরিচিত ব্যক্তিদের প্রথমে এই সকল নকল অধিনায়কদের নিকট আনয়ন করা হরে থাকে এবং প্রাক্তনবোধে প্রকৃত অধিনায়কের নিকট তাদের পেশ করা হয়েছে। বহু ক্ষেত্রে আত্ম-রক্ষার্থে সেক্রেটারীকে মনিব এবং মনিবকে ভূত্যরূপেও প্রচার করা হয়েছে।

রাজনৈতিক মতবাদের বা আদর্শের এবং নীতিগত পার্থক্যের কারণেও বহু হত্যাকাণ্ড সাধিত হয়ে থাকে। এমন বহু রাজনৈতিক দল আছে যারা গণভদ্ধে বিশ্বাসী নয়। তারা হত্যা কার্য্যাদি দ্বারা ত্রাসের স্থিতি করে শাসন্যন্ত্র অধিকার করতে প্রয়াস পেয়ে থাকে।

রাজনৈতিক কারণে অধুনাকালে পিন্তল এবং বোমার সহযোগেই হত্যাকাণ্ড সমাধা হয়ে থাকে। রাজনৈতিক হত্যাকাণ্ড সম্বন্ধে পৃত্তকের চতুর্ব থণ্ডে "রাজনৈতিক অপরাধ" শীর্ষক প্রবন্ধে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এ ক্ষেত্রে উহার পুনকল্লেখ নিপ্রয়োজন। রাজনৈতিক হত্যাকাণ্ড সম্বন্ধে বলা হ'লো। এইবার ধর্মীয় বা সামাজিক হত্যাকাণ্ড সম্বন্ধে বলা যাউক।

ধর্ম্মের কারণে বহু হত্যাকাণ্ড সাধিত হয়েছে। সাধারণতঃ মহির, ছাগ প্রভৃতি জীবকে শাক্তধর্মাবলম্বীরা দেবীর পাদপীঠে বলি দিয়ে থাকে কিন্ত ছাগবলির স্থায় নর-বলির কথাও তন। গিয়েছে। ধর্মসমূহের ভূল ব্যাখ্যাই ইহার কারণ। পুরাকালে প্রচলিত নর-বলি ইহার প্রকৃত উদাহরণ। কাপালিক নামক সাধকগণ বলির উদ্দেশ্যে মাহ্যকে ছলেবলে ভূলিয়ে দেবীর পাদপীটে এনে উহাদের থড়েগর সাহায্যে বলি দিত। গছন অরণ্যসমূহে গভীর নিশীথে এইরূপ বহু হত্যাকাণ্ড সাধিত হয়েছে।

কোনও কোনও অজ মাহ্যকে বুঝানো হতো যে তাকে বলি দিলে তার অর্গ প্রাপ্তি হবে। এই অলীক ধারণার বশবর্তী হয়ে বহু অজ মাহ্যব বেছার বলির যুপকাঠে নিজের গলা গলিয়ে দিয়েছে। প্রাচীনকালে কোনও কোনও উন্মাদ সাধক আপন শিশুপুত্রকেও ধর্মের কারণে দেবীর:

পাদপীঠে বলি দিতে কুণ্ঠাবোধ করে নি। এইক্লপ বলিদান হত্যার নামান্তর মাত্র।

ধর্মের নামে নরহত্যা এদেশে নৃতন নয়। বিধর্মীদের হত্যা করার রীতি সকল দেশেই ছিল। সাধারণত মাছ্য আপন ধর্মকে প্রাণের চেয়েও ভালবাসে। এই কারণে কেহ তাদের ধর্ম্ম বিনষ্ট করতে চাইলে তারা তাদের বিনষ্ট করতে ইতন্তত: করে নি। তবে অন্ত কোনওধর্মীয় ব্যক্তিগণ এইরূপ অন্তায় এবং কু-ইচ্ছা প্রকাশ না করলে তারা তাদের ভালবেসেছে। ভুধু তাই নয় তাদের ধর্মের প্রতি তারা শ্রদ্ধাশীলও থেকেছে। এই অবস্থায় ধর্মীয় হত্যাকাণ্ড উভয় পক্ষের ব্যক্তিগণ ছারাই সাধিত হয়ে থাকে। কোনও দেশে বা প্রদেশে এইরূপ হত্যাকাণ্ড প্রশ্রম পেলে সেই দেশকে অভিশপ্ত দেশ বলা চলে। ধর্ম্ম সম্বন্ধে নির্কিরোধী জ্যাতিসমূহ এই অবস্থার স্মুযোগ নিয়ে এ সকল জ্যাতিকে বহুদিন পর্যান্ত প্রদানত রাখতে সক্ষম।

মধ্যযুগে বাংলা দেশে শিশু-মানত পদ্ধতি প্রচলিত ছিল। এই শিশুমানত শিশু-বিসর্জ্জনের নামান্তর মাত্র। ঐ সমরে বহু মাতা কুশংস্কারের কারণে সাগর-সঙ্গমে আপন শিশুদের স্বেচ্ছায় বিসর্জ্জন দিয়েছে। বিষয়টি একটু বুঝিয়ে বলা যাক। কোনও কোনও বদ্ধা বা নিঃসন্তান জ্ঞীগণ ঈশ্বরের নিকট মানত করতেন যে তারা সন্তান প্রসবে সক্ষম হলে তালের উদর জাত প্রথম সন্তানটীকে সাগর-সঙ্গমে বিসর্জ্জন দেবেন। অপুত্রক মাতাদের ধারণা ছিল এই যে একটি সন্তানের বিনিময়ে তারা বহু সন্তানের জননী হ'তে পারবেন। বলা বাহুল্য, ইহা একান্তরূপ কুসংস্কার মাত্র। সৌভাগ্যের বিষয় এই প্রথায় বাঙ্গালী মাত্রেই বিশ্বাসী ছিল না। ইহার ব্যাপকতাও খ্ব বেশী ছিল না। মাত্র ক্রেকটি পরিবারের মধ্যে এই বিশ্বাস সীমাবদ্ধ ছিল। তৎকালীন শাসনকর্তা লর্ড বেছে।

[মধ্যবুগে আফ্রিকার কোনও কোনও প্রদেশে বোড়শ শতাকীতে নর-মাংস খাত্তরূপে ব্যবহৃত হতো। গগুগ্রামসমূহের বাজারে এই সময়



মসুত্ত মাংদের দোকান, আনজিকিউস্ আনবো, ১৫৯৮-১৮৬৩ সালে শেব প্রকাশিত থমাস হেনরী হাকস্ত্রে প্রণীত 'ম্যানস্ প্লেম ইন্ নেচার' হইতে।

বহু দরমাংস বিক্রেরে দোকান দেখা গিয়েছে। সাধারণত: যুদ্ধবন্দীদের, অপরাধীদের এবং শত্রুপক্ষীয়দের নিহত করে খাছারূপে ব্যবস্থৃত করা হয়েছে। কখনও কখনও রাজভক্তির নিদর্শনম্বরূপ বহু প্রজাও রাজার খাছারূপে নিজেদের দেহ উৎসর্গ করেছে। উপরে এরূপ একটি দোকানের প্রতিকৃতি উদ্ধত করা হলো। যদি বুঝা যেতো যে ক্রীতদাস-গণকে অধিক মূল্যে বিক্রেয় করা সম্ভব হবে না তাহ'লে তাদের মাংস খাছের জন্ম বিক্রয় করা হতো।

ধর্মীয় হত্যাকাণ্ড সম্বন্ধে বলা হলো। এইবার সামাজিক হত্যাকাণ্ডসম্বন্ধে বলা যাক। সামাজিক হত্যা মাত্রই কুসংস্কার জাত হয়ে থাকে।
পূর্ব্বকালে পাঞ্জাব প্রদেশের কোনও কোনও পরিবারে ক্যাদন্তানকে
জন্মের পরমূহর্ত্তেই হত্যা করা হতো। এই ক্যাগণের পিতাদের কেহ
'শগুরা' বলে সম্বোধন করবে তা তারা পছন্দ করতেন না। এই অহমিকার কারণে তারা তাদের ঔরসজাত ক্যাদের জন্মের পরই হত্যা
করে কেলতো। লর্ড বেল্টিক আইন প্রণয়ন করে এই কুপ্রণা ঐ প্রদেশ
হ'তে তিরোহিত করেছিলেন)

পুরাকালে এমন বহু অজ্ঞ গণংকার ছিল যারা কোনও কোনও শিন্ত-পরবর্ত্তীকালে রাজ্যের, পিতার, পরিবারের, দেশের বা দশের এবং ধন-সম্পত্তির ধ্বংসের কারণ হবে—অবিবেচকের হ্যায় এইরূপ অভিমত গণনার দ্বারা প্রকাশ করতে অভ্যন্ত ছিল। এইরূপ অলীক গণনার কলাফলে বিশ্বাসী সংস্থারাচ্ছন্ন কোনও কোনও মাহুষ ভবিন্তং আপদ হ'তে উদ্ধার পাবার জন্ম এই সকল নিরপরাধ শিশুকে হত্যা করতে কুঞা বোধ করে নি।

বহুক্ষেত্রে এই সকল শিশুকে মাতা বা অন্ত কোনও এক শুভাকাজ্জী গণনার ফলাফল ঘোষণার পর গোপনে কোনও এক নিরাপদ স্থানে সরিয়ে দিয়েছে। বয়:প্রাপ্তির পর এই শিশুকে তাদের সম্ভাব্য বিপদ

হ'তে সাবধান করে দেওরা হতো। সম্ভাব্য শক্ত সম্বন্ধে আশৈশব বাক্প্ররোগ তাকে প্রকৃতই ঐ ব্যক্তির প্রতি বিদেবপরায়ণ করে তুলতো।

বয়:প্রাপ্তির পর ঐ সকল শিশু বছ ক্ষেত্রে তাদের শক্তদের নিধন করে
প্রমাণ করেও দিয়েছে যে ঐ গণৎকার ঠিকই বলেছিলেন।

বহু অজ্ঞ শান্তড়ী বা মাতা আছে যারা পুত্র বা জ্ঞামাতাকে বশে রাখবার জ্ঞা ঔবধাদি গোপনে তাদের সেবন করিয়ে থাকেন। ঔবধের প্রকৃত গুণাগুণ সম্বন্ধে সম্যুক জ্ঞান না থাকার তারা তাদের প্রির পুত্র বা জ্ঞামাতাকে হত্যা বা পাগল করেছেন। সামাজিক কুসংস্থার এবং অজ্ঞতার জ্ঞা ইহা সম্ভব হয়ে থাকে।

কাউকে হত্যা করার ইচ্ছাকে হত্যাক্রপে ধরা হয় না। কিন্তু তা সত্থেও এই ইচ্ছার উপর হত্যার স্বক্রপ নির্ভর করে। এছাড়া প্রবল ইচ্ছা মনস্থাত্ত্বিক কারণে নিজেকে হত্যা করতেও সক্ষম। এইজন্ত এই ইচ্ছাগত হত্যা সম্বন্ধে আলোচনা করবো। নিহত ব্যক্তিরা সংস্কার জাত বিশ্বাসের কারণে নিহত হয়ে থাকে। কিক্রপ ভাবে উহা সম্ভব সেই সম্বন্ধে এইবার আমি আলোচনা করবো।

এদেশে বহুলোক তুক্ করা বা বাণ মারা প্রভৃতি অলীক কার্য্যকরণ এবং মন্ত্রতন্ত্র বিশ্বাস করে। এই সকল তুক্তাক্ কারুর উপর প্রযুক্ত হলেছে জ্ঞাত হ'লে ঐ অজ্ঞ লোক ভরে এমনিই আধমরা হয়ে বায়। আতঙ্কে এবং ভাবনার বা পুনঃ পুনঃ চিন্তার কারণে কাহিল হয়ে পড়ার যে কোনও এক রোগ তার মধ্যে এসে গিয়েছে। কেই কেই বলেন যে ঐ রোগের বীজাপু তার মধ্যে পুর্ক হ'তে এসে গিয়েছে, কিন্তু সাধারণ ক্ষেত্রে দে উহা প্রতিরোধ করে নিরাময় থাকতে পারতো। কিন্তু কোনও অবিশাস বা বিশ্বাস মামুবের মনে আতঙ্ক এনে তার

অতিরোধ শক্তি क्षेत्रष्ठ করে দিয়েছে। এই একই কারণে কোনও ব্যক্তির ত্রারোগ্য ব্যাধি হ'লে আত্মীয়-স্বজনরা বিশ্বাস করতো যে আলৌকিক ভাবে ঐ রোগ অপরের দেহে সংযুক্ত করে তাকে নিরামর্য করা সম্ভব। এই কারণে এরূপ এক ব্যক্তির স্ত্রী প্রথামত উলঙ্গ অবস্থার মাণার ধুনোর মালসা নিয়ে গভীর রাত্তে প্রতিটী গৃহের ছ্য়ারে এসে ঐ नकम वाज़ीत (जांत चामीत नमवश्रनी) य्वकरानत नाम शरत हांक निरा ষেতেন। একটা বাড়ীর এক যুবক হয়তো মুমের ঘোরে উত্তরও দিয়ে वमाना, 'तक वा कि !' व्यान्, अभनरे ध नाजीत छेष्मण यन नकन राम গেল। তিনি তৎকণাৎ চলস্ত মালসায় ধুনা নিকেপ করে ছরিত গতিতে বাড়ী ফিরে উহা পীড়িত স্বামীর মাধার শিয়রে রেখে দিলেন। ঘটনাটী ঐ রাত্রেই তাঁর স্বামী অবগত হ'তেন এবং বিশ্বাসের কারণে তার মনোবল শত খণ বদ্ধিত হতো এবং তৎজনিত তাঁর অন্তর্নিহিত প্রতিরোধ শক্তিও বৃদ্ধি হতো। এইভাবে প্রতিরোধ শক্তির বর্দ্ধন এবং ঔবধাদির ভণাভণ একতে তাকে অচিরেই নিরাময় করে দিতে পেরেছে। অপর দিকে নিশির ডাকে বিখাসী যে ব্যক্তি ঐ ডাকে সাডা দিয়েছে সে এই বিষয় অবগত হলে পূর্বে হতে তার দেহে প্রবিষ্ট অপরিক্ট কোনও রোগের তার প্রতিরোধ শক্তির অভাবে পরিক্ষৃট হয়ে তাকে অচিরে ব্যাধিগ্রন্ত করেছে। প্রতিদিন বহু রোগের বীজাণু আমাদের দেহে প্রবেশ করে এবং প্রতিদিনই অন্তর্নিহিত প্রতিরোধ শক্তি হারা আমরা উহাদের বিনষ্ট করি। কিন্তু অদীক বিশ্বাস হারা প্রতিরোধ শক্তির নির্মাণ করে আমরা উহাদের যে কোনও একটা রোগ ঘারা আক্রান্ত হলেও হতে পারি। বিশাস বা অবিশাস এই সকল আতত্তগ্রন্তের উপর কার্য্যকরী रत्र। এই कात्रण প্রতিরোধ শক্তির অভাবে এইরূপ অভ্তত ঘটনা ঘটা সভব হরেছে। নিমের বিবৃতি হ'তে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।

"আমরা স্বকীয় জীবনে এইরূপ বছ আলোকিক ঘটনা পরিলক্ষ্য করেছি। পূর্বকালে পল্লী অঞ্চলে 'নিশির ডাক' নামে এক অন্ধপদ্ধতি প্রচলিত ছিল। কোনও ব্যক্তি এইসব ঘটনায় বিশ্বাসী হ'লে এবং পরদিন এই ব্যাপার জ্ঞাত হ'লে আত্তক্কে অন্থির হয়ে উঠতো। আতক্ক এবং বিশ্বাস তার প্রতিরোধ শক্তির বিনাশ ঘটিয়ে পূর্বে হ'তে কিংবা ঐ ঘটনার পরে তাহার দেহে প্রবিষ্ট রোগ বীজাণুকে ধ্বংস করতে অক্ষম হতো। এইভাবে ভাবনায় ভাবনায় অতিঠ হয়ে কোনও এক রোগ ঘারা আক্রান্ত হওয়া এবং উহার কাছে পরাজয় স্বীকার করা তার পক্ষে অসম্ভব ছিলু না।"

এই নিশির ডাক ছাড়া 'বাণ মারা' এবং 'তুক্ তাক্' পল্লী অঞ্চল প্রচলিত ছিল। নিমের বিবৃতি হ'তে বক্তব্য বিষয়টী বুঝা যাবে।

"আমি এই দিন আপন মনে রাত্রে পথ চলছিলাম। এমন সময় এক ব্যক্তি অর্দ্ধনম কুশপুতলিকা আমার সন্মুথে ফেলে দিয়ে সরে পড়লো। আমি ব্যলাম যে এ সকল আমার শত্রু পক্ষের কার্য্য। কিন্তু আমি এই সকল তুক্-তাকে বিশ্বাসী ছিলাম না। আমি নির্ভয়ে ঐ পুত্তলিকা ডিঙিয়ে বাড়ীর পথে অগ্রসর হয়েছিলাম। গদ্ধক মিশ্রিত দয় পুত্তলিকার উগ্র আঘাণ আমার নাসিকাতে প্রবেশ করেছিল। বাটী ফেরার পর আমার দেহটা যিম ঝিম করতে অ্বরু করলো এবং আমি অত্যন্ত ভীত এবং অ্বস্থ হয়ে উঠলাম। আমি এইদিন ব্যালাম সংস্কারগত বিশ্বাস আমি বর্জ্জন করতে তথনও পারিনি। আশৈশব যা আমি তনে এসেছি তা সংস্কারে পরিণত হয়ে আমার অবচেতন মনে আশ্রয় নিয়েছে। আমার চেতন মন এ সকল আজগুরীতে বিশ্বাসী না হলেও আমার অবচেতন মন উহাতে বিশ্বাস করে।"

অনেকে বলেন যে বাণ মারা সহত্বেও এই কথা নলা চলে। মন্ত্ৰপূত

শুলা নিক্ষেপ্ করে এই বাণ মারা হয়ে থাকে। বাণাহত (victim)

মন্ত্রেতন্ত্রে বিশাসী হ'লে উহা তার উপর কথঞিৎ কার্যকরী হওয়া অসম্ভব

শয়। তবে সচরাচর পথে-ঘাটে বেদীয়া দল কর্তৃক বাণ মারার যে

শভিনয় দেখি, তা অলীক মাত্র। একজন মন্ত্রপৃত খুলা ছুঁড়ে এবং অপর

জনের মুথ হ'তে গল গল করে রক্ত পড়ে বা তার মুখের বাঁণী গলায়

আটকে বায়। এই সকল ঘটনাগুলি অবশ্য ছুই লোকদের মিধ্যা অভিনয়

ছাড়া অপর আর কিছুই নয়।

বিশ্বাস বা অবিশাসের শক্তি সম্বন্ধে র্রোপে বহু পরীকা হয়েছে। কোনও এক র্রোপীর আদালত ছই ব্যক্তির প্রাণদণ্ডের আদেশ প্রদান করেন। কোনও এক করাসী পণ্ডিত এই সময় মনস্তান্ত্বিক পরীক্ষার জন্ম সভর্গনেণ্টের নিকট হ'তে এই ছই ব্যক্তিকে চেরে নেন। এদের একজনকে খড়িমাটি ভঁড়া মিশ্রিত এক কাপ জল প্রদান করে বলা হয়, ভূমি এখন গিলটিনে খণ্ডিত হয়ে মরতে চাও, না এই উগ্র বিষ পান করে ভূমি শান্তিতে মরবে । কন্ত আশ্বর্ধের বিষয় বিশ্বাসের কারণে হার্টিকেল করে লোকটা মারা গিয়েছিল। সম্ভবতঃ উহা পান করার পর ভয় ও বিশ্বাস তার স্বায়্র শক্তি সম্পূর্ণরূপে তিরোহিত করে দিরেছিল। আমার মতে ত্র্কলিচিত্ত ও হার্দিণ্ডের রোগগ্রন্থ ব্যক্তিদের উপরই মাত্র এইরূপ পরীক্ষা কার্য্যকরী হ'তে পারে। তবে এই সকল বিষয় সভ্যরূপে বিশ্বাস করতে হ'লে ঐশুলির শতকরা কত ভাগ সত্য হয় তা'ও অবগত হওয়া দরকার। এই সম্বন্ধে আমি অপর একটী ঘটনা উল্লেখ করবো।

কোনও এক গ্রাম্য ব্যক্তি পুকুরের মাছ ধরা পোলোর মধ্যে হাত কৌধিয়ে দেয়। তার উদ্দেশ্য ছিল পোলোর জলে মাছ পড়েছে কি'না ভা জানা। কিছ হঠাৎ তার হাতে দারণ যন্ত্রণা হওরার দে ঐ ছান ত্যাগ করে। তার বিখাস হরেছিল যে সিঙি মাছে তাকে হেনে নিয়েছে। এর পর সে খাওয়া-দাওয়া করে সহরের আফিসে কাজ করতে চলে যার। সন্ধ্যার পর যন্ত্রণাহত অবস্থায় বাড়ী ফিরে সে শুনতে পেলো যে তার মা চিৎকার করে বলছেন, 'ওরে কেমন আছিল তুই রে । ওর মধ্যে সিঙিমাছ ছিল না। যেখানে ছিল এক কাল সাপ। ঐ দেখ ঐখানে মারা হয়েছে।' তার মার এই কথা শুনে লোকটী কাঁপতে কাঁপতে অজ্ঞান, হয়ে পড়ে অচিরে মারা যায়। এই ক্ষেত্রে সম্ভবতঃ তার বিখাল এবং তৎজনিত অজ্ঞাত প্রতিরোধ শক্তি বিষের ক্রিয়া মছর করে রেখেছিল। এজত্বই ভদ্রলোক এতক্ষণ পর্যান্ত বিনা চিকিৎসাতেও স্কর্ম ছিলেন।"

তবে এই সকলের মধ্যে আদপেই কোনও বৈজ্ঞানিক তথ্য আছে
কি'না তা'ও বিবেচ্য। কার্য্যকরণ বা রোগের বীজ পূর্ব্ব হ'তেই জীবদেহে
নিহিত থাকে। বিশ্বাস কিংবা অবিশ্বাস তৎজনিত প্রতিরোধ শক্তির
আবির্ভাব বা অন্তর্ধান উহাকে অন্তরিত কিংবা অপ্ত করে মাত্র।
সামাজিক বা বৈজ্ঞানিক হত্যার প্রকৃত ব্যাখ্যা এইরূপে করা বেতে
পারে। এই সম্বন্ধে অপর একটা ঘটনার বিষয় আমি উল্লেখ করবো।
নিম্নের বিবৃতিটা হ'তে বিষয়টা সম্যকরূপে বুঝা যাবে।

"আমি কলেজের ছুটীর পর বাড়ী ফিরে পল্লীর অমুক বাবুর বাটী বেড়াতে হাই। অমুক বাবু এই সময় নিদারণ হাঁপানী ও কাশ রোগে ভুগছিলেন। ভদ্রলোক তাঁর ভুক্ত চা'য়ের কাপ ধোত না করে ঐ কাপের চা আমাকে খেতে দিলেন। আমি লক্ষায় ও সঙ্কোচে আপন্তি করতে পারি নি। এর পর বাড়ী ফিরে এ কথা সকলকে জানালে আমার বড় দিদি ঐ ভদ্রলোককে গাল পাড়তে থাকলেন এবং আমি এই জন্ত নিশ্বরই অচিরে রোগগ্রন্ত হব বলে তিনি আমার জন্ত অত্যক্ত ব্যক্ত হয়ে পড়লেন। এর পরদিন হ'তে আমার সত্য সত্যই একটু একটু কাসি স্থক্ত হলো। ভয়ে কাসতে কাসতে আমি থেকে থেকে হাঁপিয়েও উঠ ছিলাম। পরিশেষে সত্য সত্যই আমি এক প্রকার কাস রোগে আক্রাক্ত হই। পরিশেষে চিকিৎসকের বিপরীত বাক্-প্রয়োগের দারা উৎসাহিত হ'য়ে গুরু কল্লাবরণ হতে দেহকে মুক্ত করে আমি খালি গায়ে যত্রতাত্ত বেড়াতে স্থক্ত করি এবং এইরূপে বেপরোয়া ভাবে ঘুরাফিরা করে কিছুদিন পর আমি সম্পূর্ণরূপে নিরাময় হয়ে উঠি।"

এইরূপ বিপদ আমার জীবনে এই প্রথম নয়। অপর এক দিনের ঘটনা আপনাদের বলবা। কোনও এক ভদ্রশোক তাঁর তরুণী স্ত্রীর নামে উৎসাহিত করে আমাকে নিমন্ত্রণ গ্রহণে রাজী করান। বহুক্ষণ ভদ্রশাকের বাটাতে বসে থাকার পর তাঁর শীর্ণকায়া স্ত্রী খাত্তসভার এনে আমাকে আপ্যায়িত করতে থাকেন। আমি একটি ব্যঞ্জন পাত্র মুখে ভূলে তা গলাধ:করণ করছিলাম। এমন সময় ভদ্রলোক বললেন যে উনি বেশী কিছু রাঁধতে পারেন নি। কিছুদিন হলো, ওঁর শরীর অত্যন্ত থারাপ যাছে। এর কারণ এই যে তিনি গ্যালপিঙ্ থাইসিসে ভূগছিলেন ইত্যাদি। আমার হাতের গ্রাস হাতেই রয়ে গেল, মুখ হ'তে কোনও বাকক্ষুরণও হচ্ছিল না। এর পর দিন ভয়ে আত্তম্বে আমি সভ্যসত্যই অক্ষুত্ব হের পড়েছিলাম।"

এই সহক্ষে অপর একটা ঘটনার উল্লেখ করবো। নিমের বিবৃতি হ'তে বিষয়টা বুঝা যাবে।

"প্রায় তৃই বৎসর বেকার জীবদের পর অমৃক বাবু একটা চাকুরী যোগাড় করলে আমরা তাকে একটা ভোজ দেবার জ্ঞ অতিষ্ঠ করে ভূললাম। ভদ্রলোক বিরক্ত হবে আমাদের অগোচরে একটা হত্তমান ক্লেক্স উহার মাংস রেঁধে আমাদের খাওয়ালেন। এই বিব্রে বারা জ্ঞাত হন নি তাঁদের পরদিন স্থন্দরক্ষপে কোঠ পরিষার হরে গিরেছে। কিন্ত যারা বিষয়টী জ্ঞাত হলেন তাঁরা সকলেই এইজন্ম অসুস্থ হরে পডেছিলেন।"

यक् বা যকের ধনের কাহিনী আমরা তনেছি। অধুনা কালে উহা ক্লপকথার সামিল। কিন্তু কেহ কেহ বলে থাকেন যে একদিন এই প্রথা সত্য ছিল। কোনও কোনও এদেশীয় ব্যক্তির পুনর্জন্মের বিশ্বাস হ'তে এই প্রথা পরিকল্পিত হয়েছিল। ইহা এক প্রকার কুদংস্কারজাত হত্যা-কাও। মাত্র কুপণ ধনী ব্যক্তিদের ছারা এইরূপ হত্যাকাও পুরাকালে সাধিত হয়েছে। এই হত্যার নায়কগণ আজীবন ধন সম্পত্তি আহরণ করেছিলেন কিন্তু উহা ভোগ করার সময় পান নি। মৃত্যুর প্রাক্তালে ধনী বুদ্ধেরা গোপনে মাটর তলায় একটা কক্ষে তাঁদের সমুদয় ধনদেশত ফ্রন্ত করে রাখতেন এবং তারপর পূজার্চনাদির পর একটা বালককে ঐ ঘরে ভূলিয়ে এনে তাকে দেখানে ঐ ধনদৌলত আগলাবার জন্ম রেখে হত্যাকারী সিঁভি বেয়ে উপরে উঠে ঐ ঘরের একমাত্র নির্গমন পথ ইট গেঁখে বন্ধ করে দিয়ে বলতেন, "ওহে বালক! আজ হ'তে 'যক' হয়ে তুমি আমার এই কটোপাজ্জিত ধনদৌলত রক্ষা করবে। আমার মৃত্যুর পর আমি ফিরে এলে অর্থাৎ পুনরায় জন্মগ্রহণ করলে ঐ রত্নাদি আমাকে কিংবা আমার বংশের কোনও উত্তরাধিকারীকে তুমি ইহা প্রদান করবে। বলা বাহুলা, নিশ্বাস বন্ধ হয়ে ঐ ঘনান্ধকার কক্ষে ঐ বালক অচিরে মৃত্যুবরণ করে নিতো।

ভূগর্ভ হ'তে এমন তুই একটা কক্ষ অধুনা কালে আবিদ্ধার করা হয়েছে এবং এই কক্ষে একটা মহয় কন্ধালের নিকট ঘড়ার বা বাস্কের রিক্ষিত বহু ধনদৌলতও পাওয়া গিরেছে। এইরূপ আবিদ্ধার হ'তে ক্রৈক্য প্রথা একদিন প্রচলিত ছিল বলে কেহ কেহ বিশ্বাস করেন।

ক্ত প্রকার রোগ বেমন মনোবিকারের এবং বিশাসের কারণে উপাত হর, তেমনি বাক্-প্রয়োগ এবং মানসিক কারণে বহু রোগের উপামও ঘটেছে। নিমে এই সম্বন্ধে ছ্ইটি চিত্তাকর্ষক কাহিনী উদ্ধৃত করা হলো। কাহিনী ছ্ইটা কতদ্র সত্য তা আমি জানি না। কিছ উহার মধ্যে যে বৈজ্ঞানিক সত্য নিহিত আছে তাতে আমি নিঃসন্দেহ।

"কোনও এক যুবতী নারীর মাত্র হাত ছটী পক্ষাঘাতগ্রন্ত হয়ে পড়ে।
চেট্রা সভেও ঐ নারী তার হাত ছটী কদাচ উঠাতে পারে নি। চিকিৎসার
জক্ষ বহদিন যাবং তাকে হাসপাতালে রাখা হয়, কিন্তু এই রোগ হতে সে
কিছুতেই নিরাময় হয় না। এই দিন তাকে দাঁড় করিয়ে এক প্রবীণ
চিকিৎসক তাকে পরীক্ষা করছিলেন। এমন সময় একজন অপরিচিত যুবক
ডাক্তার সহসা তাকে আলিঙ্গন করে তার ওঠে একটা চুম্বন অঙ্কিত করে
দিল। এইয়প বিসদৃশ ব্যবহারে ঐ যুবতী স্বভাবত:ই কুন্ধ হয়ে উঠেছিল।
সহসা সে এই প্রথম ডান হাত তুলে ঐ যুবকের গালে সজোরে
এক চপেটাঘাত করে দিলে। উপস্থিত সকলে অবাক হয়ে দেখলে
ঐ নারীর বহুদিনের স্থরারোগ্য ব্যাধি একদিনেই নিরাময় হয়েছে।
তার স্কৃটি হাতই সহসা কার্য্যক্ষম হয়ে উঠ্তে দেখে ঐ নারী নিজেও
কম আকর্য্য হয় নি। এর পর অবশ্য ঐ যুবক ডাক্তারের সহিতই ঐ
স্কেরী যুবতীর বিবাহ হয়ে যায়।"

উপরের কাহিনী হ'তে আমরা ব্যতে পারবে। আমাদের অধিকাংশ রোগই থাকে মনের। উদরের, মন্তিফের, চক্ষের, কর্ণের এবং হুদ্পিণ্ডের রোগ সম্বন্ধে ইহা অতীব সত্য। তবে এর সত্যতা সম্বন্ধে পৃথিবীর নানা দেশের মনীবিগণ খারা বহু পরীকা নিরীকা এখনও হইতেছে।

্র্তেনণও এক ব্যক্তির একদা মনের বিচ্ছিরতার কারণে স্কৃতিবংশ হরে গিরেছিল। তার জীবনের পূর্ব দিনগুলির কথা তার কিছুতেই মনে পড়তো না। এই ভাবে দশ বংসর অতিবাহিত হবার পর সহসা এক বাল্য বন্ধুর সহিত দেখা হবা মাত্র সে 'ছালো জন্' বলে চিংকার করে উঠে এবং তার বাপ মা ভাই বোন, জন্মস্থান প্রভৃতির কথা তার মনে পড়ে যায় এবং এই ভাবে সে তার পূর্বে জীবন পুনরায় ফিরে পায়।"

"কোন এক ইতালীয় যুবক যুবতী গভীর ভাবে প্রণয়াসক্ত হয়ে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিল। পাঁচ-ছয় বৎসর তাদের জীবন-তরী অতীব স্থাে বহে চলেছে, কিন্তু পরে একদিন এদের জীবন দরিরায় ভাঙন ধরে। এই সময় হ'তে ঐ যুবক আর এক মুহুর্ভের জন্মও ঐ যুবতীকে বরদান্ত করতে পারছিল না। পরিশেষে সে একদিন তার স্ত্রীকে সাফ্ বলে বসলো, 'দেখো আমি যথন তোমাকে আর ভালোবাসতে পারছি না, তখন আমাদের ত্ব জনার পক্ষে আপোবে বিবাহ-বিচ্ছেদ গ্রহণ করা ভালো।' যুবতী স্ত্রী তার চোখের জ্ঞল ফেলে তার প্রিয়তম স্বামীকে উত্তর দিয়েছিল, 'বেশ তা'হলে তা'ই হোক। কিন্তু আমার একটা অমুরোধ তুমি রেখো। এখন তুমি যাকে ইচ্ছে বিবাহ করতে পারো। কেবল মাত্র তুমি আমার কনিষ্ঠা ভগিনী নিসাকে বাদ দিও। নৃত্যশিল্পী নিসা এক মাস পূর্ব্বে আমেরিকা হ'তে প্যারিসে ফিরে এসেছে। একণে সে ঐ সহরের অতো নম্বর, অমুক রান্তায় একটা ফ্ল্যাট ভাড়া নিয়ে বাস করছে। তাকে যদি ভূমি বিয়ে করে। তা'হলে আমাকে ভূমি মর্শ্বান্তিক ক্লপ আঘাত দেবে।' বিবাছ বিচ্ছেদের পর এইরূপ এক সাজেস্ন ভূতপূর্বে স্বামীর মনের মধ্যে সেঁ ধিয়ে नित्य के नाजी के दिनहें नकरनत चलारक श्रांत करत भाजी नंगतीएक উপনীত হরে ঐ শহরের এক বিখ্যাত 'মেক্আপ্ ম্যানের' সাহায্যে নৃতন ক্সপ নিয়ে 'নিসা নাম নিয়ে পূর্ব্ব কথিত ফ্ল্যাটটী ভাড়া নিয়ে বসবাস স্কুৰু :

करंत मिला। এই मिरक यण्डे मिन यात्र ज्लाहे के नार्कानन् के यूत्रकत बत्स कार्याकती ह'एछ शांक धवः जात जिम हम त्य तम धे मिन निनात्कहे বিষাহ করবে। এর পর সে প্রথম জাহাজেই রওনা হয়ে প্যারী নগরীতে এক হোটেলে এসে উঠলো। এর কয়েকদিন পরে সে এক নৃতন বন্ধুর সাহায্যে 'নিসা' নামধারী তার পূর্ব্ব স্ত্রীর সহিতই আলাপ জনাতে স্থক করলো। কিন্তু সাজেদনের গুণ এমনিই যে সে তাকে চিনেও চিনতে পারলো না। কথোপকথনের মধ্যে তার পুর্ব্ব স্ত্রীর নাম যে না উঠতো, তা'ও নয়। এইরূপ অবস্থায় মিস নিসা অভিমান করে বলে উঠতো, সত্যি দিদিটার ওপর আমার বড় রাগ হয়। নিশ্চয়ই সব দোষ তারই। কক্ষনো আপনার কোনও দোষ ছিল না এই ব্যাপারে। আপনার মত এমন ত্বনর মামুষকে কি'না সে পেয়েও হারিয়ে ফেললে। এর পর একদিন তাদের উভয়ের বিবাহও পাকাপাকি হয়ে উঠলো। এর পর এইক্লপ আলোচনার मरशु अकिषन भूनदात्र ठाएमत विवाह ७ इरा शिन। विवाह इत भन्नि है অবশ্র ঐ যুবক জানতে পেরেছিল যে দে তার পূর্ব দ্বীকেই ঐ রাত্তে বিবাহ করে বদেছে। এর পর হ'তে ঐ যুবককে প্রতি রাত্রেই তার এই ছুইবার বিষে করা স্ত্রীর নিকট এই জন্ম পুন: পুন: কমা চাইতে হতো।"

[কেছ কেছ বলেন যে কোনও এক স্থানে অপ্রত্যাশিত ভাবে কেছ যদি কাকেও দেখে, তা'হলে তাকে সে সহজে না চিনলেও চিনতে পারে। ধক্ষন, আপনি ক্ষণ দেশে বেড়াতে গিয়েছেন। সেইখানে সহসা যদি আপনার পিতার সক্ষে দেখা হয় তো আপনার মনে হবে যে উহা এক অসম্ভব ঘটনা। ঐ স্থানে যদি সত্য সত্যই আপনার পিতার সহিত দেখা হয় তা'হ'লে আপনার ধারণা হবে যে লোকটার চেহারা আপনার পিন্তার মত। কিছ তা সত্বেও আপনার মনে হবে তিনি আপনার পিতাঃ

ধর্মীয়ও মনতাত্তিক এবং সামাজিক হত্যার কথা বলা হলো। এইবার আমি বৌনজ হত্যার কথা বলবো। নারীঘটত হত্যাকে যৌনজ হত্যা বলা হয়ে থাকে। এইরূপ হত্যাকে আক্রোশ জনিত হত্যাও বলা হয়। উপপতির সহিত মিলিত হ্বার জন্মে বহু স্ত্রী আপন আপন পতি এবং পুত্রকেও হত্যা করতে কুন্তিত হয় নি। উগ্র যৌন-বোধ বহকেক্রে মানবী বা মানবকে দানবী বা দানবে পরিণত করেছে। অপর দিকে चामी वा পরিজনরাও কুলটা নারী কিংবা তাদের প্রেমাস্পদকে গোপনে ইহধাম হ'তে সরিয়ে দিয়েছে। ক্রোধে দিশেহার। হওয়ার কারণে বহ ক্ষেত্রে এইরূপ হত্যা প্রকাশ্যেই সাধিত হয়েছে। সাধারণ ভাবে উগ্র বা মছর বিষ প্রয়োগ দ্বারা এইরূপ হত্যা সমাধা হয়ে থাকে। ভূত্যগণ মনিব-ক্সাদের সহিত যৌন সঙ্গমে লিপ্ত হয়ে ধরা পড়লে নিয়োগকর্জাগণ বহু ক্ষেত্রে তাদের ছাদ হ'তে ঠেলে ফেলে দিয়ে পুলিশের নিকট এজাহার দিয়েছে যে কাপড় শুকোতে দেবার সময় অসাবধানতাবশত: লোকটা নিচে পড়ে গিয়েছে। কথনও কথনও এদের অস্ত্রাঘাতে হত্যা করেও मुजात्र त्यांवेरत जूल त्कान अव निर्कान श्वात निरक्ष करा राष्ट्र ।

নারীগণ এই যৌনজ হত্যা অধিক ক্ষেত্রে বিষ প্রয়োগ এবং প্রকাপণ অস্ত্রাঘাত দারা সমাধা করে থাকে। সকল সময় যে এই কার্য্য ইহারা স্বরং প্রত্যক্ষ ভাবে করে তা'ও নয়। বহু ক্ষেত্রে অর্থের বিনিময়ে অপর কোনও ব্যক্তির দারা এইরূপ হত্যা কার্য্য সাধিত করা হয়। প্রায়শ: ক্ষেত্রে এইরূপ হত্যার পর প্রদিশকে বিজ্ঞান্ত করবার জ্ঞান্তে নিপ্রয়োজনে সামান্ত কিছু দ্রব্যাদিও গৃহ হ'তে অপহরণ করা হয়েছে, যাতে করে দর-দোরের অবস্থা এবং ভয়রত বার্ম্বা আলমারি পরিদর্শনে প্রদিশের ধারণা হবে যে এই হত্যা কোনও তত্ত্বর দারা সাধিত হয়েছে।

নিরাক্রোণ খুন

দ্রব্যাদি অপহরণের স্থবিধার জন্ত কিংবা দ্রব্য অপসরণ কালে আত্মরকার্থে নিরাক্রোশ হত্যা সাধিত হয়। এই হত্যা সক্রিয় এবং নিজ্রিয়—এই উভয়বিধ উপায়ে সংঘটিত হয়েছে।

নিরাজ্ঞাশ হত্যার কারণে অপরাধিগণ তিনটী বিশেষ স্থান বেছে
নিরে থাকে, যথা—বেশ্যালয়, গৃহস্থ ভরন এবং রাজপথ বা প্রান্তর।
বেশ্যাগণকে সাধারণতঃ দ্রব্যাপহরণের কারণে ছুইটী উপায়ে হত্যাকরা হয়ে থাকে, যুথা—বিষ প্রয়োগ এবং গলা টিপে মারা। হত্যাকারিগণ উপভোগের অছিলায় দল বেঁধে বেশ্যা নারীর গৃহে মত সহ আগমন করে এবং তাহার ঘরে ছ্যার বন্ধ করে গোপনে বিষ মিশ্রিত মদ ঐ নারীকে পান করায়। বেশ্যা নারী বিষের কারণে অচৈতন্ত হওয়া মাত্র উহারা অলঙ্কার এবং অর্থাদি অপহরণ করে ছ্যার খলে একে একে বা একত্রে তারা পলায়ন করে। অপরাধীদের স্থান ত্যাগের বহু পরে বেশ্যা-বাড়ীর অপরাপর নারীরা এই হত্যা সম্বন্ধে পরিজ্ঞাত হয়েছে।

গলা টিপে মারার সময় মাত্র একজন অপরাধী উপস্থিত থাকে।
অপরাধী রুদ্ধ দার কক্ষে ঐ নারীর সহিত যৌন সঙ্গম অবস্থায় উহার
কণ্ঠনলী টিপে ধরেছে। সঙ্গম অবস্থায় অসহায় থাকার কারণে
বেশ্যা নারীগণ আত্মরকা করতে সকল কেত্রেই অক্ষম হয়েছে।

গৃহস্থ গৃহ হ'তে দ্রব্যাপহরণের সময় ধারালো অস্তাদি হারা অপরাধিগণ হত্যাকার্য্য সমাধা করে থাকে। ডাকাতি এবং খুন এই দেশের এক সাধারণ অপরাধ। পথিমধ্যে পথিকের নিকট অর্থাপ- হরণের সময় এই একই উপায়ে তাকে হত্যা করা হয়েছে। বহু ক্লেত্রে মৃষ্টি ও যটি ছারাও এই অপকার্য্য সাধিত হয়েছে। গ্রামাঞ্চলে বহু স্থান আত্মও এইজন্ত 'ঠেঙাড়ে'র মাঠ নামে পরিচিত হয়ে আছে।

পরিচিত ব্যক্তির নিকট হ'তে অর্থ অপহরণ করার সময় প্রায়শঃ ক্ষেত্রে তাকে অকারণে হত্যা করা হয়েছে। সনাজ্ঞকরণ হ'তে অব্যাহতি পাবার জন্ম এইরূপ অকারণ হত্যা সংঘটিত হয়ে থাকে।

অধুনা কালে অর্থাপহরণের উদ্দেশ্যে আগ্নেয়ান্ত ব্যবহৃত হয়েছে। প্রায়শঃ ক্ষেত্রে এই সকল আগ্নেয়ান্ত অবৈধ ভাবে সংগৃহীত হয়ে থাকে।

পূর্ব্বে চুরি ও ডাকাতি আদি অপরাধ নিম্নশ্রেণীর পেশাদার অপরাধীদের ছারা সাধিত হতো। এই সকল পেশাদারী অপরাধীদের নিজক্ব
অপরাধ দর্শন ছিল। এমন কি এরা পাপ, পৃণ্য, স্বর্গ বা নরকও
বিশ্বাস করেছে। ধর্মাচরণ এবং লোকনকৃত হ'তেও এরা মুক্তছিল না। এদের মন বছবিধ সংস্কারে আবদ্ধ থাক্ত। এই কারণে
আহেতুক ভাবে ধূন-থারাপি এরা কোনও কালেই পছন্দ করে নি।
নিতান্ত প্রয়োজন না হলে বা বিপদে না পড়লে অর্থাপহরণের সময়ন
এরা কাউকে পুন করে নি। এমন কি এজন্ত এরা বছবিধ বিপদও
বরণ করে নিয়েছে। কিন্তু আধুনিক অপরাধীদের সম্বন্ধে এ কথা
বলা চলে না। আধুনিক কালে ভদ্র এবং শিক্ষিত মান্ত্বেরা এই
সকল অপকার্য্যে আছ্ম-নিয়োগ করেছে। আধুনিক শিক্ষা দীক্ষারকারণে এদের মনে কোনও সংস্কার বা ধর্ম্মভন্ন নেই। এরা পাপ
পূণ্যে অবিশ্বাসী বেপরোয়া দানব মানব মাত্র। অর্থাপহরণের সমন্ন এরা
অকারণে নরহত্যা করতে একটু মাত্রও কুণ্ঠা বোধ করে না।

নিজির নিরাজোশ অপরাধ সাধারণতঃ বিব প্রবোগ বারা সাধিত হয়ে বাকে। এই উদ্দেশ্যে বিদেশ বিভূঁই'এ এসে অপরিচিত ব্যক্তিদের " নিক্ট হ'তে সরবত ও খাছাদি গ্রহণ করার সময় সাবধানতা অবলঘন করা ভালো। অপরাধিগণ পরদেশী লোকদের সহিত সেধে আলাপ জমিয়ে পান বা সরবতে ধৃতরার বিষ মিশিয়ে ঐ পান, সরবত বা হালুয়া তাদের খাইয়ে অজ্ঞান করে তাদের দ্রব্যাদি অপহরণ করে থাকে। কিছুকাল পুর্বে কলিকাতা মহানগরীতে ভিখারীদের এই ভাবে অচৈতম্ভ করে ছুর্ব্যন্তরা তাদের ভিক্ষালব্ধ অর্থাদি অপহরণ করে নিতো। নিমে এইরূপ অপরাধের এক চিন্তাকর্ষক দৃষ্টান্ত উদ্ধৃত করা হলো।

"আমি আমাদের ঐ নিজ বাডীতে আমার খন্তর-শান্তড়ী, আমী এবং একটি মাত্র পুত্রের সহিত বসবাস করতাম। মাত্র ১৫ দিন পুর্বের ঐ ছুই ব্যক্তি আমাদের বাহির দিককার একটি ঘর ভাড়া নিয়েছিল। পরখ তারিখে তারা আমাদের নিকট একটি টেলিগ্রাম দাখিল করে জানালো ্বে, তাদের এক ভাইএর এক পুত্র তাদের দেশের বাড়ীতে জন্ম গ্রহণ করেছে। এই অজুহাতে আমাদের উঠানে সত্যনারায়ণের পূজা করার জক্ত তারা অমুমতি চেয়ে নিলে। এর পর এক ত্রাক্ষণের সাহায্যে অধিক রাত্রি পর্যান্ত তারা আমাদের বাটীর উঠানে পূজা হোম প্রভৃতি সমাপনও করেছিল। রাত্রি তিনটার সময় তার। আমাদের ঘরে এসে কিছু বাতাসা এবং এক ভাঁড় রাবড়ী পূজার প্রসাদরপে প্রদান করলো। এদিকে আমার শান্তড়ী, আমার বামী ও পুত্তের প্রতি স্নেহ পরবশ হ'লেও আমাকে এই অপেয় রাবড়ী প্রাণধরে খেতে দিতে পারেন নি। कि खेरा जिमि नगरप आयात यायी, बखत अवर भूखरक शाहरत मिर्किं উহার কিছুটা গোপনে থেয়ে নিয়েছিলেন। এই রাবড়ীতে ঐ ছুর্ব ভরা বিব মিশিরে দিরেছিল। তাদের ধারণা ছিল আমরা বাড়ীওম ঐ রাবড়ী त्थात माता याता এवा मिह ऋत्याम जाता चामात्मत गहना ७ चर्नाम ব্দশহরণ করে পদারন করবে। কিন্ত ছুর্ভাগ্যের বিবর আমি একা ছাড়া

ৰাকি সকলেই ঐ রাবড়ীর বিবে অজ্ঞান হরে পড়ে মারা যায়। কৈবল মাত্র আমিই বেঁচে থেকে চিৎকার করতে থাকি। এদিকে পাড়া পড়শী এদে পৌছবার পূর্বেই ঐ ছ্র্ক্ ডগণ অলক্ষ্যে বাড়ী ত্যাগ করে সঙ্গে পড়েছে।"

আক্রোশজনিত খুন

যে সকল উপায়ে যৌনজ, রাজনৈতিক এবং নিরাক্রোশ হত্যা সকল সাধিত হয়, আক্রোশজনিত হত্যাও ঐ একই উপায়ে সংঘটিত হয়ে থাকি। তবে নিরাক্রোশ হত্যার ব্যাপারে যেমন মায়্বকে ছলে বলে বিদ্রান্ত করে খুন করা যেতে পারে, আক্রোশজনিত খুনের ব্যাপারে তা সকল সময় সভব হয় না। এর কারণ এই যে কোনও মায়্রব জেনেন্তনে শত্রুপক্ষীয় ব্যক্তিদের সঙ্গে কোনও নির্জ্জন স্থানে যেতে চায় না। তবে নিরাক্রাশ হত্যার মামলায় বহুন্থলে হত্যাকারীয়া নিহত ব্যক্তিদের বিদ্রান্ত করে বা ভূলিয়ে কোনও নির্জ্জন স্থানে এনে তাকে হত্যা করেছে। বলপুর্কক অপহরণ করে হত্যা সাধারণতঃ আক্রোশজনিত খুনের ব্যাপারে দেখা যায়। উভয় ক্ষেত্রে হত্যার পূর্ব্বে অপহরণের একমাত্র উদ্দেশ্য থাকে, নিহত ব্যক্তিকে কোনও নির্জ্জন স্থানে নিয়ে যাওয়া, যাতে করে এই খুনের ব্যাপারে ঘটনা স্থলে একটা মাত্রও সাক্ষী থাকতে না পারে।

র্যোনজ বা অযৌনজ কলহ, ক্রোধ, প্রতিযোগিতা প্রস্কৃতির কারণে সাহুব মাহুবকে আবর্ষান কাল হ'তে পৃথিবী হ'তে চিরতরে অগস্তম্ভ করতে প্রয়াস পেরেছে। পারিবারিক বা সামাজিক কলহ এবং জমিজমার উন্তরাধিকারী বা দখলী বছ বা মামলা মকর্দমা প্রান্ততি এইরূপ
ক্ষুনের অন্ততম কারণ।

উত্তর-পূর্ব্ব সীমান্ত প্রদেশে এক পুরুষের কলহ ও বাদ-বিসংবাদ পরবর্ত্তী পুরুষরাও উত্তরাধিকারী হত্তে লাভ করে থাকে। এক ব্যক্তির শর্কগত পিতামহ বদি অপর এক ব্যক্তির শর্কগত পিতামহকে খুন করে খাকে তাহলে ঐ ব্যক্তি তার পিতামহের হত্যাকারীর পৌত্রকে খুন করে তাদের পিছপিতামহের ঋণ পরিশোধ করে থাকে। এইরূপ অকারণ হানাহানি এরা বংশপরস্পরায় আজও জিইয়ে রেখেছে, তাই পিতামহ বা পিতার অপমানের প্রতিশোধ এদের পূত্র বা পৌত্ররা নিয়ে থাকে।

এই দেশে আক্রোশজনিত খুন নিজিয় এবং সক্রিয় এই উভয়বিধ
ভাবে সংঘটিত হয়ে থাকে। বিষ প্রয়োগ ঘারা এইরূপ খুন অপর কোনও
ব্যক্তির সাহায্যে করা হয়ে থাকে, কিছ সক্রিয় হত্যাকাণ্ড ছর্ক্,ভগণ •
নিজেরাই করে থাকে। কখনও কখনও লোক মারফং উহা যে করা
হয় নি, তা'ও নয়। কিরূপ নির্মম উপায়ে এইরূপ হত্যা এই দেশে
সংঘটিত হয়েছে, তা নিয়ের বিবৃতি হতে বুঝা যাবে।*

শ্বামি এই হত্যার সাত দিন পূর্বে একটা প্রকাশু বিষাক্ত গোধুরা সাপ জ্যাক্ত ধরে একটা বাঁশের চোঙের মধ্যে প্রের রাখি। এই কয়দিন ভাকে ক্ষুধার্ত এবং কুছ রাখার উদ্দেশ্যে একটুকুও কিছু থেতে দিই না। এর পর ঐ রাত্তে আমি ভার শহন ঘরের জানালা দিয়ে ভার বিছানার উপর ঐ সর্পকে ঐ বাঁশের চোঙার সাহায্যে নিক্ষিপ্ত করে দিই। সর্পটী

পেলাদারী হত্যাকারিগণ প্রারশ: ক্ষেত্রে হত্যার পর নিহত থাজির পারের শিরা

তৎক্ষণাৎ শুমরতে শুমরতে ঐ ব্যক্তিকে না কামড়ে পার্থে পারিত তার একমাত্র পুত্রকে কামড়ে নিহত করে। ঐ ব্যক্তি নিমিবে ব্যাপারটী বুঝে নিয়ে একটী লেজা হাতে দরজা খুলে বেরিয়ে এলে আমার প্রতি উহা বর্ষণ করে, কিন্তু উহা সৌভাগ্যক্রমে লক্ষ্ত্রই হরে আমার গাত্রে আরু লাগেনি। ইতিমধ্যে ঐ কুদ্ধ দর্প তার স্ত্রীকে এবং এক আতৃপুত্রকেও কামড়ে নিহত করে দিয়েছে।"

এদেশে দা'গড়কী, লেজা, ছুরিকা, আরোয়ায়াদির এবং বিভিন্ন প্রকার বিবের সাহায্যে আক্রোশজনিত হত্যা সকল সংঘটিত হরে থাকে। এই সকল বিভিন্ন প্রকার অন্ত এবং বিব সম্বন্ধে আমি এই পুত্তকের ষষ্ঠ খণ্ডে বিভারিত আলোচনা করবো। পুত্তকের সপ্তম খণ্ডে অভাব-ছর্ম,ভদল শীর্ষক প্রবন্ধে এই হত্যা অপরাধ সম্বন্ধে আরও আলোচনা করা হবে।

বছকেত্রে বিভিন্ন উপারে মাহ্যবকে হত্যা করার পর উহাকে জলে ছুবিরে বা উহার গলার দড়ী দিরে টাঙিরে রাখা হরেছে। ইহার উদ্দেশ্ত এই যে, উহারা আত্মহত্যা করেছে এইরূপ প্রমাণ করা। কথনও কথনও বিব প্ররোগে হত্যা করে মৃত দেহের উপর হলুদের রঙ ছিটেরে প্রমাণ করার চেট্ট করা হয় যে, উহার মৃত্যু কলেরা রোগে ঘটেছে। কিছ স্ক্রে পরিদর্শন এবং বৈজ্ঞানিক পরীক্ষা ছারা উহা হত্যা বা আত্মহত্যা তা সহজ্বে প্রমাণ করা সম্ভব।

এই দেশে ভ্রুণ হত্যাও একরূপ হত্যা। অবৈধরণে জাত শিশুদের গলাটিপে বা গলার দড়ী বেঁধে হত্যা করা হরে থাকে, এবং তার পর উহা পুঁটুলি বেঁধে পথে ঘাটে এবং নদীতে গোপনে নিক্ষেপ করা হরে থাকে। আততারিগণ হত্যাকাণ্ড সাধিত করার পর মৃতদেহ অঞ্চল্ল পাচার করবার জন্ম ব্যক্ত হরে পড়ে। পূর্বকালের জমিদারগণ নিহত ব্যক্তির মৃতদেহ উন্থানের ভিতর রাতারাতি পুঁতে কেলে যাটির উপর রুক্ষাদি রোপণ করে দিতেন। এই অবস্থার বহু কেত্রে মৃতদেহের গদ্ধে আরুষ্ট হরে শিরালগণ ঐ সকল মৃতদেহ খুঁড়ে বার করে আততারীদের বিপদ ক্ষীরেছে। কোনও কোনও ধনী জমিদার তাদের বিরাট দালাম-বাটীর কোন শুপ্ত বা পাতাল-ককে বা খিলানের তলার ঐ মৃতদেহ মুন্ত করে ছিতের খিলান এবং ঐক্লপ কক্ষের হ্যার ইট দিরে চিরকালের মত গোঁথে দিয়েছে। অধুনাকালে বহু মিলের ম্যানেলার হত্যা করে মৃতদেহ ইঞ্জিনের বয়লারে কেলে উহা নিমিষে ভত্তাভূত করে কেলেছে। কেহ কেহ লাস নদীর স্রোতের মুখে ভাসিরে দিয়ে কিংবা পৃক্রের বা জলার শাঁকে উহা পুঁতে কেলেও পাচার করার চেষ্টা করেছে।

িনর-হত্যার স্থায় এদেশে অপরের পশু চুরি না করে উহাদের মাত্র বিষ-প্রয়োগে হত্যা করা হরে থাকে। নির্চ্জন মাঠে-ঘাটে চরবার সমর খাত্মের সহিত এইজন্তে বিষ প্রয়োগ করা হরেছে। কোনও কোনও স্থলে বিষ মিশ্রিত সলকা ফুটিরেও এইরূপ অপকার্য্য সমাধা করা হরেছে। ভারতবর্ষে সাধারণতঃ অভাবহুর্ক্ত জাতীর ব্যক্তি এবং ছানীয় চামাররা এই সকল হত্যাকার্য্য করে থাকে। এর একমাত্র উদ্দেশ্য থাকে মৃত্ত পশুর গাত্র হ'তে ব্যবসার জন্ম বিনামূল্যে চামড়া আহরণ করা।

অবৈধ খুন সম্বন্ধে বলা হলো। এইবার বৈধ খুন সম্বন্ধে বলা যাক।
বৃদ্ধে বিপক্ষ পক্ষীরদের নিহত করা এবং রাষ্ট্রীর নির্দেশাহ্যবারী খুনীকে
বিচারের পর কাঁলী লেওরা প্রভৃতিকে বলা হর বৈধ হত্যা। পূর্বকালে
এদেশে রাজাদেশে অপরাধীদের শুলে দেওরার রীতি হিল। অপরাধীদের
প্রভৃত্যে এই শূল দঙের উপর বসিরে দেওরা হতো এবং সন্ধ্যার পর ঐ
শূল উহাদের ভাষ্দেশের ভিতর দিরে ধীরে ধীরে উপরে উঠে উহাদের
মৃত্তিক সুঁড়ে বার হরে আসতো। বিলাত এবং আধুনিক ভারতে কাঁলীর

ষারা এবং ফরাসীদেশে গিলটান ঘারা এই সকল বৈধ হত্যা সাধিত করা হয়ে থাকে। প্রাকালে গ্রীসদেশে বিষপাত্র মুখে প্রদান করে বৈধ হত্যা করা হয়েছে। অধুনাকালে কোনও এক দেশে এক অছুত উপায়ে বৈধ হত্যা করা হয়ে থাকে। সরকারের বিয়দ্ধ মতামত প্রকাশ বা আচরণ করার জন্ত শত শত ব্যক্তিকে একত্রে এই দেশে নিহত করা হয়ে থাকে। একজন একজন করে এতগুলি ব্যক্তিকে নিহত করা সময় সাপেক। এই কারণে কয়েক শত ব্যক্তিকে একত্রে একটা এয়ায়টাইট বৃহৎ ঘরের মধ্যে প্রবেশ করিয়ে বাহির হ'তে ইলেকটা ক পাম্পের সাহায্যে প্র বর্ম হ'তে সমুদর বাতাস নিদ্ধাশন করে নেওয়া হয়। এইরূপে খার্মক্ষ হয়ে শত শত ব্যক্তি একত্রে প্রাণত্যাগ করে থাকে। ইয়ুরোপীয় অপর কয়েকটা প্রদেশে ইলেকট্রীক কারেন্ট প্রয়োগ করে বৈধ হত্যা সাধিত করা হয়েছে। পুত্তকের সপ্তম খতে 'বৈধ শান্তি প্রদান' শীর্ষক অধ্যারে এই সকল হত্য সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হবে।

অপরাপর অপরাধ

কাহাকেও গালিগালাজ করা, কাহারও প্রতি কুবাক্য প্রয়োগ করা, কাহারও মনে ছংখ দেওয়া, কাহাকেও উত্তাক্ত করা, কাহারও প্রতি অসন্থাবহার করা প্রভৃতি কার্যকেও আমি অপরাধ বলবো। ঐ সকল অপরাধের শুরুত্ব সামান্ত হ'লেও উহা অপরাধ। সাধারণতঃ মান্ত্র্য তাদের আপ্রিত ব্যক্তি এবং ছ্র্মল ও দরিত্র পাড়া প্রতিবেশী-দিগের উপর এই সকল অপরাধ সংঘটিত করেছে। এতম্যতীত অকারণে कारात्र अन्यानहानि वहानश्व এই ट्यानीत व्यवताथ। लाक मूर्य वा ছাপাধানার সাহায্যে মাহুব মাহুবের ব্যক্তিগত বা পারিবারিক কুৎসা রটনা করে থাকে। এমন বহু পরিবার আছে যেখানে কোনও আশ্রিভ বালক বা যুবককে নিম্মা বা নির্কোধ প্রতিপন্ন করবার জন্ম অবিরত তার সম্বন্ধে নানাত্মপ অপবাক্য প্রয়োগ করা হয়ে থাকে। পরিশেষে ঐক্নপ এক ব্যক্তিকে অমুসরণ করে ঐ বাটীর বা পরিবারের সকল ব্যক্তিই তাহার উপর ঐ প্রকার বাক্যবাণ নিক্ষেপ করতে স্কুক্ত করে। এইভাবে যারা স্বামীকে তার স্ত্রীর, ভাইকে অপর ভাইয়ের, পড়শীকে অপর পড়শীর সমুখেহেয় প্রতিপন্ন করতেসচেষ্টহন, তাঁরা স্বাভাবিক ভাবে মাহব না মারলেও তার মহুগুছের বিনাশ ঘটিয়ে থাকেন। আমি এমন বহু বালককে জানি, বাদের পাডাগুদ্ধ লোক 'পাগল পাগল' বলে সত্য সত্যই তাকে পাগলে পরিণত করে দিয়েছে। প্রতিভাশালী বালকদের ব্যবহার ও কার্য্যকরণ একটু স্বতন্ত্র হয়ে থাকে। এইজন্ত তাহাকে নির্ব্বোধ সহপাঠীদের দারাই অধিক উত্ত্যক্ত হ'তে হয়েছে। এইরূপ অবুদার তাহার প্রতিভা অক্স রাখতে হ'লে অভিভাবকদের উচিত তাকে স্কুল হ'তে ছাড়িয়ে এনে করেক বছরের জন্ম বাড়ীতে পড়াগুনা করার বন্দোবন্ত করে দেওয়া। বহ ম্বলে প্রবীণ ব্যক্তিগণ অপর কোনও প্রবীণ ব্যক্তিকে উদ্ভাক্ত করার জন্ত অপরিণত বরস্ক বালকদের তার পিছনে লাগিয়ে দিয়েছেন। কিরূপ পদ্ধতিতে এই সকল অপরাধ সংঘটিত হয় তা নিম্নের বিবৃতি হ'তে বুঝা यादव ।

"আমরা তথন অল্লবয়ত্ব বালক। অমুক বাবু এই সময় আমাদের পাড়ার 'লাটুলাল'চক্রবর্তী' মহাশরের পিছনে আমাদের লাগিয়ে দিলেন। অমুক বাবুর শিক্ষামত আমর। ঐ ভন্তলোককে পথে দেখামাত্র নিম্নোক্ত রূপ ছড়াটী আর্স্তি করতে ভুক্ষ করে দিতাম। 'এক ছিল লাটু, তাতে পরাই লাল, হলো লাটুলাল। তাতে জড়াই লৈখি, হলো লাটুলাল চক্রবর্জী ইত্যাদি।"

এতঘ্যতীত ছুটে গিষে কোনও পথচারীর মাধার চাঁটি কসিরে ছুটে পালিরে আসা, শুরুমহাশ্রের মন্তকের শিখা কেটে নেওয়া বা তাঁর পিছনে এসে পায়রা ছেড়ে দেওয়া প্রস্তৃতি কার্য্যও আমরা তাঁর ইঙ্গিত মত কতোবার করেছি। একদিন পাঠশালার শুরুমহাশ্রের নিকট হ'তে মার খেয়ে কাঁদতে কাঁদতে বাড়ী কিরলাম। এমন সময় পথিমধ্যে অমুক বাবুর সঙ্গে দেখা হলো। অমুক বাবু সকল কথা শুনে আমাকে শিখিয়ে দিলেন, 'দেখ, এক কাজ করবি। কাল সকালে এ শুরুর বসবার চেয়ারের চারপায়ার তলায় চারটী শুপারী রেখে দিস। তার পর দেখিস তোনের এ শুরুর কিরপ অবস্থা ঘটে।"

বলা বাহল্য যে, এইভাবে ছোট ছোট বালকদের ছুষ্টামী শিক্ষা দেওৱা
এক অমার্জনীয় অপরাধ। এই প্রকার দাদার বা কাকার দল হ'তে
বালকদের রক্ষা করার জন্ম অভিভাবকদের উচিত এই সকল কাকা ও
দাদাদের চিনে রাখা।

মাতাল হয়ে মাতলামী করাও একটি বিশেষ অপরাধ। মাতাল বছ প্রকারের আছে, যথা—মদো-মাতাল, স্ত্রীর প্রেমে মাতাল, হরিপ্রেমে মাতাল ইত্যাদি। কোনও এক ব্যক্তির দ্রব্য বা বিষয়ের প্রতি অভ্যাধিক আকর্ষণ এবং তৎজনিত উহার বহিঃঅভিব্যক্তিকেবলাহর মাতলামী। প্রথমে মদো-মাতালদের সম্বন্ধে আলোচনা করবো। এই সকল মাতালরা কেছ কেছ মঞ্চপানজনিত বিসদৃশ ব্যবহার করে, কেছ কেছ মদের ঝোঁকে উচ্চাঙ্গের বুলি আউড়িয়ে থাকে। কোনও এক নাম করা সাহিত্যিক মাতাল জন্তলোক মন্ততা'র অবস্থায় আমাকে দেখা মাত্রবন্ধুবান্ধবদের সহিত্যকামাকে পরিচয় করিয়ে দিয়ে বলেছিলেন, 'উছ উছ (ক্রেম্বনের স্বরে)। ইনি হচ্ছেন

একজন বিশিষ্ট ভদ্রলোক। ইনি নিজে মদ না খেলেও মাতালকে শ্রন্ধা করেন, ইত্যাদি। এই সকল মাতালদের আচারণও হর অভূত। নিমের বিবৃতিটী হ'তে উহা বুঝা যাবে।

শবহু বৎসর পূর্বেকার কথা। কলিকাতা শহরে মাত্র এক সপ্তাহ হলো ঘোড়ার ট্রামের পরিবর্ত্তে ইলেকট্রীক ট্রাম চালু হরেছে। এই দিন শহরে ভীষণ ঝড় বৃষ্টি স্কর্ক হরে গেল, কিন্তু তা সত্বেও আমি চৌরঙ্গীর ইাটুভোর জল ভেঙে পথ চলছিলাম। এই সমর জন চার মাতাল বুবক একটা ঘোড়ার গাড়ী করে ধর্ম্মতলার যাছিলে। সহসা ঘোড়া ছটা বিগড়ে গিরে ছুটে পালালো। সহিস কোচোরান ঘোড়া ছটো ধরবার জন্ম তাদের পিছন পিছন ছুটে চলেছে। এদিকে একজন বৃহৎ শিখা (টিকি) ধারী আক্ষণকে এই পথে দেখা গেল। শিখাসহ আক্ষণকে দেখামাত্র মাতাল কর্মজন তাঁকে পাকর্ডাও করে ঘোড়ার গাড়ীর ছাদে তুলে তার শিখাটা ট্রামের উপরকার তারের সঙ্গে লাগিরে দেবার চেটা করতে থাকলো। বোধ হয় ভাদের ধারণা হয়েছিল এইভাবে ঘোড়ার গাড়ীটী ঐ শিখার সাহায্যে চালানো সম্ভব হবে। ঐ আক্ষণ পশুতের চিৎকারে আক্রম্ভ হয়ে আমি অতি কটে তাকে উদ্ধার করতে সক্ষম হই।"

আধ্নিক কালেও পথে-ঘাটে মাতালগণ অমুক্ষপ বছ হাস্থকর কার্য্য করে থাকেন। কোনও এক নাম করা মাতাল-আর্টিষ্ট একদা রাত্রে একটা রিক্সা ভাড়া করে মদের ঝোঁকে বাড়ী ফিরছিলেন। সহসা তার খেয়াল হলো তিনি নিজেই ঐ রিক্সাটী টেনে নিয়ে যাবেন। এর পর তিনি রিক্সা চালকের হাতে একটী টাকা ভাঁজে দিয়ে তাকে রিক্সায় বসিয়ে তিনি মাথা নাড়তে নাড়তে নিজেই রিক্সা টানতে ত্বক করে দিলেন। এর পর খেয়ালমত ভিনি এক পেট্রোল পাস্পের দোকানে এসে হেঁকে উঠলেন, "এই পাল্পওয়ালা! দেও, পেট্রোল দেও, আভি দেও, নেহি তো, ইত্যাদি।" অপর একদিন কোনও এক মাতাল-আর্টিষ্ট পুলিশের চ্যালেক্সের প্রত্যুম্বরে চিৎকার করে বলে উঠেছিলেন, "এই খবরদার ! স্থাম আলামগীর হার।" অপর এক মহিলা মাতাল-আর্টিষ্টকে আমি বলতে তনেছিলাম, "চেনোলা'কি মোরে ! শোন নাই মোর নাম ! অমুক অমুক যার দোরে রহিত দাঁড়ারে। আমি রিজিয়া সেজেছি। আমি আদেশ করিয়াছি। আদেশ কখনও তনি নাই।" এই সম্বন্ধে নিয়ে অপর একটা চিন্তাকর্ষক বিবৃতি উদ্ধত করলাম।

"এই দিন আমি আমার ছয় কুট লয়াদেহেরউপর পুরু বনাতের পুলিশআলেষ্টার চাপিয়ে একটা গ্যাসপোষ্টের ধারে রাত্রি ছইটার সময় দাঁড়িয়ে
ছিলাম। সহসা আমি উপলব্ধি করলাম যে, কোঁটা কোঁটা জল আমার
হাতে এসে পড়ছে। প্রথমে আমি ভেবেছিলাম যে উপর হতে রৃষ্টি পড়েছে
বৃঝি ? কিন্তু আকাশের প্রতি চেয়ে দেখলাম যে বৃষ্টি তো নয়। হয়তো
ছতলার জানালা বা ছাদ থেকে কেউ জল ফেলছে! কিন্তু সেদিকেও
কাউকে না দেখে নিয়ে চোখ ফিরিয়ে দেখি এক মাতাল আমার ওভারকোটের পিছনেম্ব ত্যাগ করছে। কুন্ধ হয়ে আমি তাকে বলে উঠলাম, 'বেটা
বেল্লিক।'আমার কথার প্রত্যুত্তরে মাতাল লোকটা অবাক হয়ে বলেছিল,
"কে বাবা? তৃমি মাসুব? আমি তোমাকে মনে করেছিলাম যে তৃমি একটি
গ্যাসপোষ্ট।"

কেনেও এক মাতালকে বেশ্বা পল্লীতে প্রাপ্ত হয়ে আমি জিজ্ঞানা করেছিলাম, "মাতলামীর আর জায়গা পাওনি ?" প্রত্যুত্তরে মাতাল ভদ্রলোক আমাকেবলেছিলেন, "এখানে মাতলামী করবো নাতো কোথায় করবো ? কালীবাড়ীতে ? মঠে না মন্দিরে ?" এই সকল উদ্ধি হ'তে বহু প্রতিভাশালী ব্যক্তি মহুপানজনিত অকারণে নিজেদের যে হারিক্তে কেলে থাকে তা প্রমাণিত হয়। এতদ্যতীত এমন বহু মাতাল আছে

দারা উন্মন্ত হয়ে স্ত্রীকে মারধর এবং আল্লীয়-স্বন্ধন এবং পাড়াপড়শীদের গালিগালাজ করে থাকে।

মাতালদের মধ্যে মাতলামী যতটা থাকে, তার চেরে থাকে ন্নোধিক বদমারেসী। এদের অনেকের কাছে অধিক মাতাল হওয়া একটু বাহাছরীর বিষয়। মাতলামীর অন্তরালে ইচ্ছা করে তারা শ্লীলতাহানি প্রস্তৃতি অপকার্য্যেরও প্রশ্রম দিয়েছে।

পশুপক্ষী জীবজন্তকে অয়থা কষ্ট দেওয়া বা তাদের অকারণে মারধর করা এবং তাদের পুষে খেতে না দেওয়া বা সহসা হত্যা না করে তাদের কট্ট দিয়ে হত্যা করা বা অধিক ভার কোনও পন্তকে টানতে বা বহন করতে বাধ্য করা কিমা ক্লয় ক্ষতগ্রন্ত পশুকে খাটানো একপ্রকার व्यपदाध । এই क्रम व्यपदार्थत क्रम भए-क्रम-निवाद ने व्याहन व्यप्यादी व्यभन्नाशीरक भाष्टि अनान कता हरत्र शास्त्र । এই मकन व्यभन्नारधन मरधा 'ফুকা' এক অন্ততম জবন্ত অপরাধ। অসাধু গোয়ালারা অধিক ছ্য প্রাপ্তির লোভে এই অপ-পদ্ধতি অবলম্বন করে থাকে। এই পদ্ধতি অমুযায়ী অপরাধীরা শক্ত খড়ের দড়ি পাকিয়ে উহা গাভীর গুহুদেশের মধ্য দিয়ে উদর পর্যান্ত প্রবেশ করিয়ে দিয়েছে। কখনও কখনও গো-মহিষাদির নিজেদের লেজই ঐ ভাবে তাদের শুহুদেশে জোর করে প্রবেশ করিয়ে দেওরা হয়েছে। এইরূপে নির্গত অর্দ্ধ তৈরী ছয় মান্থবের স্বাস্থ্যের পক্ষেও অতীব ক্ষতিকর। গো-মহিবাদি বিক্রয়ের সময়ও ইহারা নানা প্রকার অপ-পদ্ধতির আশ্রয় নিয়ে থাকে। প্রবঞ্চনার উদ্দেশ্যে কয়দিন যাবৎ গাভীদিগকে বাঁশের চোঙের সাহায্যে कांत्र कर्त्र चालुधिक नर्ग जन भाग कताता इस्त पार्क। এल्हार्ता উহারা অধিক পরিমাণে জোলো ছধ সাময়িকভাবে প্রদান করে। এই-छारि थतिकात्रापत पिथाना हात्र थाकि व के गांछी वह रमत इस क्षान করছে, কিন্ত ছুইদিন পরই দেখা যার যে ঐ গাভী উহার অর্দ্ধেক ছুগ্রও প্রদান করতে সক্ষম নর।

দোল প্রভৃতি পর্বোপলকে এদেশে বহু অপরাধ সংঘটিত হয়েছে। কাহারও অনিচ্ছা সত্বেও তাহার বস্তাদি রঙে রঞ্জিত করে দেওয়া অতীব অভার। বত্তের ছুর্নুল্যের দিনে এই অপরাধ অমার্জনীয়। কথনও পথে-ঘাটে অপরিচিতা যুবতীদেরও জোর করে রঙ দেওয়। হয়ে খাকে। এই সমর সামী ও জাতারা সঙ্গে থাকা সত্তেও তুর্ক্তিদের হন্ত হ'তে তাদের রক্ষা করতে পারে নি। ইহা এদেশীয়দের পক্ষে এক কলভের কথা। এইরূপ এক মামলায় একদা আমি বিশজন সম্ভান্ত বংশীয় যুবককে শ্লীলতা হানি করার অপরাধে গ্রেপ্তার করে থানায় এনে ছिनाम । ইতিমধ্যে উহাদের পদমর্য্যাদা সম্পন্ন বিদ্তশালী অভিভাবকরা **७३ थानाय ७८म अब्रट्शांग करत तलालन, "त्म्थून, शूर्व्यत निन ! श्रायंत्र** ব্যাপার! এতে আপনারা হস্তক্ষেপ করছেন।"উন্তরে আমি তাঁদের এইরূপ 'तलिहिनाम, "वा। १ जारे ना'कि १ तम जा'रत चामि प्रस्कन क्यानात এবং থানার আটজন দিপাইকে আপনার সঙ্গে পাঠাচিছ। এরাও সকলে হিন্দু। পরবে একটু রঙ থেলতে চায়। এদের আপনাদের বাড়ীতে मन्ना करत निरंत्र यादन। जाभनात जी, तोनि, काकिमा এবং বোনদের মুখে এরা রঙ মাথিয়ে আসবে ; ঠিক যেমন করে আপনাদের ছেলেরা ঐ অপরিচিতা ভদ্রবলনাদের মুখে বাহতে এবং পিঠে রঙ ও আবীর মাথিয়ে এসেছে।" কখনও কখনও এই সময় গুড়ের কলসীতে গোবর জল বা বিষ্ঠা রেখে তা নিরক্ষর কুলিদের মাথায় দিয়ে তুর্ব্দৃত্তগণ তাদের পিছু পিছু কিছুটা পুর অগ্রসর হয়েছে, এবং তারপর স্থবোগ ও স্থবিধামত পৌহ-দণ্ড দিয়ে ঐ কলসী পিছন হ'তে ভেঁঙে দেওরা হয়েছে। কখনও কখনও এরা ডাক্তারদের 'কল' দিয়ে খালি বাড়ীতে ডেকে এনে তার কোট ও

শ্যাণ্ট্রলেন বাঁছরে রঙে জোর করে চ্বিয়ে দিয়েছে। এই সকল শরবের সময় দেশবালী লোকেরা চিৎকার করে থোল করভাল বাজিয়ে মহ রুয় ব্যক্তিদেরও শাস্তি ভঙ্গ করে। জন্মান্টমী পর্ব উপলক্ষে এইরূপ লান, বাজনা ও লৃত্যের বছর দেখে কোনও এক য়ুরোপীয় সংস্কৃতক্ষ ভদ্রলোক বলেছিলেন, "এইবার ব্যতে পারছি। আপনাদের রুষ্টো জন্মের পরই পালিয়ে ছিলেন কেন? বোধহয় এইরূপ জন্মোৎসবের লায় এড়ানোর জন্মই তাকে সরানো হয়েছিল তা না হ'লে এতটুকু শিশু দম আটকে (সাফোকেটেড, হয়ে) এমনিই মারা পড়তো ইত্যাদি।''

শিশুদের ভূতের বা জুজুর ভর দেখিরে ছোটবেলা হ'তে ভরাতুর করে তোলা এক অমার্জ্জনীয় অপরাধ। অমুরূপ ভাবে শিশুদের জল-বায়ুতে এক্সপোসড (প্রদর্শন) করে ভিক্লা করা এক প্রকার অপরাধ। অমুরূপ ভাবে অপরিণত বালক-বালিকাকে রাজনৈতিক শোভাযাত্রায় যোগদানের জন্ম দল বিশেষকে ভাড়া দেওরাও এক প্রকার অপরাধ। পুত্র কম্মাকে জন্মদান করে তাদের মামুষ না করা বা তাদের জন্ম সংস্থান না করা বা তাদের অবহেলা করা প্রভৃতিও এক একটি অপরাধ। বালক-বালিকাদের ছর্ক্ষুদ্ধি প্রদান করাও এক অমার্জ্জনীয় অপরাধ। নিমের বিবৃতি হ'তে বিষয়টী বুঝা যাবে।

"আমি তথন নিতান্ত বালক। স্থামে শুরুমশারের পাঠশালার পড়াণ্ডনা করি। শুরুমশাই প্রায়েই ছুটি বেত আমাদের উপর প্ররোগ করতেন। একটির নাম ছিল 'হেঁড়ে-গলা' এবং অপরটির নাম ছিল 'রক্ত-চিন-ছিনি'। শুরুমশাই প্রায়ই আমাদের দ্বারা তাঁর গা চুলকাইয়া নিতেন এবং আমাদের দ্বারা তামাকও সাজাইয়া নিতেন। এতদ্যতীত তিনি আমাদের পড়তে বলে নিজে খুমিয়ে পড়তেন। আমি এইগুলি কখনও পहन्म कर्वणाय ना । अर्थे कांद्रर्ग अकिन चारात छेनत (हैंएए-ननात সদ্যবহার হরেছিল। আমি আমার এক যুবক মামার পরামর্লে প্রতিশোধ নিতে মনস্থ করলাম। ভোর চারটার সময় উঠে চারিজন সহপাঠীর সহিত ঝুড়ি ও কোদাল সহ অলক্ষ্যে পাঠশালা ঘরে আমি উপস্থিত হলাম, এবং ইহার পর ঘরের যে शुँটিটাতে হেলান দিরে টুলে বলে গুরুষশাই ঘুর্মিরে পড়তেন সেই খুঁটীর সমূবে চারি হস্ত পরিমিত গভীর চারচোকা একটি গর্ড আমরা পুঁড়ে ফেললাম। ইহার পর এই গর্ডের উপর প্যাকাটি রেখে উহার উপর মাটী চাপা দিয়ে গোবর লেপে দিলাম। এই জক্ত উহা স্বাভাবিক মাটির মেঝে রূপে প্রতীত হতে থাকে। এর পর ভরুষশায়ের টুলটি ঐ প্যাঁকাটির ছাদের উপর রেখে আমি বেমালুম সরে পড়েছিলাম। এইদিন অপরাপর ছাত্রগণ পাঠশালায় এনে পৌঁছবার পুর্বেই আমি এখানে এসে এক কলকে গণ-গণে আগুন দিয়ে ভামাক त्त्रक श्रुव्यभाहे- এর জন্ম অপেকা করতে থাকলাম। আমার ছইজন সহপাসী ষাতে অভাভ বালকেরা ঐ গর্ভের মুখে পুর্ব্বাহেই গিয়ে না পড়ে তার জন্ম পাহার। রত ছিল। ইতিমধ্যে গুরুমশাই এবে আমাকে তামাক হাতে প্রস্তুত দেখে খুসী হয়ে বললেন, 'আয় বাপ আমার! ভুট তো দেইদিন মার খেয়ে হাসতে হাসতে চলে গেলি। কিছ ভুট জানিস না যে আমি বাড়ী ফিরে সারারাত এই জন্তে কেঁদেছি।' এর পর শুক্রমশাই হুঁকা কলকে হাতে পিছু হটতে হটতে ঐ নির্দিষ্ট টুলে বসা মাত্র টল সহ তার পিছনটা পাঁাকাটির তৈরী মেঝে ভেঙে ঐ গভীর গর্ভের মধ্যে সেঁদিরে গেল এবং তার হাত এবং পা' ছটো মাত্র উপর मिटक (कार्श ब्रहेन। अमिटक गर्ग-गर्ग कमटक ब्राधन छात्र माछि अबर বুকের উপর পড়ে উহ। পুড়িরে সেখানে গোটা চার পাঁচ কোস্কাও পড়িরে দিয়েছে। এই সমর শুরুষশাই এর করুণ আর্দ্রনাদ ছাপিরে আমরা চিৎকার করে নামতা পড়তে তুরু করে দিলাম, এক কড়া পোরা গণ্ডা, ছই কড়া আধা গণ্ডা, ইত্যাদি। আমাদের উদ্দেশ্ত ছিল বাতে বাহিরের লোক শুরুষশাইএর চিৎকার শুনে তাঁকে সাহায্য করতে না আসে।"

ছোট ছোট বালক-বালিকাদের অকারণে যারধর করা একপ্রকার অপরাধ। এতহারা তাদের নগজ চমকিরে তাদের ব্যক্তিত্ব, বুদ্ধিয়জা এবং আছোর বিনাশ ঘটে। এই বিষয় অভিভাবক মাত্রেরই অবহিত হওরা উচিত। পথে-ঘাটে মলমূত্র ত্যাগ এবং পুপু ফেলা অপর একপ্রকার অপরাধ। জীলোকরা যদি পথে মলমূত্র ত্যাগ না করে চলাকেরা করতে পারে তাহ'লে পুরুষরাই বা তা পারবে না কেন ? এই বিষরে জীলোকদের ভার সংযমী হ'তে আমি পুরুষমাত্রকেই উপদেশ দিব। মিধ্যা বা ভূল পরিসংখ্যা তৈরারী ও প্রদাদ করা অপর এক আমার্জনীয় অপরাধ। এই সকল পরিসংখ্যার উপর ভিত্তি করে সমাজ-বিজ্ঞান, অর্থনীতি এবং রাষ্ট্রীয় কাঠামো গড়ে উঠে। অথচ এই সকল পরিসংখ্যা জেলা হাকিমদের নামে প্রকাশিত হ'লেও উহা চৌকিদারদের হারা সংগৃহীত হয়ে থাকে।